# যুবদাতুল মাকসূদ
## ফী হল্লি-
# ক্বালা আবু দাউদ


সংকলক

আবু আব্দুল্লাহ মুহাম্মদ তাহের রহিমী

পরিচালক, জামিয়া রহিমিয়া ইশাআতুল কিরাআত, মুলতান (পাকিস্তান)

ভাষান্তর

মাওলানা হাফিজুর রহমান যশোরী

ফাযেলে উলূম দেওবন্দ, ভারত



আল-আক্সা লাইব্রেরী

৫০ বাংলাবাজার, পাঠক বন্ধু মার্কেট, ঢাকা-১১০০

ফোন : ০১৮৯৪৬৬৯৭০, ১০৭১৮৭৫১৫৯৩



www.e-ilm.weebly.com

প্রকাশক
নাজমুস সা'আদাত শিবলী
আল-আকসা লাইব্রেরী
৫০ বাংলাবাজার, ঢাকা-১১০০

প্রকাশকাল
জমাদিউস সানী ১৪২৭
জুলাই ২০০৬
আষাঢ় ১৪১৩

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত

মূল্য ঃ ১৩০টাকা মাত্র।

কম্পোজ
জাকিয়া কম্পিউটার
বাংলাবাজার ঢাকা-১১০০

মুদ্রণ
সুমাইয়া প্রিন্টার্স

www.e-ilm.weebly.com

# অবতরণিকা

নাহ্‌মাদুহু ওয়া নুসল্লী আ'লা রাসূহিল কারীম।

অধম মুহাম্মদ তাহের রহিমী জামেয়া রহিমীয়া ইশাতুল কিরাত (মুলতান)-এর ১৩৯৭ হিজরী সনে শ্রদ্ধাভাজন আসাতিযা-এ কেরামের বিশেষ করুণায় সুনানে আবু দাউদ অধ্যাপনার সৌভাগ্য লাভ হয়।

অধ্যাপনাকালে অনুমিত হলো যে, দাওরায়ে হাদীসের শিক্ষার্থীগণ অত্র গ্রন্থের রচয়িতা ইমাম আবু দাউদ (র) এর বিশেষ উক্তি আয়ত্বে আনতে অত্যান্ত জটিলতার সম্মুখীন হতে হয়। আর বাস্তবতাও এই যে, ইমাম আবু দাউদ (র) এর اقوال তথা উক্তিসমূহ যার অধীনে গ্রন্থকার বিশেষভাবে হাদীসের সনদ ও মতনের বৈপরিত্ত ও গরমিল, রাবীদের দোষ-ত্রুটি আলোচনা, হাদীস মুনকার হওয়ার কারণসমূহ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা করেছেন। বিভিন্ন ক্ষেত্রে তা অত্যান্ত জটিল ও দুর্বোধ্য। এ কারণে বাসনা জাগলো যে, গ্রন্থকারের উক্ত উক্তিসমূহের ব্যাপারে একটি সংক্ষিপ্ত পুস্তিকা সংকলন করি যার দ্বারা বিশেষত শিক্ষার্থীদের জন্য দুর্বোধ্য বিষয়সমূহ বোধগম্য করা সহজসাধ্য হয়। এই দৃষ্টিভঙ্গী সামনে রেখে অত্র পুস্তিকাটি অস্তিত্ব লাভ করে।

এই পুস্তিকায় ইমাম আবু দাউদ (র) এর اقوال তথা উক্তিসমূহের ব্যাখ্যা-বিশ্লেষণ বিশিষ্ট উস্তাযুল হাদীস শায়খুল হাদীস আল্লামা মুহাম্মদ শরীফ কাশ্মিরী মুদ্দাযিল্লুহু এবং অন্যান্য মুহাদ্দিসগণের তাকরীর ও আল্লামা শায়খ খলিল আহমদ সাহারানপুরী (র) এর রচিত বাজলুল মাযহুদের বিশ্লেষণের আলোকে উল্লেখ করা হয়েছে। সুনানে আবু দাউদের باب طول القيام من الركوع (১৪০ পৃষ্ঠা) পর্যন্ত প্রায় সকল দুর্বোধ্য উক্তিসমূহের বিশ্লেষণ করা হয়েছে এতে। সামনে বিশ্লেষণের অনুভব প্রয়োজন অনুভব করিনি। কারণ এ পর্যন্ত যা বিশ্লেষণ করা হয়েছে তা বোধগম্য করার দ্বারা পরবর্তীতে উল্লেখিত উক্তিসমূহ আয়ত্তে আনা সহজসাধ্য হয়ে যাবে এবং এর দ্বারাই যথেষ্ট যোগ্যতা সূচিত হবে ইনশা আল্লাহ।

অত্র পুস্তিকায় সুনানে আবু দাউদের পৃষ্ঠার যে বরাত উল্লেখ করা হয়েছে তা স্বাভাবিক প্রচলিত কানপুরী নুসখা অনুযায়ী অবলম্বন করা হয়েছে। অত্র পুস্তিকার নাম زبدة المقصود فى حل قال ابى داود নির্বাচন করা হয়েছে।

আল্লাহ তা'আলা অধমের চেষ্টা ও শ্রমকে কবুল করে এর দ্বারা শিক্ষার্থীদেরকে উপকৃত করুন। আমীন!

**মুহাম্মদ তাহের রহিমী**

জামিয়া রহিমিয়া ইশাআতুল কিরাআত, মুলতান

২৭শে জমাদিউস সানি ১৪০৪ হিজরী

www.e-ilm.weebly.com

# مشکلاتِ سنن ابی داؤد کا آسان حل

ازعمدۃ المحدثین، قدوۃ المفتیین، قائد السیاسۃ الاسلامیۃ رأس العلماء حضرت الشیخ مولانا المفتی محمود الصاحب رحمہ اللہ سابق صدر پاکستان قومی اتحاد ورئیس عمومی جمعیۃ علمائے اسلام پاکستان ومہتمم جامعہ قاسم العلوم ملتان،

بسم اللہ الرحمٰن الرحیم

حامدًا مصلیًا مسلمًا، امابعد!

احقر نے رسالہ "زبدۃ المقصود فی حل قال ابوداؤد" مؤلفہ عزیز محترم سید القراء والحفاظ ماہر قراآت سبعہ وعشرہ جناب مولانا القاری محمد طاہر صاحب زاد اللہ علومہ کا مختلف مقامات سے مطالعہ کیا۔ سنن ابی داؤد میں قال ابوداؤد کا حل کرنا مدرسین کے نزدیک مشکل مسئلہ ہے، جناب قاری صاحب موصوف نے اسی مشکل کو حل کرنیکی طرف توجہ فرمائی ہے، اور اسے سنن ابی داؤد کے مطالعہ کرنے والوں (مدرسین وطلباء) کے لئے اردو زبان میں لکھکر آسان بنادیا ہے،

قاری صاحب موصوف جہاں علم تجوید وعلم قراآت کے فن میں ماہر اور معتمد ہیں اور فن قراءت میں بیش بہا تصانیف کے مؤلف ہیں وہاں اس کتاب کی تالیف سے انہوں نے ثابت کردیا کہ وہ علم حدیث کے مشکل مقامات کے حل کرنے میں بھی کافی دلچسپی رکھتے ہیں،

میری دعا ہے کہ اللہ تعالیٰ اس تالیف کو دیگر تالیف کی طرح قبول فرماکر نافع ومفید بنائے اور حضرت قاری صاحب کو اس طرح کی تالیفات کی مزید توفیق بخشے، آمین۔ واللہ الموفق والمعین،،

محمود عفا اللہ عنہ خادم مدرسہ قاسم العلوم ملتان

۱ رجب ۱۳۹۹ھ

www.e-ilm.weebly.com

# সূচি নির্দেশিকা


| পৃষ্ঠা | বিষয় |
|---|---|
| ৭ | সুনানে আবু দাউদের ভূমিকা |
| ৭ | ইমাম আবু দাউদ (র) এর সংক্ষিপ্ত পরিচিতি |
| ১০ | সুনানে আবু দাউদ এর সংশ্লিষ্ট বিষয়াদি |
| ১৭ | كتاب الطهارة (তহারাত অধ্যায়) |
| ১৭ | باب مايقول الرجل اذا دخل الخلاء ص২ |
| ১৭ | باب كيف التكشف عند الحاجة ص২ |
| ১৭ | باب كراهية الكلام عند الخلاء ص৩ |
| ১৮ | باب فى الرجل يرد السلام وهو يبول ص৩ |
| ১৯ | باب الاستبراء من البول ص৪ |
| ২০ | باب الاستتار فى الخلاء ص৬ |
| ২২ | باب الاستنجاء بالاحجار ص৬ |
| ২৩ | باب الرجل يدلك يده بالارض اذا استنجى |
| ২৪ | باب السواك ص৭ |
| ২৪ | باب السواك من الفطرة ص৮ |
| ২৫ | باب السواك لمن قام بالليل ص৮ |
| ২৫ | باب الرجل يجدد الوضوء من غيرحدث ص৯ |
| ২৬ | باب ما يتنجس الماء ص৯ |
| ২৭ | باب ماجاء فى بير بضاعة ص৯ |
| ২৯ | باب الوضوء بسور الكلب ص১০ |
| ৩০ | باب ا يصلى الرجل وهوحاقن ص১৩ |
| ৩২ | باب مايجزئ من الماء فى الوضوء ص১৩ |
| ৩৩ | باب الوضوء فى انية الصفر ص১৩ |
| ৩৪ | باب الرجل يدخل يده فى الاناء قبل ان يغسلها ص১৪ |
| ৩৪ | باب صفة وضوء النبى صلى الله عليه وسلم ص১৪ |

| পৃষ্ঠা | বিষয় |
|---|---|
| ৪১ | باب المسح على الخفين ص২০ |
| ৪২ | باب التوقيت فى المسح ص৩১ |
| ৪৩ | باب المسح على الجوربين ص২১ |
| ৪৫ | باب فى الانتضاح ص৩৩ |
| ৪৬ | باب الوضوء من القبلة ص৪৬ |
| ৫০ | باب الوضوء من مس الذكر ص২৪ |
| ৫০ | باب الوضوء من مس اللحم النى وغسله ص৩৭ |
| ৫১ | باب فى ترك الوضوء مما مست النار ص২৫ |
| ৫২ | باب التشديد فى ذالك |
| ৫৩ | باب الرخصة فى ذالك ص২৬ |
| ৫৩ | باب فى الوضوء من النوم ص২৬ |
| ৫৫ | باب فى الرجل يطأ الأذى برجله ص২৭ |
| ৫৬ | باب فى المذى ص২৭ |
| ৫৭ | باب فى مباشرة الحائض ومواكلتها ص২৮ |
| ৫৭ | باب فى الجنب يعود ص২৯ |
| ৫৮ | باب الجنب يأكل ص২৯ |
| ৫৮ | باب من قال الجنب يتوضا ص৩৯ |
| ৫৯ | باب فى الجنب يؤخر الغسل |
| ৬০ | باب فى الجنب يدخل المسجد ص৩০ |
| ৬০ | باب فى الجنب يصلى بالقوم وهو ناس ص৩০ |
| ৬২ | باب المراة ترى مايرى الرجل ص৩১ |
| ৬২ | باب مقدار الماء الذى يجزئ به الغسل ص৩১ |
| ৬৪ | باب فى الغسل من الجنابة ص৬১ |
| ৬৬ | باب المرأة هل تنقض شعرها عند الغسل ص৩৩ |


www.e-ilm.weebly.com

| পৃষ্ঠা | বিষয় |
|---|---|
| ১০৫ | باب التشديد فى ذالك ص٤ |
| ১০৬ | باب السعى الى الصلوة ص٨٤ |
| ১০৬ | باب من أحق بالامامة ص٨٦ |
| ১০৯ | باب الامام يصلى من قعود ص٨٨ |
| ১০৮ | باب مايومر به المأموم من اتباع الامام ص٩١ |
| ১০৯ | باب فى كم تصلى المراة ص٩٤ |
| ১০৯ | باب ألسدل فى الصلوة ص٩٤ |
| ১১০ | باب الصلوة على الحصير ص٩٦ |
| ১১০ | باب الخط اذا لم يجد عصا ص١٠٠ |
| ১১১ | باب مايقطع الصلوة ص١٠٢ |
| ১১১ | باب من قال المرأة لا تقطع الصلوة ص١٠٢ |
| ১১২ | باب من قال لايقطع الصلوة شئ ص١٠٤ |
| ১১২ | باب تفريع استفتاح الصلوة ص١٠٤ |
| ১১৩ | باب رفع اليدين ص١٠٣ |
| ১১৩ | باب افتتاح الصلوة ص١٠٥ |
| ১১৫ | باب ص١٠٨ |
| ১১৫ | باب من لم يذكر الرفع عند الركوع ص١٠٩ |
| ১১৯ | باب من رأى الإستفتاح بسبحانك ص١١٣ |
| ১১৮ | باب من لم ير الجهر ببسم الله الرحمن الرحيم |
| ১১৯ | باب من جهربها ص ١١٤ |
| ১১৯ | باب من رأى القراءة اذا لم يجهر ص١٢٠ |
| ১১৯ | باب من كره القراءة اذاجهر الامام |
| ১২২ | باب من رأى القراءة اذا لم يجهر ص١٣٥ |
| ১২৩ | باب تمام التكبير |
| ১২৫ | باب مايقول اذا رفع رأسه من الركوع ص١٢٣ |
| ১২৬ | باب طول القيام من الركوع وبين السجدتين ص١٢٤ |

| পৃষ্ঠা | বিষয় |
|---|---|
| ৬৬ | باب فى الحائض لاتقضى الصلوة ص٣٥ |
| ৬৯ | باب فى اتيان الحائض ص٣٥ |
| ৬৮ | باب فى المرأة تستحاض ص٣٦ |
| ৭৩ | باب اذا اقبلت الحيضة تدع الصلوة ص٣٧ |
| ৮০ | باب ماروى ان المستحاضة تغتسل لكل صلواة ص٤٠ |
| ৮২ | باب من قال تغتسل من طهر الى طهر ص٤١ |
| ৮৫ | باب من قال المستحاضة تغتسل من ظهر الى ظهر ض٤٢ |
| ৮৬ | باب من قال توضأ لكل صلوة ص٤٣ |
| ৮৬ | باب المستحاضة يغشاها زوجها ص ٤٣ |
| ৮৭ | باب التيمم ص٤٥ |
| ৯১ | باب التيمم فى الحضر ص٤٨ |
| ৯৩ | باب اذا خاف الجنب البرد ا يتيمم ص٤٨ |
| ৯৩ | باب المتيمم يجد الماء بعدمايصلى فى الوقت ص٤٩ |
| ৯৪ | باب المنى يصيب الثوب ص٥٣ |
| ৯৫ | باب الارض يصيبها البول ص٤ل |
| ৯৬ | باب المواقيت |
| ৯৮ | باب التشديد فى الذى تفوته صلوة العصر ص٦٠ |
| ৯৮ | باب من نام عن صلوة او نسها ص٦٢ |
| ৯৯ | باب متى يؤمر الغلام بالصلوة ص٧٠ |
| ১০০ | باب كيف الأذان ص٧٨ |
| ১০৪ | باب مايجب على المؤذن من تعاهد الوقت ص٧٧ |
| ১০৪ | باب فى الأذان قبل دخول الوقتص٧٩ |
| ১০৫ | باب فى الصلوة تقام ولم يات الامام الخ ص٧٩ |


www.e-ilm.weebly.com

# সুনানে আবু দাউদের ভূমিকা

মূল লক্ষ্যের অবতারণার পূর্বে দুটি বিষয় অবগত হওয়া আবশ্যক।

(ক) ইমাম আবু দাউদ (র) এর পরিচিতি।

(খ) সুনানে আবু দাউদের সংশ্লিষ্ট বিষয়াদি।

## ইমাম আবু দাউদ (র) এর সংক্ষিপ্ত পরিচিতি

এ বিষয়ে ছয়টি জিনিস সম্পর্কে আলোচনা করা হলো– (১) নাম ও বংশ, (২) জন্ম-মৃত্যু ও শিক্ষকবৃন্দ, (৪) শিষ্যবৃন্দ (৫) মর্যাদা ও স্তর ও (৬) মাযহাব।)

**১. নাম ও বংশ :** ইমাম আবু দাউদ (র) এর নাম সুলায়মান ইবনে আশআছ ইবনে ইসহাক ইবনে বশীর ইবনে শাদ্দাদ ইবনে আমর ইবনে ইমরান আজদি সিযিস্তানী। কুনিয়াত বা উপনাম হলো– আবু দাউদ। আর সিযিস্তান হলো– সিস্তানের আরবি রূপ (মুআররাব)। এটা সিন্ধ ও হেরাতের মধ্যবর্তী কান্দাহার ও চিশতের নিকটবর্তী একটি প্রসিদ্ধ এলাকা। তবে মানচিত্রে এ নামের কোনো শহর বর্তমান খুঁজে পাওয়া যায় না।

ইয়াকূত হামবী লেখেন যে, এলাকাটি খোরাসানের নিকটবর্তী। তার অপর নাম হলো– সজয। আর এটাই সঠিক প্রতীয়মান হয়। এ কারণে ইমাম আবু দাউদ (র) কে সজযীও বলা হয়। (মু'জামুল বুলদান, পঞ্চম খণ্ড, ৩৭ পৃষ্ঠা)

**২. জন্ম ও মৃত্যু :** ইমাম আবু দাউদ (র) ২০২ হিজরী সনে জন্মগ্রহণ করেন এবং ২৭৫ হিজরী সনে ৭৩ বছর বয়সে ইন্তেকাল করেন। ২০২ হিজরী সনের ১৬ই শাওয়াল রোজ শুক্রবারে ভূমিষ্ট হন এবং ২৭৫ হিজরী সনের শাওয়ালের মাঝামাঝি এক শুক্রবারে বসরা শহরে ইন্তেকাল করেন।

ইমাম আবু দাউদ (র) এর জানাযার নামায ৮০ বার পঠিত হয়। আনুমানিক তিন লক্ষ মানুষ তার জানাযায় অংশগ্রহণ করেন। (তাজকেরাতুল হুফফাজ, ১ম খণ্ড, ১২৩ পৃষ্ঠা) (লেখক আল্লামা সামসুদ্দিন জাহাবি (র)

ইরাকের বসরা নগরেই তিনি সমাহিত হন। (তারজমানুস সুন্নাহ, ১ম খণ্ড, ২৫৯ পৃষ্ঠা; তাজকেরাতুল হুফফাজ, ২য় খণ্ড, ১৫২ পৃষ্ঠা, মুকাদ্দিমায়ে ইবনে খালকান, ১ম খণ্ড, ২১৪ পৃষ্ঠা ও বুস্তানুল মুহাদ্দিসীন এর বরাতে)

www.e-ilm.weebly.com

**৩. ইমাম আবু দাউদ (র) এর শিক্ষকবৃন্দ :** ইমাম আবু দাউদ (র) বিভিন্ন ইসলামী দেশ যথা– খোরাসান, ইরাক, শাম, হেজায, মিশর, বাগদাদ, ইত্যাদি দেশের অসংখ্য জ্ঞানী-গুণি উস্তাদের থেকে ইলমে দ্বীন অর্জন করেন। তন্মধ্য হতে বিশিষ্ট ১০ জনের নাম নিম্নে প্রদত্ত হলো–

১. আহমদ ইবনে হাম্বল (র); ২. মাহমুদ ইবনে গায়লান (র); ৩. কুতায়বা ইবনে সা'ঈদ (র); ৪. মুহাম্মদ ইবনে বাশশার (র); ৫. আব্দুল্লাহ ইবনে মাসলামা আল-কা'নাবি (র); ৬. আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ নুকাইলি (র); ৭. ইয়াহয়া ইবনে মায়ীন (র), ৮. আলী ইবনে মাদিনী (র); ৯. মুহাম্মদ ইবনে ইয়াহয়া যুহালি (র) ও ১০. উসমান ইবনে আবি শায়বা (র)।

**৪. ইমাম আবু দাউদ (র) -এর শিষ্যবৃন্দ ঃ** ইমাম আবূ দাউদ (র) এর থেকে অসংখ্য মানুষ জ্ঞান লাভ করেন। তন্মধ্যে তাঁর পুত্র আবু বকর, আব্দুল্লাহ, আবদুর রহমান নিশাপুরী ও আহমদ ইবনে মুহাম্মদ খাল্লাল অন্যতম। তার থেকে ইমাম তিরমিযী ও ইমাম নাসায়ী প্রমুখ (র) হাদীস বর্ণনা করেছেন। আর আশ্চার্য ব্যাপার যে, তার বিশিষ্ট উস্তাদ ইমাম আহমদ ইবনে হাম্বল (র)ও একটি হাদীস (হাদীসে আতিরা) তাঁর থেকে বর্ণনা করেছেন। এ কারণে তিনি গর্ববোধ করতেন। এমনকি ইমাম আহমদ (র) এর কতিপয় উস্তাদও তাঁর থেকে হাদীস বর্ণনা করেছেন। এটা রেওয়ায়াতুল আকাবির আনিল আছাগির এর অন্তর্গত।

**৫. মর্যাদা ও বৈশিষ্ট্য ঃ** ইবনে হিব্বান (র) বলেন–

كَانَ اَبُوْدَاوُدَ اَحَدُ اَئِمَّةِ الدُّنْيَا عِلْمًا وَحِفْظًا وَ فِقْهًا وَ وَرْعًا وَاِتْقَانًا

মূসা ইবনে হারুন বলেন–

خُلِقَ اَبُوْدَاوُدَ فِى الدُّنْيَا لِلْحَدِيْثِ وَفِى الْاٰخِرَةِ لِلْجَنَّةِ وَمَارَاَيْتُ اَفْضَلَ مِنْهُ ইব্রাহিম হরবী মন্তব্য করেন যে, ইমাম আবু দাউদ (র) এর ক্ষেত্রে ইলমে হাদীস এতো নরম হয়ে গিয়েছিলো যেরূপ হযরত দাউদ (আ) এর কাছে লোহা নরম হয়ে গিয়েছিলো। ইবনে মানদা ইসফাহানি বলেন– চার মনীষী অর্থাৎ ইমাম বুখারী, মুসলিম, নাসায়ী ও আবু দাউদ (র) শক্তিশালী

www.e-ilm.weebly.com

হাদীসকে মা'লুল হাদীস থেকে এবং সহীহ হাদীসকে যয়ীফ হাদীস থেকে বাছাই করেছেন।

হযরত সাহল ইবনে আব্দুল্লাহ তুয়তাবী একদা ইমাম আবু দাউদ (র) এর খেদমতে এসে বলেন– আপনার কাছে আমার একটি প্রয়োজন রয়েছে। ইমাম আবু দাউদ (র) জিজ্ঞেস করলেন সেটা কি? সাহল (র) বলেন– যতক্ষণ পর্যন্ত আপনার পক্ষ থেকে যথাসাধ্য তা পূর্ণ করার প্রতিশ্রুতি না পাবো ততক্ষণ আমি তা ব্যক্ত করবো না। ইমাম আবু দাউদ তাকে প্রতিশ্রুতি দিলেন। তখন সাহল (র) বললেন– যে জিহ্বা দ্বারা আপনি রাসূলুল্লাহ (স) এর হাদীস বর্ণনা করেন তা বের করবেন। আমি তাতে চুম্বন করবো। এরপর ইমাম আবু দাউদ (র) স্বীয় জিহ্বা বের করলেন। আর সাহল (র) তাতে চুম্বন করলেন।

আল্লামা শামসুদ্দিন জাহবী (র) তাজকেরাতুল হুফফাজ গ্রন্থে লেখেন যে, ইমাম আবু দাউদ (র) গঠন ও চরিত্রের দিক দিয়ে ইমাম আহমদ ইবনে হাম্বল (র) এর সামঞ্জস্য ছিলেন। আর তিনি ছিলেন ওয়াকী' (র) এর সাথে সামঞ্জস্যশীল। তিনি ছিলেন ইমাম সুফিয়ানের এবং সুফিয়ান ছিলেন মানছুর (র) এর তিনি ছিলেন ইব্রাহিম নাখয়ী (র) এর, তিনি আলকামা (র) এর, আলকাম্মা আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা) এর এবং ইবনে মাসউদ (রা) ছিলেন মহানবী হযরত মুহাম্মদ (স) এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

**৬. ইমাম আবু দাউদ (র) এর মাযহাব :** প্রসিদ্ধ এটাই যে, তিনি শাফেয়ী মাসলাকের অনুসারী ছিলেন। হযরত শাহ ওয়ালীউল্লাহ (র) এটাই উল্লেখ করেছেন। তবে সঠিক এই যে, তিনি হাম্বলী মাসলাকের অনুসারী ছিলেন। এমনকি হাম্বলী অনুসারীদের মধ্যে তিনি চরমপন্থী ছিলেন। যেমনটি হানাফী মাসলাক-এ ইমাম ত্বহাবী (র) চরমপন্থী ছিলেন। এটা ইমাম ইবনে তায়মীয়া এর উক্তি। হাম্বলী মাযহাবের মাসলাকের কিতাবাদি ইমাম আবু দাউদ (র) এর বর্ণনা দ্বারা পরিপূর্ণ যা তিনি ইমাম আহমদ ইবনে হাম্বল থেকে বর্ণনা করেছেন। এ প্রসঙ্গে শায়খ মুহাম্মদ তাহের হারায়েরী লেখেন–

মূলকথা এই যে 'তিনি মুজতাহিদে মুতলাক ছিলেন। বিশেষভাবে কারো অনুসারী ছিলেন না'।

**জ্ঞাতব্য ঃ** মুজতাহিদ দু'ধরনের (ক) মুজতাহিদে মুতলাক: যিনি কিতাবুল্লাহ ও সুন্নাতে রাসূল থেকে উসূল বা মূলনীতি নির্বাচন করেন।

www.e-ilm.weebly.com

অতঃপর উক্ত উসূলের আলোকে শাখা মাসায়িল বের করার ক্ষমতা রাখেন। (খ) মুজতাহিদ ফিল মাযহাব : যিনি উসূলের ক্ষেত্রে মুজতাহিদে মুতলাকের অনুসারী তবে মাসাইল ইস্তেমবাতের ক্ষেত্রে তিনি বিভিন্ন বিষয়ে মুজতাহিদের ব্যতিক্রম করেন। যেমন– সাহেবাইন (র)।

মুজতাহিদে মুতলাক দু'প্রকার। (ক) متبوع তথা মানুষেরা যাদের অনুসরণ করেছেন যেমন– বিশিষ্ট চার ইমাম। (খ) غيرمتبوع তথা মানুষেরা যাদের অনুসরণ করেনি। যেমন– ইমাম বুখারী, ইমাম আবু দাউদ প্রমুখ।

## সুনানে আবু দাউদ এর সংশ্লিষ্ট বিষয়াদি

এ প্রসঙ্গে ৫টি বিষয়ে আলোকপাত করা হলো– ১. বৈশিষ্ট্য, ২. মর্যাদা, ৩. ব্যাখ্যা গ্রন্থ, ৪. মুদ্রণ বা কপি ও ৫. সনদ।

**১. বৈশিষ্ট্য ঃ** এক্ষেত্রে চারটি বিষয় আলোচনা করা হলো– ১. মর্যাদা, ২. শর্ত, ৩. উদ্দেশ্য, ৪. পদ্ধতি।

**১. মর্যাদা :** উল্লেখ্য যে, হাদীসের বর্ণনাকারী পাঁচ শ্রেণীতে বিভক্ত। (ক) কামিলুয্যাবত, কাছীরুল মুলাযামা, যেমন- ইমাম যুহরী (র) এর শিষ্যদের মধ্যে উকাইল ইবনে খালিদ প্রমুখ। (খ) কামিলুয্ যাব্ত কালীলুল মুলাযামা। যেমন– ইমাম আউযায়ী প্রমুখ। (গ) নাকিসুয যাব্ত কাছীরুল মুলাযামা যেমন– সুফিয়ান ইবনে হুসাইন সুলামি প্রমুখ। (ঘ) নাকিসুয যাব্ত কালীলুল মুলাযামা। যেমন– ইসহাক ইবনে কালবী প্রমুখ। (ঙ) দোয়াফা মাজহুলিন অর্থাৎ যয়ীফ ও অপরিচিত। যেমন– বাহার ইবনে কাছির সাক্কা প্রমুখ।

ইমাম নাসায়ীও আবু দাউদ (র) উভয়ে প্রথম তিন শ্রেণীর রাবীদের থেকে বিশেষভাবে এবং চতুর্থ প্রকারের রাবীদের মধ্য হতে প্রসিদ্ধ রাবীদের থেকে হাদীস বর্ণনা করেছেন। কিন্তু উভয়ের মধ্যে পার্থক্য এই যে, ইমাম নাসায়ী হাদীস গ্রহণ করার পর উল্লেখ করেছেন যে, এ সকল হাদীস সহীহ। আর ইমাম আবু দাউদ (র) বলেছেন যে, এ সকল হাদীস এর উপর আমল চলে আসছে। এ কারণে হযরত মওলানা সাইয়েদ আনোয়ার শাহ্ কাশ্মীরি (র) এর মন্তব্য মোতাবেক আবু দাউদ এর স্তর নাসায়ীর পরে চতুর্থ নম্বরে। কারণ হাদীসের উপর আমল করা হাদীস সহীহ হাসান ও জয়ীফ তিনো প্রকারকে শামিল করে। কেননা যদি জয়ীফ হাদীসের মোকাবেলায় কোনো সহীহ হাদীস না থাকে তাহলে জয়ীফ হাদীসের উপর আমল করা বৈধ।

www.e-ilm.weebly.com

**ফায়েদা ১ :** ইমাম আবু দাউদ (র) এর কোনো হাদীসের ক্ষেত্রে নীরবতা অবলম্বনকে আলিমগণ হুজ্জাত বা দলিলযোগ্য স্থির করেছেন। যতক্ষণ দ্বিতীয় কোন কারণ তার সাথে সাংঘর্ষিক না হবে। (মাকতুবায়ে ইলমিয়া, ৫২ পৃষ্ঠা)

**ফায়েদা ২:** আবু আব্দুল্লাহ ইবনে মানদা (র) এর উক্তি এই যে, ইমাম নাসায়ীর ন্যায় ইমাম আবু দাউদ (র)ও ঐ সকল ব্যক্তি থেকে হাদীস গ্রহণ করেছেন যাদের হাদীস পরিত্যাগের ব্যাপারে ইজমা তথা ঐক্যমত প্রতিষ্ঠিত হয়নি। অবশ্য কোনো বিষয়ে যদি কেবল জয়ীফ হাদীসই বিদ্যমান থাকে তবে তা বর্ণনা করেছেন। কারণ তা ইমাম আবু দাউদ (র) এর মতে ব্যক্তিগত অভিমত থেকে শক্তিশালী। (মুকাদ্দিমায়ে ফাতহুল মুলহিম, ২৯ পৃষ্ঠা)

**দ্বিতীয় বৈশিষ্ট্য :** আবু দাউদের শর্ত : রাবীর মধ্যে নিম্নোক্ত চারটি গুণের মধ্য হতে কোনো একটি বিদ্যমান থাকা অপরিহার্য।

১. সহীহ বুখারী ও মুসলিমের কোনো একটির মধ্যে উক্ত রাবীর বর্ণনা থাকা।

২. সহীহ বুখারী ও মুসলিমের শর্ত অনুযায়ী হওয়া।

৩. সর্বসম্মতিক্রমে উক্ত রাবী পরিত্যাজ্য না হওয়া।

৪. রাবী যদি অত্যন্ত দুর্বল হয় তাহলে তার দুর্বলতার কারণ বর্ণনা করা।

**তৃতীয় বৈশিষ্ট্য : আবু দাউদ (র) এর লক্ষ্য ও উদ্দেশ্য :**

আবু দাউদ (র) এর লক্ষ্য ও উদ্দেশ্য পাঁচটি।

১. আইম্মায়ে মুজতাহিদীন এর মধ্য হতে প্রত্যেকের দলিল বর্ণনা করা। এ কারণেই আবু দাউদ শরীফের বিভিন্ন পরিচ্ছেদ শিরোনামের দিক দিয়ে ব্যতিক্রমধর্মী। যেমন– بَابُ رَفْعِ الْيَدَيْنِ اَوْ بَابُ مَنْ لَّمْ يَذْكُرِ الرَّفْعَ ইত্যাদি। অত্র গ্রন্থের এই ব্যাপকতার কারণেই ইমাম গাজ্জালী (র) মন্তব্য করেন اِنَّ كِتَابَهُ كَافٍ لِلْمُجْتَهِدِ (ইমাম আবু দাউদ (র) এর সুনান গ্রন্থটি মুজতাহিদের জন্য যথেষ্ট।)

২. মাসাইল ইস্তেমবাত করার পন্থাসমূহ শিক্ষা দেয়া যা ইমাম বুখারীরও উদ্দেশ্য।

৩. হাদীসের সনদে বিভিন্ন শাখা বর্ণনা করা।

৪. কোনো কোনো ক্ষেত্রে ইমাম আবু দাউদ (র) হাদীসের সবলতা ও দুর্বলতা এবং দোষমুক্ত বা দোষযুক্ত হওয়ার প্রতিও ইশারা করেছেন।

www.e-ilm.weebly.com

৫. আবু দাউদ শরীফের সকল হাদীস আমল যোগ্য ও দলিলযোগ্য। এর মধ্যে কোনো হাদীস এমন নেই যার উপর আমল করা হয়নি। বস্তুত ইমাম আবু দাউদ (র)-এর কাছে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) হাদীসের বিশাল মজুদ ছিলো। তার মধ্যে বাছাই করে তিনি কেবল ৪,৮০০ (চার হাজার আটশ) মুত্তাছিলুস সনদ হাদীসকে সন্নিবেশ করেছেন। এগুলোর মধ্যে সহীহ হাদীসও আছে এবং হাসান হাদীসও আছে।

**চতুর্থ বৈশিষ্ট্য : গ্রন্থের ধরন প্রকৃতি :**

ইমাম আবু দাউদ (র) এর পূর্বে জামে' ও মুসনাদ হাদীস গ্রন্থ লেখার প্রচলন ছিলো। তবে সুনানের পদ্ধতিতে সর্বপ্রথম তিনিই গ্রন্থ রচনা করেন।

**২. কিতাবের মর্যাদা ও বৈশিষ্ট্য :** আল্লামা খাত্তাবি (র) লিখেন–

اِنَّ كِتَابَ سُنَنِ اَبِىْ دَاوُدَ كِتَابٌ شَرِيْفٌ لَمْ يُصَنَّفْ فِىْ عِلْمِ الدِّيْنِ مِثْلُهُ وَقَدْ رُزِقَ الْقَبُوْلَ مِنْ كَافَّةِ النَّاسِ

সুনানে আবু দাউদ গ্রন্থটি একটি বিশেষ মর্যাদাবান গ্রন্থ। দ্বীনি বিষয়ে এ ধরনের কোনো গ্রন্থ ইতিপূর্বে সংকলিত হয়নি। সর্বস্তরের মানুষ এটা গ্রহণ করেছেন। আবু সাঈদ ইবনুল আরাবি (আবু দাউদ (র) এর শিষ্য) এর মন্তব্য এই যে, কারো কাছে যদি শুধু কোরআন মজীদ ও সুনানে আবু দাউদ থাকে তাহলে ধর্মীয় ইলমের ক্ষেত্রে সে অন্য কোনো কিছুর মুখাপেক্ষী হবে না। হাসান ইবনে মুহাম্মদ ইবনে ইব্রাহীম বলেন– আমি রাসূলুল্লাহ (স) কে স্বপ্নে দেখলাম তিনি বলছেন– مَنْ اَرَادَ اَنْ يَّتَمَسَّكَ بِالسُّنَنِ فَلْيَقْرَاْ سُنَنَ اَبِىْ دَاوُدَ (যে সুন্নাহসমূহকে সুদৃঢ়রূপে ধারণ করতে চায় সে যেন সুনানে আবু দাউদ পাঠ করে।")

স্বয়ং আবু দাউদ (র) বলেন যে, কোনো জ্ঞানী ও ধার্মিক ব্যক্তির জন্যে আমার কিতাবের চারটি হাদীসই যথেষ্ট (যেগুলো দ্বারা ইবাদত, সময়, বিভিন্ন জনের অধিকার ও তাকওয়া এর সংশোধনী লাভ হওয়া সম্ভব।) যথা–

١ اِنَّمَا الْاَعْمَالُ بِالنِّيَّاتِ، ٢، مِنْ حُسْنِ اِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَالَا يَعْنِيْهِ، ٣، لَايُؤْمِنُ اَحَدُكُمْ حَتّٰى يُحِبَّ لِاَخِيْهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ ،٦، اَلْحَلَالُ بَيِّنٌ وَالْحَرَامُ بَيِّنٌ وَمَابَيْنَهُمَا مُشْتَبِهَاتٌ فَمَنِ اتَّقَى الْمُشْتَبِهَاتِ فَقَدِ اسْتَبْرَأَ لِدِيْنِهِ

www.e-ilm.weebly.com

**৩. আবু দাউদ (র) এর ব্যাখ্যা ও টিকা গ্রন্থ :**

বিভিন্ন আলিম আবু দাউদ এর শরাহ ও টিকা গ্রন্থ লিখেছেন। তন্মধ্য হতে উনিশটি নিম্নে প্রদত্ত হলো–

১. 'মাআলিমুস সুনান' লেখক- আল্লামা আবু সুলায়মান আহমদ ইবনে মুহাম্মদ ইবনে ইব্রাহীম ইবনে খাত্তাবী বাসতি শাফেয়ী। এটাই আবু দাউদের সর্বপ্রথম ব্যাখ্যা গ্রন্থ।

২. 'শরহে ইমাম আবু যুরআ ওয়ালি উদ্দিন ইরাকী'। এটা সুজুদুস সাহব পরিচ্ছেদ পর্যন্ত সাত ভলিউমে সমাপ্ত। অত্যন্ত সুবিস্তৃত ও অতুলনীয় ব্যাখ্যা গ্রন্থ।

৩. 'ইকতিফারুস সুনান' লেখক- শিহাবউদ্দিন আবু মুহাম্মদ মাকদিছি।

৪. 'ইকতিযাউস সুনান' প্রায় প্রথম অর্ধ পর্যন্ত। লেখক আল্লামা বদরুদ্দিন আইনী হানাফী।

৫. 'গায়াতুল মাকছুদ' ত্রিশ খণ্ডে সমাপ্ত। লেখক- শায়খ আল্লামা শামসুল হক আজিমাবাদী।

৬. 'আউনুল মা'বুদ' লেখক- শায়েখ আল্লামা আশরাফ আলী আযিমাবাদী।

৭. 'বাজলুল মাজহুদ' পাঁচ খণ্ডে সমাপ্ত। লেখক- শায়খ মাওলানা খলিল আহমদ সাহারানপুরী (র)। এই সকল ব্যাখ্যাগ্রন্থ সুবিস্তৃত ও সুপ্রসিদ্ধ।

৮. 'হাশিয়ায়ে মিরকাতুস সাউদ ইলা সুনানি আবি দাউদ' লেখক আল্লামা সুয়ুতি (র)।

৯. 'হাশিয়ায়ে ফতহুল ওয়াদুদ' লেখক-আল্লামা আবুল হাসান সিন্ধী মদনী হানাফী (র)।

১০. শায়খ কুতুবুদ্দিন, ১১. শায়খ শিহাবুদ্দিন রমলি, ১২. হাফেয ইবনে হজর, ১৩. আল্লামা নববী, ১৪. আল্লামা ইবনে আরছালান, ১৫. হাফেয আলাউদ্দিন মোগলতায়ী, ১৬. হাফেয জকিউদ্দিন, ১৭. আবু মুহাম্মদ মুনজেরী এ সাতজন পূর্ণাঙ্গ বা অপূর্ণাঙ্গ ব্যাখ্যা গ্রন্থ লিখেছেন।

১৮. 'আনওয়ারুল মাহমুদ' লেখক- শায়খ মুহাম্মদ সিদ্দিক (র)। এটা হযরত সাইয়েদ আনোয়ার শাহ্ কাশ্মিরী (র) প্রমুখ কয়েকজন বিশিষ্ট মুহাদ্দিসের ভাষ্যের সমষ্টি তবে এর মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি রয়েছে।

www.e-ilm.weebly.com

১৯. 'আত তা'লিকুল মাহমুদ' লেখক- শায়খ ফখরুল হাসান গাঙ্গু। ২০. 'আল মিনহাল আল আযবুল মাউরুদ' লেখক-শায়খ মাহমুদ খাত্তাব সুবুকী। এটা ১০ খণ্ডে কিতাবুল হজ্বের তালবিয়া পরিচ্ছেদ পর্যন্ত লিখিত। অত্যন্ত সুবিস্তৃত ও অভিনব গ্রন্থ।

**৪. আবু দাউদ (র) এর বিভিন্ন রূপ কপি (নুসখা) :**

সুনানে আবু দাউদ এর চারটি নুসখা বা কপি প্রসিদ্ধ আছে। ১. লূলুঈ ২. ইবনে ওয়াছা, ৩. ইবনুল আরাবি, ৪. রমলী।

আবু আলী মুহাম্মদ লূলুঈ এর কপি বা নুসখা পূর্ব দেশীয় বিভিন্ন শহরে সুপ্রসিদ্ধ। আবু বকর মুহাম্মদ ইবনে ওয়াছা এর নুসখা উনদুলুছ এর পশ্চিমাঞ্চলীয় শহরে সুপ্রসিদ্ধ। এ উভয় নুসখা প্রায় সমপর্যায়ের। এ দুটির মধ্যে সাধারণত কেবল অগ্রপশ্চাতের ব্যবধান রয়েছে। আর হাদীসের ক্ষেত্রে কমবেশীর পার্থক্য নিতান্তই কম। তবে বর্তমান অধিকাংশ দেশে প্রথম নুসখাটি অধিক প্রচলিত। এর পিছনে দুটি কারণ রয়েছে। যথা– ১. এ নুসখা অন্যান্য সকল নুসখা থেকে অধিক সহীহ পূর্ণাঙ্গ ও প্রসিদ্ধ। ২. আবু আলী লূলুঈ (র) এ নুসখাটি ইমাম আবু দাউদ (র) থেকে তার ইন্তেকালের বছর অর্থাৎ ২৭৫ হিজরী সনের মুহররম মাসে শ্রবন করেছিলেন। কাজেই এটা আবু দাউদ (র) এর সর্বশেষ লিপিকরণ।

৩. আবু সাঈদ আহমদ ইবনুল আরাবি এর নুসখা : এটা নিতান্ত অপূর্ণাঙ্গ। কারণ এর মধ্যে কিতাবুল মালাহিম, কিতাবুল ফিতান, কিতাবুল কেরাত ইত্যাদি নেই।

৪. আবু ঈসা ইসহাক রমলি (র) এর নুসখা। এটা প্রথম দু'টি নুসখার নিকটবর্তী তবে প্রথম নুসখা বেশি প্রসিদ্ধ ও বিশুদ্ধ। সুনানে আবু দাউদ (র) এর হাদীসের যে সংখ্যা অর্থাৎ ৪৮০০ হাদীস পূর্বে উল্লেখ করা হয়েছে তা নুসখায়ে লূলুঈ মুতাবেক।

**৫. সনদ পরম্পরা :** আবু দাউদ (র) এর সনদ (লেখক থেকে ইমাম আবু দাউদ (র) পর্যন্ত) এর মাঝে ২৩টি মাধ্যম রয়েছে। ২৪ নম্বর নামটি ইমাম আবু দাউদ (র) এর। পূর্ণাঙ্গ সনদ এই–

قَالَ اَحْقَرُ الْعِبَادِ مُحَمَّدٌ طَاهِرُ الرَّحِيْمِيُّ عُفِيَ عَنْهُ
اَخْبَرَنَا الشَّيْخُ الْعَلَّامَةُ مَوْلَانَا مُحَمَّدٌ شَرِيْفُ الْكَشْمِيْرِيُّ مُدَّ

www.e-ilm.weebly.com

ظِلُّهُ عَنِ الشَّيْخِ مَوْلانَا شَمْس الْحَقِّ الْاَفْغَانِيِّ عَنِ الشَّيْخِ مَوْلانا السَّيِّدِ اَنْوَرْ الشَّاه اَلْكَشْمِيْرِيِّ عَنِ الشَّيْخِ مَوْلانا مَحْمُوْدِ الحَسَنِ الدِّيْوبَنْدِيِّ عَنِ الشَّيْخَيْن مَولانا محمّد قَاسِمِ النَّانُوْتَوِيّ ومَوْلانا رَشِيْد احْمَد الجُنْجُوهِيِّ عنِ الشَّيْخَ مَولانا الشَّاه عَبْدِ الغَنِيّ عنِ الشَّيخ مَولانا الشّاه محمّد اِسْحٰق الدِّهْلَوِيّ عَنِ الشَّيْخِ مَوْلانا الشّاهْ عَبْدِ الْعَزِيْزِ الدِّهْلُوِيّ عَنِ الشَّيْخ مَوْلانا الشّاه وَلى اللّٰهِ الدِّهْلَوِيّ عَن الشيْخِ اَبى طَاهِر محمدِ بْنِ ابراهيم الكُرْدِى المَدَنِيّ عَن الشيْخ الْاَجَلّ حَسَن بْنِ عَلِيِّ العَجِيْمى عن الشَّيْخ عِيْسى المَغْرِبِيّ عَن الشَّيْخِ شِهَابِ الدِّيْن احمَد بْنِ مُحَمّد الخَفَّاجِيّ عَنِ الشَّيْخِ بَدْر الدِّيْن حَسَن الكَرْخِى عَنِ الشَّيْخ جَلَال الدِّيْن السُّيوطى عَن الشيخ محمّد بن مُقْبِل الحَلَبى عَن الشَّيخ صَلاح الدِّين بن أبى عَمْرو المَقْدِسِيّ عن الشيْخ أبى الحَسَن عَلِيِّ بْنِ محمّد بْنِ احمَدَ الجُنارِيّ عَن الشَّيْخ ابى جَعْفَرْ عُمَرُ بْنِ الشيخ طَبَرْزَدْ اَلْبَغْدَادِيّ عن الشَّيْخَيْنِ أبىْ الْوليْدِ ابراهيْم بْنَ محمّدِ بْنِ مَنْصورِ الكَرْخِى وابى الفَتْحِ مُصْلِح بن احمَدَ بْن محمّدٍ الدارميّ عن الشيخ ابى بكرٍ اَحْمَدَ بْنِ عَلِيّ بْن ثَابِتٍ اَلْخَطِيْب اَلْبَغْدَادِيّ عَن الشَّيْخ الْقاضِى اَبىْ عَمْرٍو الْقَاسِمِ بْن جَعْفَرَ بْنِ عَبْدِ الوَاحِد الهَاشِمِيّ عَنِ الشَّيْخِ اَبِى عَلِيِّ مُحَمّدِ بْن اَحْمَدَ بْنِ عَمْرو اللُّؤْلُؤِى المِصْرِى عَنْ مُؤَلِّفِهِ الشَّيْخِ اَبىْ دَاوُدَ سُلَيْمَانَ بْنِ الْأَشْعَثِ السِّجِسْتَانِيّ -

www.e-ilm.weebly.com

**জ্ঞাতব্য :** অধমের হাকীমুল ইসলাম হযরত মওলানা কারী মুহাম্মদ তায়্যিব (র) থেকেও হাদীসের ইজাযত লাভ হয়েছে। এর তিনটি সনদ রয়েছে। যথা–

১. সায়্যেদ আনোয়ার শাহ্ (র) থেকে, ২. মাওলানা মুহাম্মদ আহমদ সাহেব (র) থেকে এবং তিনি হযরত গাঙ্গুহী (র) থেকে, ৩. হযরত মাওলানা খলিল আহমদ (র) থেকে এবং তিনি শায়খ আবদুল কাইয়ুম (র) থেকে এবং তিনি শায়খ মুহাম্মদ ইসহাক (র) থেকে। সুতরাং ক্রমান্বয়ে এক, দুই ও তিন মাধ্যম কম হয়ে তেইশতম, একুশতম, বাইশতম নামে ইমাম আবু দাউদ (র) পর্যন্ত সনদ উপনীত হয়।

## ভূমিকার পরিশিষ্ট

**ইমাম আবু দাউদ (র) এর একটি আশ্চার্য ঘটনা :** একবার তিনি কোনো এক নদীর তীরে দাঁড়িয়েছিলেন। নদীর প্রায় দুই মাইল দূরে গভীর পানিতে একটি জাহাজ নোঙ্গর করেছিলো। উক্ত জাহাজে অবস্থিত এক ব্যক্তির হাঁচি আসলে সে আওয়াজ ইমাম আবু দাউদ (র) এর কানে পৌঁছে। তিনি তিন দিরহামে নৌকা ভাড়া করে জাহাজ পর্যন্ত পৌঁছেন এবং সেখানে গিয়ে তাকে ইয়ারহামুকাল্লাহ বলে আসেন। অথচ হাঁচির জবাব দেওয়ার জন্য একই মজলিসে থাকা জরুরি। অথচ তিনি ছিলেন মজলিস থেকে অনেক দূরে– তখন গায়েবের থেকে আওয়াজ আসল– হে আবু দাউদ! তুমি আজ তিন দেরহামে জান্নাত ক্রয় করলে।

## আশ্চার্য অভ্যাস

পোশাকের ক্ষেত্রে তাঁর বিশেষ অভ্যাস এই ছিলো যে, তিনি কোরতার একটি হাতা প্রশস্ত ও অপরটি সংকীর্ণ রাখতেন। এ ব্যাপারে যখন তাঁর নিকট কারণ জিজ্ঞেস করা হলো। তখন তিনি বললেন– একটি হাতা এ কারণে প্রশস্ত রাখি যে, তার মধ্যে আমি আমার কিতাবের কিছু অংশ রাখি। আর অপর হাতাটি প্রশস্ত রাখাকে আমি অপচয় গণ্য করি।

(তারজুমানুস সুন্নাহ, ১ম খণ্ড, ২৫৯ পৃষ্ঠা)

www.e-ilm.weebly.com

# كتاب الطهارة

## তহারাত অধ্যায়

### بَابُ مَا يَقُولُ الرَّجُلُ إِذَا دَخَلَ الْخَلَاءَ ص٢

قوله حَمَّادُ بْنُ زَيْدٍ وَعَبْدُ الْوَارِثِ عَنْ عَبْدِ الْعَزِيزِ

আব্দুল আজিজের চারজন শিষ্য। ১. হাম্মাদ, ২. আব্দুল ওয়ারিছ, ৩. শো'বা, ৪. ওহাইব। হাম্মাদ (র) اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ আব্দুল ওয়ারিছ اَعُوْذُ بِاللّٰهِ আর শো'বা উভয় রকম এবং উহাইব فَلْيَتَعَوَّذْ بِاللّٰهِ বর্ণনা করেছেন। শো'বার বর্ণনা দ্বারা জানা যায় যে, এ বিভিন্নতা উস্তাদের পক্ষ থেকে বর্ণিত হয়েছে।

### بَابُ كَيْفَ التَّكَشُّفُ عِنْدَ الْحَاجَةِ ص٢

قَوْلُهُ قَالَ اَبُوْدَاؤدَ رَوَاهُ عَبْدُ السَّلَامِ بْنِ حَرْبٍ عَنِ الْأَعْمَشِ عَنْ اَنَسِ بْنِ مَالِكٍ وَهُوَ ضَعِيْفٌ

এর উদ্দেশ্য এই যে, এ সনদটি শক্তিশালী। আর দ্বিতীয় সনদ অর্থাৎ আব্দুস সালাম এর সনদ দুর্বল। কারণ আনাস (রা) এর সাথে আ'মাশ এর সাক্ষাৎ প্রমাণিত নেই। এখন প্রশ্ন জাগে যে, ওয়াকী' (র) এর সনদও জয়ীফ হওয়া চাই। কারণ তার মধ্যে অপরিচিত রাবীর মাধ্যম রয়েছে।

**উত্তর :** এ অপরিচিত বা অস্পষ্ট ব্যক্তি গ্রন্থকারের কাছে নির্ভরযোগ্য ও নির্দিষ্ট অর্থাৎ তিনি হলেন কাসিম ইবনে মুহাম্মদ। অন্যথায় তিনি নীরবতা অবলম্বন করতেন না। কাজেই ওয়াকী' (র) এর সনদ শক্তিশালী হলো।

### بَابُ كَرَاهِيَةِ الْكَلَامِ عِنْدَ الْخَلَاءِ ص٣

قوله قَالَ ابوداؤدَ هٰذَا لَمْ يُسْنِدْهُ اِلَّا عِكْرَمَةُ ابْنُ عَمَّارٍ

এর দ্বারা উদ্দেশ্য মুত্তাসিল সনদের দুর্বলতার প্রতি ইঙ্গিত করা। কারণ ইকরামা এ হাদীসকে মুসনাদ ও মুত্তাছিল বর্ণনা করার ক্ষেত্রে একক ব্যক্তি।

www.e-ilm.weebly.com

ইয়াহয়া ইবনে আবি কাসীর এর অন্যান্য শিষ্য আওযায়ী প্রমুখ এটাকে মুরসাল বর্ণনা করেছেন। তবে ইবনে দাকীকুল ঈদ এর ভাষ্য মতে হিব্বান ইবনে ইয়াজিদ ইকরামা এর মুতাবি' বা সহবর্ণনাকারী রয়েছেন। উপরন্তু ইকরামা বুখারী ও মুসলিমের বর্ণনাকারীদের অন্তর্গত। কাজেই তার সনদ সহীহ ও শক্তিশালী।

## بَابُ فِى الرَّجُلِ يَرُدُّ السَّلَامَ وَهُوَ يَبُوْلُ ص٣

قولُه قال ابُوداؤد رُوِىَ عَنْ ابْنِ عُمَرَ وَغَيْرِهِ (اى اُبِىْ الْجُهَيْمِ وَابْنِ عَبَّاسٍ) اَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ تَيَمَّمَ ثُمَّ رَدَّ عَلَى الرَّجُلِ السَّلَامَ

এ তা'লীক সূত্র উল্লেখের দ্বারা মুসান্নিফ (র) এর উদ্দেশ্য হলো– পেশাব করা কালে সালামের জবাব দেয়া মাকরূহ হওয়া বর্ণনা করা। আর পেশাব থেকে অবসর হওয়ার পর উযু ও পবিত্র হওয়া ছাড়া সালামের জবাব দেয়া মাকরূহ ছাড়াই জায়েয। মহানবী (স) এর পেশাব থেকে অবসর হওয়ার পর পবিত্রতা অর্জন না করে জবাব না দেওয়াটা উত্তমের উপর ভিত্তি করে ছিলো। (বজলুল মাজহুদ, ১ম খণ্ড, ১২ পৃষ্ঠা)

## بَابُ الْخَاتَمِ يَكُوْنُ فِيهِ ذِكْرُ اللّٰهِ تَعَالٰى يَدْخُلُ بِه الْخَلَاءَ ص٤

قولُه قال اَبُوْدَاؤد هٰذا حَدِيْثٌ مُنْكَرٌ وَانَّهَا يُعْرَفُ عَنِ ابْنِ جُرَيْجٍ مِنْ زِيَادِ بْنِ سَعْدٍ عَنِ الزُّهْرِىِّ عَنْ اَنَسٍ قَالَ اِنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ الخ

ইমাম আবু দাউদ (র) এ বাবের হাদীসকে মুনকার আখ্যা দিয়েছেন। মুনকার হওয়ার পেছনে তিনি তিনটি কারণ উল্লেখ করেছেন। যথা–

১. এ হাদীসের সনদের মধ্যে ইবনে জুরাইজ ও যুহরী এর মাঝে যিয়াদ এর মাধ্যম পরিত্যাজ্য।

২. মতনের মধ্যে পরিবর্তন ঘটেছে মূল মতন এরূপ–

اِنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اِتَّخَذَ خَاتَمًا مِنْ وَرَقٍ ثُمَّ اَلْقَاهُ

www.e-ilm.weebly.com

৩. এটা হাম্মাম ইবনে ইয়াহয়া এর ভ্রান্তি। এক্ষেত্রে তিনি একক ব্যক্তি কিন্তু ইমাম মারদীনি 'আল জাওহারুন নাকী' গ্রন্থে লিখেন যে, এখানে ইমাম আবু দাউদ (র) এর বিস্মৃতি ঘটেছে। অন্যথায় হাদীসটি মুনকার নয়। কেননা মুনকার হাদীসের সংজ্ঞা এই যে,

مَارَوَاهُ الضَّعِيْفُ مُخَالِفًا لِلثِّقَةِ

যে হাদীসকে কোনো জয়ীফ রাবী সিকা রাবীর বর্ণিত হাদীসের বিপরীত বর্ণনা করে। অথচ ইয়াহয়া ইবনে মুঈন ও আহমদ ইবনে হাম্বল এবং শায়খাইন (র) হাম্মামকে সিকা স্থির করেছেন। ইমাম তিরমিযী (র) এই হাদীসকে বিশুদ্ধ বলেছেন।

প্রথম কারণের জবাব– সম্ভাবনা আছে যে, যুহ্‌রীর সাথে ইবনে জুরাইজ এর মাধ্যমে এবং মাধ্যম ছাড়াই উভয় ধরনের শ্রবণ লাভ হয়েছে।

দ্বিতীয় কারণের জবাব- এ দুটি ভিন্ন ভিন্ন হাদীস, উভয়টিই বিশুদ্ধ।

তৃতীয় কারণের জবাব- হাম্মামের দুজন মুতাবি' রয়েছে। ১. ইয়াহয়া ইবনে মুতাওয়াক্কিল বসরী। এটা বায়হাকী শরীফে বর্ণিত হয়েছে। ২. ইয়াহয়া ইবনে দারীস, এটা দারকুতনির কিতাবুল ইলাল অধ্যায়ে বিদ্যমান রয়েছে। বরং ইমাম আবু দাউদ (র) যে হাদীসকে মা'রূফ বলেছেন তা মুহাদ্দিসগণের নিকট ঠিক নয়। কারণ– বিশুদ্ধ হাদীসের উপর ভিত্তি করে তিনি বলছেন যে, যে আংটি নিক্ষেপ করেছিলেন তা স্বর্ণের ছিলো। আর রৌপ্যের আংটি তো রাসূলুল্লাহ (সা) এর কাছে শেষ বয়স পর্যন্ত এমনকি তাঁর ইন্তেকালের পরেও উসমান (রা) এর খেলাফত কাল পর্যন্ত অবশিষ্ট ছিলো। অবশেষে হযরত উসমান (রা) এর হাত থেকে বীরে আরিস এর মধ্যে তা পড়ে যায়।

## بَابُ الْاِسْتِبْرَاءِ مِنَ الْبَوْلِ ص٤

قَوْلُه قَالَ هَنَّادٌ يَسْتَتِرُ مَكَانَ يَسْتَنْزِهُ وَقَوْلُه قَالَ اَبُوْ مُعَاوِيَةَ يَسْتَنْزِهُ

এর দ্বারা সনদ ও মতনের প্রতি ইঙ্গিত করেছেন যে, আ'মাশের সনদে মুজাহিদ ও ইবনে আব্বাসের মাঝে তাউসের মাধ্যম রয়েছে। মানছুর এর সনদে উক্ত মাধ্যম নেই। ইমাম বুখারী উভয় প্রকারকেই বিশুদ্ধ বলেছেন।

www.e-ilm.weebly.com

ইমাম তিরমিযী প্রথম সনদকে অধিক গ্রহণযোগ্য বলেছেন। এরপর মুজাহিদ থেকে মানছুরের সনদে নিশ্চিতভাবে لَايَسْتَتِرُ শব্দ রয়েছে। আ'মাশের সনদে আ'মাশ এর এক শিষ্য আবু মুয়াবিয়া لَايَسْتَنْزِهُ বর্ণনা করেছেন। কিন্তু আ'মাশের অপর শিষ্য ওয়াকী এর দুজন শিষ্য থেকে জুহাইর لَايَسْتَنْزِهُ এবং অন্যজন হান্নাদ لَايَسْتَنْزِهُ বর্ণনা করেছেন।

قَوْلُهُ قَالَ اَبُوْ دَاوُدَ قَالَ مَنْصُوْرٌ عَنْ اَبِىْ وَائِلٍ عَنْ اَبِىْ مُوْسٰى اَعْمَشُ عَنْ زَيْدِ بْنِ وَهَيْبٍ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ حَسَنَةَ এর দ্বারা উদ্দেশ্য হলো- اِذَا اَصَابَتْهُمُ الْبَوْلُ এর হাদীসের মধ্যে اِذَا শব্দটি শর্তহীন। আর مَنْصُوْرٌ عَنْ اَبِىْ وَائِلٍ عَنْ اَبِىْ مُوْسٰى এর হাদীসে اِذَا اَصَابَ جِلْدَ اَحَدِهِمْ শব্দ রয়েছে। এর দ্বারা উদ্দেশ্য চামড়ার পোশাক। বুখারীতে ثوب শব্দ রয়েছে।

اِذَا أصابَ جَسَدَ عَاصِمٌ عَنْ اَبِىْ وَائِلٍ عَنْ اَبِىْ مُوْسٰى এর হাদীসে اَحَدِهِمْ শব্দ রয়েছে। কিন্তু এটা মূলত روايت بِالْمَعْنٰى কোনো কোনো রাবী جد দ্বারা جسد শব্দ বুঝেছেন।

## بَابُ الْاِسْتِتَارِ فِى الْخَلَاءِ ص٦

قَوْلُهُ قَالَ اَبُوداؤدَ رَوَاهُ اَبُوعَاصِمٍ عَنْ ثَوْرٍ قَالَ حُصَيْنٌ الْحِمْيَرِىُّ قَالَ وَرواه عَبْدُ الْمَلِكِ بْنِ الصَّبَاحِ عَنْ ثَوْرٍ فَقَالَ اَبُو سَعِيْدِ الْخَيْرِ এর দ্বারা সনদের দুটি তারতম্যের দিকে ইঙ্গিত করেছেন।

প্রথম তারতম্য এই যে, সাওর ইবনে ইয়াজিদের শিষ্য ঈসা ইবনে ইউনুস এর বর্ণনায় হোসাইন আল হিবরানী উল্লেখ রয়েছে। আর সাওরের অপর শিষ্য আবু আসিম নাবিল এর বর্ণনায় হোসাইন আলহিময়ারী উল্লেখ রয়েছে। বস্তুত এ পার্থক্য কেবল শাব্দিক। কারণ হিবরান হলো – হামির গোত্রের একটি শাখা। কাজেই এতে কোনো প্রশ্ন হতে পারে না।

দ্বিতীয় তারতম্য এই যে, ঈসা ইবনে ইউনূসের বর্ণনায় আবু সাঈদ এর নাম উপাধি ছাড়াই বর্ণিত হয়েছে। আর আব্দুল মালিক ইবনে সাবাহ এর

www.e-ilm.weebly.com

বর্ণনায় আবু সাঈদ এর আল খায়ের উপাধি উল্লেখিত হয়েছে। আব্দুল মালিকের এই রেওয়ায়েতটি ইবনেমাজায় বর্ণিত হয়েছে। কিন্তু তাতে আবু সাঈদ এর স্থলে আবু সা'দ আল খায়ের (ইয়া বিহীন) বর্ণিত হয়েছে। কাজেই এখানে তিনটি বিষয়ে তাহকীক করা জরুরি।

**প্রথমত তাহকীক :** আবু সাঈদ এবং আবু সা'দ আল খায়ের উভয়ে এক ব্যক্তি নাকি দু ব্যক্তি? বাস্তবতা এই যে, দুজন ভিন্ন ভিন্ন ব্যক্তির নাম। ১. এক আবু সাঈদ জিয়াদ হিবরানী হিমিয়ারী হিমছি। তিনি আল খায়ের উপাধি যুক্ত নন। তিনি তাবেয়ী ছিলেন এবং আবু হুরায়রা (রা) এর শিষ্য ছিলেন। আল্লামা ইবনে হাজর তাহজীবুত তাহজীব গ্রন্থে লিখেন আবু সাঈদ হিবরানী নিঃসন্দেহে তাবেয়ী ছিলেন। ২. আবু সাঈদ আল আনওয়ারী যিনি আল খায়ের উপাধিতে ভূষিত ছিলেন। তিনি ছিলেন সাহাবী। আবু দাউদ এর কোনো কোন নুসখায় এ ভাষ্য উল্লেখ রয়েছে যে, قَالَ اَبُوْدَاوُدَ وَاَبُوْ سَعِيْدِ الْخَيْرِ هُوَ مِنْ اَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

এ ভাষ্য দ্বারা ইমাম আবু দাউদ (র) এর উদ্দেশ্য হলো– এ সন্দেহ দূর করা যে, এখানে আবু সাঈদ দ্বারা আল খায়ের উপাধি বিহীন তাবেয়ী উদ্দেশ্য। আল খায়ের উপাধি যুক্ত আবু সাঈদ সাহাবী উদ্দেশ্য নন। উপরন্তু বুখারী ও ইবনে হিব্বান (র) আবু সাঈদ আল খায়ের এর সাহাবী হওয়ার বিষয়টি স্পষ্ট করে দিয়েছেন।

**দ্বিতীয় তাহকীক :** সনদে আবু সাঈদ নাকি আবু সা'দ কোন্‌টি সঠিক? ইবনেমাজা, বায়হাকী ও সহীহ ইবনে হিব্বানে আবু সা'দ রয়েছে। কিন্তু আল্লামা নববী (র) এর তাহকীক মতে আবু সাঈদ-ই বিশুদ্ধ ও প্রসিদ্ধ।

**তৃতীয় তাহাকীক :** পরিচ্ছেদে উল্লেখিত হাদীসে আবু সাঈদ-এর পরে আল খায়ের শব্দ বিশুদ্ধ কিনা?

এ ব্যাপারে স্মরণ রাখতে হবে যে, এখানে আল খায়ের শব্দের উল্লেখ বিশুদ্ধ নয়। কারণ প্রথম তাহকীক দ্বারা প্রতীয়মান হয়েছে যে, (১) আবু সাঈদ ছিলেন তাবেঈ। আর এটা স্পষ্ট যে, তিনি আবু সাঈদ-ই। কারণ আবু সাঈদ আল খায়ের ছিলেন সাহাবী। যেমন– পূর্বে আবু দাউদের কোনো কোনো নুসখার ইবারত দ্বারা উল্লেখ করা হয়েছে। এভাবে আবু সাঈদ আল খায়ের ছিলেন সাহাবী। অথচ তিনি আবু হুরায়রা (রা) থেকে বর্ণনা

www.e-ilm.weebly.com

করেছেন। আর এটা স্পষ্ট ও বাস্তব যে, সাহাবীর শিষ্য সাধারণত তাবেয়ী হয়ে থাকেন। আর তিনি হলেন আবু সাঈদ। আবু সা'দ আল খায়ের নন। উল্লেখিত সনদে আবু সা'দ আল খায়ের সম্পর্কে ইবনে হাজর (র) তাহজীব ও তাহজীবুত তাহজীব গ্রন্থে লিখেন যে, এটা কোনো রাবীর ভ্রান্তি। তার থেকে ক্রটি ও বিলুপ্তি সংঘটিত হয়েছে। তিনি আবু সাঈদ থেকে আবু সাদ ও আল হিবরানী থেকে আল খায়ের বুঝেছেন। (বাজলুল মাজহুদ, ১ম খণ্ড, ২৩ পৃষ্ঠা)

## بَابُ الْاِسْتِنْجَاءِ بِالْاَحْجَارِ ص٦

قَوْلُه قَالَ اَبُوْدَاؤُد وَكَذَا رَوَاه اَبُو اُسَامَةَ وَابْنُ نُمَيْرٍ عَنْ هِشَامٍ

এর দ্বারা উদ্দেশ্য হলো– উল্লেখিত সনদকে শক্তিশালী করা ও প্রাধান্য দেয়া। অর্থাৎ আবু মুয়াবিয়ার শিষ্যদের মধ্যে মতনৈক্য রয়েছে। ১. আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ নুফায়লী, হিশাম ইবনে উরওয়া ও আমর ইবনে খুযাইমা এর মাঝে কোনো মাধ্যম উল্লেখ নেই। কিন্তু আবু মুয়াবিয়া এর অপর শিষ্য আলী ইবনে হরব হিশাম ও আমরের মাঝে আব্দুর রহমান ইবনে সা'দ এর মাধ্যম উল্লেখ করেছেন। অর্থাৎ عَنْ عَلِىِّ بْنِ حَرْبٍ عَنْ اَبِىْ مُعَاوِيَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ سَعْدٍ عَنْ عَمْرِو بْنِ خُزَيْمَةَ

ইমাম আবু দাউদ (র) এ সম্পর্কে বলেন যে, আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ নুফায়লী এর বর্ণনার সনদটি প্রাধান্য যোগ্য। কারণ তার দু'টি মুতাবি' রয়েছে। অর্থাৎ আবু উসামা ও ইবনে নুমাইর উভয়ে হিশামের শিষ্য। আর হিশাম ও আমরের মাঝে কোনো মাধ্যম উল্লেখ করেননি। উপরন্তু ইমাম তিরমিযী ও ইমাম বুখারী থেকে উল্লেখ করেছেন যে, আব্দুর রহমান ইবনে সা'দ এর মাধ্যম সঠিক নয়। এভাবে عَلٰى هٰذَا اِبْنُ عُيَيْنَةَ عَنْ هِشَامٍ عَنْ اَبِىْ وَجْزَةَ عَنْ عَمْرِوبْنِ خُزَيْمَةَ এর সনদও বিশুদ্ধ নয়। কারণ আবু ওয়াজযা রাবী পরিচিত নয়।

www.e-ilm.weebly.com

## بَابُ الرَّجُلِ يَدْلُكُ يَدَهُ بِالْأَرْضِ إِذَا اسْتَنْجٰى

قَوْلُه قَالَ أَبُوْدَاوُد وَحَدِيْثُ الْاَسْوَدِ بْنِ عَامِرٍ اَتَمُّ

শারীক এর দু'জন শিষ্য রয়েছে। আসওয়াদ ও ওয়াকী'। ইমাম আবু দাউদ (র) এখানে আসওয়াদের শব্দগুলো উল্লেখ করেছেন। কেননা কোনো কোনো নুসখায় স্পষ্ট আকারে وهٰذا لَفْظُهُ রয়েছে। এখন সামনে قال أبوداود থেকে আসওয়াদের হাদীস প্রাধান্য দেওয়ার কারণ উল্লেখ করেছেন। যে, আসওয়াদের ভাষ্য এ কারণে অবলম্বন করা হয়েছে যে, তার বর্ণনাটি পূর্ণাঙ্গ ও পরিপূর্ণ।

**প্রশ্ন :** কোনো কোনো নুসখায় فَاسْتَنْجٰى এর পরে قال أبوداؤد فِى حَدِيْثِ وَكِيْعٍ রয়েছে। অর্থাৎ ثُمَّ مَسَحَ থেকে শেষ পর্যন্ত ওয়াকী' এর ভাষ্য। অতএব এর দ্বারা জানা গেলো যে, আসওয়াদের হাদীস فَاسْتَنْجٰى পর্যন্ত গিয়ে শেষ হয়েছে। অতএব তার হাদীস পূর্ণাঙ্গ হতে পারে কিভাবে?

**উত্তর :** ১. এটা নকলকারীদের ভুল। কারণ এ ভাষ্যটি মিশরী কোনো কপিতে উল্লেখ নেই। উপরন্তু ওয়াকী' এর হাদীস নাসায়ী শরীফেও উল্লেখ রয়েছে। কিন্তু তাতে ثُمَّ أَتَيْتُهُ بِإِنَاءٍ اٰخَرَ فَتَوَضَّاَ ভাষ্য নেই। কোনো কোনো কপিতে মুসান্নিফ (র) আসওয়াদ সম্পর্কে وهٰذا لَفْظُه স্পষ্টাকারে লিখেছেন। কিন্তু তাকে যদি বিশুদ্ধ মেনে নেয়া হয় তাহলে এটা আবশ্যক হয় যে, ওয়াকী এর হাদীস পূর্ণাঙ্গ। অথচ মুসান্নিফ (র) আসওয়াদ এর হাদীসকে অধিক পূর্ণাঙ্গ বলেছেন। এ কারণে وفِىْ حديثِ وَكِيْعٍ الخ বিশিষ্ট ইবারত ঠিক নয়।

২. ثم مَسَحَ يَدَهُ قَالَ أَبُوْدَاوُد وفِىْ حَدِيْثِ وَكِيْعٍ এর সম্পর্ক কেবল عَلَى الْاَرْضِ সাথে যে, এ শব্দটি ওয়াকী এর বর্ণনায়ও বিদ্যমান রয়েছে। অতএব মুসান্নিফ (র) এ কথাটি বলে এ বাক্যকে শক্তিশালী করেছেন যে, এটা শিরোনাম সংশ্লিষ্ট। তবে ثُمَّ أَتَيْتُهُ بِإِنَاءٍ أَخَرَ فَتَوَضَّاَ বিশিষ্ট শব্দ শুধু আসওয়াদ এর হাদীসে রয়েছে। এই কারণে আসওয়াদ ইবনে আমিরের হাদীস পূর্ণাঙ্গ সাব্যস্ত হলো।

www.e-ilm.weebly.com

## بَابُ السِّوَاكِ ص٧

قَوْلُهُ قَالَ اَبُوْدَاوُدَ اِبْرَاهِيْمُ بْنُ سَعْدٍ رَوَاه عَنْ مُحَمَّدِ بْنِ اِسْحٰقَ قَالَ عُبَيْدُ اللّٰهِ بْنُ عَبْدِ اللّٰهِ

অর্থাৎ মুহাম্মদ ইবনে ইসহাক এর একজন শিষ্য আহমদ ইবনে খালিদ আব্দুল্লাহ ইবনে আব্দুল্লাহ ইবনে ওমর বলেছেন। আর অপর শিষ্য ইব্রাহীম ইবনে সা'দ ওবায়দুল্লাহ ইবনে আব্দুল্লাহ বর্ণনা করেছেন। অতএব সম্ভাবনা আছে যে, উভয় বর্ণনা সূত্রে হাদীস বর্ণিত আছে। অথবা উভয়ের মধ্য হতে কোনো একটির উল্লেখ রাবী কর্তৃক ভ্রান্তি সাপেক্ষ। (বাজলুল মাজহুদ, ১ম খণ্ড, ২১ পৃষ্ঠা)

## بَابُ السِّوَاكِ مِنَ الْفِطْرَةِ ص٨

قَوْلُه قَال ابُوْدَاوُد وَرُوِىَ نَحْوُهُ عَنِ ابْنِ عَبَّاسٍ وَقَالَ خَمْسٌ كُلُّهَا فِى الرَّأسِ الخ

ইমাম আবু দাউদ (র) এখানে চারটি মারফু হাদীস উল্লেখ করেছেন। ১. আয়েশা (রা) এর হাদীস, ২. আম্মার (রা) এর হাদীস, ৩. ইবনে আব্বাস (রা) এর হাদীস ও ৪. হযরত আবু হুরায়রা (রা) এর হাদীস। এরপর তিনি দুইটি মওকুফ اثر বা হাদীস উল্লেখ করেছেন। একটি তলক ইবনে হাবীব প্রমুখ থেকে, অপরটি ইব্রাহীম নাখয়ী থেকে। এগুলোর মধ্যে মতনের ক্ষেত্রে কিছুটা পার্থক্য রয়েছে। সেদিকে তিনি ইঙ্গিত করেছেন। যেমন– اعفاء لحية তথা দাড়ি লম্বা করার কথা উল্লেখ রয়েছে। হযরত আয়েশা (রা), হযরত আবু হুরায়রা (রা) ও ইব্রাহীম নাখয়ী (র) এই তিন জনের হাদীসে। আর আম্মার ইবনে আব্বাস ও তলকের হাদীসে এ শব্দটি উল্লেখ নেই।

এভাবে ختان এর উল্লেখ আম্মার, তলক ও নাখয়ী তিনোজনের হাদীসে রয়েছে। কিন্তু আয়েশা, ইবনে আব্বাস ও আবু হুরায়রা (রা) এর হাদীসে উল্লেখ নেই। আর পার্থক্যের উল্লেখ রয়েছে শুধু ইবনে আব্বাসের হাদীসে।

সারকথা এই যে, ফিতরাতের অন্তর্গত এই তিনোটি অভ্যাস বা কাজের মধ্য থেকে হযরত আয়েশা ও আবু হুরায়রা (রা) এর হাদীসে কেবল اعفاء

www.e-ilm.weebly.com

لِحْيَة এর এবং আম্মারও তলক এর আছার এর মধ্যে শুধু خِتَانٌ শব্দ এবং ইবনে আব্বাস (রা) এর হাদীসে শুধু فَرْق শব্দ উল্লেখ রয়েছে। ইব্রাহীম নাখয়ী এর হাদীসে وخِتَان إعْفَاء উভয়ই উল্লেখ রয়েছে। এ কারণে এ হাদীসের মধ্যে সর্বমোট এগারটি ফিতরাতগত কাজ উল্লেখ রয়েছে। ফিতরাতগত কাজ সর্বমোট ১২টি–

১. মোঁচ কাটা, ২. দাড়ি লম্বা করা, ৩. মেসওয়াক করা, ৪. নাকে পানি দেয়া, ৫. নখ কাটা, ৬. মল-মূত্রের স্থান ধৌত করা, ৭. বগলের পশম উপড়ানো, ৮. নাভির নিচের পশম মুণ্ডন করা, ৯. ইস্তেঞ্জা তথা ঢিলা কুলুখ ব্যবহার করা, ১০. গড়গড়াসহ কুলি করা, ১১. খাৎনা করা, ও ১২. কেশ বিন্যাশ করা।

## بَابُ السِّوَاكِ لِمَنْ قَامَ بِاللَّيْلِ ص٨

قَوْلُه قَال ابُودَاوُد رَوَاهُ اِبْنُ فَضْلٍ عَنْ حُصَيْنٍ قَالَ فَتَوَسَّكَ وَتَوَضَّأَ وَهُوَ يَقُوْلُ اِنَّ فِىْ خَلْقِ الخ

এর দ্বারা উদ্দেশ্য হলো এই যে, হোসাইনের এক শিষ্য হুশাইম فَتَوَسَّكَ এবং অপর শিষ্য ইবনে ফাযা فَاسْتَاكَ ثُمَّ تَلَا هٰذِهِ الْاٰيَاتِ الخ وَتَوَضَّأَ وَ هُوَ يَقُوْلُ اِنَّ فِىْ خَلْقِ السَّمٰوٰتِ الخ শব্দ বিশিষ্ট হাদীস উল্লেখ করেছেন। উভয়েরই সারকথা এক যে, মেসওয়াকের পরে এই আয়াত তেলাওয়াত করতে করতে উযু করেছেন।

## بَابُ الرَّجُلِ يُجَدِّدُ الْوُضُوْءَ مِنْ غَيْرِحَدَثٍ ص٩

قولُه قال ابُوداؤدَ وانا لِحَدِيْث ابْن يَحْيٰى اَضْبَطُ عَنْ غُطَيْفٍ وَقَالَ مُحَمَّدُ عَنْ اَبِىْ غُطَيْفِ الْهُذَلِىِّ ..... قَال ابُوداود وهٰذَا حَدِيْثُ مُسَدَّدٍ وهُوَ اَتَمُّ

এর দ্বারা উদ্দেশ্য এই যে, যদিও মুহাম্মদ ইবনে ইয়াহয়া এর হাদীস আমার কাছে মুসাদ্দাদ এর হাদীস থেকে অধিক সংরক্ষিত। তবে মুহাম্মদ

www.e-ilm.weebly.com

ইবনে ইয়াহয়া এর হাদীসের বিষয়বস্তু যেহেতু পূর্ণাঙ্গ ছিলো না। এ কারণে আমি মুসাদ্দাদ এর হাদীসটি উল্লেখ করেছি। কারণ এই হাদীসের বিষয়বস্তু অধিক পূর্ণাঙ্গ। এরপর মুসাদ্দাদ স্বীয় উস্তাদের নাম বর্ণনা করেছেন। অর্থাৎ عن غطيف আর মুহাম্মদ ইবনে ইয়াহয়া স্বীয় উস্তাদের কুনিয়াত ও সংশ্লিষ্ট পরিচিতি বর্ণনা করেছেন। অর্থাৎ আবু গুতাইফ হুযালি।

## بَابُ مَا يَتَنَجَّسُ الْمَاءَ ص٩

قولُه قال ابوداود وَالصَّوَابُ مُحَمَّدُ بْنُ جَعْفَر

অর্থাৎ আমার উল্লেখিত তিন উস্তাদের মধ্য হতে মুহাম্মদ ইবনে আলা ওলীদ ইবনে কাছিরের পরে মুহাম্মদ ইবনে জা'ফর ইবনে জুবায়ের উল্লেখ করেছেন। আর অবশিষ্ট দু'জন উস্তাদ উসমান ও হাসান মুহাম্মদ ইবনে আব্বাদ ইবনে জা'ফর উল্লেখ করেছেন। এই দুজন দুই ভিন্ন ব্যক্তি। কাজেই এই তারতম্য শুধু শাব্দিক নয় বরং অর্থগত ও প্রকৃত।

সামনে আবু দাউদ (র) বলেন– যে, এ দু'জনের মধ্যে থেকে মুহাম্মদ ইবনে জা'ফর সঠিক। আর দারকুতনি এর উক্তি মতে শায়খ আবুল হাসান প্রাধান্য দেওয়ার পন্থার পরিবর্তে একত্রিত করার পন্থা অবলম্বন করেছেন। এ প্রসঙ্গে তিনি বলেন ওলীদ উভয়ের থেকে বর্ণনা করেছেন। আল্লামা ইবনে হাজর (র) এর তাহকীক এই যে, এখানে মূলত দুইটি সনদ। وَلِيْدُ عَنْ مُحَمَّدِ بْنِ جَعْفَرَ عَنْ عُبَيْدِ اللّٰهِ الخ (١)

(٢) وَلِيْدُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبَّادِ بْنِ جَعْفَرَ عَنْ عَبْدِ اللّٰهِ الخ

কাজেই কোনো প্রশ্ন নেই। (বজলুল মাজহুদ, ১ম খণ্ড, ৪২ পৃষ্ঠা)

قولُه قال ابوداود وحَمَّادُ بْنُ زَيْدٍ وَقَفَهُ عَنْ عَاصِمٍ অর্থাৎ আসিম ইবনে মুনজির এর এক শিষ্য হাম্মাদ ইবনে সালামা قُلَّتَيْن এর হাদীসকে মারফু সূত্রে এবং অপর শিষ্য হাম্মাদ ইবনে জায়েদ মাওকুফ সূত্রে আলী ইবনে ওমর থেকে বর্ণনা করেছেন। দারকুতনি ইসমাইল ইবনে উলায়্যা এর বর্ণনায় মাওকুফ সূত্রে বর্ণিত হাদীসকে সবল আখ্যা দিয়েছেন। কাজেই মাওকুফ হওয়া সুস্পষ্ট এবং অধিক শক্তিশালী। অতএব এই হাদীস মুহাদ্দিসগণ কর্তৃক বিশুদ্ধ সাব্যস্ত করা উসূলের পরিপন্থী।

www.e-ilm.weebly.com

## بَابُ مَاجَاءَ فِىْ بِيْرِ بُضَاعَةَ ص٩

قَوْلُهُ قَالَ ابوداؤد وَقَالَ بَعْضُهُمْ عَبْدُ الرَّحْمٰنِ بْنِ رَافِعٍ

এর দ্বারা উদ্দেশ্য হলো কতিপয় রাবী উবায়দুল্লাহ ইবনে আব্দুল্লাহ ইবনে রাফে এর মধ্যে আব্দুল্লাহ ইবনে রাফে এর স্থলে আব্দুর রহমান ইবনে রাফে উল্লেখ করেছেন। বস্তুত এ অভিযোগ উবায়দুল্লাহর পিতা সম্পর্কে; উবায়দুল্লাহ সম্পর্কে নয়। যেমন– সামনে حَدَّثَنَا اَحْمَدُ بْنُ اَبِىْ شُعَيْبٍ বিশিষ্ট সনদে উল্লেখ রয়েছে।

حَدَّثَنَا اَحْمَدُ بْنُ اَبِىْ شُعَيْبٍ قَوْلُه فَقَالَ ابُوداود وَسَمِعْتُ قُتَيْبَةَ بْنَ سَعِيْدٍ قَالَ سَاَلْتُ قَيِّمَ بِيْرِ بُضَاعَةَ عَنْ عُمْقِهَا قَالَ اَكْثَرُ مَايَكُوْنُ فِيْهَا الْمَاءُ اِلَى الْعَانَةِ الخ

কোনো কোনো ব্যক্তি বীরে বুজায়া সংক্রান্ত হাদীসের এই জওয়াব দিয়ে থাকেন যে, উক্ত কূপের পানি প্রবাহমান ও বেশি ছিলো। এ কারণে নাপাক পতিত হওয়া সত্ত্বে উক্ত কূপের পানি নাপাক হতো না।

ইমাম আবু দাউদ (র) এ উত্তরকে প্রত্যাখ্যান করতে চেয়েছেন। এ প্রসঙ্গে তিনি চারটি বিষয় বর্ণনা করেছেন। যথা–

১. নাভি পরিমাণ পানি থাকা, ২. ৬ হাত পরিমাণ আয়তন হওয়া, ৩. গঠন পরিবর্তন না হওয়া, ৪. রং পরিবর্তন হওয়া।

**প্রথম বিষয় :** আমার উস্তাদ কুতাইবা ইবনে সাঈদ বর্ণনা করেন যে, বীরে বুজাআ এর পানি বেশি থেকে বেশি নাভি পর্যন্ত এবং কমের ক্ষেত্রে হাঁটুর নিচ পর্যন্ত থাকতো। এ দ্বারা বুঝা যায় যে, পানি প্রবাহমান ছিলো না।

**উত্তর :** ১. পানি প্রবাহমান হওয়ার উদ্দেশ্য এই নয় যে, তার পানি নদীর ন্যায় প্রবাহমান থাকবে। বরং উদ্দেশ্য এই যে, বালতি ইত্যাদির দ্বারা পানি উঠিয়ে বাগানে বা ক্ষেতে পানি সেঞ্চন করা হতো। যে কারণে তার মধ্যে নাপাক অবশিষ্ট থাকতো না।

যদি এর উপর এ সন্দেহ করা হয় যে, নাপাক বের করার পর কূপের পানি পাক থাকতো যদি এ কথাই উদ্দেশ্য হয়ে থাকে তাহলে সাহাবায়ে কেরাম প্রশ্ন করলেন কেন? কারণ এ বিষয়টিতো স্পষ্ট!

www.e-ilm.weebly.com

এর উত্তর এই যে, কূপের দেয়াল ও তলদেশ ধৌত করা সম্ভব নয়। কাজেই সাহাবায়ে কেরামের অন্তরে এই সন্দেহ সৃষ্টি হতে পারে যে, সম্ভবত তার দেয়াল ও তলদেশ ধৌত না করা পর্যন্ত কূপ পাক হয় না। এ কারণেই প্রশ্ন করেছেন।

২. আল্লামা ওয়াকিদী (র) যিনি দ্বিতীয় হিজরী শতাব্দির প্রসিদ্ধ ঐতিহাসিক ছিলেন। আল্লামা ইবনে হাজর (র) আততালখীস গ্রন্থে লিখেন যে, আল্লামা ওয়াকিদি মাগাজি, সিয়ার ও তারিখ গ্রন্থে তো বরণ্য ইমাম। কিন্তু শরীয়াতের আহকাম বিষয়ে তিনি অতটা গ্রহণযোগ্য ইমাম নন। উপরন্তু ওয়াকিদি মদীনার অধিবাসী। তার ভাষ্য এই যে, বীরে বুজাআর মধ্যে ঝর্ণা ধারা প্রবাহিত ছিলো। তার পানি দ্বারা বাগবাগিচা ও ক্ষেত সেঞ্চন করা হতো। আর ওয়াকিদির তুলনায় বীরে বুজাআর মুতাওয়াল্লির অভিভাবক ব্যক্তি অপরিচিত। কাজেই তার কথা প্রাধান্যযোগ্য নয়।

**দ্বিতীয় বিষয় :** ইমাম আবু দাউদ (র) এর পরিমাপ মতে বীরে বুজাআ এর প্রস্থ ছিলো ৬ হাত। এর দ্বারা বুঝা গেলো যে, তার পানি বেশি ছিলো না। কেননা, হানাফীদের মতে বেশি পানি বলতে ঐ পানিকে বুঝায় যার এক দিকে নাড়াচাড়া দিলে অপরদিকের পানি নড়ে না।

**উত্তর :** এ প্রশ্নের উত্তর এই যে, হানাফীদের মতে এটা ঐ ক্ষেত্রে যখন পানির বিস্তৃতি বেশি হয় এবং গভীরত্ব কম হয়। আর যখন এর বিপরীত অর্থাৎ বিস্তৃতি কম কিন্তু গভীরতা বেশি হয় তখন এইবিষয়টি ধর্তব্য নয়। উপরন্তু আল্লামা ওয়াকিদি (র) বলেন–

كَانَتْ بِئْرُ بُضَاعَةَ سَبْعًا فِىْ سَبْعٍ وَعُيُوْنُهَا كَثِيْرَةٌ فَهِىَ لَاتُنْزَحُ

বীরে বুজাআ দৈর্ঘ্য প্রস্থে ৭ × ৭ হাত ছিলো। তার থেকে অনেক ঝর্ণা প্রবাহিত ছিলো। কখনো পানি সেঞ্চন করে শেষ হতো না। আর কোনো কোনো হানাফীদের মতে পানি বেশি হওয়ার জন্য দৈর্ঘ্য-প্রস্থে ৭ × ৭ হাত হওয়াই যথেষ্ট।

**তৃতীয় বিষয় :** কোনো ব্যক্তি এ কথা বলতে পারেন যে, সম্ভবত হুজুর (স) এর যুগে উক্ত কূপের ভিন্ন কোনো ধরন ছিলো। যা বর্তমান ধরন বা গঠনের থেকে ভিন্নরূপ। আবু দাউদ (র) এ প্রসঙ্গে বলেন যে, আমি এ ব্যাপারে কূপের মুতাওয়াল্লির নিকট জিজ্ঞেস করলে সে বললো– কূপটি স্বঅবস্থায় বহাল রয়েছে। এর মধ্যে কোনো পরিবর্তন আনা হয়নি।

**উত্তর :** ১. কূপের গঠন পরিবর্তন না হওয়া আমাদের জন্য ক্ষতিকর নয়। যেমনটি ইতিপূর্বে উল্লেখিত হয়েছে।

www.e-ilm.weebly.com

২. নবী করীম (স) এর যুগে এবং আবু দাউদ (র) এর যুগের মধ্যে প্রায় দু'শ বছরের ব্যবধান। এতো দীর্ঘ সময়ের মধ্যে পরিবর্তন এসে যাওয়াটা অবশম্ভাবী বিষয়। যেমন– বুখারীর হাদীস এবং ওয়াকেদীর ইতিহাস গ্রন্থ মোতাবেক জানা যায় যে, প্রথমত এ কূপটি প্রশস্ত ছিলো এবং তার পানি প্রবাহমান ছিলো। আর আবু দাউদ (র) এর যুগে কূপটি সংকীর্ণ হয়ে যায়। ও পানির স্বল্পতা এসে যায়। অতএব এ উক্তিটি পরিবর্তনের দলিল বহন করে।

উপরন্তু কূপের মুতাওয়াল্লি আদিল ও সিকা হওয়া এবং তার নাম ও পরিচয় অজ্ঞত হওয়া এ কথার গ্রহণযোগ্য না হওয়ার প্রমাণ বহন করে। অতএব এর দ্বারা দলিল পেশ করা যুক্তিযুক্ত নয়।

**চতুর্থ বিষয় :** আবু দাউদ (র) বলেন– আমি বীরে বুজাআর পানির রং বিবর্ণ দেখতে পেয়েছি। এর দ্বারাও প্রতিভাত হয় যে, তার পানি প্রবাহমান ছিলো না। কারণ পানি প্রবাহমান হলে তার রং পরিবর্তন হয় না।

**উত্তর :** ১. প্রবাহমান পানির রং পরিবর্তন না হওয়ার দাবি স্বীকৃত নয়।

২. আর এ কথা স্বীকার করে নিলেও আমরা বলবো যে, রং পরিবর্তন নাপাকের কারণে ছিলো না। বরং মূল পানির রংই পরিবর্তন থাকতে পারে। অথবা এ পরিবর্তন গাছের পাতা পড়ার কারণে হতে পারে। অথবা আল্লামা নববীর উক্তি অনুযায়ী হুজুর (স) এর কাল থেকে দীর্ঘকাল অতিবাহিত হওয়ার কারণেও হতে পারে। সুতরাং এ পরিবর্তন পানি বেশি হওয়া ও প্রবাহমান হওয়ার পরিপন্থী নয়।

## بَابُ الْوُضُوْءِ بِسُؤرِ الْكَلْبِ ص ١٠

قَوْلُه قَالَ اَبُوْدَاوُدَ وَ كَذَالِكَ قَال اَيُّوْبُ وحُبَيْبُ بْنُ الشَّهِيْدِ عَنْ مُحَمَّدٍ ..... قَال ابُودَاوُد و اَمَّا ابُوْ صَالِحِ الخ

এ উভয় উক্তির সারকথা এই যে, ইবনে সীরীন-এর শিষ্যগণ যে পাত্রে কুকুর আহার করে উক্ত পাত্রকে সাতবার ধোয়ার ব্যাপারে একমত। তবে এরপর মাটি দিয়ে ঘষার ক্ষেত্রে মতানৈক্য রয়েছে। যথা–১. হিশাম ইবনে হাছ্ছান, হাবিব ইবনে শহীদ, ও আইয়ূব সখতিয়ানি তিনোজন اولهن بالتراب বর্ণনা করেছেন। কিন্তু আইয়ূব এই হাদীসকে আবু হুরায়রা (রা) এর উপর মওকূফ সূত্রে বর্ণনা করেছেন। উপরন্তু এর মধ্যে واذا ولغ الهر

www.e-ilm.weebly.com

غسل مرة অংশ বর্ধিত রয়েছে। আর মুহাম্মদ ইবনে সীরীনের চতুর্থ শিষ্য কাতাদা السابعة بالتراب বর্ণনা করেছেন। ইবনে সীরীনের স্থলে আবু হুরায়রা (রা) এর অন্যান্য শিষ্যগণ আবু সালেহ, আবু রাযীন, আ'রাজ, সাবিত, আহনাফ, হাম্মাম ইবনে মুনাব্বিহ, আবুস সুদ্দি আবদুর রহমান, এই ছয়জন অত্র হাদীসকে আবু হুরায়রা (রা) থেকে মারফু সূত্রে বর্ণনা করেছেন। তারা কেউ শুরুতে তাতরীব তথা মাটি দ্বারা মাজার করার উল্লেখ করেননি। আর ইবনে মুগাফফালের মারফু ও মাওকূফ উভয় হাদীসে আটবার ধৌত করার কথা উল্লেখ রয়েছে। সাতবার পানি দ্বারা ও অষ্টমবার মাটি দ্বারা পাত্র মাজার কথা উল্লেখ রয়েছে। কিন্তু অন্যান্য আলিমগণ এটাকে প্রাথমিক যুগে অথবা চিকিৎসাগত মঙ্গলের উপর প্রয়োগ করেছেন।

## بَابٌ اَ يُصَلِّى الرَّجُلُ وَهُوَحَاقِنٌ ص١٣

قوله قال ابوداود وَرَوٰى وُهَيْبُ بْنُ خَالِدٍ وَشُعَيْبُ ابْنُ اِسْحٰقَ الخ

এর দ্বারা উদ্দেশ্য এই যে, হিশাম ইবনে উরওয়ার জনৈক শিষ্য জুহাইর উরওয়া এবং আব্দুল্লাহ ইবনে আরকাম এর মাঝে মাধ্যম উল্লেখ করেননি। হিশামের অধিকাংশ শিষ্যগণ এভাবেই উল্লেখ করেছেন। কিন্তু উহাইব ইবনে খালিদ, শুয়াইব ইবনে ইসহাক, আবু হামযা এই তিনজন উরওয়া এবং আব্দুল্লাহ ইবনে আরকামের মাঝে কোনো এক ব্যক্তির মাধ্যম উল্লেখ করেছেন। আল ইলালুল মুফরাদ গ্রন্থে ইমাম তিরমিযী (র) এর বর্ণনার আলোকে ইমাম বুখারী (র) এই সনদকেই প্রাধান্য দিয়েছেন। তবে উভয় বর্ণনার মাঝে সামঞ্জস্য সাধন সম্ভব। তা এভাবে যে, উরওয়া এই বর্ণনাকে আব্দুল্লাহ ইবনে আরকাম থেকে অন্যের মাধ্যমে এবং অন্য সময় মাধ্যম ছাড়াই সরাসরি শ্রবণ করেছেন। এই কারণেই তিনি কখনো মাধ্যম সহকারে কখনোবা মাধ্যম ছাড়া বর্ণনা করেছেন। অতএব হাদীসটি মুত্তাসিল ও সহীহ।

حَدَّثَنَا اَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ حَنْبَلٍ قَوْلُهُ اَلْمَعْنٰى اَىْ مَعْنٰى حَدِيْثِهِمْ وَاحِدٌ وَاِنِ اخْتَلَفَتْ اَلْفَاظُهُمْ -

قوله قال ابْنُ عِيْسٰى فِىْ حَدِيْثِهِ ابْنِ اَبِىْ بَكْرٍ ثُمَّ اتَّفَقُوْا اَخُوا اَلْقَاسِمِ ابْنِ مُحَمَّدٍ ص١٣

এর দ্বারা উদ্দেশ্য এই যে, আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ পর্যন্ত আহমাদ ও মুসাদ্দাদ এবং ইবনে ঈসা এই তিনোজন উস্তাদ একমত। এর আগে মুহাম্মদ

www.e-ilm.weebly.com

ইবনে ঈসা হাদীসের সনদের মধ্যে আব্দুল্লাহ ইবনে মুহাম্মদের পরে ইবনে আবু বকর বর্ধিত করেছেন। এরপর তিনো মনীষী সম্মিলিতভাবে বলেছেন যে, আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ কাসিম ইবনে মুহাম্মদের ভাই ছিলেন। অতএব বোঝা গেলো যে, তিনি হলেন আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ ইবনে আবু বকর সিদ্দিক তায়সী মাদানী। তিনি কাসিম ইবনে মুহাম্মদের ভাই, সিদ্দিকে আকবার (রা) এর পৌত্র এবং আয়েশা সিদ্দিকা (রা) এর ভাতিজা ছিলেন।

حَدَّثَنَا مَحْمُوْدُ بْنُ خَالِدِ السُّلَمِيُّ قَوْلُه ثُمَّ سَاقَ نَحْوَهُ الخ اَىْ ذَكَرَ ثَوْرٌ حَدِيْثَيْهِ عَنْ يَزِيْدَ بْنِ شُرَيْحٍ نَحْوَ حَدِيْثِ حَبِيْبٍ عَنْ يَزِيْدَ بْنِ شُرَيْحٍ بِمَعْنَاهُ عَلٰى هٰذا اللَّفْظِ الَّذِىْ يُذْكَرُ فِيْهَا بَعْدُ وَهُوَ قَوْلُه عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ وَلَايَحِلُّ لِرَجُلٍ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ اَنْ يَوْمَّ قَوْمًا الخ

এর উদ্দেশ্য এই যে, ইয়াযিদ ইবনে শুরাইহ্ এর দুজন শিষ্য রয়েছেন। সাওর ইবনে ইয়াযিদ ও হাবিব ইবনে সালেহ্। উভয়ের বর্ণনার মধ্যে চারভাবে শাব্দিক ব্যবধান রয়েছে। যথা–

১. সাওরের বর্ণনায় نُهِىَ عَنْ صَلٰوةِ الْحَقْنِ এর উল্লেখ আগে রয়েছে। আর হাবীবের বর্ণনার মধ্যে রয়েছে পরে।

২. হাবীবের বর্ণনায় ثَلَاثَ اُمُوْرٍ এর উল্লেখ প্রথমে সংক্ষিপ্তাকারে অতঃপর বিস্তারিতভাবে রয়েছে। কিন্তু সাওরের বর্ণনায় সংক্ষিপ্ত আলোচনাটুকু নেই।

৩. সাওরের বর্ণনায় لَايَحِلُّ لِرَجُلٍ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ এর বাক্য অতিরিক্ত রয়েছে। অথচ হাবীবের বর্ণনায় শুধু لَايَحِلُّ لِاَحَدٍ اَنْ يَّفْعَلَهُنَّ শব্দ রয়েছে।

৪. সাওরের বর্ণনায় তৃতীয় বিষয় وَلَايَنْظُرُ فِىْ قَعْرِ بَيْتٍ الخ স্থলে نَهٰى عَنْ اِمَامَةِ الْقَوْمِ بِلَا اِذْنٍ রয়েছে।

সারকথা এই যে, উভয়ের বর্ণনার মধ্যে অগ্রপশ্চাৎ ও ব্যাখ্যার তারতম্য রয়েছে।

قَوْلُه قالَ ابوداؤد وهٰذا مِنْ سُنَنِ اَهْلِ الشَّامِ لَمْ يُشْرِكْهُمْ فِيْهَا اَحَدٌ

www.e-ilm.weebly.com

এর দ্বারা সনদের একটি সূক্ষ্ম বিষয় বর্ণনা করেছেন যে, আবু হুরায়রা (রা) ছাড়া উল্লেখিত হাদীসের অন্য সকল রাবী সামদেশীয়। আর এর পূর্বে যে হাদীস ছাওবান সূত্রে বর্ণিত হয়েছে তারও সকল রাবী সামদেশীয়।

## بَابُ مَايُجْزِئُ مِنَ الْمَاءِ فِى الْوُضُوْءِ ص١٣

قوله قَالَ أَبُوداؤد رَواه أَبَانٌ عَنْ قَتَادَةَ قَالَ سَمِعْتُ صَفِيَّةَ

যেহেতু প্রথম সনদে কাতাদা মুদাল্লিছ রাবী এবং তিনি عن দ্বারা বর্ণনা করেছেন। আর মুদাল্লিছ রাবীর عَنْعَنَة বর্ণনা গ্রহণযোগ্য নয় যতোক্ষণ না তার শ্রবণ প্রমাণিত হয়। এই কারণে ইমাম আবু দাউদ (র) অপর একটি সনদ দ্বারা তার শ্রবণ প্রমাণ করেছেন। حَدَّثَنَا ابْنُ بَشَّارٍ قَوْلُهُ عَنْ جَدَّتِىْ অর্থাৎ হাবীব বলেন যে, আব্বাদ আমার দাদী থেকে বর্ণনা করেছেন। কিন্তু আসমাউর রেজাল দ্বারা এর কোনো প্রমাণ পাওয়া যায় না। অতএব عَنْ جَدَّتِه নুসখাটি গ্রহণযোগ্য যার জমিরের মারযা হলো আব্বাদ।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَاحِ قوله قال ابو داؤد وَرواه شُعْبَةُ الخ

এর মধ্যে মতন ও সনদের প্রভেদের দিকে ইশারা করা হয়েছে।

**সনদের ক্ষেত্রে প্রভেদ :** আব্দুল্লাহ ইবনে ঈসার প্রথম সনদে বর্ণনাটি আনাস (রা) থেকে বর্ণিত। আর শো'বা এর অপর বর্ণনায় আব্দুল্লাহ ইবনে জুবায়েরের ব্যাপারে হযরত আনাস (রা) থেকে শ্রবণ স্পষ্ট আকারে প্রমাণিত রয়েছে।

**মতনের ক্ষেত্রে প্রভেদ :** প্রথম রেওয়ায়েতে رِطْلَيْنِ শব্দ রয়েছে। কিন্তু শো'বার রেওয়ায়েতে رِطْلَيْنِ শব্দ উল্লেখ নেই। বরং مُكُوكَىْ শব্দ রয়েছে। এর প্রসিদ্ধ অর্থ হলো যে পরিমাপ পাত্রে দেড় ছা পানি ধারণ করে। কিন্তু এখানে দ্বিতীয় বর্ণনা মোতাবেক مُكُوكَىْ দ্বারা মূদ উদ্দেশ্য।

**ফায়দা :** আব্দুল্লাহ ইবনে জবর সম্পর্কে মতানৈক্য রয়েছে। কোনো (১) কোনো সনদে (محمد بن صباح عن شريك) এর মধ্যে এভাবে রয়েছে,

www.e-ilm.weebly.com

(২) আর কোনোটির عبد الله بن عبد شعبة عن ابن جبر মধ্যে يحيئ ابن ادم عن شريك এবং (৩) কোনোটিতে অর্থাৎ الله بن جبر এর বর্ণায় উল্লেখ রয়েছে। আব্দুল্লাহ ইবনে ইসহাক থেকে সুফিয়ানের বর্ণনায় এর বিপরীত অর্থাৎ জবর ইবনে আব্দুল্লাহ রয়েছে।

এক্ষেত্রে মূল ব্যাপার এই যে, বিশুদ্ধ হলো– আব্দুল্লাহ ইবনে আব্দুল্লাহ ইবনে জবর। যেমনটি ইবনে জবর কর্তৃক শো'বার রেওয়ায়েতে স্পষ্ট উল্লেখ রয়েছে। কিন্তু কেউ কেউ দাদার প্রতি সম্বন্ধ করেছেন। যেমন– ইয়াহয়া কর্তৃক শরীকের বর্ণনায় ইবনে জবর এবং মুহাম্মদ ইবনে সাবাহ কর্তৃক শরীকের বর্ণনায় আব্দুল্লাহ ইবনে জবর রয়েছে। আর سُفيَان عَنِ ابْن عِيْسٰى এর বর্ণনায় সনদ সম্পূর্ণ বিপরীত ও সন্দেহ বা ওয়াহম রয়েছে।

قوله قال ابوداود سَمِعْتُ اَحْمَدَ بْنَ حَنْبَلٍ يَقُوْلُ الصَّاعُ خَمْسَةُ اَرْطَالٍ

এর মধ্যে খুচরা অংশ বিলুপ্ত হয়েছে। কেননা ইমাম আহমদ (র) এর নিকট পাঁচ রতল ও এক তৃতীয়াংশ রতলে এক ছা হয়। যেমন স্বয়ং আবু দাউদ (র) সামনে গোসল পরিচ্ছেদে এটাকে স্পষ্ট আকারে উল্লেখ করে বলেন– وَهُوَ صَاعُ ابْنِ اَبِىْ ذِئْبٍ এর দ্বারা উদ্দেশ্য قوله قال ابوداؤد মুহাম্মদ ইবনে আব্দুর রহমান ইবনে আবি যীব। তার ছা প্রসিদ্ধ ছিলো। তিনি মুজতাহিদ ইমামগণের অন্তর্ভুক্ত ছিলেন এবং নাফে ও যুহরীর শিষ্য ছিলেন। তবে যুহরী থেকে তার বর্ণনাকে দুর্বল স্থির করা হয়েছে। ইমাম আবু দাউদের উস্তাদ ইমাম আহমদ (র) এর উস্তাদ ছিলেন। এটা ইমাম আবু দাউদ (র) এর ব্যক্তিগত অভিমত।

## بَابُ الْوُضُوْءِ فِىْ اٰنِيَةِ الصُّفْرِ ص١٣

قولُه عن حَمَّادِ ابْنِ سَلَمَةَ عَنْ رَجُلٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ اَبِيْهِ الخ এই হাদীসে رجل দ্বারা এবং এভাবে প্রথম হাদীসে صاحب দ্বারা উদ্দেশ্য হলো শো'বা। এর পূর্বের হাদীসটি মুনকাতি'। আর এ হাদীসটি মুত্তাছিল। কেননা এর মধ্যে হিশাম ও আয়েশার মাঝে মাধ্যম (উরওয়া) উল্লেখ রয়েছে।

www.e-ilm.weebly.com

## بَابُ الرَّجُلِ يُدْخِلُ يَدَهُ فِي الْإِنَاءِ قَبْلَ اَنْ يَّغْسِلَهَا ص١٤

قوله قَالَ مَرَّتَيْنِ اَوْثَلٰثًا ولَمْ يَذْكُرْ اَبَا رَزِيْنٍ الخ

এখান থেকে ইমাম আবু দাউদ (র) মতন ও সনদের তারতম্যের দিকে ইঙ্গিত করেছেন। প্রথম বর্ণনায় আ'মাশ এর শিষ্য আবু মুয়াবিয়া, আর দ্বিতীয় হাদীসে হলো– ঈসা ইবনে ইউনুস। অতএব আবু মুয়াবিয়ার সনদে আবু হুরায়রা (রা) এর শিষ্যদের মধ্য থেকে আবু রাজীন ও আবু সালেহ উভয়ের উল্লেখ রয়েছে। কিন্তু ঈসা এর সনদে আবু রাজীনের উল্লেখ নেই। এভাবে আবু মুয়াবিয়ার বর্ণিত হাদীসের মতনে ثَلٰثَ مَرَّاتٍ শব্দ সন্দেহ ছাড়াই উল্লেখিত হয়েছে। আর ঈসার বর্ণনায় مَرَّتَيْنِ اَوْ ثَلَاثًا অংশটি সন্দেহের সাথে উল্লেখিত হয়েছে। তবে এর মধ্যে সম্ভাবনা রয়েছে যে, এ সন্দেহটি রাবী কর্তৃক অথবা হুজুর (স) এর পক্ষ থেকে অবলম্বন করা উদ্দেশ্য।

## بَابُ صِفَةِ وُضُوْءِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ ص١٤

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنّٰى قوله فَذَكَرَهٗ نَحْوَهٗ الخ ص١٥

অর্থাৎ হুমরানের শিষ্য আবু সালামা আতা ইবনে ইয়াযীদের বর্ণনার সাথে সঙ্গতিশীল উল্লেখ করেছেন। কিন্তু আতা এবং আবু সালামা (হুমরানের শিষ্য) এর বর্ণনায় পাঁচ ধরনের তারতম্য রয়েছে। যথা–

১. আবু সালামার বর্ণনায় গড়গড়া করা ও নাকে পানি দেওয়ার কথা উল্লেখ নেই।

২. আবু সালামার বর্ণনায় তিন বার মাথা মাসাহ করার কথা স্পষ্ট উল্লেখ রয়েছে।

৩. আবু সালামার বর্ণনায় পা ধোয়ার ক্ষেত্রে দ্বিবচন শব্দের উল্লেখ রয়েছে।

৪. مَنْ تَوَضَّأَ دُوْنَ هٰذِهِ كَفَاهُ এ বিষয়টুকু আবু সালামার বর্ণনায় অতিরিক্ত রয়েছে।

৫. আবু সালামার বর্ণনায় তাহিয়্যাতুল উযুর উল্লেখ নেই।

www.e-ilm.weebly.com

قوله قال أبُوداود اَحَادِيْثُ عُثْمَانَ الصِّحَاحُ كُلُّهَا تَدُلُّ عَلٰى مَسْحِ الرَّاْسِ اَنَّهُ مَرَّةً ص١٥

স্বয়ং আবু দাউদ (র) হযরত উসমান এর দুটি বর্ণনার মধ্যে ثَلَاثًا শব্দ উল্লেখ করেছেন। মুহাম্মদ ইবনে মুসান্না বিশিষ্ট সনদে যা এ পরিচ্ছেদের দ্বিতীয় হাদীস তার মধ্যে এ শব্দ রয়েছে। وَمَسَحَ رَاْسَهُ ثَلَاثًا এবং এ পরিচ্ছেদেরই পঞ্চম হাদীস হারুন ইবনে আব্দুল্লাহ বিশিষ্ট বর্ণনায়ও এ শব্দ রয়েছে। অতএব একবার মাসহের নির্দেশ উসমানের সকল হাদীসের ব্যাপারে কিভাবে বিশুদ্ধ হতে পারে?

উত্তর : ১. كُلّ শব্দটি 'অধিকাংশ' অর্থে ব্যবহৃত।

২. প্রথম হাদীসের সনদে আব্দুর রহমান ইবনে ওয়ারদান এবং দ্বিতীয় হাদীসের সনদে আমির ইবনে শাকীক। এ উভয় রাবী কোনো কোনো মুহাদ্দিসের নিকট দুর্বল। আব্দুর রহমান সম্পর্কে দারকুতনী বলেন لَيْسَ بِاَقْوٰى وَاِنْ وَثَّقَهُ اٰخَرُوْنَ এবং আমির ইবনে সাকিবকে ইয়াহয়া ইবনে মুঈন এবং আবু হাতেম জয়ীফ স্থির করেছেন। এজন্য এ উভয় বর্ণনা আবু দাউদ (র) এর নিকটও সহীহর স্তরে নয়।

قوله قال ابوداود رواه وكيعٌ عَنْ اِسْرَايِلَ قَال تَوَضَّأَ ثَلَاثًا قَطُّ

এর উদ্দেশ্য এই যে, উপরের বর্ণনাটি প্রাধান্যযোগ্য নয়। কারণ সেটি ইসরাইলের শিষ্য ইয়াহয়া ইবনে আদম কর্তৃক বর্ণিত। আর ইয়াহয়া যদিও সিকা ছিলেন তবে তার চেয়ে বেশী সিকা ছিলেন ওয়াকী (র)। যিনি ইসরাইল থেকে ভিন্নরূপে অর্থাৎ কেবল تَوَضَّأَ ثَلَاثًا শব্দে উল্লেখ করেছেন। এর মধ্যে তিনবার মাথা মাসেহ করার উল্লেখ নেই। অতএব ওয়াকী' (র) এর রেওয়ায়েতটি প্রাধান্য প্রাপ্ত।

قَوْلُهُ حَدَّثَنَا شُعْبَةُ قَال سَمِعْتُ مَالِكَ بْنَ عُرْفُطَةَ ص١٥

এটা ইমাম শো'বার বিস্মৃতি বা সন্দেহবশত হয়েছে। কেননা বিশুদ্ধ হলো– খালিদ ইবনে আলকামা। যেমন– পূর্বের সনদে অতিবাহিত হয়েছে। হাফিজ মুহাদ্দিসগণ এ ব্যাপারে ইশারা করেছেন।

www.e-ilm.weebly.com

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيْزِ ابْنِ يَحْيٰى الْحَرَّانِىُّ قوله فَضَرَبَ بِهَا عَلٰى

وَجْهِه ص١٦ এই হাদীস দ্বারা সন্দেহ বোঝা যায় যে, উযুর মধ্যে স্বজোরে মুখে পানি মারা জায়েয। অথচ শাফেয়ী ও হানাফীগণের মতে এটা মাকরূহ।

**উত্তর :** ১. পানি মারার শব্দটি হযরত আলী (রা) এর অন্যান্য প্রসিদ্ধ হাদীসের বিপরীত যা আব্দে খায়ের যির ইবনে হুবাইশ আবু হাইয়া প্রমুখ থেকে বর্ণিত হয়েছে। উক্ত বর্ণনায় غَسَلَ وَجْهَهٗ শব্দ রয়েছে। অতএব এ হাদীসটি শায। অথবা ضَرَبَ দ্বারা غَسَلَ উদ্দেশ্য।

২. এই হাদীসটি জয়ীফ। কারণ আল্লামা মুঞ্জিরী বলেন–

সَأَلْتُ الْبُخَارِىَّ –ইমাম তিরমিযী বলেন فِىْ هٰذَ الْحَدِيْثِ مَقَالٌ عَنْه فَضَعَّفَهٗ وَقَالَ مَا اَدْرِىْ مَاهٰذَا

মুহাদ্দিস বাযযার (র) বলেন–এই হাদীসে উবায়দুল্লাহ এবং মুহাম্মদ ইবনে তালহা মুনাফারিদ বা একক রাবী। উপরন্তু এর মধ্যে মুহাম্মদ ইবনে ইসহাক রাবী রয়েছে– যিনি অত্যন্ত জয়ীফরূপে পরিচিত। তার সম্পর্কে ইমাম মালিক (র) বলেন– دَجَّالٌ مِّنَ الدَّجَاجِلَةِ لَوْ قُمْتُ بَيْنَ الْحَطِيْمِ وَالْحَجَرِ الْاَسْوَدِ فَقُلْتُ اِنَّهٗ دَجَّالٌ كَذَّابٌ لَسْتُ اُبَالِىْ

সে একজন দাজ্জাল প্রকৃতির লোক। আমি যদি হাতিম ও হাজরে আসওয়াদ এর মাঝে দাঁড়িয়ে বলি যে, সে দাজ্জাল ও চরম মিথ্যাবাদী তাতে আমি কোনো পরওয়া করি না।

৩. মুসনাদে আহমদ ও সহীহ ইবনে হিব্বান গ্রন্থদ্বয়ে এর স্থলে فَصَكَّ وَجْهَهٗ শব্দ রয়েছে। অতএব রেওয়ায়েতের আলোকে পানি মারার অর্থ হলো– পানি ঢালা বা পানি প্রবাহিত করা।

قولُه ثُمَّ اَلْقَمَ اِبْهَامَيْهِ مَا اَقْبَلَ مِنْ اُذُنَيْهِ

অর্থাৎ "মুখমণ্ডল ধৌত করার সময় কানের ভিতরাংশে বৃদ্ধাঙ্গুলি প্রবেশ করালেন" এর দ্বারা বোঝা যায় যে, কানের ভেতরাংশ মাসাহ্ করা মুখ মণ্ডল ধৌত করার সাথে সংশ্লিষ্ট। আর বহিরাংশ মাসাহ করা মাথা মাসাহ্ করার সাথে সংশ্লিষ্ট। ইসহাক ইবনে রাহওয়াইহে, হাছান ইবনে সালেহ্ ও ইমাম শা'বীর মাযহাব এটাই। তবে সংখ্যা গরিষ্ঠ আলিমের মতে স্বাভাবিকভাবে কান মাসাহ্ করা মাথা মাসাহ করার সাথে সংশ্লিষ্ট। যেমনটি– স্বাভাবিক

www.e-ilm.weebly.com

হাদীসসমূহ দ্বারা প্রতীয়মান হয়। বিশেষত اَلْاُذُنَانِ مِنَ الرَّاْسِ প্রসিদ্ধ হাদীস দ্বারা এটাই প্রমাণিত হয়। সংখ্যাগরিষ্ঠ আলিমগণের এটা স্পষ্ট দলিল। অতএব পরিচ্ছেদে উল্লিখিত হাদীসটি দুর্বল কিংবা শায।

قوله فَصَبَّهَا عَلٰى نَاصِيَتِهِ ص١٦

এর দ্বারা বোঝা যায় যে, চতুর্থবার ও মুখমণ্ডলকে ধৌত করেছেন। অথচ এটা স্বাভাবিক হাদীসসমূহ ও ইজমা এর পরিপন্থী। এ কারণে এটা মুআওয়াল। এর তিন ধরনের তাবীল বা ব্যাখ্যা হতে পারে–

১. আল্লামা নববী বলেন– সম্ভবত তৃতীয়বার মুখমণ্ডল ধোয়ার ক্ষেত্রে উপরের কিছু অংশ শুকনো থাকতে পারে। এ কারণেই চতুর্থবার ধৌত করেছেন। কাজেই এর দ্বারা তৃতীয়বারের পূর্ণতা লাভ হলো। ভিন্নভাবে ধৌত করা উদ্দেশ্য নয়।

২. হযরত গাঙ্গুহী (র) বলেন– চতুর্থবারেরটি মুখমণ্ডল ধোয়ার উদ্দেশ্যে নয় বরং গ্রীষ্মের মৌসুমে গরম নিবারণ ও শীতলতা লাভের জন্য হতে পারে। নিম্নের বাক্যটি একথাই প্রমাণ বহন করে–

فَتَرَكَهَا تَسْتَنّ عَلٰى وَجْهِهِ

৩. আল্লামা ছুয়ুতী (র) বলেন– মুখমণ্ডল ধোয়া থেকে অবসর লাভের পর এক আজলা পানি নিয়ে কপালের উপর প্রবাহিত করা উচিত।

قوله وفيها النَّعْل জুতার মধ্যে পা ধোয়া সম্ভব নয়। বোঝা গেলো যে, এটা পা মাসাহ করা ছিলো; ধৌত করা নয়।

**উত্তর :** আরবগণ আবদ্ধ জুতা পরিধান করে না। বরং তারা বেশীর ভাগ খোলা স্যান্ডেলের ন্যায় জুতা পরিধান করে থাকে। তার মধ্যে পানি প্রবেশ করিয়ে পা ধৌত করা কোনো কঠিন ব্যাপার নয়।

قوله قال قُلْتُ وَفِى النَّعْلَيْنِ قَالَ وَفِى النَّعْلَيْنِ

আল্লামা শা'রাআনী বলেন– قال শব্দের যমীরের দ্বারা উদ্দেশ্য হলো ইবনে আব্বাস (রা)। তিনি বিস্ময়ভরে হযরত আলী (রা) এর নিকট এই প্রশ্ন করেছিলেন– সামনে ইবনে আব্বাস (রা) এর বর্ণনায় এ বিষয়টি আসছে (উযু অনুচ্ছেদ –১৮ পৃ:)

**উত্তর :** ১. সম্ভবত এই সময় ইবনে আব্বাস (রা) এর স্মৃতিতে এই হাদীসটি বিদ্যমান ছিলো না। কিন্তু এখানে বার বার বিস্ময় প্রকাশ সত্ত্বে এই

www.e-ilm.weebly.com

হাদীস স্মরণ না আসা ইবনে আব্বাস (রা) এর ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। অতএব এর সঠিক ব্যাখ্যা এই যে, ইবনে আব্বাস (রা) এর সামনে মুরছাল হাদীস ছিলো যা তিনি হযরত আলী (রা) সূত্রে বর্ণনা করেছেন।

২. কোনো কোনো আলিম বলেন– قال শব্দের যমীর দ্বারা ইবনে আব্বাস (রা) উদ্দেশ্য নয় বরং উবায়দুল্লাহ উদ্দেশ্য।

فَرَشَّ عَلٰى رِجْلِهِ الْيُمْنٰى وَفِيْهَا النَّعْلُ (باب الوضوء مرتين ص١٧)

এর উদ্দেশ্য এই যে, হযরত আলী (রা) এর এই হাদীসটি যেভাবে আব্দে খায়ের প্রমুখ থেকে বর্ণিত আছে। তদ্রূপ হযরত হোসাইন (রা) থেকেও বর্ণিত রয়েছে। কিন্তু এই হাদীসের নিচের অংশে এসে ইবনে জুরাইজের শিষ্যগণ মতানৈক্য করেছেন। (ক) হাজ্জাজ ইবনে মুহাম্মদের বর্ণনায়–

وَمَسَحَ عَلٰى رَأْسِهِ مَرَّةً وَاحِدَةً (নাসায়ী) এবং ইবনে ওয়াহাব কর্তৃক ইবনে জুরাইজের হাদীসে وَمَسَحَ بِرَاسِهِ ثَلَاثًا রয়েছে (বায়হাকী)। অতএব আবু দাউদের উদ্দেশ্য এই যে, হাজ্জাজ বিশিষ্ট বর্ণনাটি প্রাধান্যযোগ্য। কারণ এটি আলী (রা) এর অন্যান্য সাথীদের বর্ণনার অনুকূলে।

حَدَّثَنَا عَبْدُ اللّٰهِ ابْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكٍ عَنْ عَمْرِو بْنِ يَحْيٰى الْمَازِنِيِّ عَنْ اَبِيْهِ اَنَّهُ قَالَ لِعَبْدِ اللّٰهِ بْنِ زَيْدٍ وَهُوَ جَدُّ عَمْرِو بْنِ يَحْيٰى الْمَازِنِيِّ

এক্ষেত্রে দুটি বিষয়ে প্রণিধানযোগ্য– ★ ১. আব্দুল্লাহ ইবনে জায়েদের কাছে উযু সম্পর্কে প্রশ্নকারী ব্যক্তি কে তা নির্ধারণ করা। আবু দাউদের এ

টীকা : ★ এখানে প্রথমত এই জিনিসটি বোঝা উচিত যে, এখানে ভিন্ন দুব্যক্তি রয়েছেন। ১. আমর ইবনে ইয়াহয়া ইবনে আম্মারা ইবনে আবি হাসান। ২. আমর ইবনে আবু হাসান। ইয়াহয়া হলেন আমর ইবনে আবু হাসানের ভাতিজা। আমর ইবনে আবি হাসান ইয়াহয়া এর চাচা ছিলেন। আর ইয়াহয়া আবু হাসানের পৌত্র এবং আবু হাসান ছিলেন ইয়াহয়া এর দাদা। আমর ইবনে ইয়াহয়া ছিলেন আবু হাসানের ভাইয়ের পৌত্র। আমর ইবনে আবু হাসান হলেন– আমর ইবনে ইয়াহয়া এর দাদা; আম্মারা এর ভাই এবং আমর ইবনে ইয়াহয়া আবু হাসানের প্রপৌত্র। আর আবু হাসান আমর ইবনে ইয়াহয়া এর পরদাদা ছিলেন।

www.e-ilm.weebly.com

বর্ণনা দ্বারা বোঝা যায় যে, তিনি হলেন ইয়াহয়া (রা)। আর বুখারীর باب الوضوء من التور পরিচ্ছেদের বর্ণনায় রয়েছে যে, ইয়াহয়া এর চাচা আমর ইবনে আবি হাসান এ প্রশ্ন করেছিলেন। তার ভাষ্য এই–

حَدَّثَنِى عَمْرُو بْنُ يَحْيٰى عَنْ اَبِيْهِ قَالَ كَانَ عَمِّىْ يَعْنِىْ عَمْرُو بْنُ أَبِىْ حَسَنٍ يُكْثِرُ الْوُضُوْءَ فَقَالَ لِعَبْدِ اللّٰهِ بْنِ زَيْدٍ اَخْبِرْنِى

মুওয়াত্তা ইমাম মুহাম্মদে উল্লেখ রয়েছে যে, প্রশ্নকারী ইয়াহয়া এর দাদা আবু হাসান। তার ভাষ্য এই–

عَنْ عَمْرِو بْنِ يَحْيٰى الْمَازِنِىِّ عَنْ اَبِيْهِ اَنَّهُ سَمِعَ جَدَّهُ أَبَاحَسَنٍ يَسْأَلُ عَبْدَ اللّٰهِ بْنَ زَيْدٍ

হাফেজ ইবনে হাজর এর সামঞ্জস্যতা সাধন করেছেন এভাবে যে, প্রকৃতপক্ষে প্রশ্নের মজলিসে এ তিনো ব্যক্তি উপস্থিত ছিলেন। ইয়াহয়া, আমর ও আবু হাসান। আর প্রকৃত প্রশ্নকারী ছিলেন আমর ইবনে আবি হাসান। لِكَثْرَةِ اِبْتِلَائِهِ بِالْوُضُوْءِ আর বাকী দুজনের প্রতি এটাকে রূপকভাবে সম্বন্ধ করা হয়েছে لِكَوْنِ اَبِىْ حَسَنٍ اَكْبَرُ عُمْرًا وَحَاضِرًا وَلِكَوْنِ يَحْيٰى نَاقِلًا وَحَاضِرًا

দ্বিতীয়ত: وهُوَ جَدُّ عَمْرِوبْنِ يَحْيٰى الْمَازِنِىِّ এর মধ্যে যমীরের মারজা কে? ইমাম আবু দাউদ এর এই বর্ণনা দ্বারা বোঝা যায় যে, هو শব্দের মারজা হলো– আব্দুল্লাহ ইবনে জায়েদ। কিন্তু এটা বাস্তবের বিপরীত। কারণ আমর ইবনে ইয়াহয়ার দাদা আম্মারা ইবনে আবু হাসান; আব্দুল্লাহ ইবনে জায়েদ নয়। ইকমাল গ্রন্থকার লিখেন যে, আব্দুল্লাহ ইবনে জায়েদ হযরত আমর ইবনে ইয়াহয়া এর নানা ছিলেন। কিন্তু ইবনে হাজর (র) এটাকে প্রত্যাখ্যান করেছেন।

মূলকথা এই যে, সুনানে আবু দাউদের বর্ণনায় ইবনে দাকিকুলঈদ এর ভাষ্যে কোনো রাবির থেকে ভ্রান্তি ঘটেছে। তার মূলভাষ্য এই–

عَنْ اَبِيْهِ اَنَّ رَجُلًا قَالَ لِعَبْدِ اللّٰهِ بْنِ زَيْدٍ যেম নটি বুখারীতে উল্লেখিত হয়েছে। সুতরাং যমীরের মারজা এই رَجُلٌ مِّنْهُمْ তথা অস্পষ্ট ব্যক্তি। আব্দুল্লাহ ইবনে জায়েদ নয়। আর এ অস্পষ্ট ব্যক্তির দ্বারা উদ্দেশ্য

www.e-ilm.weebly.com

হয়তো আবু হাসান আমর ইবনে ইয়াহয়া এর পরদাদা। তাকে দাদা এই জন্যে বলা হয়েছে যে, পরদাদাকেও আরবিতে দাদা বলা হয়। অথবা এর দ্বারা উদ্দেশ্য আমর ইবনে ইয়াহয়া এর দাদা আম্মারার ভাই আমর ইবনে আবু হাসান। কারণ দাদার ভাইকেও রূপক অর্থে জাদ্দ বা দাদা বলা হয়। (বাজলুল মাজহুদ, ১ম খণ্ড, ৭৩ পৃষ্ঠা)

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيْسٰى وَمُسَدَّدٌ قَوْلَه قال ابوداود وَسَمِعْتُ اَحْمَدَ يَقُوْلُ اِنَّ ابْنَ عُيَيْنَةَ زَعَمُوْا اَنَّهٗ كَانَ يُنْكِرُهٗ الخ এর ইসম হলো ইবনে উইয়াইনা। আর كَانَ يُنْكِرُهٗ হলো তার খবর। زَعَمُوْا اَنَّهٗ বাক্যটি মু'তারিজা, زَعَمُوْا এর ফায়েলের মারজা হলো উলামা। এ বাক্য আনার দ্বারা ইমাম আহমদ (র) এ কথা বলতে চান যে, আমি সুফিয়ান ইবনে উইয়াইনা থেকে এই হাদীসকে অস্বীকার করা সরাসরিভাবে শুনেননি। বরং আলিমগণ এভাবে বলে থাকেন। আর হাদীসটি মুনকার বা মাজহুল হওয়ার কারণ হলো– মাছরাফ ইবনে আমর অথবা সনদের দুর্বলতা। যেমন আব্দুল হক বলেন–

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيْسٰى ومُسَدَّدٌ قوله قال ابوداود وَسَمِعْتُ أَحْمَدَ يَقُوْلُ اِنَّ ابْنَ عُيَيْنَةَ زَعَمُوْا اَنَّهٗ كَانَ يُنْكِرُهٗ الخ

সারকথা এই যে, ইয়াহয়া ইবনে সাঈদ কাত্তান এবং আহমদ ইবনে হাম্বল (র) উভয়ে এ হাদীসকে জয়ীফ আখ্যা দিয়েছেন।

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَوله قال وقال اَلْاُذُنَانِ مِنَ الرَّاْسِ

এর মধ্যে উভয়ই قال এর যমীরের মারজার মধ্যে দুটি সম্ভাবনা রয়েছে।

১. প্রথম قال এর ফায়েল হলো আবু উমামা (রা), আর দ্বিতীয়টির ফায়েল হলো– নবী করীম (স)। এক্ষেত্রে হাদীসটি মারফু হয়।

২. প্রথমটির ফায়েল শহর ইবনে হাউশব, আর দ্বিতীয়টির ফায়েল আবু উমামা (রা)। এক্ষেত্রে হাদীসটি মাওকূফ হয়, তবে প্রথমটিই বিশুদ্ধ।

قوله قَالَ سُلَيْمَانُ بْنُ حَرْبٍ يَقُوْلُها أَبُوْ أُمَامَةَ

যেন সুলায়মান ইবনে হরব দ্বিতীয় সম্ভাবনাকেই গ্রহণ করেছেন।

www.e-ilm.weebly.com

قَوْلُهُ قَالَ قُتَيْبَةُ عَنْ سِنَانٍ اَبِىْ رَبِيْعَةَ قَالَ ابوداود وهُوَ اِبْنُ رَبِيْعَةَ كُنْيَةُ اَبُو رَبِيْعَةَ এর দ্বারা বোঝা যায় যে, সম্ভবত কুতাইবা ও সুলায়মান এবং মুসাদ্দাদের মধ্যে মতপার্থক্য রয়েছে। আবু দাউদ (র) এর এটা নিছক শিরোনামগত তারতম্য; মূল উদ্দেশ্য একই। কারণ সেনানের উপনাম হলো আবু রবীয়া। আর তার পিতার নামও রবীয়া। অতএব ইবনে রবীয়া (সুলায়মান ও মুসাদ্দাদের রেওয়ায়েতে) এবং আবু রবীয়া (কুতাইবার রেওয়ায়েতে) উভয়টি সঠিক।

## بَابُ الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ ص٢٠

حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَوْلَه قَال ابُوداوْد، ابُوْ سَعِيْدِ الْخُدْرِيّ وَ اَبْنُ الزُّبَيْرِ وَابْنُ عُمَرَ يَقُوْلُوْنَ مَنْ اَدْرَكَ الْفَرْدَ مِنَ الصَّلوٰةِ عَلَيْهِ سَجْدَتَا السَّهْوِ ص٢١

এর দ্বারা উদ্দেশ্য এই যে, যদি কোনো ব্যক্তি বিজোড় তথা কেবল এক অথবা তিন রাকআত নামায পায় তাহলে আবু সাঈদ ইবনে জুবাইর ও ইবনে ওমরের উক্তি মতে উক্ত ব্যক্তির উপর সহু সেজদা ওয়াজিব হবে।

হযরত মাওলানা মুহাম্মদ ইয়াহয়া (র) এর কারণ বর্ণনা করেন যে, জামাত হলো ওয়াজিব। কাজেই জামাত ছুটে গেলে ক্ষতিপূরণের জন্যে সাজদায়ে সহু আবশ্যক। কিন্তু মাওলানা খলিল আহমদ (র) এর উক্তি মতে আসল কারণ এই যে, অত্র মাছবুক ব্যক্তি অজায়গায় উপবেশন করেছে। যার কারণে ত্রুটি সৃষ্টি হয়েছে। অতএব অত্র ত্রুটি দূর কল্লে তার উপর সাজদায়ে সহু আবশ্যক। কিন্তু হুজুর (স) যখন এখানে এই অবস্থায় সহু সাজদা করেননি এর দ্বারা বোঝা গেলো যে, এক্ষেত্রে সাজদায়ে সহু ওয়াজিব নয়। আবু দাউদ (র) এর এটাই বলা উদ্দেশ্য।

حَدَّثَنَا عَبْدُ اللّٰهِ بْنُ مُعَاذٍ قَوْله قال ابوْ داود وهُوَ ابوْعَبْدِ اللّٰه مَوْلٰى بَنِىْ تَيْمِ بْنِ مُرَّةَ

অর্থাৎ উল্লেখিত সনদে আবু আব্দুল্লাহ হলো– বনু তাঈম ইবনে মুররা এর আযাদকৃত গোলাম। এই ইবারতটি স্পষ্ট দলিল বহন করে যে, আবু আব্দুল্লাহ

www.e-ilm.weebly.com

ইমাম আবু দাউদের নিকট মাজহুল নয়। যেমন– তাহজীবুত তাহজীব গ্রন্থে রয়েছে–

قَالَ الْحَاكِمُ اَبُوْ عَبْدِ اللّٰه التَّيْمِيّ مَعْرُوْفٌ بِالْقُبُوْلِ الخ

অর্থাৎ মুসাদ্দাদের হাদীসের সনদের অধিকাংশ রাবী বসরার অধিবাসী। কারণ মুসাদ্দাদ তো নিঃসন্দেহে বসরার অধিবাসী ছিলেন। আব্দুল্লাহ এবং তার পিতা বুরাইদা উভয়ে বসরার অধিবাসী ছিলেন। একারণেই বুরাইদা মদীনা থেকে বসরায় স্থানান্তরিত হয়েছিলেন। আব্দুল্লাহ তার সঙ্গে ছিলেন। কাজেই এই তিনো ব্যক্তি বসরী হলেন। অবশ্য দুইজন রাবী ওয়াকী ও ওয়ালহাম ছিলেন কুফী। আর হুযাইয়ের সম্পর্কে কিছু জানা যায় না যে, তিনি বসরী নাকি কুফী। তবে বেশির ভাগ সম্ভাবনা এই যে, গ্রন্থকারের মতে তিনি বসরী ছিলেন।

## بَابُ التَّوْقِيْتِ فِى الْمَسْحِ ص٣١

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ قَوْلُه قَالَ ابوْ داود رَوَاه مَنْصُوْرُ بْنُ الْمُعْتَمِرِ عَنْ اِبْرَاهِيْمَ التَّيْمِيِّ بِاِسْنَادِهِ قَالَ فِيْهِ وَلَوِ اسْتَزَدْنَاهُ لَزَادَنَا ص٢١

অর্থাৎ ইব্রাহিম তায়মী এর বর্ণনায় ولواستزدناه لزادنا অংশ বর্ধিত রয়েছে। যা ইব্রাহিম নাখয়ীর উল্লেখিত হাদীসে নেই। যেমন– বায়হাকী (র) এর সুনানে কাবীরে উল্লেখ রয়েছে যে–

قَالَ ابراهِيْمُ التَّيْمِىُّ ثَنا عَمْرُو بْنُ مَيْمُوْنٍ عَنْ اَبِىْ عَبْدِ اللّٰهِ الْجَدَلِيِّ عَنْ خُزَيْمَةَ بْنَ ثَابِتٍ قَالَ جَعَلَ لَنَا رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثًا وَلَوِ اسْتَزَدْنَاهُ لَزَادَنَا

কিন্তু এটা শুধু সাহাবীর ধারণা মাত্র যা দলিলযোগ্য নয়। আর এক দল সাহাবী থেকে যেহেতু توقيت مسح প্রমাণিত রয়েছে। আর তারা খুযাইমা এর ন্যায় কোনো সন্দেহ উল্লেখ করেননি। কাজেই খুযাইমা এর এ বর্ধিত অংশ গ্রহণযোগ্য নয়।

www.e-ilm.weebly.com

حَدَّثَنَا يَحْيٰى بْنُ مُعِيْنٍ قَوْلُه قال ابوداود ورَواه ابنُ اَبِىْ مَرْيَمَ الْمِصْرِى ..... حَتّٰى بَلَغَ سَبْعًا ..... قَال ابُوْداود وَقَدِ اخْتُلِفَ فِىْ اِسْنَادِهٖ وَلَيْسَ هُوَ بِالْقَوِىِّ الخ

অর্থাৎ ইয়াহয়া ইবনে আইয়ুবের একজন শিষ্য আমর ইবনে রবী' ইবনে তারেকের হাদীসে মাসহের সময় নির্ধারণ করার বিষয়ে কেবল তিনদিনের উল্লেখ রয়েছে। আর অপর শিষ্য ইবনে আবি মারয়ম এর বর্ণনায় সাত দিন উল্লেখ রয়েছে। এরপর ইবনে আবি মারয়মের সনদেও মতানৈক্য রয়েছে। ইমাম বায়হাকী এভাবেই উল্লেখ করেছেন। কারো বর্ণনায় আব্দুর রহমান ইবনে রাযীনের স্থলে আব্দুর রহমান ইবনে ইয়াযীদ উল্লেখ রয়েছে।

সুতরাং এ হাদীসটি সনদের দিক দিয়ে শক্তিশালী নয়। উপরন্তু ইয়াহয়া ইবনে আইয়ুব হাদীসের দিক দিয়ে শক্তিশালী নয়। এভাবে ইয়াহয়া ইবনে ইসহাক এর সনদেও মতানৈক্য রয়েছে★। কাজেই সাত দিন সময় নির্ধারণ সংশ্লিষ্ট হাদীস প্রাধান্যযোগ্য নয়।

## بَابُ الْمَسْحِ عَلَى الْجَوْرَبَيْنِ ص٢١

قَولُه قال ابُوداد وَكَانَ عَبْدُ الرَّحْمٰنِ بْنُ مَهْدِيٍّ لَايحدِّثُ بِهٰذَا الْحَدِيْثِ لِاَنَّ الْمَعْرُوْفَ عَنِ الْمُغِيْرَةِ اَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسَحَ عَلَى الْخُفَّيْنِ وَرُوِىَ هٰذَا اَيْضًا عَنْ اَبِىْ مُوْسٰى الخ

অর্থাৎ আব্দুর রহমান ইবনে মাহদী হযরত মুগীরা ইবনে শো'বা (রা) এর উল্লেখিত হাদীস مَسَحَ عَلَى الْجَوْرَبَيْنِ وَالنَّعْلَيْنِ বর্ণনা করেননি। কারণ হযরত মুগীরা এর প্রসিদ্ধ হাদীসটি এই যে, নবী করীম (স) উভয় মোজার উপর মাসাহ করলেন। যাওরাবাইন ও না'লাইনের উপর মাসাহ করেন নি। তবে এটা ঐ ক্ষেত্রে যখন হযরত মুগীরা (রা) নবী করীম (স)

টীকা : ★ মতানৈক্য এই যে, ইয়াহয়া ইবনে আইয়ূব এর এক সনদে মুহাম্মদ ইবনে ইয়াযীদের পরে আইয়ুব ইবনে কুতন এবং অপর সনদে উবাদা এবং তৃতীয় সনদে উবাদা থেকে আইয়ুবের বর্ণনায় উবাই ইবনে আম্মারার মাধ্যম বিলুপ্ত রয়েছে।

www.e-ilm.weebly.com

এর একই কাজ বর্ণনা করেন। আর যদি ভিন্ন দুসময়ের ক্ষেত্রে হয়ে থাকে তাহলে ভিন্ন ভিন্ন দুটি কাজ বর্ণনা করা উদ্দেশ্য হবে। তখন উভয় বর্ণনা মা'রূফ বা প্রসিদ্ধ গণ্য হবে। জাওরাবাইন ও না'লাইন মাসাহ্ করার রেওয়ায়েত হযরত আবু মুসা আশ'আরী (রা) থেকেও বর্ণিত হয়েছে। (ইবনে মাযা, তাবরানী, বায়হাকী) তবে এর মধ্যে দুটি অসুবিধা রয়েছে–

১. এ বর্ণনাটি সনদের দিক দিয়ে মুত্তাসিল নয়। কেননা জাহ্হাক ইবনে আব্দুর রহমান আবু মূসা (রা) থেকে শ্রবণ করেছেন এমনটি প্রমাণিত নয়।

২. এ বর্ণনাটি সনদের দিক দিয়ে শক্তিশালী নয়। কেননা জাহ্হাকের শিষ্য ঈসা সিনানকে আহমদ, ইবনে মাইন, আবু যুরআ প্রমুখ জয়ীফ সাব্যস্থ করেছেন। এখন সন্দেহ জাগে যে, যখন মুগীরা (রা) ও আবু মূসা (রা) এর জাওরাবাইন সংক্রান্ত রেওয়ায়েত মতবিরোধ বা ত্রুটিপূর্ণ হলো। তাহলে জাওরাবাইন মাসাহ্ করা কোথা থেকে প্রমাণিত হলো?

এর উত্তর এই যে, মুসান্নিফ (র) বলেন– বিভিন্ন সাহাবা যেমন হযরত ওমর, আলী, ইবনে মাসউদ, বারা ও আনাস (রা) প্রমুখ এর বিভিন্ন আছর বা হাদীস দ্বারা মাসাহ প্রমাণিত রয়েছে। আর উক্তিগত জয়ীফ হাদীসের উপর আমল করার জন্য আমলের ক্ষেত্রে ইজমা পাওয়া যাওয়াই যথেষ্ট।

জাওরাবাইন ও না'লাইন মাসাহ করার পাঁচটি ব্যাখ্যা হতে পারে–

১. এই হাদীসকে ৬০ জন রাবী বর্ণনা করেছেন। অথচ না'লাইন মাসাহ করার কথাটি কেবল হুযাইল ইবনে শুরাহবীল বর্ণনা করেছেন। (আল্লামা আনোয়ার শাহ্ কাশ্মিরী)

২. এটা মওসুফ এর উপর সিফাত এর আতফ অর্থাৎ–

الجَوْرَبَيْنِ الْمُنَعَّلَيْنِ (বায়হাকী)

৩. এর অর্থ এই যে, وَمَسَحَ عَلَى الْجَوْرَبَيْنِ مَعَ النَّعْلَيْنِ (তাহাবী ইত্যাদি)।

৪. এ হুকুমটি প্রাথমিক যুগে ছিলো। বর্তমান তা পরিত্যাজ্য হয়ে গেছে।

৫. এটা উযুর উপর উযু করার ক্ষেত্রে প্রযোজ্য। (জায়লায়ী)

www.e-ilm.weebly.com

## بَابُ فِى الْاِنْتِضَاحِ ص٣٣

قَوْلُهٗ قال ابوداؤد وافق سُفْيانَ جَماعَةٌ عَلٰى هٰذَا الْاِسْنادِ وَقالَ بَعْضُهُمُ الْحَكَمِ اوِ ابْنُ الْحَكَمِ

এখানে দুটি মতানৈক্য রয়েছে। (ক) প্রথম এই যে, মুজাহিদের পরে হুজুর (স) পর্যন্ত দুটি মাধ্যম রয়েছে নাকি একটি মাধ্যম রয়েছে? এ ব্যাপারে মানছুরের শিষ্য সুফিয়ান সাওরী (র) মুজাহিদ (র) এর উস্তাদ (সুফিয়ান ইবনে হাকাম) এর পরে عن ابيه উল্লেখ করেন নি। এভাবে মানছুরের শিষ্যগণের এক জামাত অর্থাৎ আবু আওয়ানা, রওহ্ ইবনে কাসিম, জারির ইবনে আব্দুল হুমাইদ ও সুফিয়ান সাওরী এর অনুরূপ বর্ণনা করেছেন। এর দ্বারা বোঝা যায় যে, মুজাহিদের পরে কেবল একটি মাধ্যম রয়েছে। অর্থাৎ সুফিয়ান ইবনুল হাকাম। কিন্তু মানছুরের কতিপয় শিষ্য অর্থাৎ শোয়াইব ও যায়েদা মুজাহিদের উস্তদের পরে عن ابيه মাধ্যম উল্লেখ করেছেন। যেমন–অনুচ্ছেদের শেষের বর্ণনায় জায়েদা এর সনদ আসছে। এর দ্বারা বোঝা যায় যে, মুজাহিদের পরে নবী করীম (স) পর্যন্ত দুটি মাধ্যম রয়েছে। কিন্তু কথাটি প্রাধান্যযোগ্য নয়; বরং প্রথমটিই প্রাধান্যযোগ্য।

(খ) দ্বিতীয় মতানৈক্য এই যে, মুজাহিদের উস্তাদের নাম কি ছিলো? এই সম্পর্কে হাফেজ ইবনে হাজর (র) তাহজীবুত তাহজীব গ্রন্থের প্রথম খণ্ডের ৪২৫ পৃষ্ঠায় উল্লেখ করেন যে, তার নামের ব্যাপারে অনেক মতপার্থক্য রয়েছে। এ ব্যাপারে প্রায় ১০ ধরনের উক্তি রয়েছে। তন্মধ্য হতে কয়েকটি উক্তির প্রতি ইমাম আবু দাউদ (র) ইশারা করেছেন। যেমন– ১. প্রথম সনদে সুফিয়ান ইবনে হাকাম সাকাফী ২. অথবা হাকাম ইবনে সুফিয়ান সাকাফী, ৩. দ্বিতীয় সনদে عَنْ رَجُلٍ مِنْ ثَقِيفٍ এবং ৪. তৃতীয় সনদে আল হাকাম অথবা ৫. ইবনুল হাকাম রয়েছে। কিন্তু ইমাম বুখারী, আবু হাতিম এবং আলী ইবনে মাদীনি হাকাম ইবনে সুফিয়ানকে প্রাধান্য প্রাপ্ত স্থির করেছেন।

www.e-ilm.weebly.com

## بَابُ الْوُضُوْءِ مِنَ الْقُبْلَةِ ص٤٦

قولُه قال ابوداود هُوَ مُرْسَلٌ وَابراهِيْمُ التَّيْمِيّ لَمْ يَسْمَعْ مِنْ عَائِشَةَ شَيْئًا قَالَ ابوداود وكَذا رواه الفِرْيَابِيُّ وَغَيْرُه

এর দ্বারা হযরত আয়েশা (রা) এর উল্লেখিত হাদীসের সনদের উপর অভিযোগ করা হয়েছে যে, ইব্রাহিম তায়মীর হযরত আয়েশা থেকে শ্রবণ প্রমাণিত নেই। কাজেই এই হাদীসটি শাব্দিক অর্থে মূরছাল অর্থাৎ মুনকাতি' হলো। কারণ এখানে তাবেয়ী এবং সাহাবীর মধ্যকার মাধ্যম বিলুপ্ত হয়েছে। সামনে ইমাম আবু দাউদ বলেন যে, যেভাবে সুফিয়ান সাওরী থেকে ইয়াহয়া কাত্তান এবং আব্দুর রহমান ইবনে মাহদী এটাকে মুনকাতিরূপে বর্ণনা করেছেন। তদ্রূপ মুহাম্মদ ইবনে ইউসুফ ফিরিয়াবী, ওয়াকী', আবু আসিম, মুহাম্মদ ইবনে জা'ফর, আব্দুর রাজ্জাক এবং কাবিছা (র)ও সুফিয়ান সাওরী থেকে এটাকে মুনকাতি'রূপে বর্ণনা করেছেন।

**উত্তর :** ১. সিকা তাবেয়ী এর মুনকাতি' হাদীস মুরসাল হাদীসের পর্যায়ে গণ্য হয়। সংখ্যাগরিষ্ঠ মুহাদ্দিসগণের নিকট তা দলিলযোগ্য। অবশ্য এর জন্য শর্ত এই যে, মুরসিল তথা এরসালকারী সিকা হতে হবে। আর এখানে ইব্রাহীম তায়েমী সিকা রাবী★।

২. আবুদাউদ এর বর্ণনাটি সংক্ষিপ্ত। দারকুতনীতে এ রেওয়ায়েতটি মুত্তাছিল সনদ সূত্রে বর্ণিত আছে। মূল সনদ এই–

عَنْ مُعَاوِيَةَ بْنِ هِشَامٍ عَنْ سُفْيَانَ عَنْ اَبِىْ رُوْقٍ عَنْ اِبْرَاهِيْمَ التَّيْمِيِّ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ رض

আর মুয়াবিয়া হলেন সিকা। মুসলিমের রাবী আর সিকা রাবীর বর্ধিত অংশ গ্রহণযোগ্য।

৩. ইমাম নাসায়ী (র) এ হাদীস সম্পর্কে বলেন–

لَيْسَ فِىْ هٰذا الْبَابِ حَدِيْثٌ اَحْسَنُ مِنْ هٰذَا وَاِنْ كَانَ مُرْسَلًا

টীকা : ★ ইমাম শাফেয়ী (র) এর নিকট মুরসাল হাদীস দলিলযোগ্য। তবে এরজন্য শর্ত হলো অন্য উপায়ে তার স্বপক্ষে مؤيد বা শক্তিযোগানদাতা থাকতে হবে। আর এখানে মুরসাল হাদীসের নির্ভরযোগ্য مؤيد তথা শক্তিবর্ধনকারী বিদ্যমান রয়েছে। কাজেই এটা দলিলযোগ্য।

www.e-ilm.weebly.com

৪. যদিও হাদীসটি সনদের দিক দিয়ে দুর্বল কারণ তায়মী মুরসিল ও মুদাল্লিস ছিলেন; কিন্তু এর স্বপক্ষে বেশ কিছু তায়ীদ রয়েছে। যেমন–

١. كَانَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يُقَبِّلُ بَعْضَ نِسَائِهِ ثُمَّ يُصَلِّى وَلَا يَتَوَضَّأُ (মুসনাদে বাযযার)

আব্দুল হক বলেন– لَا اَعْلَمُ لَهُ عِلَّةً تُوْجِبُ تَرْكَهُ এ ব্যাপারে আমি এমন কোনো কারণ জানি যার দ্বারা হাদীসটি পরিত্যাগ করা আবশ্যক হয়।

٢. عَنْ عَائِشَةَ رَضِ قَالَتْ كُنْتُ اَنَامُ بَيْنَ يَدَىْ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرِجْلَاىَ فِىْ قِبْلَتِهِ فَاِذَا سَجَدَ غَمَزَنِىْ فَقَبَضْتُ رِجْلَىَّ (متفق عليه)

٣. حَتّٰى اِذَا اَرَادَ اَنْ يُّوْتِرَ يَمَسَّنِىْ بِرِجْلِهِ (নাসায়ী)

ইবনে হাজর (র) আত্তালখীস গ্রন্থে লিখেন– এ হাদীসের সনদ বিশুদ্ধ।

৫. হযরত শাহ্ ওয়ালিউল্লাহ (র) বলেন– সনদ মুনকাতি' হওয়ার কারণ ভিন্নমুখী দু হাদীসের মধ্যে থেকে কোনো একটিকে প্রাধান্য দেয়ার জন্য গ্রহণযোগ্য। কিন্তু তার মোকাবেলায় অন্যকোনো হাদীস যদি সাংঘর্ষিক না হয় তাহলে মুনকাতি' হাদীস সন্দেহহীনভাবে গ্রহণযোগ্য ও দলিলযোগ্য হবে। আর এখানে এ হাদীসটি সাংঘর্ষিকতামুক্ত। অতএব এটি গ্রহণযোগ্য।

حَدَّثَنَا اِبراهِيْمُ بْنُ مُخَلَّدِ الطَّالِقَانِىّ ..... عَنْ عُرْوَةَ الْمُزَنِىّ عَنْ عَائِشَةَ بِهٰذَا الْحَدِيْثِ

এটা আয়েশা (রা) এর হাদীসের দ্বিতীয় সনদ- اَعْمَشُ عَنْ حَبِيْبٍ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ

এর উপর তিনটি অভিযোগ করা হয়েছে–

**প্রথম অভিযোগ :**

উসমান ইবনে আবি শায়বা বিশিষ্ট প্রথম সনদে উরওয়া মুতলাক তথা স্বাভাবিকভাবে উল্লেখিত হয়েছে। কিন্তু এর দ্বিতীয় সনদে মুযানী শব্দ অতিরিক্ত রয়েছে। এর দ্বারা প্রতীয়মান হয় যে, প্রথম সনদে উরওয়া ইবনে

www.e-ilm.weebly.com

জুবাইর উদ্দেশ্য নয় বরং উরওয়া মুযানীই উদ্দেশ্য। আর তিনি মাজহুল তথা অজ্ঞাত। কাজেই এ সনদটিও দুর্বল।

**উত্তর :** প্রথম সনদে উরওয়া ইবনে জুবাইর উদ্দেশ্য। তিনি হযরত আয়েশা (রা) এর ভাতিজা ও বিশিষ্ট শিষ্য এবং প্রসিদ্ধ তাবেয়ী ছিলেন। এ ব্যাপারে তিনটি আলামত রয়েছে–

১. ইবনেমাযা ও মুসনাদে আহমাদ ইত্যাদির শক্তিশালী সনদে এটা স্পষ্ট উল্লেখ রয়েছে।

২. স্বয়ং এ হাদীসের এ অংশটুকুও প্রমাণ বহন করে فَقُلْتُ لَهَا مَنْ هِيَ اِلَّا اَنْتِ فَضَحِكَتْ কারণ স্পষ্ট যে, এ ধরনের অস্বাভাবিক প্রশ্ন অপরিচিত ব্যক্তি করতে পারে না।

৩. মুতলাক তথা বিশেষ কোনো পরিচিতি সংশ্লিষ্ট না হওয়ার ক্ষেত্রে সে রাবী দ্বারা প্রসিদ্ধ রাবী উদ্দেশ্য হয়ে থাকে। অতএব শুধু 'উরওয়া' দ্বারা উরওয়া ইবনে জুবাইরই উদ্দেশ্য। কারণ তিনিই প্রসিদ্ধ ও সুপরিচিতি তাবেয়ী ছিলেন।

বাকী আবু দাউদের দ্বিতীয় এ সনদে মুযানী শব্দটি ৩ দিক দিয়ে দুর্বল–

১. এটা আব্দুর রহমান ইবনে মুগীরা এর বিচ্যুতি। এ ব্যাপারে ইবনে মাদিনী ও ইবনে আদি বলেন– لَيْسَ بِشَيْءٍ এর কোনো গ্রহণযোগ্যতা নেই। ইয়াহয়া ইবনে মাঈন বলেন– لَهُ سِتُّ مِائَةِ حَدِيْثٍ يَرْوِيْهَا عَنِ الْاَعْمَشِ تَرَكْنَاهَا لَمْ يَكُنْ بِذَالِكَ (এর থেকে ৬০০ হাদীস আ'মাশ-এর সনদসূত্রে বর্ণিত রয়েছে। আমি তা পরিত্যাগ করেছি। কারণ সেগুলোর কোনোটি গ্রহণযোগ্য নয়।) বিশেষত ওয়াকী', জায়েদা এবং আব্দুল হুমাইদ হিমানী এর মুকাবিলায় এটি গ্রহণযোগ্য নয়। কারণ তারা উরওয়াকে কোনো পরিচিতির প্রতি সম্বন্ধবিহীন বা উরওয়া ইবনে জুবায়েররূপে বর্ণনা করেন। এ কারণে মুযানী শব্দটি শাজ বা বিরল।

২. এ সনদে حَدَّثَنَا اَصْحَابُ لَنَا এর মাধ্যম অপরিচিত।

৩. প্রকৃতপক্ষে হাবীব-এ বর্ণনাটি উরওয়া মুযানী এবং উরওয়া ইবনে জুবায়ের উভয়ের থেকে গ্রহণ করেছেন। এ কারণে এ দুর্বল সনদের উপর ভিত্তি করে ইবনে জুবায়েরের বর্ণনাকে অগ্রাহ্য করা ঠিক হবে না।

www.e-ilm.weebly.com

**দ্বিতীয় অভিযোগ :**

قَالَ ابُوداود قَالَ يَحْيَى بْنُ سَعِيدِ الْقَطَّانِ لِرَجُلٍ اِحْكِ عَنِّى اعمش ..... إنهما شبه لا شَئى এ অভিযোগের সারকথা এই যে, عن حبيب عن عروة عن عزشة বিশিষ্ট সনদকে ইয়াহয়া কাত্তান জয়ীফ এবং অগ্রহণযোগ্য এর মতো বলেছেন।

**উত্তর :** এর কারণ এই যে, এটা উরওয়া মুযানী এর বর্ণনা। আর যখন মূল ভিত্তিই নষ্ট হয়ে যায়। কাজেই এটাকে দুর্বল আখ্যা করাও তিরোহিত হয়ে যাবে।

**তৃতীয় অভিযোগ :**

قال ابو داود ورُوِىَ عَنِ الثَّوْرِيِّ قال مَاحَدَّثَنَا حَبِيْبٌ اِلاَّ عَنْ عُرْوَةَ الْمُزَنِيِّ الخ

এই অভিযোগের সারমর্ম এই যে, আমরা যদি উরওয়া ইবনে জুবায়েরকে মেনেও নেই তথাপি এ সনদটি দুর্বল। কারণ সুফিয়ান সাওরী (র) এর তাহকীক এই যে, হাবীবের সকল রেওয়ায়েত উরওয়া মুযানী থেকে গৃহীত। আর উরওয়া ইবনে জুবায়ের থেকে তার কোনো রেওয়ায়েত উল্লেখ নেই। উপরন্তু ইমাম বুখারী ইয়াহয়া ইবনে মায়ীন এর তাহকীকও এটাই। হাবীবের উরওয়া ইবনে জুবায়েরের থেকে শ্রবণ প্রমাণিত নেই।

**উত্তর :** ১. সামনে স্বয়ং আবু দাউদ (র) এটাকে প্রত্যাখ্যান করেছেন। তিনি উল্লেখ করেছেন যে, একটি বিশুদ্ধ হাদীসে হাবীবের শিষ্য হামযা যাইয়্যাত উরওয়া ইবনে জুবায়ের থেকে হাবীবের শ্রবণ প্রমাণ করেছেন। আল্লামা ইবনে আব্দুল বার মালেকী (র) এর তাহকীক এই যে, উরওয়া ইবনে জুবায়ের থেকে হাবীবের শ্রবণ প্রমাণিত আছে। অতএব সুফিয়ান সাওরী (র) এর নাবাচক উক্তি সঠিক নয়। উক্ত সহীহ হাদীসটি এই–

قَالَتْ كَانَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ اللّٰهُمَّ عَافِنِىْ فِىْ جَسَدِىْ وَعَافِنِىْ فِىْ بَصَرِىْ

২. এটাকে যদি মেনেও নেয়া হয় তথাপি কোনো অসুবিধা নেই। কারণ হযরত আয়েশা (রা) এর হাদীসটি বিভিন্ন সনদে উরওয়া মুযানী থেকে

www.e-ilm.weebly.com

মুসনাদে ইসহাক, মুসনাদে বাযযার, বায়হাকী, দারকুতনী, তাবরানী প্রভৃতিতে উল্লেখ রয়েছে। উপরন্তু এছাড়াও এ বিষয়ের কতিপয় মারফু হাদীসও বুখারী, মুসলিম, নাসায়ী ও মুসনাদে বাযযারে বিদ্যমান রয়েছে। অতএব এ সকল হাদীস ও সনদ দ্বারা এই দুর্বল হাদীসের সনদের দুর্বলতা তিরোহিত হয়।

## بَابُ الْوُضُوْءِ مِنْ مَسِّ الذَّكَرِ ص٢٤

قوله قال ابوداود وَرَواه هِشَامُ بْنُ حَسَّانٍ وَسُفْيَانُ الثَّوْرِيّ الخ

অর্থাৎ তালক (রা) এর হাদীস যেভাবে আব্দুল্লাহ ইবনে বদর কায়েস ইবনে তালক থেকে বর্ণনা করেছেন তদ্রূপ হিশাম ইবনে হাস্সান সুফিয়ান সাউরী, শো'বা, ইবনে উইয়াইনা, যারীর রাযী ও মুসাদ্দাদ এই ৬ জন মনীষীও এটাকে আব্দুল্লাহ ইবনে বদরের স্থলে মুহাম্মদ ইবনে জাবির থেকে এবং তিনি কায়েস ইবনে তালক থেকে বর্ণনা করেছেন। অবশ্য মুসাদ্দাদ কর্তৃক মুহাম্মদ ইবনে জাবির থেকে বর্ণিত হাদীসে ذَكَرَهُ এর পরে فِى الصَّلوة শব্দ উল্লেখ রয়েছে। কিন্তু যেহেতু মুহাম্মদ ইবনে জাবির জয়ীফ রাবী এ কারণে তার একক বর্ধিত অংশও জয়ীফ সাব্যস্ত হয়।

## بَابُ الْوُضُوْءِ مِنْ مَسِّ اللَّحْمِ النِّيِّ وَغَسْلِهِ ص٣٧

قوله قال بِلَالٌ لَاأَعْلَمُهُ اِلَّا عَنْ اَبِىْ سَعِيْدٍ وقَال ايُّوْبْ وعُمَرْ وأراه هٰذا قَوْلُ هِلَالِ بْنِ اَبِىْ سَعِيْدٍ زَادَ عَمْرُو فِىْ حَدِيْثِهٖ يَعْنِىْ لَمْ يَمُسَّ مَاءً وَقَالَ عَنْ هِلَالِ بْنِ مَيْمُوْنِ الرَّمْلِيِّ قَال ابوداود ورواه عَبْدُ الوَاحِدِ بْنُ زِيَادٍ وابو مُعٰوِيَة عن بلالٍ عَنْ عَطَاءٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عليه وسلم مُرْسَلًا الخ

এই হাদীসের সনদ ও মতনের মধ্যে ৪ ধরনের তারতম্য রয়েছে−

১. মুহাম্মদ ইবনে আলা এর সনদে হেলাল শব্দটি নিশ্চয়তামূলক শব্দের সাথে, আর আইয়ুব ইবনে মুহাম্মদ রুকী ও আমর ইবনে উসমান হিমছী এর সনদে হেলাল শব্দটি সন্দেহমূলক শব্দের সাথে ব্যবহৃত হয়েছে। এটাকে আবু সাঈদ বর্ণনা করেছেন।

www.e-ilm.weebly.com

২. মুহাম্মদ ও আইয়ুবের হাদীসে কেবল وَلَمْ يَتَوَضَّأْ রয়েছে। আর আমরের হাদীসে يَعْنِىْ لَمْ يَمُسَّ مَاءً অতিরিক্ত রয়েছে। এর দ্বারা স্পষ্ট হয় যে, তিনি গোশ্ত খাওয়ার পর মোটেই পানি ব্যবহার করেননি।

৩. মুহাম্মদ আইয়ুবের সনদে اَخْبَرَنَا هِلَالُ بْنُ مَيْمُوْنِ الْجُهَنِىِّ অংশ রয়েছে। আর আমরের সনদে সংবাদমূলক শব্দের স্থলে عَنْ هِلَال শব্দ রয়েছে এবং الجُهَنى এর জায়গায় الرَّمْلِى এর প্রতি সম্বন্ধ করা হয়েছে। অবশ্য এই ব্যতিক্রমটি কেবল শাব্দিক। কারণ বাস্তবে হেলালের প্রতি উভয় জায়গার সম্বন্ধ বিশুদ্ধ।

৪. হেলালের শিষ্য মারওয়ান ইবনে মুয়াবিয়া এটাকে মুত্তাছিলরূপে বর্ণনা করেছেন। কিন্তু হেলালের অপর ২জন শিষ্য অর্থাৎ আব্দুল ওয়াহিদ ইবনে যিয়াদ এবং আবু মুয়াবিয়া এটাকে মুরছাল সূত্রে অর্থাৎ আবু সাঈদের মাধ্যম বিলোপ করে বর্ণনা করেছেন।

بسم الله الرحمن الرحيم

## بَابٌ فِىْ تَرْكِ الْوُضُوْءِ مِمَّا مَسَّتِ النَّارُ ص٢٥

حَدَّثَنَا مُوْسٰى بْنُ سَهْلٍ قَوْلَه قَالَ ابوداود وهٰذا اِخْتِصَارٌ مِّنَ الْحَدِيْثِ الْاَوَّلِ ـ

এর দ্বারা জাবির (রা) এর হাদীস নাসিখ হওয়ার ব্যাপারে প্রশ্ন করা হয়েছে যে, জাবির (রা) এর এই হাদীসের নাসিখ ও মানসূখ হওয়ার সাথে কোনো সম্পর্ক নেই। কারণ এটা পূর্বের হাদীসেরই সংক্ষিপ্তরূপ। অতএব اَخِرُ الْاَمْرَيْنِ এর উদ্দেশ্য এই যে, নবী করীম (স) একই দিনে ২ ধরনের আমল করেছেন। প্রথমটি আহার গ্রহণের দ্বারা উযু করার এবং দ্বিতীয়টি আহার গ্রহণের দ্বারা উযু না করার। এর উদ্দেশ্য এই নয় যে, দীর্ঘদিন যাবত তিনি রান্নাকৃত খাদ্য খেয়ে উযুর নির্দেশ করেছিলেন। পরে এটাকে মানসুখ করেছেন।

**উত্তর :** ১. আল্লামা শওকানী, আল্লামা ইবনে তরকুমানী ও হাফেজ ইবনে হাজর (র) বলেন যে, এটাকে পূর্বের হাদীসের সংক্ষিপ্তরূপ বলা ঠিক হবে

www.e-ilm.weebly.com

না। বরং উভয়টি ভিন্ন ভিন্ন হাদীস। যেমন হাদীসের বাচনভঙ্গি দ্বারা স্পষ্ট বোঝা যায়। উপরন্ত সংক্ষিপ্ত বলার মন্তব্যটি কেবল ধারণা প্রসূত। যা আগেপরের সংখ্যাগরিষ্ঠ আলিমগণের নিকট এই হাদীসের প্রসিদ্ধ ও প্রচলিত অর্থের সম্পূর্ণ পরিপন্থী।

২. জাবির (রা) এর প্রথম হাদীসের মুসনাদে আহমাদ গ্রন্থে আরো বর্ধিত অংশ রয়েছে যে–

اَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسلّم اَكَلَ هُوَ وَمَنْ مَّعَهُ ثُمَّ بَالَ ثُمَّ تَوَضَّاَ وَاَنَّهُ اَكَلَ بَعْدَ ذَالِكَ هُوَ وَمَنْ مَّعَهُ ثُمَّ صَلُّوا الْعَصْرَ وَلَمْ يَتَوَضَّؤُا নবী করীম (স) এবং তাঁর সঙ্গীগণ আহার করলেন! অতপর তিনি প্রস্রাব করে তারপর উযু করলেন। এরপর তিনি এবং তাঁর সঙ্গীগণ আহার সেরে আসরের নামায আদায় করলেন। তাঁদের কেউই উযু করেননি। এর দ্বারা বোঝা যায় যে, যোহরের নামাযের পরে উযু করা গোশ্ত খাওয়ার কারণে নয় বরং পেশাবের কারণে ছিলো। অতএব দু বিষয়ের শেষটি এর উপরে প্রযোজ্য হয় না। কারণ امرين দ্বারা উদ্দেশ্য এই যে, একবার গোশ্ত খাওয়ার কারণে উযু করেছেন। আর দ্বিতীয়বার গোশ্ত খাওয়ার পর উযূ করেননি। এর দ্বারা বোঝা গেলে যে, দ্বিতীয় হাদীসটি প্রথম হাদীসের সংক্ষিপ্তরূপ নয়। কারণ উভয়টির মাঝে সামঞ্জস্য সাধন সম্ভব নয়।

৩. যদি একথা মেনেও নেয়া হয় যে, এটা প্রথম হাদীসের সংক্ষিপ্তরূপ তথাপি এটা নসখ হওয়ার দলিল হবে। যতক্ষণ না এই ঘটনার পরে مِمَّا مَسَّتِ النَّارِ দ্বারা উযু করা প্রমাণিত না করবেন।

## بَابُ التَّشْدِيْدِ فِىْ ذَالِكَ

قَولُه قال ابوداود فِىْ حَدِيثِ الزُّهْرِيِّ يَاابْنَ اَخِىْ অর্থাৎ যুহরী يَا ابْنَ اُخْتِىْ এর স্থলে يَاابْنَ اَخِىْ বলেছেন। আর আবু সুফিয়ান ইবনে সাঈদের উম্মে হাবীবার ভাতিজা হওয়া হয়তো রূপকের উপর প্রযোজ্য। অথবা কোনো কোনো রাবীর ভ্রান্তির উপর প্রযোজ্য হবে।

www.e-ilm.weebly.com

## بَابُ الرُّخْصَةِ فِى ذَالِكَ ص٢٦

قَوْلُه قَالَ زَيْدٌ دَلَّنِى شُعْبَةُ عَلٰى هٰذَا الشَّيْخِ

এর দ্বারা উদ্দেশ্য হলো মুতী' ইবনে রাশেদ এর সিকা আখ্যায়িত করার প্রতি ইঙ্গিত করা যে, তিনি দু কারণে সিকা ছিলেন। শো'বা যায়েদকে মুতী' এর নিকট হাদীস অর্জনের জন্য পাঠিয়েছিলেন। আর শো'বা সিকা রাবী থেকেই বর্ণনা করেন। এর দ্বারা বোঝা গেলো যে, মুতী' ইমাম শো'বার নিকট সিকা ছিলেন। নইলে তিনি জায়েদকে তার কাছে পাঠাতেন না।

২. জায়েদ মুতী'কে الشيخ هذا দ্বারা প্রকাশ করেছেন। আর শায়খ শব্দটি সিকা এর অর্থ বহন করে।

৩. তৃতীয় কারণ এই যে, আবু দাউদ (র) এর উপর নীরবতা অবলম্বন করেছেন। যেমন– আল্লামা সুয়ুতী (র) বলেছেন। এর দ্বারা ঐ সকল ব্যক্তিদের কথা প্রত্যাখ্যাত হয়ে গেলো যারা মুতী'কে মাজহুল অজ্ঞাত বলেন।

## بَابُ فِى الْوُضُوْءِ مِنَ النَّوْمِ ص٢٦

قَوْلُه قال ابوداود قولُه اَلْوُضُوْءُ عَلٰى مَنْ نَامَ مُضْطَجِعًا هُوَ حَدِيْثٌ مُنْكَرٌ لَمْ يَرْوِهِ اِلَّا يَزِيْدُ الدَّالَانِى عَنْ قَتَادَةَ الْوُضُوْءُ عَلٰى مَنْ نَامَ مُضْطَجِعًا ইমাম আবু দাউদ বিশিষ্ট অংশটিকে ৫ কারণে মুনকার বলেছেন। মুনকার হওয়ার কারণগুলো এই-

**প্রথম কারণ :** لَمْ يَرْوِهِ اِلَّا অর্থাৎ কাতাদার অন্যান্য শিষ্যগণ এই অংশটি উল্লেখ করেননি। কেবল ইয়াযিদ ওয়ালানী এই অংশ উল্লেখ করেছেন। এর দ্বারা তিনি গোটা দলের বিরোধীতা করেছেন। অথচ তিনি নিজেই জয়ীফ রাবী।

**উত্তর :** ইয়াযীদ দালানী বিতর্কিত ব্যক্তি। আবু হাতিম তাকে সিকা এবং জাহাবী তাকে হাসানুল হাদীস বলেছেন। কাজেই তিনি জয়ীফ নন বরং মধ্যম পর্যায়ের। উপরন্তু তিনি অতিরিক্ত অংশ বর্ণনা করেছেন। কেবল বিরোধিতা প্রকাশ করেননি। তাছাড়া এই হাদীসের আরো বিভিন্ন শাহিদ বিদ্যমান রয়েছে। অতএব এটি হুয্যাত তথা দলিলযোগ্য, গ্রহণযোগ্য ও হাসান লিগাইরিহী।

www.e-ilm.weebly.com

**দ্বিতীয় কারণ :**

وَرَوٰى اَوَّلَهُ جَمَاعَةٌ عَنِ ابْنِ عَبَّاسٍ لَمْ يَذْكُرُوْا شَيْئًا مِنْ هٰذَا

অর্থাৎ আবুল আলিয়া ছাড়া ইবনে আব্বাসের অন্যান্য শিষ্যগণ ইকরামা, কুরাইব ও সাঈদ ইবনে জুবাইর এই হাদীসের কেবল প্রাথমিক অংশটুকু উল্লেখ করেছেন। তারা শেষাংশটুকু উল্লেখ করেননি।

**উত্তর :** আবুল আলিয়াকে আবু হাতিম, আবু যুরআ ও ইবনে মায়ীন সিকা বলেছেন। আল্লামা লালকায়ী এ প্রসঙ্গে বলেন– مُجْمَعٌ عَلٰى ثِقَتِهِ অর্থাৎ তার সিকা হওয়ার বিষয়টি সর্বোসম্মত মত। (বাজলুল মাজহুদ, ১ম খণ্ড, ৫৬ পৃষ্ঠা) অতএব তার বর্ধিত অংশ গ্রহণযোগ্য।

**তৃতীয় কারণ :**

وَقَالَ كَانَ النَّبِىُّ صلى الله عليه وسلم مَحْفُوْظًا

এটা ইকরামার উক্তি। এর দ্বারা উদ্দেশ্য এই যে, ইয়াযীদ ওয়ালানীর বর্ণনার শেষ এই অংশ দ্বারা বোঝা যায় যে, নবী করীম (স)ও যদি ঘুমাতেন তথাপি তাঁর নিদ্রা উযু ভঙ্গকারী হতো অথচ তিনি বায়ু বের হওয়ার সন্দেহ থেকে মুক্ত ছিলেন।

**চতুর্থ কারণ :**

وَقَالَتْ عَائِشَةُ قَالَ النَّبِىُّ صلى الله عليه وسلم تَنَامُ عَيْنَاىَ وَلَايَنَامُ قَلْبِىْ

অর্থাৎ ইয়াযীদ ওয়ালানী এর বাক্য تَنَامُ عَيْنِىْ وَلَايَنَامُ قَلْبِىْ বিশুদ্ধ হাদীসের পরিপন্থী।

**উত্তর :** উভয়ক্ষেত্রে হুজুর (স) এর এ উত্তর ছিলো জ্ঞানী গুণীদের পদ্ধতিতে যে, ইবনে আব্বাস (রা) তো স্বয়ং নবী করীম (স) এর নিদ্রার ব্যাপারে এ মাসআলা জিজ্ঞেস করেছিলেন। কিন্তু তিনি প্রশ্নকারীর প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে সমগ্র উম্মতের নিদ্রার মাসআলা বলে দিয়েছেন। কারণ এটি অধিক ফলপ্রসূ ও ব্যাপক।

www.e-ilm.weebly.com

**পঞ্চম কারণ :**

وَقَالَ شُعْبَةُ اِنَّمَا سَمِعَ قَتَادَةُ عَنْ اَبِى الْعَالِيَةِ اَرْبَعَةُ اَحَادِيْثَ الخ

অর্থাৎ শো'বা বলেন যে, কাতাদা আবুল আলিয়া থেকে কেবল ৪টি হাদীস উল্লেখ করেছেন। ১. ইউনুস ইবনে মাকতা এর হাদীস, ২. নামায প্রসঙ্গে ইবনে উমরের হাদীস, ৩. আলী (রা) এর اَلْقُضَاةُ ثَلٰثَةٌ এই হাদীস। ৪. ইবনে আব্বাস (রা)এর এই হাদীস حَدَّثَنِىْ رِجَالٌ مَرْضِيُّوْنَ مِنْهُمْ عُمَرُ وَاَرْضَاهُمْ عِنْدِىْ عُمَرُ (বুখারী, নাসায়ী, তিরমিযী)। এর মধ্যে اِنَّمَا الْوُضُوْءُ عَلٰى مَنْ نَامَ مُضْطَجِعًا হাদীস অন্তর্ভুক্ত। অতএব বোঝা গেলো যে, এই হাদীসটি সনদের দিক দিয়ে মুনকাতি'।

**উত্তর :** চারে সীমিত করণের বিষয়টি মূলত আনুমানিক; নিশ্চিতভাবে নয়। কারণ ইমাম তিরমীযির মতে কেবল ৩টি হাদীস। আর বায়হাকীর বর্ণনায় শো'বার নিকট ৬টি হাদীটি শুনেছেন। অতিরিক্ত ২টি হাদীস এই– ১. اِنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ حديثُ مَايَقُوْلُ عِنْدَ الْكُرَبِ (তিরমীযি) ২. عليه وسلم رَاى مُوْسٰى (মুসলিম) অতএব এভাবে সম্ভাবনা থাকতে পারে যে, কাতাদার শ্রবণকৃত মোট হাদীস ৭টি।

## بَابُ فِى الرَّجُلِ يَطَأُ الْأَذٰى بِرِجْلِهِ ص٢٧

ইমাম আবু দাউদ (র) এখানে সনদের ২টি প্রভেদ বর্ণনা করেছেন–

১. ইব্রাহীম ইবনে আবু মুয়াবিয়ার সনদে শাকীক এই হাদীসটি ইবনে মাসউদের স্থলে মাসরুক থেকে মাধ্যম সহকারে বা বিনা মাধ্যমে গ্রহণ করেছেন। উভয় সম্ভাবনা বিদ্যমান রয়েছে। কিন্তু হান্নাদ ও উসমানের সনদে নিশ্চিতভাবে শাকীক এই হাদীসকে ইবনে মাসউদ (রা) থেকে গ্রহণ করেছেন।

২. وَقَالَ هَنَّادٌ وَعَنْ شَقِيْقٍ اوحَدَّثَه عَنْهُ قال قال عَبْدُ اللّٰهِ অর্থাৎ হান্নাদের সনদে عن شقيق এর পরে وحدّثه عنه শব্দও রয়েছে। এর উদ্দেশ্য এই যে, আ'মাশ এই হাদীসকে শাকীক থেকে মাধ্যম সহকারে ও বিনামাধ্যমে গ্রহণ করেছেন উভয় ধরনের সম্ভাবনা আছে। অথচ ইব্রাহীম ও উসমানের সনদে আ'মাশ নিশ্চিতভাবে এই হাদীসকে বিনা মাধ্যমে শাকীক থেকে গ্রহণ বর্ণিত রয়েছে।

www.e-ilm.weebly.com

## بَابُ فِى الْمَذى ص٢٧

حَدَّثَنَا اَحْمَدُ بْنُ يُوْنُسَ قوله قال ابوداود رواه الثَّوْرِيُّ وجَمَاعَةٌ عَنْ هِشَامٍ عَنْ اَبِيْهِ عَنِ الْمِقْدَادِ عَنْ عَلِيٍّ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عليه وسلم

قال ابوداود দ্বারা এবং এভাবে সামনের হাদীসের قال ابوداود এ উভয়ের উদ্দেশ্য এই যে, হিশাম ইবনে উরওয়ার ৫জন শিষ্য জুহাইর, সাওরী, মাসলামা, মুফাজ্জাল ও ইবনে উইয়াইনা اُنْثَيَيْنِ শব্দ অতিরিক্ত উল্লেখ করেছেন। কিন্তু হিশামের কেবল একজন শিষ্য অর্থাৎ ইবনে ইসহাক বর্ধিত এই অংশটুকু উল্লেখ করেননি। কাজেই اُنْثَيَيْنِ এর বর্ধিত অংশটি প্রাধান্যপ্রাপ্ত। এটা ইমাম আহমদ (র) এর দলিল।

**উত্তর :** ১. আল্লামা শওকানী (র) নাইলুল আওতার গ্রন্থে লিখেন যে, হযরত আলী (রা) থেকে উরওয়ার শ্রবণ প্রমাণিত নেই। সামনে আব্দুল্লাহ ইবনে মাসলামা বিশিষ্ট হাদীসের সনদেও উরওয়ার পরে عن حديث حدثه عنه রয়েছে। এর দ্বারা বোঝা যায় যে, উরওয়ার এ হাদীস হযরত আলী (রা) থেকে মাধ্যম সহকারে বর্ণিত হয়েছে। কাজেই এটি সনদের দিক দিয়ে মুনকাতি‘। আর প্রথম قال ابوداود এর মধ্যে যে সনদ উল্লেখ করা হয়েছে তার মধ্যে মেকদাদ (রা) এর পরে আলী (রা) এর মাধ্যম উল্লেখ রয়েছে। অথচ হযরত মেকদাদ (রা) এই হাদীসটি হযরত আলী (রা) এর মাধ্যম ছাড়াই সরাসরি হুজুর (স) থেকে শুনেছেন। সুতরাং বোঝা গেলো যে, عروة عن على এভাবে عُرْوَةُ عَنْ مِقْدَادُ عَنْ عَلِيٍّ উভয়টিই সনদের দিক দিয়ে দুর্বল। অপরদিকে মুহাম্মদ ইবনে ইসহাকের হাদীস যার মধ্যে انثيين শব্দ উল্লেখ নেই তার মধ্যে যদিও মেকদাদের পরে আলী (রা) এর মাধ্যম উল্লেখ নেই এদিক দিয়ে নিঃসন্দেহে ওটা বিশুদ্ধ। কিন্তু স্বয়ং মুহাম্মদ ইবনে ইসহাকের দিক দিয়ে ওটা নিশ্চিত জয়ীফ বা দুর্বল। অতএব সনদের দিক দিয়ে উভয় রকমের হাদীস দুটি এক স্তরের সাব্যস্ত হলো। এটির কোনোটি অপরটির উপর প্রাধান্যযোগ্য নয়।

২. যদি انثيين এর বর্ধিত অংশবিশিষ্ট রেওয়ায়াতকে প্রাধান্যযোগ্য মেনে নেয়া হয় তাহলে অন্য রেওয়ায়েতের আলামত দ্বারা এই হাদীসটি

www.e-ilm.weebly.com

হয়তো সতর্কতা ও কঠোরতামূলক হবে। অথবা মুস্তাহাব কিংবা প্রাথমিক পর্যায়ের অথবা চিকিৎসার উপর প্রযোজ্য হবে। এর দ্বারা উদ্দেশ্য হলো قُلَّتْ شَهْوَتْ، تَخْفِيْفِ شِدَّتْ وَكَثْرَتِ مَذِيْ (যৌন স্পৃহা দমন, উত্তেজনা লাঘব ও কামরসের প্রাচুর্য্যতা উদ্দেশ্য।)

## بَابُ فِىْ مُبَاشَرَةِ الْحَائِضِ وَمُوَاكَلَتِهَا ص২৮

قَوْلُه قالَ ابوداود ولَيْسَ بِالْقَوِيِّ

যেহেতু উল্লেখিত হাদীসে فوق الازار শব্দ শ্রবণের দ্বারা সাবধানতা অবলম্বন উত্তম হওয়া বোঝা যায়। কিন্তু নবী করীম (স) এবং সাহাবা তাবেয়ীন ও সালফে সালেহীন এর উপর আমল করেছেন। যা কখনো উত্তমের পরিপন্থী হতে পারেনা। এ কারণেই ইমাম আবু দাউদ (র) উত্তরে বলেন– এ হাদীসটি দু কারণে শক্তিশালী নয়– ১. আব্দুর রহমান ইবনে আয়েজ এর মুয়াজ ইবনে জাবালের (রা) সাথে সাক্ষাত ঘটেনি। (আবু যুরআ উল্লেখ করেছেন)। ২. সা'দ আগতাশ ইবনে আব্দুল্লাহ জয়ীফ। এছাড়া সম্ভাবনা আছে যে, নবী করীম (স) প্রশ্নকারীর অবস্থা দ্বারা যৌন উত্তেজনার প্রাবাল্য অনুভব করেছিলেন। এ কারণেই তার ব্যাপারে تَمَتَّعْ لِمَا فَوْقَ الْإِزَارِ কে উত্তম জ্ঞান করেননি। যাতে তিনি হারামে লিপ্ত না হন।

## بَابُ فِى الْجُنُبِ يَعُوْدُ ص২৯

قوله قال ابوداود وهٰكَذا رواه هِشَامُ بْنُ زَيْدٍ عَنْ زَيْدٍ عَنْ اَنَسٍ ومَعْمَرٌ عَنْ قَتَادَةَ عَنْ اَنَسٍ وَصَالِحُ بْنُ اَبِى الْاَخْضَرِ عَنِ الزُّهْرِيِّ كُلُّهُمْ عَنْ اَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عليه وسلّمَ

এর দ্বারা ইমাম আবু দাউদ (র) এর উদ্দেশ্য হলো এই হাদীসের প্রাধান্য সাব্যস্ত করা যে, আনাস (রা) এর সকল শিষ্য হুমাইদ তাবীল, জায়েদ, কাতাদা ও যুহরী একবারই গোসল উল্লেখ করেছেন। অতএব এই হাদীসটি প্রাধান্যযোগ্য। আর সামনে আবু দাউদের যে হাদীস আসছে এবং তার মধ্যে একাধিকবার গোসলের কথা উল্লেখ রয়েছে সেটি প্রাধান্যযোগ্য নয়। এ কারণে আবু দাউদ (র) আবু রাফে' এর হাদীসের পরে উল্লেখ করেছেন–

وحديثُ اَنَسٍ اَصَحُّ مِنْ هٰذَا

www.e-ilm.weebly.com

## بَابُ الْجُنُبِ يَأْكُلُ ص٢٩

قوله قال ابوداود ورواه ابْنُ وَهْبٍ عَنْ يُوْنُسَ فَجَعَلَ قِصَّةَ الْأَكْلِ قَوْلَ عَائِشَةَ مَقْصُوْرًا ورواه صَالِح الخ

এর দ্বারা হাদীসের প্রকারভেদের এখতেলাফের প্রতি ইঙ্গিত করেছেন যে, ইউনুসের এক শিষ্য ইবনে মুবারক খাওয়ার ঘটনা (وَاذا اَرَادَ اَنْ يَّأْكُلَ وهُوَ جُنُبٌ غَسَلَ يَدَيْهِ) কে মারফু' সূত্রে বর্ণনা করেছেন। কিন্তু ইউনুসের অন্য শিষ্য ইবনে ওয়াহাব এটাকে আয়েশা (রা) এর উপর মাউকুফ সূত্রে বর্ণনা করেছেন। হযরত আয়েশা (রা) বলেন اِذَا اَرَادَ الْجُنُبُ اَنْ يَّأْكُلَ غَسَلَ يَدَيْهِ (কোনো জুনুবী ব্যক্তি আহার করার ইচ্ছা করলে সে তার উভয় হাত ধুয়ে নিবে।) কাজেই এ ক্ষেত্রে ধৌত করার এই শব্দটি নবী করীম (স) এর কাজের সাথে সংশ্লিষ্ট নয়। বরং হযরত আয়েশা (রা) এর নিজস্ব উক্তি। ইমাম আবু দাউদ (র) সামনে ইমাম ইবনে মুবারকের থেকে এর স্বপক্ষে ২টি বর্ণনা পেশ করেছেন–

১. ইউনুসের তৃতীয় শিষ্য আউযায়ীও খাওয়ার বিষয়টিকে ইবনে মুবারকের অনুকূলে মারফু সূত্রে বর্ণনা করেছেন।

২. যুহ্‌রী থেকে ইউনুস ও সুফিয়ান ছাড়া তার তৃতীয় শিষ্য সালেহ ইবনে আবুল আখদারও এ হাদীসকে মারফু সূত্রে বর্ণনা করেছেন।

## بَابُ مَنْ قَالَ الْجُنُبُ يَتَوَضَّأُ ص٣٩

قوله قال ابوداود بَيَّنَ يَحْيَى بْن يَعْمَرَ وَعَمَّارِ بْن يَاسِرٍ فِىْ هٰذا الْحَدِيْثِ رَجُلٌ رَخَّصَ لِلْجُنُبِ اِذَا اَكَلَ اَوْ شَرِبَ اَوْ نَامَ اَنْ يَّتَوَضَّأَ

অর্থাৎ আম্মার ইবনে ইয়াসির (রা) এর উল্লেখিত হাদীস নবী করীম, (স) জুনুবী ব্যক্তির জন্যে এ সহজ উপায় বের করে দিয়েছেন যে যখন সে পানাহার করে বা নিদ্রামগ্ন হয় সে উযু করে নিবে। এর মধ্যে ইয়াহয়া ও আম্মারের মাঝে অজ্ঞাত এক রাবীর মাধ্যম রয়েছে যার নাম অজানা রয়ে গেছে। অতপর এখানে هٰذا الْحَدِيْث এর শর্তটি قيد

www.e-ilm.weebly.com

احترازی নয় বরং اتفاقی কেননা আম্মারের সাথে ইয়াহয়া এর সাক্ষাৎ প্রমাণিত নেই। কিন্তু এ সত্বেও ইয়াহয়া ইবনে ইয়া'মার বিশুদ্ধ হাদীস বর্ণনাকারী। চাই সে যে কোনো সাক্ষাৎপ্রাপ্ত শায়খ থেকে হাদীস বর্ণনা করুন। হাফেয ইবনে হাজর (র) তাহজীবুত তাহজীব গ্রন্থে লিখেন–

قَالَ الدَّارَقُطْنِيُّ لَمْ يَلْقَ عَمَّارًا اِلَّا اَنَّهُ صَحِيْحُ الْحَدِيْثِ عَمَّنْ لَقِيَهُ الخ

দারকুতনী বলেছেন আম্মারের সাথে তার সাক্ষাৎ ঘটেনি; তবে তিনি যার সাথে সাক্ষাৎ করেছেন তার থেকেই সহীহ হাদীস বর্ণনা করে থাকেন। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ১৩৬ পৃষ্ঠা)

## بَابُ فِى الْجُنُبِ يُؤَخِّرُ الْغُسْلَ

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيْرٍ قوله قال ابوداود ثنا الحَسَنُ بْنُ عَلِيٍّ الْوَاسِطِيّ قال سَمِعْتُ يَزِيْدَ بْنَ هارون يَقُوْلُ هٰذا الْحَدِيْثَ وَهُمُ يعنى حديثَ اَبِىْ اِسْحٰقَ -

হযরত আয়েশা (রা) এর হাদীস يَنَامُ وَهُوَ جُنُبٌ مِنْ غَيْرِ اَنْ يَمَسَّ مَاءً কে আহমদ, আবু দাউদ ও সংখ্যাগরিষ্ঠ মুহাদ্দিসগণ জয়ীফ আখ্যা দিয়েছেন। জয়ীফ হওয়ার কারণ ২টি–

১. আবু ইসহাক মুদাল্লিস ছিলেন। তিনি عنعنة সহকারে বর্ণনা করতেন।

২. বিভিন্ন বিশুদ্ধ হাদীসে উল্লেখ আছে যে, নবী করীম (স) কখনো জানাবাত অবস্থায় ঘুমানোর ইচ্ছা করলে উযু করতেন। যেমন– সামান্য পূর্বে باب الجنب ياكل পরিচ্ছেদে আয়েশা (রা) থেকে হাদীস উল্লেখিত হয়েছে-

كَانَ اِذَا اَرَادَ اَنْ يَّنَامَ وَهُوَ جُنُبٌ تَوَضَّاَ وُضُوْءَهُ لِلصَّلٰوةِ

নবী করীম (স) জুনুবী অবস্থায় ঘুমুতে চাইলে নামাযের ন্যায় উযু করতেন। সুতরাং এ পরিচ্ছেদের হাদীসটি উক্ত হাদীসের সাথে সাংঘর্ষিক হলো : কিন্তু বিভিন্ন মুহাদ্দিস যথা বায়হাকী, দারকুতনী, ইবনে আবি শায়বা,

www.e-ilm.weebly.com

ইবনে সুরাইজ, আবুল ওয়ালীদ, নববী প্রমুখ এই হাদীসকে সহীহ ও শক্তিশালী সাব্যস্ত করেছেন।

জয়ীফ হওয়ার প্রথম কারণের উত্তর এই যে, বায়হাকীতে আসওয়াদ থেকে আবু ইসহাকের শ্রবণ স্পষ্টভাবে উল্লেখ রয়েছে।

দ্বিতীয় কারণের উত্তর এই যে, আল্লামা বায়হাকীর উক্তি মতে এই হাদীসটি نفى غسل এর উপর এবং আল্লামা নববীর বর্ণনা মতে জায়েয হওয়ার বর্ণনার জন্য نفى وضو এর উপর প্রযোজ্য।

## بَابُ فِى الْجُنُبِ يَدْخُلُ الْمَسْجِدَ ص٣٠

قوله قال ابوداود وهو فُلَيْتُ الْعَامِرِىّ

অর্থাৎ উল্লেখিত হাদীসের সনদে আফলাত ইবনে খলিফা এর নাম ফালিয়্যাত আমেরী। অতএব তার দুটি নাম হলো।

## بَابُ فِى الْجُنُبِ يُصَلِّىْ بِالْقَوْمِ وَهُوَ نَاسٍ ص٣٠

এ অনুচ্ছেদে ইমাম আবু দাউদ (র) আবু বকর (রা) ও আবু হুরায়রা (রা) এর থেকে ২-২টি করে মারফু হাদীস এবং মুহাম্মদ ইবনে সীরীন, আতা ইবনে ইয়াসারও রবী ইবনে মুহাম্মদের ৩টি মুরছাল হাদীস উল্লেখ করেছেন। এসব রেওয়ায়াতের মধ্যে ৩ধরনের গরমিল বা ব্যতিক্রম রয়েছে। যথা–

**প্রথম ব্যতিক্রম :** নবী করীম (স) তাকবীরে তাহরীমা বলার পর ফিরে গেলেন। নাকি তাকবীর বলার পূর্বে ফিরে গেছেন? আবু বকর (রা) এক বর্ণনায় دَخَلَ فِىْ صَلٰوةِ الْفَجْرِ শব্দ রয়েছে। এবং তারই অপর বর্ণনায় فكبر রয়েছে। এভাবে তিনোটি মুরছাল হাদীসেও كبر শব্দ রয়েছে। কিন্তু আবু হুরায়রা (রা) এর রেওয়ায়েতের ভাষ্য وَانْتَظَرْنَا اَنْ يُّكَبِّرَ এবং حتى قَامَ فِىْ مُقَامِهٖ اِذَا দ্বারা বোঝা যায় যে, নামায শুরু করার আগেই প্রত্যাবর্তন করেছেন।

**উত্তর :** ১. আল্লামা নববী এবং হাফেয ইবনে হিব্বান প্রমুখ এ গরমিলকে ভিন্ন ভিন্ন ঘটনার উপর প্রযোজ্য করেছেন।

www.e-ilm.weebly.com

২. হাফেয ইবনে হাজর (র) বলেন– বুখারীর রেওয়ায়েতটি প্রাধান্যযোগ্য। তার মধ্যে এ শব্দটি উল্লেখ রয়েছে كاد ان يكبر এবং اراد ও كبر বিশিষ্ট বর্ণনার শব্দ ইচ্ছা করার উপর প্রযোজ্য অর্থাৎ دخل الدخول و اراد التكبير

**দ্বিতীয় ব্যতিক্রম :** তিনি কেবল কাজের ইঙ্গিত করেছিলেন নাকি জবানেও তা উল্লেখ করেছিলেন? আবু বকর (রা) এর হাদীস فاوما দ্বারা বাস্তবে ইশারা করা বোঝা যায়। কিন্তু আবু হুরায়রা (রা) এর হাদীস فقال للناس مكانكم এবং ثم قال كما انتم দ্বারা জবানে বলা বোঝা যায়।

**উত্তর :** ১. মূলত নবী করীম (স) বাস্তবে ইশারা করেছিলেন কিন্তু কোনো কোনো রাবী এটাকে জবানে বলার দ্বারা প্রকাশ করেছেন।

২. সম্ভাবনা আছে যে, নবী করীম (স) ইশারাও করেছিলেন এবং জবানেও বলেছিলেন। নিকটবর্তীগণ রাসূলুল্লাহ (স) এর কথা শুনেছিলেন। আর দূরবর্তীগণ শুধু তাঁর ইশারা বুঝেছিলেন। কাজেই প্রত্যেকে যে যেমন বুঝেছেন তদ্রূপ বর্ণনা করেছেন।

**তৃতীয় ব্যতিক্রম :** ইশারা করার বিষয়টি দাঁড়ানোর সাথে নাকি বসার সাথে সংশ্লিষ্ট? মুরসালে ইবনে সীরীন এর ভাষ্য اجلسوا দ্বারা বসা বোঝা যায়। আর অন্যান্য বর্ণনা مكانكم এবং كما انتم দ্বারা দাঁড়ানো বোঝা যায়।

**উত্তর :** ১. বসা সংক্রান্ত বর্ণনাটি মুরছাল। কাজেই তা গ্রহণযোগ্য নয়।

২. নবী করীম (স) মূলত থামার ইশারা করেছিলেন। এরপর প্রত্যেক ব্যক্তি নিজ নিজ বুঝ মোতাবেক আমল করেছেন। কেউ মনে করেছেন মসজিদে অবস্থান করা উদ্দেশ্য। যদিও তা বসার ভঙ্গিতে হোক। এই জন্য তারা اجلسوا শব্দ দ্বারা বর্ণনা করেছেন। আর কেউ কেউ বর্তমান অবস্থার উপর প্রযোজ্য বুঝেছেন। একারণে তারা দাঁড়ানোর শব্দ দ্বারা বর্ণনা করেছেন। অতএব এখানে কোনো দ্বন্দ্ব নেই।

www.e-ilm.weebly.com

## بَابُ الْمَرْاَةِ تَرٰى مَايَرٰى الرَّجُلُ ص٣١

قوله قال ابوداود وكَذا رَوٰى الزُّبَيْدِيُّ وَعَقِيلُ ويُوْنُسُ وابْنُ أَخِى الزُّهْرِىِّ وَابْنُ اَبِى الْوَزِيْرِ عَنْ مَالِكٍ عَنِ الزُّهْرِىِّ و وَافَقَ الزُّهْرِى مَسَافِعِ الحَجْبِى الخ

এ প্রসঙ্গে বিভিন্নমুখী বর্ণনা রয়েছে। উম্মে সুলায়ইম (রা) এর উপর প্রশ্নকারী এবং এই ঘটনার রাবী হযরত আয়েশা (রা) নাকি উম্মে সুলামা? এ প্রসঙ্গে উরওয়ার শিষ্য ইবনে শিহাব যুহ্‌রী আয়েশা (রা) এর নাম উল্লেখ করেছেন। কিন্তু উরওয়ার অন্যান্য শিষ্য হিশাম উম্মে সুলামা (রা) এর নাম উল্লেখ করেছেন। আর হিশামের রেওয়ায়েতে উরওয়ার পর যয়নাব বিনতে আবু সালমা এর মাধ্যমও রয়েছে। এক্ষেত্রে আবু দাউদ (র) যুহরী এর বর্ণনাকে প্রাধান্য দিয়েছেন। কারণ তার মুতাবি' বিদ্যমান রয়েছে। যেমন- উরওয়া এর তৃতীয় শিষ্য মাসাফেহ হাজবী এর বর্ণনা যুহ্‌রী এর বর্ণনার অনুকূলে। উপরন্তু ইউনুস ছাড়া যুহ্‌রী এর অন্য শিষ্য যুবায়দী, আকিল, যুহ্‌রীর ভাতিজা এবং ابْنُ اَبِى الْوَزِيْرِ عَنْ مَالِكٍ عَنِ الزُّهْرِىِّ এই চারোজন এটাকে হযরত আয়েশা থেকে বর্ণনা করেছেন। আল্লামা নববী বলেন- সম্ভাবনা আছে যে, এ ঘটনায় আয়েশা এবং উম্মে সালমা উভয়ে শরীক ও হাজির ছিলেন। অতএব কোনো দ্বন্দ্ব নেই।

## بَابُ مِقْدَارِ الْمَاءِ الَّذِىْ يُجْزِئُ بِهِ الْغُسْلُ ص٣١

قَوْلُه قال ابوداود قَالَ مَعْمَرُ عَنِ الزُّهْرِىِّ فِىْ هٰذا الْحَدِيْثِ قَالَتْ كُنْتُ اَغْتَسِلُ اَنَا وَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسَلَّم .....

قال ابوداود وَرَوٰى ابْنُ عُيَيْنَةَ نَحْوَ حَدِيْثِ مَالِكٍ

এর দ্বারা হাদীসের তারতম্যের প্রতি ইঙ্গিত করেছেন। যথা-

১. যুহ্‌রী থেকে মালিক (র) মহানবী (স) এর থেকে শুধু গোসলের কথাই উল্লেখ করেছেন।

২. আর যুহরী থেকে মা'মার এর বর্ণনায় নবী করীম (স) এবং আয়েশা (রা) উভয়ের গোসলের কথা উল্লেখ রয়েছে।

www.e-ilm.weebly.com

সামনে আবু দাউদ (র) وروى ابن عيينة দ্বারা ইমাম মালিক (র) এর বর্ণনাকে প্রাধান্য দিয়েছেন। তবে সঠিক এই যে, প্রথম বর্ণনায় হসর তথা সীমিত করণ কোনো শব্দ নেই। যার দ্বারা আয়েশা (রা) এর গোসলে শরীক না থাকা নিশ্চিত বোঝায়। কাজেই উভয় রেওয়ায়েতে কোনো এখতেলাফ নেই। আর যদি প্রথম রেওয়ায়েতে শুধু রাসূলুল্লাহ (স) এর গোসলই মেনে নেয়া হয় তাহলে এটা সময়ের বিভিন্নতা এবং ঘটনার বিভিন্নতার উপর প্রযোজ্য হবে।

قوله قِيْلَ لَهُ الصَّيْحَانِىّ ثَقِيْلٌ قَالَ الصَّيْحَانِىُّ اَطْيَبُ قَالَ لَاَادْرِىْ

সায়হানী হলো মদীনা শরীফের সেরা সর্বোত্তম ভারী খেজুর। ইমাম আহমদের নিকট প্রশ্ন করা হলো যে, সায়হানী খেজুরতো অধিক ভারী। কাজেই এর পাঁচ রতল ও এক তৃতীয়াংশ রতলের ওজনের বিধান এক সা'এর বিধান সমান হবে কি না? কারণ এ পরিমাণ ওজন দ্বারা সা' পূর্ণ হয় না বরং অপূর্ণ থেকে যায়। তখন ইমাম আহমদ (র) সাথে সাথে উত্তরে বললেন– সায়হানীতো অনেক মূল্যবান খেজুর। সুতরাং এর দ্বারা ভালোভাবেই সাদকায়ে ফিতির আদায় হয়ে যাবে। এরপর তিনি প্রশ্নের কারণের প্রতি দৃষ্টিপাত করে বললেন– এ পরিমাণের দ্বারা সা'পূর্ণ হয় না। তখন তিনি আবারো বললেন– لاادرى অর্থাৎ আমি জানি না যে, তা এক সা'এর হুকুমে গণ্য হবে কি না। কিন্তু হানাফীগণের মতে সা' পরিমাপক পাত্রটি পরিমাপের দ্বারাই পূর্ণ হওয়া জরুরি। ওজনের কোনো ধর্তব্য নেই। অতএব পরিমাপের তথা কায়েলের দিক দিয়েই সাদকা ফিতির আদায় করা সঠিক হবে। ওজনের দিক দিয়ে নয়। আর এর কারণ এই যে, হাদীসের ভাষ্য অনুযায়ী পূর্ণ এক সা' হওয়া ওয়াজিব। চাই ওজন যতোই কম হোক বা বেশি হোক।

**ফায়েদা :** ১. সায়হানী মূলত সায়হান শব্দের প্রতি সম্বন্ধিত। আর সায়হান বলা হয় পুরুষ ভেড়াকে। যা খেজুর গাছের সাথে বাঁধা থাকে এবং খুব বেশি ডাকাডাকি করে। এ কারণেই তাকে সাইয়াহ বলে। এরপর সাইয়াহর প্রতি সম্বন্ধ কর সায়হান হয়েছে। আর গাছের খেজুরকে সায়হানী বলা হয়। যেমন ছানআ থেকে ছানআনী।

২. উল্লেখিত অভিযোগসমূহের সার এই যে, সায়হানী হলো বিভিন্ন প্রকার খেজুরের মধ্যে সর্বাধিক ভারি খেজুর যার সোয়া পাঁচ রতল ওজনে হিজাযী

www.e-ilm.weebly.com

এক সা' এবং কায়েল পরিমাণ হয় না। কেননা সায়হানী খেজুরকে সা' পরিমাপক পাত্র দ্বারা পরিমাপ করলে তাতে সা' পূর্ণ হয় না। বরং অপূর্ণ থেকে যায়। আর নবী করীম (স) এর বাণী مَنْ اَعْطٰى فِىْ صَدَقَةِ الْفِطْرِ بِرِطْلِنَا هٰذَا اَىْ بِالْبَغْدَادِىِّ خَمْسَةَ اَرْطَالٍ وَثُلُثَاه فَقَدْ اَوْفٰى

"যে ব্যক্তি ওজনের দিক দিয়ে সোয়া পাঁচ রতল খেজুর দান করবে সে পূর্ণ সাদকা-ফিতরা আদায়কারীগণ্য হবে"। কেননা এ পরিমাণ ওজন সা' পরিমাপক পাত্রের সমপরিমাণ হয়। এজন্য কোনো ব্যক্তি যদি পরিমাপক পাত্র ভরে সাদকায়ে ফিতির আদায় করে তাতে এবং এ পরিমাণ অনুযায়ী সোয়া পাঁচ রতল খেজুর পরিমাপক পাত্রে না ভরে ওজন করে প্রদান করে তাহলে উভয় ক্ষেত্রেই সে সাদকায়ে ফিতির আদায়কারী বিবেচিত হবে। কেননা হেজাযী সা' দ্বারা পরিমাপকৃত খেজুর এবং সোয়া পাঁচ রতল পরিমাণ ওজনকৃত খেজুর উভয়টি পরিমাণের দিক দিয়ে সমপর্যায়ের হয়। তাহলে সোয়া পাঁচ রতল সায়হান খেজুর আদায় করলে সাদকায়ে ফিতির আদায় হবে কি না? অথচ সায়হানী খেজুর ওজনে অনেক ভারী এ পরিমাণের ওজন সা' এর পরিমাণ থেকে কম হয়। ইমাম আহমদ (র) এর স্মৃতিতে প্রথমে এ ধরনের প্রশ্নের উদ্রেক হয়নি। একারণেই তিনি বলেছিলেন .....। সামনে এই ব্যাখ্যাই আসছে যা উপরে ১নং ফায়েদার নিকটবর্তী উল্লেখ করা হয়েছে।

## بَابٌ فِى الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ ص٦١

حَدَّثَنَا مُسَدَّدٌ بْنُ مُسَرْهَدٍ قَوله فَذَكَرْتُ ذَالِكَ لِاِبْرَاهِيْمَ فَقَالَ كَانُوْا لَايَرَوْنَ بِالْمِنْدِيْلِ بَاْسًا وَلٰكِنْ كَانُوْا يَكْرَهُوْنَ الْعَادَةَ قَالَ اَبُوْداود قَالَ مُسَدَّدٌ قُلْتُ لِعَبْدِ اللّٰهِ بْنِ دَاوُدَ كَانُوْا يَكْرَهُوْنَهُ لِلْعَادَةِ فَقَالَ هٰكَذا هُوَ وَلٰكِنْ وَجَدْتُّهُ فِىْ كِتَابِىْ هٰكَذَا

এর প্রবক্তা হলেন আ'মাশ। ইমাম আবু দাউদ বলেন– আমার উস্তাদ মুসাদ্দাদ তার উস্তাদ আব্দুল্লাহ ইবনে দাউদকে জিজ্ঞেস করলেন– كَانُوْا يَكْرَهُوْنَهُ لِلْعَادَةِ তারা কি অভ্যাসে পরিণত করার কারণে ওটাকে অপছন্দ

www.e-ilm.weebly.com

করতো? তিনি জবাবে বললেন– هٰكَذَا هُوَ وَلٰكِنْ وَجَدْتُهُ فِىْ كِتَابِىْ كذا অর্থাৎ তারা স্বভাবগত গড়ার আশংকায় অপছন্দ করতেন। এর অর্থ এটাই কিন্তু আমি আমার মূল কপিতে يَكْرَهُوْنَهُ الْعَادَةَ পেয়েছি। যেমনটি মতনে উল্লেখ করা হয়েছে।

**প্রশ্ন :** মুফাসসার ও মুফাসসার বিহী এর মধ্যে পার্থক্য কি?

**উত্তর :** মুফাসার অর্থাৎ يَكْرَهُوْنَ الْعَادَةَ এর উদ্দেশ্য এই যে, সাহাবায়ে কেরাম এমনিতেই রুমাল ব্যবহার করতেন। এতে তারা কোনো দোষ মনে করতেন না। কিন্তু এমন অভ্যাস বানিয়ে নেয়াকে অপছন্দ করতেন যে, রুমাল বা গামছা ছাড়া গোসলই করতে পারে না। আর মুফাসসার বিহী অর্থাৎ يَكْرَهُوْنَهُ لِلْعَادَةِ এর উদ্দেশ্য এই যে, সাহাবায়ে কেরাম শুরু থেকেই গামছা-তোয়ালিয়া ব্যবহারকে অপছন্দ করতেন। যাতে এর অভ্যাস না হয়ে যায়।

**প্রশ্ন :** এ ব্যাখ্যাটি এর পূর্বের বাক্য كَانُوْا لَا يَرَوْنَ بِالْمِنْدِيْلِ بَأْسًا এর বিপরীত।

**উত্তর :** প্রথম বাক্যের উদ্দেশ্য এই যে, প্রকৃতভাবে গামছা-তোয়ালে ব্যবহারে কোনো দোষ নেই। কিন্তু এর মধ্যে ভিন্ন একটি কারণ বিদ্যমান রয়েছে। আর তা হলো অভ্যাসে পরিণত হওয়া। এ কারণেই এটাকে মাকরূহ লিগাইরিহী মনে করতেন।

এ ব্যাপারে অধমের বক্তব্য এই যে, আব্দুল্লাহ ইবনে দাউদের এই ব্যাখ্যা স্পষ্টভাষ্যের সম্পূর্ণ পরিপন্থী। একারণে এটা তার ব্যক্তিগত অভিমতের উপর প্রযোজ্য হবে।

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ قوله قال ابوداود الحَارِثُ ابْنُ وَجِيْهٍ حَدِيْثُهُ مُنْكَرٌ و هُوَضَعِيْفٌ হারেস ইবনে ওয়াজীহকে জয়ীফ আখ্যা দেওয়ার কয়েকটি উক্তি নিম্নরূপ। ১. لَيْسَ بِشَيْءٍ (ইবনে মায়ীন), ২. ضَعِيْف (আবু হাতিম, নাসায়ী), ৩. فِىْ حَدِيْثِهِ بَعْضُ الْمَنَاكِيْر (বুখারী), ৪. شَيْخٌ لَيْسَ بِذَاكَ (তিরমীযি), ৫. ضَعِيْفُ الْحَدِيْث (সাজী)।

www.e-ilm.weebly.com

## بَابُ الْمَرْأَةِ هَلْ تُنْقُضُ شَعْرَهَا عِنْدَ الْغُسْلِ ص٣٣

قَولہ وقَال زُهَيْرٌ اِنَّهَا قَالَتْ الخ

অর্থাৎ যুহাইরের বর্ণনায় বোঝা যায় যে, এ প্রশ্নটি উম্মে সালমা করেননি। ইবনে সূরাহ্ এর বর্ণনায় রয়েছে যে, এটা অন্য কোনো মহিলা করেছিলো। এর ব্যাখ্যা এই যে, মূল প্রশ্নকারী ছিলো অন্য কোনো মহিলা। কিন্তু সে উম্মে সালমা (রা) কে নিজ উকিল বা প্রতিনিধি বানিয়েছিলো। এই কারণে উম্মে সালমার প্রতি প্রশ্ন করার সম্বন্ধ বাস্তবার্থে হয়েছে। আর ঐ মহিলার প্রতি সম্বন্ধ হয়েছে রূপকার্থে। কারণ সে-ই এই প্রশ্নের কারণ। যেমন এর সাথে মিলিত সামনের হাদীসটিতে স্পষ্ট উল্লেখ রয়েছে–

اِنَّ اِمْرَأَةً جَاءَتْ اِلٰى اُمِّ سَلَمَةَ قَالَتْ فَسَأَلَتْ لَهَا النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسلّم -

حَدَّثَنَا محمدُ بْنُ عوْفٍ قال قَرَأْتُ فِىْ اَصْلِ اِسْمٰعِيْلَ قَال ابْنُ عَوْفٍ وَ نا محَمَّدُ بْنُ اسْمٰعِيْلَ عَنْ أبِيْه ص٣٤

এখানে মুহাম্মদ ইবনে আউফ বলতে চাচ্ছেন যে, এ হাদীসটি আমার কাছে দুভাবে পৌঁছেছে– ১. ইসমাইলের পুত্র মুহাম্মদ ইবনে ইসমাইলের মাধ্যমে। ২. সরাসরি আমি ইসমাইলের কিতাব থেকে এ হাদীসটি পড়েছি। যার মধ্যে তার বিভিন্ন উস্তাদের রেওয়ায়েতসমূহ লিপিবদ্ধ ছিলো।

## بَابُ فِى الْحَائِضِ لَاتَقْضِى الصَّلٰوةَ ص٣٥

حَدَّثَنا موسٰى بْن اسْمٰعِيْلَ نا وُهَيْبٌ نا ايُّوبُ عَنْ اَبِىْ قِلَابَةَ الخ

আইয়ুবের শিষ্য ওয়াহাইব আইয়ুবের পরে আবু কেলাবার মাধ্যম উল্লেখ করেছেন। কিন্তু তার অন্য শিষ্য মা'মার আইয়ুবের পরে আবু কেলাবার মাধ্যম উল্লেখ করেননি।

www.e-ilm.weebly.com

## بَابُ فِى اِتْيَانِ الْحَائِضِ ص٣٥

قولُه قَالَ ابوداود و رُبَمَا لَمْ يَرْفَعْهُ شُعْبَةُ قَالَ ابوداود وَكَذَالِكَ قَالَ ابْنُ جُرَيْجٍ عَنْ عَبْدِ الْكَرِيْمِ عَنْ مِقْسَمٍ الخ

এখানে ইমাম আবু দাউদ (র) ঋতুবতী মহিলার হাদীস يَتَصَدَّقُ بِدِيْنَارٍ اَوْ نِصْفِ دِيْنَارٍ এর সংশ্লিষ্ট তিনটি ইখতেলাফের প্রতি ইশারা করেছেন– ১. হাদীসের ধরনের ইখতেলাফ। শো'বা কখনো এই হাদীসকে মারফু'রূপে বর্ণনা করেছেন।

(بروايت يَحْيٰى قَطَّان ونضر بن شُمَيْل وعبدِ الْوَهَّابِ بْن عَطَّار عن شعبة)

কখনো ইবনে আব্বাস (রা) এর উপর মাওকূফ সূত্রে বর্ণনা করেছেন। (بروايت عفان بن سلم وسليمان بن حرب عن شعبة) এরপর মাওকূফ হওয়ার স্বপক্ষে শক্তি যোগানোর জন্য আব্দুস সালাম ইবনে মুতাহ্হার বিশিষ্ট দ্বিতীয় হাদীস اِذَا اَصَابَهَا فِىْ اَوَّلِ الدَّمِ فَدِيْنَارٌ الخ বর্ণনা করেছেন। এরপর উল্লেখ করেছেন যে, মিকসামের শিষ্য আবুল হাসান জাযরী এর ন্যায় তার দ্বিতীয় শিষ্য আব্দুল করীমও এটাকে ইবনে আব্বাস (রা) এর উপর মাওকূফসূত্রে বর্ণনা করেছেন। বায়হাকীর বর্ণনা মতে ইমাম শো'বাও এই হাদীসটি মারফু বলা থেকে রুজু করে নিয়েছিলেন। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ১৫৮ পৃষ্ঠা)

২. **মতনের প্রভেদ :** قال ابوداود وَكَذا قال عَلِىُّ بْنُ بَذِيْمَةَ عَنْ مِقْسَمٍ অর্থাৎ মিকসামের তিনজন শিষ্য আব্দুল হুমাইদ, আবুল হাসান ও আব্দুল করীম دِينارًا وَنِصْفَ دِيْنَارٍ এবং অপর ২ জন শিষ্য খুসাইফ ও আলী ইবনে বুযাইমা শুধু نصف دينار উল্লেখ করেছেন।

৩. **সনদ ও মতনের ইখতেলাফ :** আউযায়ী (র) এর বর্ণনায়– وَرٰوى الْاَوْزَاعِىُّ عَنْ يزيدِ (الى قوله) بِخُمُسَىْ دِيْنَارٍ

www.e-ilm.weebly.com

এই হাদীসটি মু'দাল। কেননা আব্দুল হুমাইদ ইবনে আব্দুর রহমান এর পরে মিকসাম ও ওমর (রা) এর দুটি মাধ্যম বিলুপ্ত হয়েছে। উপরন্তু এরমধ্যে একদিনার বা অর্ধদিনারের স্থলে এক দিনারের দুই পঞ্চমাংশ উল্লেখ রয়েছে। অতএব এ হাদীসটি প্রমাণযোগ্য নয়।

## بَابُ فِى الْمَرْأَةِ تُسْتَحَاضُ ص٣٦

حَدَّثنا مُوسٰى بْنُ اِسْمٰعِيْلَ نا وُهَيْبٌ نا ايوبُ عَنْ سُلَيْمانَ بْنَ يَسارٍ عن امِّ سَلَمَةَ الخ

উম্মে সালমা (রা) এর থেকে বর্ণিত এ বাবের হাদীস ইমাম আবু দাউদ (র) ৫ সনদে উল্লেখ করেছেন। তিনি সনদের ইখতিলাফের প্রতি ইশারা করেছেন যে, এ হাদীসটি সুলায়মান ইবনে ইয়াসার থেকে নাফে ও আইয়ুব উভয়ে বর্ণনা করেছেন। এরপর নাফের শিষ্যদের মধ্যে ইখতিলাফ রয়েছে। যেমন– ১. এর সনদে সুলায়মান ও উম্মে সালমার মাঝে কোনো মাধ্যম নেই। কিন্তু ২. صخربن جويرية عن نافع ও ৩. ليث عن نافع উভয় সনদে অজ্ঞাত ব্যক্তির মাধ্যম রয়েছে। আর ৪. عبيد الله عن نافع এর সনদে অজ্ঞাত ব্যক্তির পরে উম্মে সালমার উল্লেখ নেই। এখন মুসান্নিফ (র) সুলায়মানের অন্য শিষ্য আইয়ুবের পঞ্চম সনদ দ্বারা মালিকের সনদের তায়ীদ উল্লেখ করেছেন যে, আইয়ূব সখতিয়ানী থেকে উইাইবের বর্ণনা নাফে থেকে মালিকের বর্ণিত হাদীসের অনুকুলে। তিনিও সুলায়মান ইবনে ইয়াসার ও উম্মে সালমার মাঝে কোনো মাধ্যম উল্লেখ করেন নি।

قوله قال ابوداود سَمّٰى الْمَرْاَةَ الَّتِى كَانَتْ اُسْتُحِيْضَتْ حَمَّادُ بْنُ زيدٍ عنْ اَيُّوْبَ فِىْ هٰذا الْحديثِ قال فاطمةُ بِنْتُ ابىْ حُبَيْشٍ

এর দ্বারা উদ্দেশ্য হলো অস্পষ্টতা দূর করা যে, নিম্নে ৫টি সনদে রাবীগণ ঋতুবতী মহিলার নাম উল্লেখ করেননি। বরং তাকে অস্পষ্ট রেখেছেন। অবশ্য হাম্মাদ ইবনে জায়েদ আইয়ুব থেকে সুলায়মান ইবনে ইয়াসার সূত্রে উক্ত মহিলার নাম উল্লেখ করেছেন। উক্ত মহিলা হলো ফাতিমা বিনতে আবি হুবাইশ। দারকুতনি গ্রন্থে উল্লেখ রয়েছে যে, ثنا حمّادُ بن زيدٍ نا ايوبُ

www.e-ilm.weebly.com

عن سُلَيْمانَ بْنِ يَسارٍ اَنَّ فاطِمةَ بنتَ اَبِىْ حُبَيْشٍ اُسْتُحِيضَتْ

লেখকের বক্তব্য দ্বারা এ সন্দেহ হয় যে, আইয়ুবের শিষ্যদের মধ্য থেকে হাম্মাদ ইবনে জায়েদ ছাড়া অন্য কোনো শিষ্য উক্ত মহিলার নাম উল্লেখ করেননি। কিন্তু এটা বাস্তবের পরিপন্থী। কারণ দারকুতনি আইয়ুবের অন্য ২ শিষ্য আব্দুল ওয়ারিস ও সুফিয়ানের বর্ণনায়ও ফাতেমা বিনতে আবি হুবাইশ এর নাম উল্লেখ রয়েছে। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ১৬৩ পৃষ্ঠা)

قوله قَالَ ابوداود وَرَواه قُتَيْبَةُ بَيْنَ اَضْعَافِ حَدِيْثِ جَعْفَرِ بْنِ رَبِيْعَةَ فِىْ اُخْرِهَا ورواه علىُّ بْنُ عَيَّاشٍ ويُونُسُ بْنُ محمّدٍ الخ

এই ইবারতের ব্যাখ্যায় ২ ধরনের উক্তি রয়েছে– প্রথম উক্তি এই যে, بين শব্দটি تبيين এর মাযীর সীগা (আইন কালেমায় তাশদীদসহ) আর اضعاف হলো বাবে افعال এর মাসদার অর্থাৎ কুতায়বা জা'ফর ইবনে রবীয়ার হাদীসের দুর্বলতা বর্ণনা করেছেন। কিন্তু এ ব্যাখ্যাটি সঠিক নয়। কেননা এই হাদীসের সকল রাবী সিকা এবং এটা সহীহ মুসলিমের হাদীস। উপরন্তু যদি দুর্বলতা বর্ণনা করাই উদ্দেশ্য থাকতো তাহলে ضعفه ইত্যাদি দ্বারা ব্যক্ত করতেন।

দ্বিতীয় উক্তি এই যে, بين শব্দটি জরফ। আর اَضْعَاف শব্দটি হলো ضِعْف এর বহুবচন অর্থাৎ اَثْنَاءُ الشَّىْءِ এর দ্বারা আবু দাউদ (র) এ কথা বলতে চান যে, আমার উস্তাদ কুতাইবা যদিও জা'ফরের নিসবত (সম্বন্ধ) উল্লেখ করেননি। তবে তার উদ্দেশ্য হলো জা'ফর ইবনে রবীয়া। এ প্রসঙ্গে দুটি আলামত রয়েছে– ১. কুতাইবা এ হাদীসকে জা'ফর ইবনে রবীয়ার বর্ণিত হাদীসসমূহের মাঝে (অর্থাৎ তার বিষয়বস্তুর মধ্যে) অর্থাৎ তার শেষে বর্ণনা করেছেন। এভাবে যে, এই হাদীসের উপরেও এবং তার নিচেও উভয় দিকে জা'ফর ইবনে রবীয়ার কতিপয় হাদীস উল্লেখ করেছেন। এর দ্বারা বোঝা গেলো যে, মধ্যবর্তী জা'ফর গায়রে মানসূব বিশিষ্ট বর্ণনা জা'ফর ইবনে রবিয়ারই। ২. এটা কুতাইবা এর উস্তাদের সহপাঠী অর্থাৎ আলী ইবনে আইয়াশ এবং ইউনুস ইবনে মুহাম্মদ ও লায়স থেকে বর্ণনা করে নিজ সনদের মধ্যে জা'ফর ইবনে রবীয়ার নাম স্পষ্টাকারে উল্লেখ করেছেন।

www.e-ilm.weebly.com

**প্রশ্ন :** بين اضعاف থেকে বোঝা যায় যে, কুতাইবা এই হাদীসটি জা'ফর ইবনে রবীয়া এর হাদীসসমূহের মাঝে বর্ণনা করেছেন। আর فى اخرها দ্বারা বোঝা যায় যে, তার হাদীসসমূহের শেষে উল্লেখ করেছেন। কাজেই এর মধ্যে দ্বন্দ্ব পরিলক্ষিত হয়।

**উত্তর :** بين দ্বারা উদ্দেশ্য প্রকৃত মধ্যভাগে নয় বরং বিষয়বস্তুর সাথে ও মাঝে উদ্দেশ্য। শুধু মধ্যভাগেই সম্ভাবনা আছে যে, উভয় দিক ছাড়া মাঝের সমস্ত অংশ এর মধ্যে শামিল।

قوله قال ابوداود وزادَ ابنُ عُيَيْنَة فى حديثِ الزُّهْرِى .....
قال ابوداود و هٰذا وَهْمٌ مِنْ ابْنِ عُيَيْنَة لَيْسَ هٰذا الخ

এই উক্তি দ্বারা আবু দাউদ (র) এর উদ্দেশ্য এই যে, যুহ্‌রীর বর্ণনায় উম্মে হাবীবা (রা) এর হাদীসের সঠিক শব্দ এই–

اِنّ هٰذه لَيْسَتْ بِالحَيْضَةِ ولكن هٰذا عِرْقٌ فَاغْتَسِلِىْ وَصَلِّىْ

(আবু দাউদ, ৩৮ পৃষ্ঠা)

ইবনে উইয়াইনা যিনি উম্মে হাবীবা (রা) এর হাদীসের মধ্যে বর্ধিত অংশ উল্লেখ করেছেন– فَاَمَرَهَا اَنْ تَدَعَ الصَّلوةَ ايامَ اَقْرَائِها এর দ্বারা প্রতীয়মান হয় যে, উম্মে হাবীবা معتادة বা স্বাভাবিক ঋতুবতী ছিলেন। مُتَمَيِّزَة রঙের দ্বারা হায়েয নির্ধারণকারী ছিলেন না। কাজেই এ বর্ধিত অংশটি ইবনে উইয়াইনার বিচ্যুতি। আর বাস্তব বিষয় এই যে, শব্দগুলো ফাতেমা বিনতে আবি হুবাইশের হাদীসের হওয়া উচিত ছিলো। যেমন সোহাইল ইবনে আবি সালেহ, যুহ্‌রী থেকে উল্লেখ করেছেন। এ ব্যাপারে দুটি দলিল রয়েছে–

১. ইবনে উইয়াইনার সাথী তথা যুহ্‌রীর সকল হাফেয শিষ্যগণ এই বাক্যটি বর্ণনা করতেন না। বরং তারা এ বাক্যকে সোহাইল ইবনে আবি সালেহ্ এর মোতাবেক ফাতেমা বিনতে আবি হুবাইশের হাদীসের মধ্যে উল্লেখ করেছেন। উম্মে হাবীবার হাদীসের মধ্যে উল্লেখ করেননি।

২. এই হাদীসটি উইয়াইনা থেকে হুমায়দী (র) ও বর্ণনা করেছেন। তাতেও এ বাক্যটি নেই। সুতরাং বোঝা গেলো যে, সুফিয়ান ইবনে উইয়াইনা নিজেই নিজের বিরোধিতা করছেন। কখনো বর্ণনা করেছেন

www.e-ilm.weebly.com

কখনো বর্ণনা করেননি। কিন্তু আবু দাউদ (র) এর ব্যাখ্যাকার ইমাম আবু দাউদের উপর দুটি প্রশ্ন করেছেন–

১. সুফিয়ান ইবনে উইয়াইনা এই বর্ধিত অংশের বর্ণনার ক্ষেত্রে একক ব্যক্তি নন। বরং ইমাম আওযায়ী (র) ও যুহ্‌রী (র) থেকে এই বর্ধিত অংশ বর্ণনা করেছেন। যেমন– সামনে ৩৮ নম্বর পৃষ্ঠায় ২২ নম্বর লাইনে আসছে–

إِذَا أَقْبَلَتِ الْحَيْضَةُ فَدَعِي الصَّلٰوةَ فَإِذَا أَدْبَرَتْ فَاغْتَسِلِيْ وَصَلِّيْ الخ

**উত্তর :** আউযায়ী (র) সুফিয়ান ইবনে উইয়াইনা এর মুতাবি' নন। কারণ সুফিয়ান এর বাক্য দ্বারা উম্মে হাবীবা (রা) স্বাভাবিক ঋতুবতী হওয়া এবং আওযায়ী এর শব্দ দ্বারা مُتَمَيِّزَة বা রং দ্বারা প্রভেদকারী ঋতুবতী হওয়া বোঝা যায়। যদি উভয়ের অর্থ এক হয় তাহলে আবু দাউদ (র) এর অভিযোগ হবে শব্দের উপর; অর্থের উপর নয়।

২. সুহাইলের হাদীস ফাতেমা বিনতে আবি হুবাইশ (রা) সম্পর্কে। আর ইবনে উইয়াইনার হাদীস উম্মে হাবীবা সম্পর্কে। আর উভয়ের আলোচ্য বিষয়ও বিভিন্ন। কাজেই এ পরস্পর ভিন্নতা কিভাবে বিশুদ্ধ হতে পারে যে, সোহাইলের হাদীস মাহফুজ এবং ইবনে উইয়াইনার হাদীস মাওহুম বা সন্দেহযুক্ত হবে?

**উত্তর :** এটাতো ইবনে উইয়াইনা এর ধারণা وهم বা বিচ্যুতি। তিনি ফাতেমা (রা) এর হাদীসের শব্দ উম্মে হাবীবা (রা) এর হাদীসের মধ্যে উল্লেখ করেছেন। সুতরাং এই দিক দিয়ে এ পরস্পর দ্বন্দ্ব বা ভিন্নতা সঠিক যে, সুহাইলের বর্ণনা বিশুদ্ধ ও মাহফুজ। (কেননা এর মধ্যে এ শব্দটি সঠিক জায়গায় রয়েছে)। আর ইবনে উইয়াইনার এ রেওয়ায়েতটি وهم বা বিচ্যুতিপূর্ণ (কেননা এর মধ্যে শব্দটি সঠিক জায়গায় নেই)।

قوله وَرَوَتْ قُمَيْرٌ عَنْ عَائِشَةَ الْمُسْتَحَاضَةُ تَتْرُكُ الصَّلٰوةَ أَيَّامَ أَقْرَائِهَا ثُمَّ تَغْتَسِلُ الخ

এটা মূলত একটি উহ্য প্রশ্নের জবাব। প্রশ্নটি এই যে, সুফিয়ান ইবনে উইয়াইনার হাদীসে فَأَمَرَهَا أَنْ تَدَعَ الصَّلٰوةَ أَيَّامَ أَقْرَائِهَا অংশটি

www.e-ilm.weebly.com

যেহেতু আপনার কথামতে وهم। সুতরাং এটি ইজমায়ী বিষয় কিভাবে হতে পারে যে, স্বাভাবিক ঋতুবতীর উপর ঋতুকালীন সময়ে নামায রহিত?

এর উত্তর এই যে, প্রথমত এ প্রসঙ্গে উপরে তিনটি মারফু, মুত্তাছিল হাদীস অতিবাহিত হয়েছে। অর্থাৎ উম্মে সালমা, উম্মে হাবীবা ও ফাতেমা (রা) এর হাদীস। আর একটি মারফু মুয়াল্লাক হাদীস অর্থাৎ উরওয়া থেকে কাতাদা এর বর্ণিত হাদীসটিও উল্লেখিত হয়েছে। এই ৪টি ছাড়া নিম্নে উল্লেখিত ৫টি মুয়াল্লাক, মুরছাল, মারফু, ও মাওকুফ বর্ণনার দ্বারাও এ মাসআলা প্রমাণিত হয়–

১. হযরত আয়েশা (রা) থেকে কুমাইয়ের এর রেওয়ায়েত। ২. আব্দুর রহমান ইবনে কাসিমের হাদীস। ৩. আবু বিশ্‌র জা'ফর ইবনে আবি ওয়াহশিয়া এর হাদীস। ৪. আবুল ইয়াকজান থেকে শুরাইকের বর্ণিত হাদীস। ৫. হাকাম থেকে আলা ইবনে মুছায়্যাব এর বর্ণিত হাদীস।

এছাড়া তিনজন সাহাবী অর্থাৎ হযরত আলী (রা), ইবনে অব্বাস (রা) ও আয়েশা (রা) এবং ৭ জন তাবেয়ী অর্থাৎ হাসান বসরী, সাঈদ ইবনে মুসায়্যাব, আতা, মাকহুল, ইব্রাহীম নাখয়ী, ছালিম ও কাসিম (র) এর উক্তিও এটাই।

**অভিযোগ :** নিম্ন লিখিত ৬টি তা'লীকের মধ্য থেকে প্রথম তা'লীকে কাতাদা এর সাক্ষাৎ উরওয়ার থেকে প্রমাণিত নেই। বাকী ৫টিতে কুমাইরের রেওয়ায়েত মওকুফ এবং আব্দুর রহমান ইবনে কাসিম ও আবু বিশ্‌র এবং আলা এর বর্ণনা তিনটি মূরসাল। শারীকের হাদীসে আবুল ইয়াকজান রাবী জয়ীফ। অতএব এর দলিল পেশ বিশুদ্ধ হয় কিভাবে?

**উত্তর :** ১. আমাদের দলিল পেশ মূলত মারফু ও মুত্তাসিল হাদীসের উপর ভিত্তি করে। কাজেই এর স্বপক্ষে ভূমিকা রাখার জন্যে জয়ীফ হাদীস পেশ করা দোষণীয় নয়। উপরন্তু মূরসাল হাদীস জুমহুরের কাছে দলিলযোগ্য।

২. সনদের আধিক্যতার দ্বারা সামগ্রীকভাবে বিষয়বস্তুর বিশুদ্ধতা নিশ্চিত হয়। যদিও ভিন্ন ভিন্নভাবে সনদের মধ্যে কিছুটা দুর্বলতা থাকে।

www.e-ilm.weebly.com

## بَابُ اِذَا اَقْبَلَتِ الْحَيْضَةُ تَدَعُ الصَّلٰوةَ ص৩৭

**প্রশ্ন :** এ অনুচ্ছেদ এবং পূর্বের অনুচ্ছেদের মধ্যে দ্বিরুক্তি রয়েছে। কারণ প্রথম অনুচ্ছেদেও বলা হয়েছে-

تَدَعُ الصَّلٰوةَ فِىْ عِدَّةِ الْاَيَّامِ الَّتِىْ كَانَتْ تَحِيْضُ

**উত্তর :** প্রথম অনুচ্ছেদটি স্বাভাবিক ঋতুবতীর ব্যাপারে খাছ। আর এ অংশটি স্বাভাবিক ঋতুবতী ও রং দ্বারা প্রভেদকারী উভয়কে শামিল করে। কারণ ঋতু শুরু হওয়া চাই অভ্যাস দ্বারা বোঝা যাক, চাই রক্তের রং দ্বারা উভয়টি এর মধ্যে শামিল রয়েছে।

حَدَّثنا احمدُ بْنُ يونسَ قوله فقالتْ اِنِّىْ اِمْرَأَةٌ اُسْتَحَاضُ الخ

**প্রশ্ন :** এ হাদীস দ্বারা বোঝা যায় যে, ফাতেমা (রা) নিজে প্রশ্ন করেছিলেন অথচ পূর্বের অনুচ্ছেদে অতিবাহিত হয়েছে যে, হযরত উম্মে সালমা অথবা হযরত আসমা তার পক্ষ থেকে প্রশ্ন করেছিলেন। সুতরাং এখানে দ্বন্দ্ব পরিলক্ষিত হয়।

**উত্তর :** সম্ভাবনা আছে যে, হযরত ফাতেমা (রা) প্রথমত উম্মে সালমা ও আসমা (রা) উভয় জনের মাধ্যমে জিজ্ঞেস করেছিলেন। অতপর নিজে সরাসরি প্রশ্ন করেছিলেন। কাজেই কোনো দ্বন্দ্ব নেই।

قوله فَاِذَا اَدْبَرَتْ فَاغْسِلِىْ عَنْكِ الدَّمَ ثُمَّ صَلِّىْ ص৩৭

**প্রশ্ন :** ঋতু শেষ হওয়ার পরে গোসল করা ওয়াজিব। অথচ এ হাদীসে গোসলের উল্লেখ নেই।

**উত্তর :** ১. হাফেজ ইবনে হাজর (র) বলেন যে, এ বর্ণনায় সংক্ষেপ করা হয়েছে। এ বর্ণনার অন্য সনদে فَاغْتَسِلِىْ শব্দও উল্লেখ আছে।

২. গোসল করার বিষয়টি অতি স্পষ্ট হওয়ার কারণে উল্লেখ না করে গোসলের পরবর্তী কর্তব্য বলেদিয়েছেন যে, এরপর যেখানে রক্ত লেগে থাকবে সে জায়গাটি পরিষ্কার পরিচ্ছন্ন করে নামায পড়বে।

৩. অধম আরজ করতে চায় যে, فَاغْسِلِىْ عَنْكِ الدَّمَ এটাও গোসলের ব্যাখ্যা। অতএব কোনো প্রশ্ন নেই।

www.e-ilm.weebly.com

**প্রশ্ন :** এই হাদীসটি অনুচ্ছেদের সাথে সামঞ্জস্যশীল নয়। কারণ এর মধ্যে আগে পরের শব্দ উল্লেখ নেই।

**উত্তর :** ১. এই হাদীসটি অভ্যাস ধর্তব্য হওয়ার ক্ষেত্রে সুস্পষ্ট। কারণ এতে فَلْتَنْظُرْ قَدْرَ كَانَتْ تَحِيضُ فِىْ كُلِّ شَهْرٍ অংশটি উল্লেখ রয়েছে। এ কারণে এই হাদীসটি এ অনুচ্ছেদে নয় বরং পূর্বের অনুচ্ছেদে আসা উচিত ছিলো। সম্ভবত কাতিবগণের ত্রুটির কারণে এ হাদীসটি এ অনুচ্ছেদ লেখা হয়েছে।

২. এ অনুচ্ছেদ রং দ্বারা পরিবর্তনকারী এবং স্বাভাবিক ঋতুবতী উভয়কেই শামিল করে। আর এ হাদীসটি হলো স্বাভাবিক ঋতুবতীর ক্ষেত্রে। অতএব কোনো প্রশ্ন নেই।

حَدَّثَنَا ابْنُ اَبِىْ عَقِيْلٍ এ হাদীসও অনুচ্ছেদের শিরোনামের সাথে সঙ্গতিশীল নয়। অবশ্য ইমাম আওযায়ী (র) এর বর্ধিত অংশ–

اِذَا اَقْبَلَتِ الْحَيْضَةُ فَدَعِى الصَّلٰوةَ فَاِذَا اَدْبَرَتْ فَاغْتَسِلِىْ وَصَلِّىْ শিরোনামের সাথে সঙ্গতিপূর্ণ।

**প্রশ্ন :** ইমাম আবু দাউদ (র) ইমাম আউযায়ীর শব্দকে ওয়াহাম তথা অশুদ্ধ স্থির করেছেন। কাজেই আওযায়ী এর হাদীস দ্বারা দলিল পেশ করা কিভাবে সঠিক হতে পারে?

**উত্তর :** ইমাম আবু দাউদ (র) এই হাদীসকে অন্য হাদীসের স্বপক্ষে নজির বা দৃষ্টান্ত পেশ করার জন্য উল্লেখ করেছেন। আর নজির পেশের ক্ষেত্রে জয়ীফ হাদীস উল্লেখ করা দোষণীয় নয়। যেমন অনুচ্ছেদের শুরুতে সুফিয়ান ইবনে উইয়াইনা এর বর্ধিত অংশ فَاَمَرَهَا اَنْ تَدَعَ الصَّلٰوةَ কে নজির স্বরূপ উল্লেখ করেছেন। অথচ সেটাকেও ইমাম আবু দাউদ (র) ওহাম সাব্যস্ত করেছেন।

قوله قال ابوداود وَلَمْ يَذْكُرْ هٰذَا الْكَلَامَ اَحَدٌ مِّنْ اَصْحَابِ الزُّهْرِيِّ غَيْرُ الْاَوْزَاعِى الخ ص٣٨

আবু দাউদ (র) এর উদ্দেশ্য এই যে, ইমাম যুহ্‌রীর শিষ্যগণের মধ্য থেকে ইমাম আউযায়ী اِذَا اَقْبَلَتِ الْحَيْضَةُ فَدَعِى الصَّلٰوةَ لخ বাক্য

www.e-ilm.weebly.com

উল্লেখে একক ব্যক্তি। আর এ বাক্যটি আউযায়ী ছাড়া যুহ্‌রী (র) এর অন্যান্য শিষ্য যথা- আমর ইবনে হারিস, লাইস, ইউনুস, ইবনে আবি যীব, মা'মার, ইব্রাহীম ইবনে সা'দ, সুলাইমান ইবনে কাসীর, ইবনে ইসহাক, ইবনে উইয়াইনা (র) থেকে বর্ণিত নেই। বাস্তবপক্ষে এ বাক্যটি হিশাম ইবনে উরওয়া এর হাদীসের মধ্যে রয়েছে যা ফাতেমা (রা) এর সংশ্লিষ্ট বিষয়। যেমন এ অনুচ্ছেদের প্রথম হাদীসে উল্লেখ করা হয়েছে। কিন্তু ইমাম আউযায়ী এ বাক্যকে ভুলক্রমে উম্মে হাবীবার হাদীসের মধ্যে বর্ণনা করেছেন।

قوله وَسُفْيَانُ بْنُ عُيَيْنَةَ

**প্রশ্ন :** ইমাম আবু দাউদ (র) এখানে ইবনে উইয়াইনাকে হাফিজে হাদীসগণের তালিকায় গণ্য করেছেন। এর দ্বারা বোঝা যায় যে, তার হাদীসও বিশুদ্ধ। অথচ ইবনে উইয়াইনা এর হাদীস হাফিজগণের হাদীসের পরিপন্থী। যেমন পূর্বের অনুচ্ছেদে দ্বিতীয় قال ابوداود এর অধীনে উল্লেখ করা হয়েছে। এখানে সামনের লাইনে তা আসছে।

**উত্তর :** ইমাম আবু দাউদ (র) ইবনে উইয়াইনাকে আগে পরের শব্দ নকল না করার ক্ষেত্রে হাফিজগণের তালিকায় শরীক করেছেন।

২. বাস্তবত ইবনে উইয়ানার ২টি রেওয়ায়েত রয়েছে। ১. যার মধ্যে ইবনে উইয়াইনা থেকে ওহাম প্রকাশ পেয়েছে। অর্থাৎ فَامَرَهَا اَنْ تَدَعَ الخ এর মধ্যে তিনি হাফিজগণের খেলাপ করেছেন। ২. ঐ রেওয়ায়েত যা হাফিজে হাদীসগণের সাথে সঙ্গতিপূর্ণ। যেমন ইবনে উইয়াইনার শিষ্য মুসান্না এর রেওয়ায়েত। যার মধ্যে اِقْبَال ও اِدْبَار এবং اَنْ تَدَعَ الصَّلٰوةَ বাক্য উল্লেখিত নেই। যেমন সহিহ মুসলিমে রয়েছে। আর এখানে শেষ বর্ণনাটি উদ্দেশ্য। বাকি ইবনে উইয়াইনা সূত্রে হুমায়দী এর বাক্য সর্বদিক দিয়ে হাফিজে হাদীসগণের অনুরূপ নয়। বরং কোনো কোনো দিক দিয়ে তার অনুকূলে।

قوله وحديثُ محمَّدِ بنِ عمرٍو عنِ الزُّهرِىِّ فيه شىءٌ يقربُ مِنَ الَّذِىْ زَادَ الْاَوزاعِىُّ فِىْ حَدِيثِه ص٣٩

এর দ্বারা উদ্দেশ্য যুহ্‌রী (র) থেকে মুহাম্মদ ইবনে আমরের বর্ণিত হাদীস যা এর সামনে আসছে। আর আওযায়ী (র) এর অতিরিক্ত অংশ اِذَا اَقْبَلَتِ

www.e-ilm.weebly.com

اَلْحَيْضَةُ এর জন্য এক পর্যায়ে শক্তিযোগানদাতা এবং তার নিকটবর্তী। কেননা তাতে এ বাক্য وَاِذَا كَانَ دَمُ الْحَيْضَةِ فَاِنَّهُ دَمٌ اَسْوَدُ يُعْرَفُ উল্লেখ রয়েছে। আর এ শব্দগুলো রং দ্বারা প্রভেদ করার প্রমাণ বহন করে। সুতরাং বোঝা গেলো যে, এ হাদীসটি আওযায়ী এর হাদীসের নিকটবর্তী। ইমাম আবু দাউদ এটি উল্লেখ করে তা শায হওয়ার প্রতি ইঙ্গিত করেছেন যে, এ হাদীসটি আউযায়ী (র) এর উল্লেখিত অতিরিক্ত অংশের ন্যায়। এ অতিরিক্ত অংশও শায এবং শায হওয়ার নিকটবর্তী।

**প্রশ্ন :** আয়েশা (রা) থেকে উরওয়া সূত্রে বর্ণিত হিশামের হাদীসটি এবং আউযায়ী (র) এর হাদীস পৃ: ২৮ উভয়ের মধ্যে اقبال وادبار শব্দ রয়েছে। তাহলে হিশামের হাদীসের বরাত দেয়া উচিত ছিলো। মুহাম্মদ ইবনে মুসান্নার হাদীসের (২৯ পৃ:) নয়?

**উত্তর :** ১. আউযায়ী (র) এর হাদীসের শব্দসমূহ হিশামের হাদীসের শব্দের সাথে সঙ্গতিশীল হওয়ার ব্যাপারটি পূর্বেই চলে গেছে। কাজেই এখন অতিরিক্ত ফায়দা উল্লেখ করা উদ্দেশ্য।

২. ইমাম আবু দাউদ (রঃ) এটাকে উল্লেখ করে তা শায হওয়ার প্রতি ইঙ্গিত করেছেন– যে, আউযায়ী এর হাদীসের ন্যায় ইবনুল মুসান্না এর বর্ধিত অংশও শাযের কাছাকাছি। অতএব ইবনে উইয়াইনা এর বৃর্ধিত অংশও শায।

সারকথা এই যে, উম্মে হাবীবা (র) এর ক্ষেত্রে রং দেখে প্রভেদ করা ও স্বাভাবিক হওয়া উভয়ের সম্ভাবনা রয়েছে। যেমন বায়হাকীর উক্তি অনুযায়ী উম্মে হাবীবা (রা) স্বাভাবিক ঋতুবতী ছিলেন। রং দেখে প্রভেদকারী ছিলেন না। হুজুর (স) এর হাদীস–

لِقَوْلِهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اُمْكُثِيْ قَدْرَ مَاكَانَتْ تَحْبِسُكِ حَيْضَتُكِ ص٣٧ এবং যয়নাব বিনতে সালমার হাদীস فَاَمَرَهَا النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنْ تَدَعَ الصَّلٰوةَ اَيَّامَ اَقْرَائِهَا (ص٣٨) এর প্রমাণ বহন করে। আর খাত্তাবির বর্ণনা মতে তিনি ছিলেন مُتَحَيِّرَةً যা لِكُلِّ صَلٰوةٍ اِغْتِسَالٍ দ্বারা প্রমাণিত হয়।

www.e-ilm.weebly.com

قوله قَالَ ابوداود وَقَال اِبْنُ الْمُثَنّٰى ثنا بِه اِبْنُ أبى عُدِيّ مِنْ كِتَابِه هٰكَذَا ثمّ ثنا بِهِ بَعْدُ حِفْظًا الخ ص٣٩

এর দ্বারা ইমাম আবু দাউদ (র) এটা বুঝাতে চাচ্ছেন যে, আমার উস্তাদ ইবনুল মুসান্না বলেন– ইবনে আবি আদি প্রথমে নিজ কিতাব থেকে এ হাদীস যুহ্রী থেকে মুহাম্মদ ইবনে আমর সূত্রে বর্ণনা করেছেন। তাতে উরওয়া এর পরে আয়েশা (রা) এর মাধ্যম ছিলো না। এর কিছু দিন পরে কিতাব না দেখে নিজের স্মৃতি থেকে এ হাদীস বর্ণনা করলেন। তখন উরওয়া এর পরে আয়েশা (রা) এর মাধ্যম উল্লেখ করেছেন। অতএব বোঝা যায় যে, এর সনদের মধ্যে ইযতিরাব রয়েছে।

এছাড়া ইমাম নাসায়ী ও বায়হাকীও এ সনদ সম্পর্কে ভিন্ন মন্তব্য করেছেন। ইমাম তহাবী (র) বলেন যে, এই হাদীসটি মাওকুফ। আবু হাতিম (র) বলেন– এই হাদীসটি মুনকার। ইবনে কাত্তান বলেন– আমার ধারণা মতে এ হাদীসটি মুনকাতি‘। সুতরাং এ হাদীস দ্বারা হানাফীগণের প্রতিকূলে রং দ্বারা প্রভেদ গ্রহণযোগ্য হওয়া প্রমাণিত হয় না।

قوله قال ابوداود وَرَوٰى اَنَسُ بْنُ سِيْرِيْنَ عَنْ ابْنِ عبّاس فِى الْمُسْتَحَاضَةِ قَال اِذا رَأتْ الخ ص٣٩

ইমাম আবু দাউদ (র) এখান থেকে রং দ্বারা প্রভেদের ব্যাপারে ৮টি উক্তি পেশ করেছেন।

(١) وروى اَنَسُ بْنُ سِيْرِيْن الخ (٢) وقالَ مَكْحُولُ اِنّ النِّسَاءَ الخ (٣) وَرَوٰى حمّاد بنُ زيدٍعَنْ يَحْىٰ بن شُعْبة الخ (٤) وَرَوٰى سمى وغيرُه عنْ سعيدِ بْنِ الْمُسَيِّبِ الَخ (٥) وكذالك - رواه حمادُ بْنُ سَلَمَةَ عن يَحى الخ (٦) وروى يونسُ عنِ الْحَسَن الخ (٧) فقال التيمِىُّ عنْ قتادَةَ الخ - (٨) وسُئِل ابنُ سيرِيْنَ عنه (اى عن الحيض)

এইসবগুলো উক্তির ভিত্তি যেহেতু ফাতেমা (রা) এর বাক্য اِذا كانَ دمٌ الْحَيْضَةِ الخ এর উপর। আর এটি জয়ীফ। এ কারণে এ সকল উক্তিও

www.e-ilm.weebly.com

আছার দলিলযোগ্য নয়। উপরন্তু এ সকল দলিল ইজতেহাদের উপর নির্ভর। আর ইজতেহাদের মধ্যে ভিন্ন মতের অবকাশ সুপ্রমাণিত।

قوله إِذَا رَأتِ الدَّمَ الْبَحْرَانِيَّ فَلَاتُصَلِّي - بَحْرَانِي শব্দটি بَحْرٌ শব্দের প্রতি সম্বন্ধিত। আর بحر শব্দের অর্থ হলো– রেহেমের ভিতরগত অংশ। এর দ্বারা উদ্দেশ্য হলো সম্পূর্ণ লাল রক্ত আসা। এর আলিফ ও নূন মুবালাগার জন্য ব্যবহৃত হয়েছে। অর্থাৎ الدَّمُ الْغَلِيْظُ الْوَاسِعُ অথবা এটা بَحْر অর্থ সমুদ্রের প্রতি সম্বন্ধিত। তখন রক্তের প্রাচুর্যতা উদ্দেশ্য হবে।

قوله وَكَذَالِكَ رَوَاه حَمَّادُ بْنُ سَلَمَة عَنْ يَحْيَى بْنِ سعيْدٍ الخ

স্পষ্টত বোঝা যায় যে, كذالك এর মুশারুন ইলায়হে হলো سُمَيٌّ ইত্যাদির বর্ণনা। কিন্তু বাস্তবে এর মুশারুন ইলায়হে হলো হাম্মাদ ইবনে জায়েদ এর হাদীস।

حَدَّثنا زُهَيْرُ بْنُ حَرْبٍ وغَيْرُهُ قوله إِنَّمَا هٰذِهِ رِكْضَةٌ مِّنْ رِكْضَاتِ الشَّيْطَانِ

যেহেতু শয়তান ইস্তেহাযার কারণে পবিত্রতার সময় মহিলাদেরকে নামায রোযার ব্যাপারে ধোকা দিয়ে থাকে। এ জন্য ইস্তেহাজার সম্বন্ধকে শয়তানের পদাঘাতের প্রতি করা হয়েছে। অবশ্য বাস্তবতার উপরেও এটা প্রযোজ্য হতে পারে।

قوله فَتَحَيَّضِيْ سِتَّةَ ايَّامٍ اوْ سَبْعَةَ ايَّامٍ فِيْ عِلْمِ اللّٰهِ تَعَالى ذِكْرُه

এখানে او শব্দটি রাবীর সন্দেহের কারণে যে, হুজুর (স) ৬দিন বলেছেন, অথবা ৭ দিন বলেছেন। অথবা এখতিয়ার দানের জন্যে। অর্থাৎ এর মধ্যে যেটা পছন্দ সেটা গ্রহণ করো। এর কারণ এই যে, স্বাভাবিকভাবে বা তোমাদের বংশে মহিলাদের এই কয়দিনই হায়েজের রক্ত পরিলক্ষিত হয়। সুতরাং তুমি চিন্তাভাবনা করে এর মধ্যে থেকে একটাকে গ্রহণ করো। বাকী তোমার মাসিকের দিনের সঠিক ইলম আল্লাহ তায়ালাই রাখেন। অথবা আল্লামা নববী (র) বলেন– او শব্দটি বন্টনের জন্যে অর্থাৎ কোনো কোনো

www.e-ilm.weebly.com

বংশে ৬ এবং কোনো বংশে ৭দিন রক্ত আসে। সুতরাং তোমার বংশের মহিলাদের যে কয়দিন হায়েযের রক্ত আসে তোমারও সেই কয়দিন হায়েয গণ্য হবে। এর প্রকৃত জ্ঞান আল্লাহই রাখেন।

قوله قَالَ ابوداود رَواهُ عَمْرٌو ابْنُ ثَابِتٍ عن ابْنِ عَقِيْلٍ فَقال قالت حَمْنَةُ هٰذا اَعْجَبُ الْاَمْرَيْنِ اِلَيَّ، لَمْ يَجْعَلْه قَوْلَ النَّبِيِّ صلى الله عليه وسلم جَعَلَهُ كَلَامَ حَمْنَة

এর দ্বারা উদ্দেশ্য এই যে, জুহাইর ইবনে মুহাম্মদ ছাড়া ইবনে আকিলের অপর শিষ্য আমর ইবনে সাবিত هٰذا اَعْجَبُ الْاَمْرَيْنِ اِلَيَّ বিশিষ্ট উক্তিকে হযরত হামনা (রা) এর উক্তি বলেছেন। এটা নবী করীম (স) এর উক্তি নয়। সামনে ইমাম আবু দাউদ ইমাম আহমদের বরাতে বলেন যে, আমর ইবনে সাবিতের উক্তিটি আমার কাছে ত্রুটিযুক্ত। উপরন্তু ইয়াহয়া ইবনে মায়ীন এর বর্ণনা মতে তিনি রাফেজী ছিলেন। অতএব আমর রাবী হিসেবে জয়ীফ। তার কথার কোনো গ্রহণযোগ্যতা নেই।

هٰذ ا-هٰذا اعجبُ الْاَمْرَيْنِ اِلَيَّ এর মুশারুন ইলায়হে হলো দ্বিতীয় বিষয়টি। আর امرين এর মধ্য থেকে দ্বিতীয় বিষয়টির ব্যাপারে সবাই একমত যে, দিন হিসেবে ঋতু গণ্যকারী মহিলা তিনবার গোসল করবে। একবার যোহর ও আসরের জন্য। এ সময় সে যোহর ও আসরের নামাযকে বাহ্যিক দিক দিয়ে একত্রে আদায় করবে। দ্বিতীয় গোসল করবে মাগরিব ও এশার জন্য। ঐ সময়ও সে উভয় নামায একত্রে আদায় করবে। আর তৃতীয় গোসল করবে ফজরের জন্য। কিন্তু প্রথম বিষয়টির মধ্যে মতানৈক্য রয়েছে। এক্ষেত্রে দুটি উক্তি রয়েছে–

১. মুস্তাহাযা মহিলা কেবল হায়েয শেষ হওয়ার পর গোসল করবে। অতপর উযু করে করে নামায আদায় করতে থাকবে। এ উক্তিটি আউনুল মা'বুদ গ্রন্থকার উল্লেখ করেছেন।

এ অনুচ্ছেদের হাদীস দ্বারাও এটা প্রতীয়মান হয়। ইমাম শাফেয়ী (র) কিতাবুল উম্ম এর মধ্যে এ কথা লিখেছেন। অধিকাংশ হাদীসের ব্যাখ্যাকারগণও এটাকে গ্রহণ করেছেন। এই অবস্থায় দ্বিতীয় বিষয় অর্থাৎ দৈনিক তিনবার গোসল উত্তম হওয়ার কারণ পরিচ্ছন্নতা ও চিকিৎসা এবং নিশ্চিতভাবে নামায আদায় হওয়ার কারণে হবে।

www.e-ilm.weebly.com

২. প্রথম বিষয় দ্বারা উদ্দেশ্য হলো প্রত্যেক নামাযের জন্য গোসল করা। অর্থাৎ দৈনিক ৫বার গোসল করবে। সামনের অনুচ্ছেদের শেষে ইমাম আবু দাউদ (র) এর যে মন্তব্য আসছে তার দ্বারা এটাই বোঝা যায়। তা এই যে,

قال ابوداود فِىْ حَدِيْثِ ابْنِ عَقِيْلِ اَلْأَمْرَانِ جَمِيْعًا قَالَ اِنْ قَوِيتِ فَاغْتَسِلِىْ لِكُلِّ صَلٰوةٍ وَاِلَّا وَاجْمَعِى كما قالَ القاسِمُ فِىْ حديثِهِ الخ

লুমআত, মিরকাত এবং বাযলুল মাজহুদ গ্রন্থে এটাও পছন্দ করা হয়েছে। হযরত গাঙ্গুহী (র)এর পছন্দনীয় অভিমতও এটাই। এ অবস্থায় দ্বিতীয় বিষয়টি অর্থাৎ দৈনিক ৩বার গোসল পছন্দনীয় হওয়ার কারণ তার প্রতি দয়া ও সহজ করণের উপর নির্ভর।

## بَابُ مَارُوِىَ اَنَّ الْمُسْتَحَاضَةَ تَغْتَسِلُ لِكُلِّ صَلٰوةٍ ص٤٠

حَدَّثنا يزيدُ بْنُ خَالِدٍ قوله قال أبوداود قالَ الْقَاسِمُ بْنُ مَبْرُوْرٍ عَنْ يُوْنُسَ الخ

এর দ্বারা যুহ্‌রী (র) এর শিষ্যগণের ইখতেলাফ ও সনদের ইযতিরাবের প্রতি ইশারা করেছেন যে, ১. আমর ইবনে হারিস, ২. ইবনে আবি যি'ব, ও ৩. আউযায়ী (র) এর সনদে উরওয়া, আ'মরা, আয়েশা ও উম্মে হাবীবা (রা) ৪জনের উল্লেখ রয়েছে। আর عَنْبَسَةَ عَنْ يُونس عَنِ الزُّهْرِىْ এর সনদে উরওয়া ও আয়েশার উল্লেখ নেই। লাইছ ইবনে সা'দ এর সনদে আমরা ও উম্মে হাবীবা এর উল্লেখ নেই। আর কাসিম ইবনে মাবরুর عن يونس عن الزهرى এর সনদে একইভাবে মা'মার, ইব্রাহীম ইবনে সা'দ, সুফিয়ান ইবনে উইয়াইনা এর সনদে উরওয়া এর কথা উল্লেখ নেই। কিন্তু মা'মার কখনো আয়েশা (রা) এর নাম বলতেন, কখনো বলতেন উম্মে হাবীবার নাম।

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السرى -ص٤٠ - قوله قال ابوداود ورَواه ابُو الْوَلِيْد الطَّيَالِسِى و لَمْ اَسْمَعْهُ مِنْهُ الخ

উম্মে হাবীবা (রা) এর মূল রাবী ইবনে শিহাব যুহ্‌রী (র) এর অধিকাংশ হাফিযে হাদীস শিষ্যগণ অর্থাৎ আমর ইবনে হারিস, ইউনুস, লায়স ইবনে

www.e-ilm.weebly.com

সা'দ, মা'মার, ইব্রাহীম, ইবনে সা'দ, সুফিয়ান ইবনে উইয়াইনা, ইবনে আবি যি'ব ও আওযায়ী প্রমুখ (র) প্রত্যেক নামাযের জন্য গোসলের বিষয়কে মারফু সূত্রে উল্লেখ করেননি। বরং তারা এটাকে উম্মে হাবীবার নিজস্ব কাজ সাব্যস্থ করেছেন। কিন্তু মুহাম্মদ ইবনে ইসহাক (র) এর যুহরী সূত্রে বর্ণিত বর্ণনাটিকে তিনি মারফু সূত্রে বর্ণনা করেছেন।

এর উত্তর স্পষ্ট যে, ইবনে ইসহাকের মুনফারিদ হওয়ার মধ্যে নেকারত রয়েছে যা অগ্রহণযোগ্য। এর দ্বারা আবু দাউদ (র) এর আসল উদ্দেশ্য হলো ইবনে ইসহাকের বর্ণনাকে শক্তিশালী করা। কেননা যুহরী এর শিষ্য সুলায়মান ইবনে কাসীরের শিষ্য আবু দাউদ তায়ালিছিও اِغْتَسِلِىْ لِكُلِّ صَلٰوة এর বিধানকে মারফু সূত্রে উল্লেখ করেছেন। কিন্তু আমি তায়ালিছী থেকে সরাসরি এই হাদীস শুনিনি বরং অন্যের মাধ্যমে এই হাদীস আমার কাছে পৌঁছেছে। এভাবে সুলায়মান ইবনে কাসীরের অপর শিষ্যের বর্ণনায়ও এটা মারফু। তবে তার বর্ণনায় اِغْتَسِلِىْ এর স্থলে تَوَضَّئِىْ রয়েছে। তবে এটাও তার ওয়াহাম। আবুল ওলীদের রেওয়ায়েতটি এ প্রসঙ্গে বিশুদ্ধ।

এর উত্তরে আল্লামা বায়হাকী বলেন– আমার শায়খ উল্লেখ করেছেন যে, আবুল ওয়ালীদের (মারফু) বর্ণনাও গায়রে মাহফুজ এবং সন্দেহযুক্ত। সুলায়মান ইবনে কাসীরের তৃতীয় শিষ্য মুসলিম ইবনে ইব্রাহীমও যুহরী (র) এর সকল শিষ্যের ন্যায় এটাকে মাওকূফ সূত্রে উল্লেখ করেছেন। কাজেই সেটিই গ্রহণযোগ্য। ১. (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ১৭৬ পৃষ্ঠা)

**টীকা :** ১. সুলায়মান এর বর্ণনায় মাজহুল রাবীর মাধ্যম রয়েছে। এ কারণে তা মুহাম্মদ ইবনে ইসহাকের বর্ণনার مؤيد (সহযোগী) হতে পারে না। তাছাড়া মুহাম্মদ ইবনে ইসহাকের বর্ণনা উম্মে হাবীবা সংশ্লিষ্ট এবং আবুল ওয়ালীদের বর্ণনা যয়নব বিনতে জাহশ সংশ্লিষ্ট। এ কারণে একটিকে অপরটির সহযোগী বানানো ঠিক হবে না।

www.e-ilm.weebly.com

## بَابُ مَنْ قَالَ تَغْتَسِلُ مِنْ طُهْرٍ اِلٰى طُهْرٍ ص٤١

قوله قال أبوداود وحَدِيثُ عَدِيِّ بْنِ ثابتٍ والاَعْمَش عَنْ حَبِيبٍ وايوبُ أبى الْعَلاء كُلُّهَا ضَعِيْفَةٌ لاتَصِحُّ ودلّ عَلٰى ضَعْفِ حديثِ الْاَعْمَشِ الخ ص٤٢

এই অনুচ্ছেদে ইমাম আবু দাউদ (র) ৩টি মারফু হাদীস উল্লেখ করেছেন। যথা–

١. حَدَّثَ عَدِىُّ بْنُ ثَابِتٍ عَنْ اَبِيْهِ عَنْ جَدِّهِ (عَبْدُ اللّٰه بْنُ يزيد) ... عَنِ النَّبِىِّ صلّى اللّٰه عليه وسلم الخ

٢. حديثُ اَعْمَشْ عَنْ حَبِيْبْ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ الخ

٣. حد يثُ اِمْرَأةِ مَسْروقٍ عَنْ عَائِشةَ عَنِ النَّبِىِّ صلى الله عليه وسلم الخ

৫টি মাওকূফ আছর বা উক্তি উল্লেখ করেছেন–

১. উম্মে কুলসূম বর্ণিত আয়েশা (রা) এর উক্তি।

২. আলী (রা) এর উক্তি।

৩. আম্মার সূত্রে ইবনে আব্বাস (রা) এর উক্তি,

৪. কমরের বর্ণিত আয়েশা (রা) এর উক্তি। (শা'বী (র) থেকে দাউদ আসিম এর উক্তি।)

৫. উরওয়া সূত্রে হিশামের উক্তি (হিশাম ইবনে উরওয়া তার পিতার সূত্রে বর্ণনা করেছেন ...)

এই সকল হাদীসও উক্তিসমূহে একবার গোসল এবং প্রত্যেক নামাযের জন্য উযুর কথা উল্লেখ রয়েছে। ইমাম আবু দাউদ (র) বলেন– উল্লেখিত মাওকূফ আসরসমূহের মধ্যে শেষোক্ত তিনটি আছর (ইবনে আব্বাস, আয়েশা ও হিশাম) বিশুদ্ধ। আর বাকি ২টি আসর (আয়েশা ও আলী (রা)) এবং তিনোটি মারফু হাদীস জয়ীফ। কেননা–

১. আদী ইবনে সাবিতের হাদীসে,

২. আলী (রা) এর অসরে আবুল ইয়াকজান রাবী,

৩. আয়েশা (রা) থেকে মাসরুকের স্ত্রীর হাদীস,

www.e-ilm.weebly.com

৪. উম্মে কুলসূমের বর্ণনায় বর্ণিত আয়েশা (রা) এর আসর এর মধ্যে আবুল আলা রাবী জয়ীফ।

৫. হাবীব থেকে আ'মশের বর্ণিত হাদীস ২ কারণে জয়ীফ।

**প্রথম কারণ :**

وَدَلَّ عَلٰى ضُعْفِ حَدِيْثِ الْاَعْمَشِ عَنْ حَبِيْبٍ هٰذَا الْحَدِيْثُ اَوْفَقَهُ حَفْصُ بْنِ غِيَاثٍ الخ

এই হাদীসকে মারফু বর্ণনাকারী শুধু ওয়াকী'। আর আ'মরের অন্য ২ শিষ্য হাফস ইবনে গিয়াস এবং আসবাত এটাকে আয়েশা (রা) এর উপর মাওকুফ সূত্রে বর্ণনা করেছেন। এর দ্বারা বোঝা গেলো যে, হাদীসটি মারফু হওয়া জয়ীফ।

**উত্তর :** আল জাওহারুন্নাকী গ্রন্থকার প্রমুখ লিখেন যে, হাদীসটি মারফু হওয়ার ব্যাপারে ওয়াকী' এর ৪জন مُتَابِع বিদ্যমান রয়েছে। ১. আ'মাশ থেকে ইবনে দাউদ (৪২ পৃ:) ২. আ'মাশ থেকে জারীর, ৩. আ'মাশ থেকে সাঈদ ইবনে মুহাম্মদ আল ওয়াররাক, ৪. আব্দুল্লাহ ইবনে নুমাইর। এ সকল মুতাবি দারকুতনী ও বায়হাকীতে বর্ণিত হয়েছে। আর সিকা রাবীদের অতিরিক্ত বর্ণনা গ্রহণযোগ্য।

**দ্বিতীয় কারণ :**

وَدَلَّ عَلٰى ضُعْفِ حديثِ حَبِيْبٍ هٰذَا اَنَّ رِوَايَةَ الزُّهْرِىْ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رض قَالَتْ فَكَانَتْ تَغْتَسِلُ لِكُلِّ صَلٰوةٍ فِى حَدِيْثِ الْمُسْتَحَاضَةِ

হাবীব যুহরীর বিরোধীতা করেছেন। কেননা যুহরী উরওয়া থেকে فَكَانَتْ تَغْتَسِلُ لِكُلِّ صَلٰوةٍ উল্লেখ করেছেন। আর আয়েশা (রা) থেকে উরওয়ার সূত্রে হাবীব ثُمَّ تَوَضَّئِىْ لِكُلِّ صَلٰوةٍ বাক্য উল্লেখ করেছেন। এর দ্বারা বোঝা গেলো যে, হাবীবের হাদীস জয়ীফ।

**উত্তর :** ১. হাবীব এবং যুহরীর বর্ণনায় কোনো পার্থক্য নেই। কেননা প্রথমত হাবীবের এই হাদীসটি ফাতেমা বিনতে আবি হুবাইশ (রা) এর সম্পর্কে। আর যুহরীর হাদীসটি উম্মে হাবীবা (রা) এর সম্পর্কে। দ্বিতীয়ত এই

www.e-ilm.weebly.com

যে, হাবীবের হাদীসে وُضُوْء لِكُلِّ صَلٰوةٍ মহানবী (স) এর নির্দেশ দ্বারা প্রমাণিত রয়েছে। আর যুহরীর হাদীসে اِغْتِسَال لِكُلِّ صَلٰوةٍ উম্মে হাবীবা (রা) এর নিজস্ব কর্ম। যা পরিচ্ছন্নতা, চিকিৎসা ও উত্তমতার উপর প্রযোজ্য। কাজেই কোনো সংঘর্ষ নেই।

২. হাবীবের সহযোগী রয়েছে হিশাম। তিনি নকল করেন যে,

ثُمَّ تَوَضَّئِىْ لِكُلِّ صَلٰوةٍ حَتّٰى يَجِئَ الْوَقْتُ الْاٰخَرُ اَخْرَجَهُ الْبُخَارِىُّ بِطَرِيْقِ اَبِىْ اُسَامَةَ

قوله قال ابوداؤد وَرَوَاهُ ابْنُ داؤدَ عَنِ الْاَعْمَشِ مَرْفُوْعًا اَوَّلَهُ وَاَنْكَرَ ..... ان يكوْنَ فِيْهِ الْوُضُوْءُ عِنْدَكُلِّ صَلٰوةٍ ص٤٢

এটা মূলত একটা প্রশ্নের উত্তর। প্রশ্নটি এই যে, তিনি হাবীদের হাদীস মারফু হওয়ার ব্যাপারে উয়াকী' মুনফারিদ বা একক ব্যক্তি। অথচ ইবনে দাউদও এ হাদীসকে আ'মাশ থেকে মারফু সূত্রে বর্ণনা করেছেন। ইমাম আবু দাউদ (র) এর জবাবে বলেন– ইবনে দাউদ এই হাদীসের কেবল প্রথম অংশকে মারফুরূপে উল্লেখ করেছেন। আর শেষাংশ ثم تَوَضَّئِىْ لِكُلِّ صَلٰوةٍ কে তিনি মারফুরূপে উল্লেখ করেননি। বরং তিনি শুরু থেকে এ বাক্যকে অস্বীকার করেছেন। কাজেই ওয়াকী এর মুতাবাআত প্রমাণিত নয়।

এ উত্তরের উপর মন্তব্য এই যে, প্রথমত ইবনে দাউদ ছাড়া ওয়াকী এর আরো ৩জন মুতাবি' (জারীর, সাইদ ও ইবনে নুমাইর) বিদ্যমান রয়েছে। দ্বিতীয়ত এই যে, ইবনে দাউদের অস্বীকার করাটা দলিলবিহীন। যা কেবল তার নিজস্ব ইলমের উপর সীমাবদ্ধ। আর সিকা রাবীর অতিরিক্ত বর্ণনা গ্রহণযোগ্য হয়ে থাকে। সুতরাং এই শেষ বাক্যটি এবং তা মারফু হওয়া উভয়টি দলিলযোগ্য, বিশুদ্ধ এবং গ্রহণযোগ্য।

قوله والمعروفُ عَنْ اِبْنِ عَبَّاسٍ الْغُسْلُ

সারকথা এই যে, মওকূফ আসরটি فَتَوَضَّأَ لِكُلِّ صَلٰوةٍ হলো মুনকার। কেননা ইবনে আব্বাস (রা) এর সুপ্রসিদ্ধ উক্তি হলো– প্রত্যেক নামাযের সময় গোসল করার স্বপক্ষে।

www.e-ilm.weebly.com

এর উত্তর এই যে, স্বয়ং আবু দাউদ (র) এর বর্ণনা দ্বারা বোঝা যায় যে, ইবনে আব্বাস (রা) এর আসরটি বিশুদ্ধ। কেননা তিনি এটাকে জয়ীফগুলো থেকে বাদ দিয়েছেন। সুতরাং সহীহ বলার পরে মুনকার বলা সম্পূর্ণ সাংঘর্ষিক বিষয়। মুনকার হলো– জয়ীফের প্রকারভেদের অন্তর্গত। সুতরাং প্রত্যেক নামাযের সময় গোসল করার বিষয়টি ইবনে আব্বাস (রা) এর প্রসিদ্ধ ও বিশুদ্ধ মাযহাব, মুনকার নয়।

## بَابُ مَنْ قَالَ الْمُسْتَحَاضَةُ تَغْتَسِلُ مِنْ ظُهْرٍ اِلٰى ظُهْرٍ ص٤٢

قولُه قال ابوداود وَرَوٰى عَنِ ابْنِ عُمَرَ وانسِ بْنِ مَالِكٍ الخ এর দ্বারা উদ্দেশ্য এই যে, যোহরের সময় প্রত্যেক দিন একবার গোসল নিম্নোক্ত ব্যক্তিগণের অভিমত।

১. সাঈদ ইবনে মুসায়্যব, ২. ইবনে ওমর, ৩. আতা ইবনে মালিক, ৪. সালিম ইবনে আব্দুল্লাহ, ৫. হাসান বসরী ও ৬. আতা। উপরন্তু এটা عَاصِمٌ عَنِ الشَّعْبِىِّ عَنْ قُمَيْرٍ عَنْ عَائِشَةَ থেকেও বর্ণিত রয়েছে। এ গোসল পরিচ্ছন্নতার জন্য নয় এবং পবিত্রতার উদ্দেশ্যেও নয়। বরং তা ছিলো গরম থেকে রক্ষা পাওয়ার এবং চিকিৎসাগত কারণে। যোহরের বিষয়টি নির্দিষ্ট করা হয়েছে এই জন্যে যে, এ সময় গরমের তিব্রতা বেশি থাকে। এ কারণে রক্ত বেশি পরিমাণে নির্গত হয়। কাজেই এ সময় গোসল করলে রক্ত কম নির্গত হয়।

ইবনে রুসলান শাফেয়ী বলেন– যে, এটা ঐ মুস্তাহাযা মহিলার ক্ষেত্রে যার কোনো কিছুই স্মরণ নেই। কেবল এতোটুকু মনে আছে যে, সূর্যাস্তের সময় তার রক্ত বন্ধ হয়। আর এ ক্ষেত্রে গোসল করার বিষয়টি অবশ্যম্ভাবি হয়ে দাঁড়ায় (সময় নির্দিষ্ট ছাড়া দৈনিক একবার গোসল হযরত আলী (রা) এর মাযহাব) এ ভাষ্য অনুযায়ী সাঈদ ইবনে মুসায়্যব এর বর্ণনার মধ্যে مِنْ ظُهْرٍ اِلٰى ظُهْرٍ এটা ইবনুল ইরাকী আবু আমর ইবনে আব্দুল বার মালেকী, আবু বকর ইবনুল আরবী মালেকী এর মাযহাব। কিন্তু ইমাম মালিক ও আল্লামা খাত্তাবী (র) এর অভিমত এই যে, এ রেওয়ায়েতটি মুসাহহাফ অর্থাৎ ভুল। সঠিক হলো مِنْ طُهْرٍ اِلٰى طُهْرٍ – طاء দ্বারা। যেমন মিসওয়ার ইবনে আব্দুল মালিক থেকে উল্লেখ রয়েছে। অন্যান্য রাবীগণ এটাকে مِنْ ظُهْرٍ

www.e-ilm.weebly.com

ظُهْرٍ বানিয়েছেন। তবে বাস্তব কথা এই যে, ظهر বিশিষ্ট বর্ণনাটিই সঠিক। যেমন মুসান্নাফে ইবনে আবি শায়বার মধ্যে مِنْ صَلٰوةِ الظُّهْرِ اِلٰى صَلٰوةِ الظُّهْرِ স্পষ্ট উল্লেখ রয়েছে। অতএব ظهر বিশিষ্ট রেওয়ায়েত বিশুদ্ধ নয়।

## بَابُ مَنْ قَالَ تَوَضَّأَ لِكُلِّ صَلٰوةٍ ص٤٣

قوله قال ابوداود قَالَ ابْنُ الْمُثَنّٰى وثنا به ابنُ اَبِىْ عَدِيٍّ حفظا فقال عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ اِذْ اَقْبَلَتِ الْحَيْضَةُ অনুচ্ছেদে এটা অতিবাহিত হয়েছে। এই قال ابوداود এর ব্যাখ্যাও এটাই যা–

قال ابوداود وَقال ابنُ الْمُثَنّٰى ثنا به ابنُ أبىْ عَدِيٍّ مِنْ كِتَابِهِ هكذا ثم ثنا به بعد حفظا এর অধীনে উল্লেখিত হয়েছে।

قوله قال ابوداود وُرِوِىَ عَنِ الْعَلَاءِ بْنِ مُسَيِّبٍ وشُعْبَةَ عَنِ الْحَكَمِ عَنِ الْجَعْفَرِ الخ

এর সারকথা এই যে, আ'লা এবং শো'বা আবু জা'ফর ইবনে বাকী' থেকে تَوَضَّأَ لِكُلِّ صَلٰوةٍ বর্ণনা করেছেন। তবে পার্থক্য এই যে, আ'লা মুরসাল সূত্রে এবং শো'বা আবু জা'ফরের উপর মাওকূফ সূত্রে বর্ণনা করেছেন।

## بَابُ الْمُسْتَحَاضَةُ يَغْشَاهَا زَوْجُهَا ص٤٣

قوله قال ابوداود قَالَ يَحْىٰى بْنُ مُعِيْنٍ مُعَلّٰى ثِقَةٌ وَكَانَ اَحْمَدُ بْنُ حَنْبَلٍ لَايُرْوٰى عَنْهُ لِاَنَّهُ كَانَ يَنْظُرُ فِى الرَّأى উল্লেখিত হাদীস فَكَانَ زَوْجُهَا يَغْشَاهَا ইমাম আহমদ (র) এর মাযহাবের পরিপন্থী।

www.e-ilm.weebly.com

আবু দাউদ (র) এর উত্তরে বলেন যে, এর সনদে মুয়াল্লা ইবনে মানসুর রাবী রয়েছেন। তিনি আহমদ ইবনে হাম্বলের নিকট অগ্রহণযোগ্য। কেননা তিনি কিয়াসের ক্ষেত্রে বিশেষ দখল রাখতেন। একারণে এই হাদীস দলিলযোগ্য নয়। কিন্তু সত্যকথা এই যে, শুধু কিয়াসের মধ্যে দখল রাখা অভিযোগের জন্য যথেষ্ট নয়। বিশেষত এক্ষেত্রে যখন হাফেয ইবনে হাজর তাকরীব গ্রন্থে লিখেন– যে সকল ব্যক্তি ইমাম আহমদের দিকে মুয়াল্লা এর মিথ্যাবাদী হওয়ার সম্বন্ধ করেন তাদের এ ধারণা ভুল। ইমাম আহমদ (র) থেকে এটাও বর্ণিত রয়েছে যে,

مُعَلّٰى بْنُ مَنْصُوْرٍ مِنْ كِبَارِ اَصْحَابِ اَبِىْ يُوْسُفَ وَمُحَمَّدٍ وَمِنْ ثِقَاتِهِمْ فِى النَّقْلِ وَالرِّوَايَةِ এছাড়া বিভিন্ন মনীষী যথা ইবনে মায়ীন,আযালী, ইয়াকুব ইবনে আবী শায়বা, ইবনে সা'দ, আবু হাতিম রাজী, ইবনে আদি, ইবনে হিব্বান মুয়াল্লাকে সিকা আখ্যায়িত করেছেন। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ১৮৫ পৃষ্ঠা)

## بَابُ التَّيَمُّمِ ص٤٥

حُدِّثْنَا مُحَمَّدُ بْنُ احمدُ بْنِ ابى خلفٍ قولُه قالَ ابُوداوُد وكَذَالِكَ رَوَاهُ بْنُ اِسْحٰقَ قال فِيْه عَنْ اِبْنِ عَبَّاسٍ وذَكَرَ ضَرْبَتَيْنِ الخ এটা মতন ও সনদের ইযতেরাব ও ইখতেলাফ এর প্রতি ইঙ্গিত।

★ মতনের ইখতেলাফ এই যে, আম্মারের এই হাদীসে যুহরী এর শিষ্য সালেহ ইবনে কায়সান ضربة واحدة উল্লেখ করেছেন। আর ইবনে ইসহাক, ইউনুস ও মা'মার তিনোজন ضربتين উল্লেখ করেছেন। সামনে ইমাম আবু দাউদ বলেন وَلَمْ يَذْكُرْ اَحَدٌ مِّنْهُمُ الضَّرْبَتَيْنِ اِلَّا مَنْ سَمَّيْتُ এ তিনজন ছাড়া যুহরীর অন্য কোনো শিষ্য ضربتين উল্লেখ করেননি। আল্লামা বায়হাকীর উক্তি মতে ইবনে আবি যি'ব এবং ইমাম ত্বহাবীর বর্ণনা মতে সালেহ ইবনে কায়সানও এক বর্ণনা মতে ضربتين উল্লেখ করেছেন। এ কারণে ضربتين উল্লেখকারী রাবী মোট ৫ জন হলেন। ইবনে ইসহাক, ইউনুস, মা'মার, ইবনে আবি যি'ব ও সালেহ ইবনে কায়সান।

www.e-ilm.weebly.com

**সনদের ইযতিরাব :** যুহরী (র) এর শিষ্য ইউনুস উবায়দুল্লাহ ইবনে আব্দুল্লাহ ইবনে উতবার পরে আম্মার ইবনে ইয়াসির পর্যন্ত কোনো মাধ্যম উল্লেখ করেননি। যেমন– এই অনুচ্ছেদের দ্বিতীয় হাদীসে রয়েছে। আর সালেহ ও ইবনে ইসহাক, ইবনে আব্বাসের মাধ্যম উল্লেখ করেছেন। যেমন তৃতীয় ও চতুর্থ হাদীসে রয়েছে। মালিক ও আবু উয়াইস উবায়দুল্লাহর পিতা আব্দুল্লাহর মাধ্যম উল্লেখ করেছেন এবং সুফিয়ান ইবনে উইয়াইনার এই হাদীসের সনদে সন্দেহ ও ইযতিরাব পেশ এসেছে। কখনো তিনি عن عبد الله عن ابيه او عن عبيد الله عن ابن عباس সন্দেহের সাথে উল্লেখ করেছেন। আবার কখনো শুধু عن ابيه কখনো শুধু عن ابن عباس বলেছেন। বরং এই হাদীসে স্বয়ং ইবনে শিহাব যুহরী থেকে সুফিয়ান ইবনে উইয়াইনার শ্রবণের মধ্যেও সন্দেহ রয়েছে। কারণ সুফিয়ান অধিকাংশ সময় এই হাদীসকে ইবনে দীনার এর মাধ্যমে ইমাম যুহরী থেকে বর্ণনা করতেন।

حدثنا محمد بن العلاء قوله قال ابوداود رواه وكيع عن الاعمش عن سلمة بن كهيل عن عبد الرحمن بن ابزى الخ

এটা উল্লেখিত হাদীসের সনদে আ'মাশের শিষ্যগণের ইখতেলাফের প্রতি ইঙ্গিত। তা এই যে–

১. হাফস, সালামা এবং ইবনে আবযা এর মাঝে কোনো মাধ্যম উল্লেখ করেননি। আর এখানে ইবনে আবযার নামও উল্লেখ নেই।

২. ওয়াকী' এ ধরনের মাধ্যমের কোনো উল্লেখ করেননি; অবশ্য ইবনে আবযার নাম আব্দুর রহমান উল্লেখ করেছেন।

৩. জারীর ইবনে সালামা ইবনে কুহাইল এবং ইবনে আবযার মাঝে সাঈদ ইবনে আব্দুর রহমান ইবনে আবযার মাধ্যম বৃদ্ধি করেছেন। আর পূর্বের হাদীস (মুহাম্মদ ইবনে কাসীর আল আব্দি) অতিবাহিত হয়েছে।

৪. সুফিয়ান সাওরী সালামা ও ইবনে আবযার মাঝে আবু মালেকের মাধ্যম উল্লেখ করেছেন। সুতরাং মোট ৪ ধরনের হলো।

www.e-ilm.weebly.com

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قوله وَمَسَحَ بِهَا وَجْهَهُ وَكَفَّيْهِ شَكَّ سَلَمَةُ قَالَ لَاأَدْرِىْ فِيْهِ اِلَى الْمِرْفَقَيْنِ يَعْنِىْ أَوْ اِلَى الْكَفَّيْنِ

অর্থাৎ শো'বার তুলনায় আম্মারের হাদীসের ৩টি সনদ হলো–

١. مُحَمَّدُ بْنَ جَعْفر عن شُعْبَةَ عَنْ سَلَمَةَ عَنْ ذَرٍّ

এর মধ্যে মাথা মাসহ ও হাত মাসহের পরে সালামার সন্দেহ রয়েছে যে, আম্মার এখানে مرفقين বলেছে, নাকি অন্য কোনো শব্দ বলেছে? শো'বা বলেন– দ্বিতীয় অংশে সালামার উদ্দেশ্য হলো الى الكَفَّيْن এক্ষেত্রে শব্দ ও অর্থ উভয় দিক দিয়ে বাক্যের মধ্যে ইখতেলাফ রয়েছে।

٢. حَجَّاج اعوَرُ عن شُعْبَة عن سَلَمة عن زرٍّ

এর মধ্যে মুখ ও উভয় হাত মাসহ করার পরে الى الْمِرفَقَيْن বা الى الذِرَاعَيْن এর মধ্যে সন্দেহ উল্লেখ রয়েছে। এ সময় কেবল শাব্দিক ইখতেলাফ সংঘটিত হয়েছে। অর্থ ও বাস্তবে কোনো ইখতেলাফ নেই।

সামনে ইমাম শো'বা বলেন– আমার উস্তাদ সালামা বলেন। এই আম্মারের এই হাদীসে প্রায় সময়–

وَمَسَحَ بِهَا الْكَفَّيْنِ وَالْوَجْهَ وَالذِّرَاعَيْنِ উল্লেখ করতেন। একবার সালামার নিকট মানছুর ইবনে মু'তামির বললেন– যার্র এর শিষ্যদের মধ্যে আপনি ذِرَاعَيْن শব্দ বর্ণনায় একক ব্যক্তি। কারণ তার অন্য কোনো শিষ্য এই শব্দ উল্লেখ করেননি। সুতরাং ভালো করে চিন্তা-ভাবনা করুন। যদি আপনার একীন থাকে তাহলে বলুন; অন্যথায় বিরত থাকুন।

এর আগে মুসান্নিফ (র) উল্লেখিত উক্তির সমর্থনে যার্র এর অন্য শিষ্য হাকামের হাদীস উল্লেখ করেছেন।

٣. يَحْيٰى القَطَّانُ عن شُعْبَة عن الحَكَم عَنْ ذر

এর মধ্যে ذِرَاعَيْن ومِرْفَقَيْن ও উল্লেখ নেই। বরং শুধু وجه وكَفَّيْن উল্লেখ রয়েছে। সামনে আবু দাউদ (র) বলেন– এই তৃতীয় সনদে নিম্নোক্ত দুটি সহায়ক বিদ্যমান রয়েছে-

١. شُعْبَة عن حُصَيْن عن ابى مالك তবে তিনি نَفَخَ উল্লেখ করেননি।

www.e-ilm.weebly.com

২. حُسَيْنُ بْنُ مُحَمَّدٍ عَنْ شُعْبَةَ عَنِ الْحَكَم

সারকথা এই যে, যার্র থেকে সালামার বর্ণিত হাদীসে مرفقين বা ذراعين উল্লেখ রয়েছে এবং যার থেকে হাকামের হাদীসে শুধু كفين এর বর্ণনা রয়েছে।

**উভয়ের মাঝে সামঞ্জস্য বিধান :** চিন্তা ভাবনা করলে যার্র থেকে সালামার হাদীস এবং হাকামের হাদীস উভয়টি বিশুদ্ধ, কেবল এতোটুকু পার্থক্য প্রতীয়মান হয় যে সালামা ইবনে কুহাইল مَسَحَ كَفَّيْن এর সীমা বর্ণনা করেছেন। আর হাকাম তার হাদীসে مسح كفين এর সীমা বর্ণনা করেননি। যেহেতু উভয় বর্ণনায় কোনো বৈপরিত্ব নেই। কেননা مَسَحَ اِلَى الْمِرْفَقَيْن হলো مَسَحَ اِلَى الْكَفَّيْن এর অর্থ বিশিষ্ট। এই কারণে সালামা (যিনি সিকা রাবী ছিলেন) এর বর্ধিত অংশ নিঃসন্দেহে গ্রহণযোগ্য।

**প্রশ্ন :** সালামা ইবনে কুহাইলের كَفَّيْن বা مِرْفَقَيْن উভয়টিতে সন্দেহ রয়েছে। যেমন শো'বা উল্লেখ করেছেন قال (اى سلمة) لَاَادْرِىْ فِيْهِ اِلَى الْمِرْفَقَيْنِ (ايعنى اى سلمة) اَوْ اِلَى الْكَفَّيْنِ

অতএব সন্দেহ সত্বে এই সামঞ্জস্য বিধান কিভাবে বিশুদ্ধ হতে পারে?

**উত্তর :** اَوْ اِلَى الْكَعْبَيْنِ এটা শো'বার ব্যক্তিগত ধারণা ও বুঝ; নতুবা বাস্তবে সালামার সন্দেহটা ذراعين বা مرفقين শব্দের ক্ষেত্রে রয়েছে كَفَّيْن এর মধ্যে নয়। যেমন উল্লেখিত হাদীসে وَمَسَحَ بِهَا وَجْهَهُ وَكَفَّيْهِ হওয়ার ব্যাপারে সুস্পষ্ট বর্ণনা রয়েছে। অতএব সুনিশ্চিত ও বিশুদ্ধ কথা এই যে, সালামার সন্দেহ হাত মাস্‌হ করার সীমার ব্যাপারে। আর এটা শুধু শাব্দিক পার্থক্য; অর্থের দিক দিয়ে নয়। বাকী كفين মাসহের মধ্যে সামান্যতম সন্দেহ নেই।

www.e-ilm.weebly.com

## بَابُ التَّيَمُّمِ فِى الْحَضَرِ ص٤٨

حَدَّثَنَا اَحْمَدُ بْنُ اِبراهِيم الْمُوْصِلِى قوله قال أبوداود وسَمِعْتُ اَحْمَدَبْنَ حَنْبَلٍ يَقُوْلُ رَوٰى محمَّدُ بْنُ ثابتٍ حَدِيْثًا مُنْكَرًا فِى التَّيَمُّمِ

এখানে ইমাম আবু দাউদ (র) ইবনে ওমর (রা) এর তায়াম্মুম সম্পর্কিত উল্লিখিত হাদীসের উপর ২টি প্রশ্ন করেছেন। যথা–

**প্রথম প্রশ্ন :** ইমাম আহমদ (র) এর উক্তি মতে মুহাম্মদ ইবনে সাবিত আব্দি এর হাদীসটি মুনকার।

**উত্তর :** মুনকার হাদীস বলে যাকে কোনো জয়ীফ রাবী স্মরণ শক্তির ত্রুটি বা তার অজ্ঞতার কারণে সিকা রাবীর খেলাপ রেওয়ায়েত করেন। কাজেই মুনকার হাদীসের সাবস্ত্যতা দুটি বিষয়ের তাহকীকের উপর সীমাবদ্ধ। যথা–

১. সিকা রাবীর খেলাপ করা, ২. রাবী জয়ীফ হওয়া। কিন্তু এখানে সিকা রাবীর কোনো মুখালাফাত নেই। কেননা মুহাম্মদ ইবনে সাবিত দ্বিতীয়বার হাত মারার কথা বৃদ্ধি করেছেন। আর এ বৃদ্ধি করাটা কোনো মুখালাফাত নয়। বরং এর মধ্যে অতিরিক্ত একটি বিষয় সংযোজন করা হলো। আর সিকা রাবীর এরূপ সংযোজন গ্রহণযোগ্য। এখানে রাবী জয়ীফ হওয়ার বিষয়টিও প্রমাণিত নয়। কেননা মুহাম্মদ ইবনে সুলায়মান, আহমদ ইবনে আব্দুল্লাহ আযালি, ইয়াহিয়া ইবনে মায়ীন, নাসায়ী প্রমুখ মুহাম্মদ ইবনে সাবিতকে সিকা বলেছেন। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ২০০ পৃষ্ঠা)

**দ্বিতীয় প্রশ্ন :**

قال ابنُ داسة قال ابوداود ولم يُتَابِعْ محمدُ بْنُ ثابتٍ فى هٰذِه الْقِصَّةِ عَلى ضَرْبَتَيْنِ عَنِ النَّبِىِّ صَلَّى اللّٰه عليه وسلم وَرَوَوْهُ فِعْلَ اِبْنِ عُمَرَ

অর্থাৎ সালামের জবাব দেবার জন্য তায়াম্মুমের এই ঘটনায় নবী করীম (স) কর্তৃক মাটিতে দু'বার হাত মারার ব্যাপারে মুহাম্মদ ইবনে সাবিতের বর্ণনার পক্ষে অন্য কোনো ব্যক্তি নেই। বরং বাকী সকল রাবী এটাকে ইবনে ওমর (রা) এর আমল বর্ণনা করেছেন। এর দ্বারা বোঝা গেলো যে, দুইবার হাত মারা সম্বন্ধে বর্ণিত হাদীসটি মারফু নয়।

**উত্তর :** ১. এই হাদীসের কয়েকটি সহায়ক বা مُؤَيِّد রয়েছে।

১. মারফু সূত্রে ইবনে সাম্মা এর হাদীস وَمَسَحَ بِوَجْهِهِ وَذِرَاعَيْهِ (বায়হাকী, আবু সালেহ ও শাফেয়ীর সনদে)

www.e-ilm.weebly.com

২. অন্যান্য রাবীগণ যারা দু'বার হাত মারাকে ইবনে ওমরের কাজ বলে আখ্যা দিয়েছেন সেটা স্বয়ং মুহাম্মদ ইবনে সাবিতের বর্ণনার বিশুদ্ধতার সহায়ক।

৩. এই হাদীসকে ইমামগণের এক জামাত যেমন ইয়াহয়া ইবনে মায়ীন, মুয়াল্লা ইবনে মানসুর, সাঈদ ইবনে মানসুর প্রমুখ বর্ণনা করেছেন। বাকী এই হাদীসটি মারফু হওয়ার বিষয়টি– যারা এই হাদীসকে ইবনে ওমরের আমল বলেছেন তা কেবল তায়াম্মুমের পদ্ধতি প্রসঙ্গে। আর এই ঘটনা যে, এক ব্যক্তি নবী করীম (স) কে গলির মধ্যে দেখতে পেয়ে তাকে সালাম করলো, তখন নবী করীম (স) তায়াম্মুম করে সালামের উত্তর দিলেন। এটা নিঃসন্দেহে মারফু। এর মারফু হওয়ার ব্যাপারে কোনো সন্দেহ নেই।

২. এই হাদীসটি কেবল সহায়ক হিসেবে উল্লেখ করা হয়েছে। ২ বার হাত মারার মূল দলিল এছাড়া অন্যান্য হাদীস রয়েছে।

قوله قال ابوداود رواه حَمَّادُ حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ - بْنُ زَيدٍ عَنْ اَيُّوبَ لَمْ يَذْكُرْ اَبْوَالَهَا هٰذَا (اى ذَكَرَ الْاَبْوَالَ كَمَا فِى حُدِيْثِ حمّادِ بْنِ سَلْمَةَ) لَيْسَ بِصَحِيحٍ وَلَيْسَ فِىْ اَبْوَالِهَا الاَحَدِيْثُ اَنَسٍ ص٤٨

হযরত আবুযর (রা) এর হাদীসের উপর একটা অভিযোগ যে, اِشْرَبْ مِنْ اَلْبَانِهَا এর পরে আইয়ুব সখতিয়ানীর এক শিষ্য– (১) হাম্মাদ ইবনে সালামার اَبْوَالِهَا শব্দের মধ্যে সন্দেহ হয়েছিলো। কিন্তু তার অপর শিষ্য। (২) হাম্মাদ ইবনে জায়েদ এই শব্দটি সন্দেহহীনভাবে বর্ণনা করেছেন। বোঝা গেলো যে, এ শব্দটি সঠিক নয়। কেননা সন্দেহের উপর সন্দেহহীন বিষয় প্রাধান্য পায়। অবশ্য ابوال এর উল্লেখ শুধু আনাস (রা) এর হাদীসে রয়েছে। হাদীসটি এই–

اِنَّ نَاسًا اِجْتَوَوْا فِى الْمَدِيْنَةِ فَامَرَهُمُ النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسلم اَنْ يَلْحَقُوا بِرَاعِيْهِ اَى اْلاِبِلِ فَيَشْرَبُوا مِنْ اَبْوَالِهَا وَ اَلْبَانِهَا الخ (رواه البخارى ومسلم والترمذى)

এর বিভিন্ন উত্তর রয়েছে। যেমন- নবী করীম (স) কে ওহীর মাধ্যমে তাদের রোগমুক্তি পেশাব পানের মধ্যে রয়েছে বলে জানানো হয়েছে।

www.e-ilm.weebly.com

সুতরাং এ হাদীসটি ব্যক্তিবিশেষের জন্য খাছ ও জরুরত সাপেক্ষে রোগ নিবারকের উপর প্রযোজ্য।

قوله تَفَرَّدَ بِهِ اَهْلُ الْبَصْرَةِ এর দ্বারা উল্লেখিত হাদীসের সনদের একটি সূক্ষ্ম বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে। তা এই যে, এই সনদের রাবীগণ মূসা ইবনে ইসমাইল থেকে رَجُلٌ مِّنْ بَنِىْ عَامِرٍ পর্যন্ত সবাই বসরার অধিবাসী।

## بَاب اِذا خافَ الجُنُبُ البَرْدَ اَ يَتَيَمَّمُ ص٤٨

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ:قولُه قال ابوداود وَرُوِىَ هٰذِهِ الْقِصَّةُ عَنِ الْاَوزاعِيِّ عَنْ حَسَّانِ بْنِ عَطِيَّةَ قال فِيْه فَتَيَمَّمَ (اى ثُمَّ صلّٰى بِهِمْ)

এর সারমর্ম এই যে, আমর ইবনে আ'স (রা) এর উল্লেখিত হাদীসে রানের সংযোগস্থল ধৌত করা এবং নামাযের জন্য উযু করার পরে জানাবাতের জন্য তায়াম্মুম করার কথা উল্লেখ নেই। এর দ্বারা সন্দেহ হয় যে, আমর ইবনুল আ'স জানাবাতের তায়াম্মুম ছাড়াই নামায পড়িয়েছিলেন। অথচ এটা সঠিক নয়। মুসান্নিফ (র) এই সন্দেহকে এভাবে নিরসন করেছেন যে, আওযায়ী (র) হাসসান ইবনে আতিয়াহ এর কাছে এই ঘটনা ব্যক্ত করেছিলেন। উক্ত ঘটনার মধ্যে فتيمم শব্দ উল্লেখ রয়েছে। এর দ্বারা মূল অবস্থা সুস্পষ্ট হয়ে যায়।

## بَابُ الْمُتَيَمِّمِ يَجِدُ الْمَاءَ بَعْدَمَا يُصَلِّىْ فِى الْوَقْتِ ص٤٩

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ اِسْحٰقَ:قولُه قال أبُوْداود غَيْرُ ابنُ نَافِعٍ يَرْوِيْهِ عَنِ اللَّيْثِ عَنْ عُمَيْرِ بْنِ ابِىْ نَاجِيَةَ عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ عَنْ عَطَاءِ ابْنِ يَسَارٍ عَنِ النَّبِىِّ صَلَّى اللّٰهُ عليه وسلّم قال ابُوداود ذِكْرُ اَبِىْ سَعِيْدٍ فِى هٰذا الحديثِ لَيْسَ بِمَحْفوظٍ هُوَ مُرْسَل

যে ব্যক্তি তায়াম্মুম করে নামায পড়বে অতপর সময়ের মধ্যেই পানির সন্ধান পাবে হানাফীগণের মতে তার জন্যে নামায দোহরানো ওয়াজিব নয়।

www.e-ilm.weebly.com

اَصَبْتَ السُّنَّةَ وَاَجْزَئَتْكَ صَلٰوتُكَ হাদীসটি এ ব্যাপারে হানাফীগণের দলিল। আবু দাউদ (র) এ হাদীসের উপর দুটি অভিযোগ করেছেন–

১. উল্লেখিত সনদে লাইসের এক শিষ্য আব্দুল্লাহ ইবনে নাফে' এটাকে মুত্তাসিল বর্ণনা করেছেন। কিন্তু তার অপর শিষ্য ইয়াহয়া ইবনে বুকায়ীর এটাকে عُمَيْرَةُ بْنُ اَبِىْ نَاجِيَةَ عَنْ بُكَيْرٍ عَنْ عَطَّارٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عليه وسلم থেকে মুরসাল সূত্রে অর্থাৎ আবু সাঈদের মাধ্যম বিলোপ করে বর্ণনা করেছেন। সুতরাং এ সনদে আবু সাঈদের উল্লেখ নিশ্চিত নয়। ফলে হাদীসটি মুরসাল। সুতরাং দলিলযোগ্য নয়।

**উত্তর :** ১. সহীহ ইবনে সাকান গ্রন্থে লাইছের তৃতীয় শিষ্য আবুল ওলিদ তায়ালিসীও এটাকে–

لَيْثٌ عَنْ عُمَيْرَةَ عَنْ بُكَيْرٍ عَنْ عَطَّارٍ عَنْ اَبِىْ سَعِيْدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰه عليه وسلّم

থেকে মুত্তাসিল বর্ণনা করেছেন। এ কারণে এর মুত্তাসিল হওয়া শক্তিশালী বিষয়।

২. জুমহুরের মতে মুরসাল হাদীস দলিলযোগ্য।

**দ্বিতীয় অভিযোগ :** এই সনদে ইনকিতা' রয়েছে। কারণ এর মধ্যে বকর ইবনে সাওয়াদা এর পরে আবু আব্দুল্লাহ এর মাধ্যম উল্লেখ নেই। যেমন-ইবনে লাহিয়া বকর সূত্রে... সনদ বিশিষ্ট বর্ণনা সামনে উল্লেখ রয়েছে।

**উত্তর:** ইবনে লাহিয়া জয়ীফ রাবী। ইয়াহয়া' কাত্তান, ইয়াহয়া ইবনে মায়ীন আবু হাতীম, আবু যুরয়া, ইবনে হিব্বান, ইবনে সা'দ প্রমুখ তাকে জয়ীফ আখ্যা দিয়েছেন। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ৮৮ পৃষ্ঠা) সুতরাং তার অতিরিক্ত অংশ ভ্রূক্ষেপযোগ্য নয়। এ কারণে লায়স, উমায়রা, আমর ইবনে হারিস ইত্যাদি সিকা রাবীগণের রেওয়ায়েতকে মা'লুল ও জয়ীফ আখ্যা দেয়া যায় না।

## بَابُ الْمَنِيِّ يُصِيْبُ الثَّوْبَ ص٥٣

قولُه قال ابوداود وَافَقَهُ (اى حمّاد بْنُ ابِىْ سُلَيْمان) مُغِيْرَةُ وابُو مِعْشَرٍ و وَاصِل ورَواه الْاَعْمَشُ كما رواه الحكم ص٥٣

www.e-ilm.weebly.com

এটা ঐ হাদীসের সনদের ইখতেলাফের প্রতি ইঙ্গিত যাকে ইব্রাহীম নাখয়ীর শিষ্য (১) হাকাম ابراهيم عن همام بن الحارث عن عائشة رض সূত্রে বর্ণনা করেছেন। যেমন প্রথম হাদীসের সনদে উল্লেখ হয়েছে। (২) আ'মশ হাকামের অনুকূল বর্ণনা করেছেন (৩) ইব্রাহীম নাখয়ী'র তৃতীয় শিষ্য হাম্মাদ ইবনে আবূ সুলায়মান এই হাদীসকে ইব্রাহীম আসওয়াদ থেকে তিনি আয়েশা সূত্রে বর্ণনা করেছেন। যেমন– দ্বিতীয় হাদীসের সনদে উল্লেখ রয়েছে। এবং (৪) মুগীরা, (৫) আবু মা'শার, (৬) ওয়াসিল এই তিনোজন হাম্মাদের ন্যায় বর্ণনা করেছেন। আর ইব্রাহীমের এসকল শিষ্য সিকা ছিলেন। এ কারণে বোঝা যায় যে, ইব্রাহীম হাম্মাদ ও আসওয়াদ উভয় থেকে বর্ণনা করেছেন।

**টীকা :** ত্বহাবীতে উল্লেখ আছে যে,

عن الاعمش عن ابراهيم عن الاسود بن يزيد وهمام عن عائشة অতএব তিরমিযী কর্তৃক এ সনদটিকে যার মধ্যে সহীহ মুসলিমের আলোকে গোসলের কথা স্পষ্টরূপে বর্ণিত হয়েছে। আবু মা'শারের অপ্রাধান্যযোগ্য স্থির করা শুদ্ধ নয়।

والاخبار فى حديث سليم এই ইবারতের উদ্দেশ্য ২টি। ১. অত্র হাদীসের ভাষ্য সুলাইম ইবনে আখদারের যুহাইরের নয়। কেননা যুহাইরের ভাষ্য অন্য ধরনের। ২. সুলাইমের সনদে সুলায়মান ইবনে ইয়াসারের আয়েশা (রা) এর থেকে শ্রবণ ও খবর প্রদান সুস্পষ্টরূপে বর্ণিত আছে। কিন্তু যুহাইরের শ্রবণ ও বর্ণনা স্পষ্ট উল্লেখ নেই। তার রেওয়ায়েত عنعنة এর মাধ্যমে বর্ণিত। যেমন- সহীহ বুখারীতে উল্লেখ রয়েছে। আর عنعنة শ্রবণের ব্যাপারে অস্পষ্ট।

## بَابُ الْأَرْضِ يُصِيبُهَا الْبَوْلُ ص٤ل

قَولُه قال ابوداود وهُوَ مُرْسَلٌ، ابْنُ مَعْقِلٍ لَمْ يُدْرِكِ النَّبِيَّ صَلَّى اللّٰهُ عليه وسلم এটা উল্লেখিত হাদীস- خُذُوْا مَا بَالَ عَلَيْهِ مِنَ التُّرَابِ فَالْقُوْهُ وَاَهْرِيْقُوْا عَلٰى مَكَانِهِ مَاءً এর উপর একটি

www.e-ilm.weebly.com

অভিযোগ। তা এই যে, হাদীসটি মুরসাল। কারণ আব্দুল্লাহ ইবনে মা'কিল নবী করীম (স) এর সাক্ষাৎ পাননি।

**উত্তর :** হাফিজ ইবনে হাজর (র) আততালখীস গ্রন্থে লিখেন যে, যখন সহীহ্ সনদ বিশিষ্ট কোনো মুরসাল হাদীস একই বিষয়ের অন্যান্য হাদীসের সাথে মিলিত হয়। তখন তার মধ্যে শক্তি সঞ্চার হয়ে যায়। আর এখানে নিম্নে ৩টি মুত্তাসিল হাদীস অতিরিক্ত রয়েছে। যথা–

১. ইবনে মাসউদ (রা) এর হাদীস–

فَاَمَرَ بِمَكَانِهِ فَاحْتُفِرَ وَصُبَّ وَلُوْ مِنْ مَاءٍ (دارمی، دارقطنی)

২. ওয়াসেলা ইবনে আসকা (রা) এর হাদীস (আহমদ তাবরানী)

৩. আনাস (রা) এর হাদীস اِحْفِرُوْا مَكَانَهُ ثُمَّ صُبُّوا عَلَيْهِ (দারকুতনী) (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ২২২ পৃষ্ঠা)

بسم الله الرحمن الرحيم ـ

## اَوَّلُ كِتَابِ الصَّلٰوةِ ص٥٦

## بَابُ الْمَوَاقِيْتِ

قولُه قال ابوداود رَوٰى هٰذَا الْحَدِيْثَ عَنِ الزُّهْرِىْ مَعْمَرٌ وَ مَالِكٌ وابنُ عُيَيْنَةَ وشُعَيْبُ بْنُ اَبِىْ حَمْزَةَ واللَّيْثُ بْنُ سَعْدٍ وغَيْرُهُمْ لَمْ يَذْكُرُوْا الْوَقْتَ الَّذِىْ صَلّٰى فِيْهِ وَلَمْ يُفَسِّرُوْهُ الخ

এ ভাষ্য দ্বারা আবু দাউদ (র) এর উদ্দেশ্য হলো ইবনে শিহাব যুহ্রী (র) এর শিষ্যগণের সনদের তারতম্যের প্রতি ইশারা করা। (১) উসামা ইবনে যায়েদ লাইসী (র) এই হাদীসে প্রথমত নামাযের সময়কে সংক্ষিপ্তাকারে উল্লেখ করেছেন। অতপর

فَرَاَيْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسَلَّمَ صَلَّى الظُّهْرَ حِيْنَ تَزُوْلُ الشَّمْسُ الخ হাদীস দ্বারা উক্ত ওয়াক্তসমূহের বিস্তারিত বর্ণনা দিয়েছেন। কিন্তু যুহ্রীর অন্যান্য শিষ্য। (২) মা'মার ইবনে রাশিদ, (৩)

www.e-ilm.weebly.com

মালিক ইবনে আনাস, (৪) সুফিয়ান ইবনে উইয়াইনা, (৫) শুয়াইব ইবনে আবি হামযা, (৬) লাইস ইবনে সা'দ, (৭) আওযায়ী, (৮) মুহাম্মদ ইবনে ইসহাক এঁরা সকলেই নামাযের ওয়াক্তকে সংক্ষিপ্তাকারে বর্ণনা করেছেন। বিস্তারিত উল্লেখ করেননি যা আবু মাসউদ (রা) নবী করীম (স) এর পরের আমল থেকে লাভ করেছেন।

সামনে উল্লেখ করেন যে, উরওয়া থেকে ইবনে শিহাব যুহ্‌রীর ন্যায় হিশাম ইবনে উরওয়া এবং হাবীব ইবনে আবু মারযুকও উল্লেখিত হাদীসে ওয়াক্তসমূহ সংক্ষিপ্তাকারে উল্লেখ করেছেন। তবে হাবীব বশির ইবনে আবু মাসউদের মাধ্যম উল্লেখ করেন নি। আবু দাউদ (র) সামনে উল্লেখ করেন যে, আবু মাসউদ আনসারীর ন্যায় জাবির, আবু হুরায়রা ও আব্দুল্লাহ ইবনে আমর ইবনে আ'স (রা)ও মাগরিবের নামাযের সময় উভয় দিন একই রকম বর্ণনা করেছেন। অর্থাৎ সূর্যাস্তের পরে। আর অপর হাদীস দ্বারা মাগরিবের শেষ সময় লালিমা অস্তমিত হওয়ার পরে বোঝা যায়।

حَدَّثَنَا مُسَدَّدٌ-قولُه قَال ابوداوٗدَ رَوٰى سُلَيْمَانُ بْنُ مُوْسٰى عَنْ عَطَاءٍ عَنْ جَابِرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فِى الْمَغْرِبِ نَحْوَ هٰذَا

অর্থাৎ যেভাবে আবু বকর ইবনে আবু মূসা (রা) থেকে উল্লেখিত হাদীস দ্বারা মাগরিবের ওয়াক্তের শুরু ও শেষ উভয় প্রমাণিত হয়। তদ্রূপ সুলাইমান ইবনে মূসা (র) এর আতা কর্তৃক জাবির (রা) সূত্রে বর্ণিত, এবং ইবনে বুরাইদার তার পিতার সূত্রে বর্ণিত হাদীসসমূহ দ্বারাও মাগরিবের সময়ের প্রশস্ততা বোঝা যায়।

قوله قال ثُمَّ صَلَّى الْعِشَاءَ قَالَ بَعْضُهُمْ اِلٰى ثُلُثِ اللَّيْلِ وَ قَالَ بَعْضُهُمْ اِلٰى شَطْرِهِ

এর ব্যাখ্যায় ৩টি সম্ভাবনা আছে। যথা–

১. জাবির (রা) নিজ হাদীসে মাগরিবের আলোচনার পরে ইশার আলোচনা করেছেন। তখন কোনো কোনো সাহাবী এক তৃতীয়াংশ রাত, কেউ কেউ অর্ধরাতের মন্তব্য করেছেন।

২. সুলায়মান ইবনে মূসা উল্লেখিত সনদে ثُمَّ صَلَّى الْعِشَاءَ বর্ণনা করেছেন। তখন জাবির (রা) এর কোনো কোনো রাবী এক তৃতীয়াংশ এবং কেউ কেউ অর্ধরাত বলেছেন।

www.e-ilm.weebly.com

৩. জাবির (রা) ثُمَّ صَلّٰى الْعِشَاءَ বলে বর্ণনা শেষ করেছেন। সামনে স্বয়ং আবু দাউদ (র) বলেন যে, ইশার নামাযের শেষ ওয়াক্তের বর্ণনায় সাহাবায়ে কেরামের উক্তি বিভিন্নরূপ। আবু মূসা ও বুরাইদা এর হাদীসে তৃতীয়াংশ রাতের এবং আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আ'স (রা) এর সামনের হাদীসে অর্ধরাত উল্লেখ রয়েছে। অধমের মতে প্রথম উদ্দেশ্যটি যুক্তিযুক্ত।

## بَابُ التَّشْدِيْدِ فِى الَّذِىْ تَفُوْتُهُ صَلٰوةُ الْعَصْرِ ص٦٠

قوله قال ابوداود وَقَالَ عُبَيْدُ اللّٰهِ بْنُ عُمَرَ اَتِرَ وَاخْتُلِفَ عَلٰى اَيُّوْبَ فِيْهِ وقَال الزُّهْرِىُّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيْهِ عَنِ النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسَلَّم قال وُتِرَ

এর দ্বারা মতনের ইখতেলাফের প্রতি ইশারা করেছেন যে, নাফে' (র) এর শিষ্য মালিক (র) وتر ওয়াও দ্বারা বর্ণনা করেছেন। যুহরী সালিম সূত্রে ইবনে ওমর (রা) এর বরাতে এভাবেই উল্লেখ করেছেন। আর উবাইদুল্লাহ ইবনে ওমর ইবনে হাফস اتر হামযাসহ উল্লেখ করেছেন। আইয়ূব (র) থেকে তার শিষ্যগণ ওয়াও এবং হামযা উভয়রূপে বর্ণনা করেছেন।

## بَابُ مَنْ نَامَ عَنْ صَلٰوةٍ اَوْ نَسِيَهَا ص٦٢

حُدِّثْنَا مُوْسٰى بْنُ اِسْمَاعِيْلَ-قولُه قال ابوداود رواه مَالِكٌ وسُفْيَانُ بْنُ عُيَيْنَةَ وَالْاَوْزَاعِىُّ وعَبْدُ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ وابْنُ اسْحٰقَ لَمْ يَذْكُرْ أَحَدٌ مِّنْهُمُ الْاَذَانَ

এর দ্বারা অত্র হাদীসের উপর ২টি অভিযোগ উল্লেখ করা হয়েছে।

**প্রথম অভিযোগ :** যুহরী (র) এ হাদীসে কেবল ابان العطار عن معمر عن الزهرى আযানের কথা উল্লেখ করেছেন। তিনি ছাড়া যুহরীর অন্যান্য শিষ্যগণ অর্থাৎ মালিক, সুফিয়ান ইবনে উইয়াইনা আওযায়ী, ইবনে ইসহাক, এভাবে আব্দুর রাজ্জাক মা'মার সূত্রে এ ৫জন মনীষী আযান উল্লেখ

www.e-ilm.weebly.com

করেননি। বোঝা গেলো যে, কাযা নামাযের ক্ষেত্রে আযান নেই। বরং তা আবানের একক বর্ণনা।

**উত্তর :** أَبَانٌ الْعَطَّار عَنْ مَعْمَرٍ সিকা রাবী। সিকা রাবীর অতিরিক্ত অংশ গ্রহণযোগ্য হয়ে থাকে।

**দ্বিতীয় অভিযোগ :** وَلَمْ يُسْنِدْهُ مِنْهُمْ أَحَدٌ إِلَّا الْأَوْزَاعِيُّ وَأَبَانُ الْعَطَّارِ عَنْ مَعْمَرٍ এই হাদীসকে কেবল আওযায়ী (র) ও আবান (র) মা'মার সূত্রে মুত্তাসিলরূপে বর্ণনা করেছেন। আর অন্যান্য রাবীগণ যথা- মালিক, সুফিয়ান, ইবনে ইসহাক প্রমুখ মুরসাল সূত্রে অর্থাৎ আবু হুরায়রা (রা) এর মাধ্যম বিলোপ করে বর্ণনা করেছেন।

**উত্তর :** ১. ইমাম মুসলিম, আবু দাউদ ও ইবনে মা'যা (র) ابنُ وَهْبٍ عَنْ يُونُسَ عَنِ الزُّهْرِى সনদেও এ হাদীসকে মুত্তাসিলরূপে বর্ণনা করেছেন। আর ইউনুস সিকা রাবী। অতএব তিনি আওযায়ী ও মা'মারের মুতাবি' হলেন। আল্লামা ইবনে আব্দুল বারর্ মালিকি (র) এর উক্তি মতে মুহাম্মদ ইবনে ইসহাক (র) ও তার মুতাবি'। অতএব মানতে হবে যে, যুহরী (র) এ হাদীসকে মাওসুল ও মুরসাল উভয়রূপে বর্ণনা করেছেন।

২. জুমহুরে মুহাদ্দিসীনের মতে মুরসাল হাদীসও গ্রহণযোগ্য। কাজেই কোনো প্রশ্ন নেই।

## بَابُ مَتَى يُؤْمَرُ الْغُلَامُ بِالصَّلٰوةِ ص٧٠

حَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ قَوْلُه قَالَ أَبُودَاوُدَ وَهَمَ وَكِيْعٌ فِىْ اِسْمِهِ وَرَوٰى عَنْه ابوداود الطَّيَالِسِيُّ هٰذا الحديثَ فقال ابو حَمزة سَوَّار الصَّيْرَفِىِّ

উদ্দেশ্য এই যে, সাওয়ার ইবনে দাউদ আবু হামযা ইবনে মুযানী সায়রাফী এর শিষ্য ইসমাইল সাওয়ার। অর্থাৎ সাওয়ার ইবনে দাউদ আবু হামযা বলেছেন। আর ওয়াকী' ভুলক্রমে তার বিপরীত দাউদ ইবনে সাওয়ার বলেছেন। যা ওয়াহাম বা ত্রুটি বিবেচিত। আর আবু দাউদ তায়ালিসী (র) আবু হামযা সাওয়ার ছায়রাফী বলেছেন; যার দ্বারা ওয়াকী (র) এর ওয়াহমে সহায়ক হয়। আর সাওয়ার যেহেতু সোনা-রূপার কাজ করতেন। এইজন্য তাকে সায়রাফীও বলা হয়।

www.e-ilm.weebly.com

## بَاب كَيْفَ الْأَذَانُ ص٧٨

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُوْرٍ قوله قَالَ ابوداود هٰكَذَا رِوَايَةُ الزُّهْرِى عَنْ سَعِيْدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ زَيْدٍ وقال فِيْهِ ابْنُ اسْحٰقُ عَنِ الزُّهْرِى اللّٰهُ اَكْبَرُ الخ

অর্থাৎ যেভাবে আব্দুল্লাহ ইবনে যায়েদ থেকে উল্লেখিত হাদীস محمد بن ابراهيم عن محمد بن عبد الله بن زيد এর সনদে বর্ণিত রয়েছে তদ্রূপ তিনি এটাকে بطريق زُهْرِى عن سعيدِ بْن المسيّب এর সনদেও বর্ণনা করেছেন। কিন্তু যুহ্‌রীর অন্যান্য শিষ্যগণের মধ্যে ইখতেলাফ রয়েছে। মুহাম্মদ ইবনে ইসহাক ৪ বার আল্লাহু আকবার এবং মা'মার ও ইউনুস কেবল ২ বার উল্লেখ করেছেন।

حَدَّثَنَا الحسنُ بْن علىٍّ قولُهُ قال أبوداود وَحديثُ مُسَدَّدٍ اَبْيَنُ قال فِيْه وعَلَّمَنِى الْاِقَامَةَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ .....قال ابوداود وَقَالَ عَبْدُ الرَّزَّاقِ وَاِذَا اَقَمْتَ الصَّلٰوةَ فَقُلْهَا مَرَّتَيْنِ

উদ্দেশ্য এই যে, পূর্বে উল্লেখিত মুসাদ্দাদের হাদীস আযানের শব্দের বর্ণনার ক্ষেত্রে অত্র হাসান ইবনে আলীর বর্ণিত হাদীস থেকে অধিক স্পষ্ট ও পূর্ণাঙ্গ। তবে মুসাদ্দাদের হাদীসে একামাতের শব্দসমূহ উল্লেখ নেই। আর হাসানের হাদীসে একামাতের শব্দসমূহও উল্লেখ রয়েছে। অতএব قال فيه এর মধ্যে قال এর ফায়েল হলো হাসান ইবনে আলী। অতপর একামাতের শব্দসমূহকে ইবনে জুরাইজের জনৈক শিষ্য আবু আসিম বিস্তারিতভাবে দুই দুইবার উল্লেখ করেছেন। তবে তাতে قَدْقَامَتِ الصَّلٰوةُ উল্লেখ করেননি। আর অন্য শিষ্য আব্দুর রাজ্জাক قَدقامتِ الصّلٰوةُ ছাড়া একামাতের ভিন্ন শব্দের আলোচনা কেবল সংক্ষেপরূপে বর্ণনা করেছেন। قد قامَتِ الصَّلٰوةُ কে বিস্তারিতরূপে বর্ণনা করেছেন। ত্বহাবী শরীফে আবু আসিমের সনদেও قَدْ قَامَتِ الصَّلٰوةُ এর আলোচনা রয়েছে। নাসায়ী শরীফে حجاج عن ابن جريج এর সনদে আল্লাহু আকবার ৪ বার উল্লেখ রয়েছে। (বাযযুল মাজহুদ, ১ম খণ্ড, ১৮৪ পৃষ্ঠা)

www.e-ilm.weebly.com

حَدَّثَنَا اِسْحٰقُ بْنُ عَلِيٍّ قوله كَذَا فِىْ كِتَابِهٖ فِىْ حَدِيْثِ اَبِىْ مَحْذُوْرَةَ ص٧٣

এই হাদীসের সনদে এক রাবী হলেন- হাম্মাম। তার সম্পর্কে মুহাদ্দিসগণের মতভেদ রয়েছে। যথা–

১. ইয়াহয়া কাত্তান প্রমুখ মুতলাকভাবে তাকে জয়ীফ আখ্যা দিয়েছেন।

২. আযালি, হাকিম, আহমদ, ইবনে মায়ীন প্রমুখ (র) মুতলাকভাবে তাকে সিকা বলেছেন।

৩. আবু হাতিম, আল্লামা সাজি (র) এর মতে এই বিশ্লেষণ রয়েছে যে, যদি হাম্মাম মুখস্থভাবে হাদীস বর্ণনা করেন তাহলে তা দলিলযোগ্য নয়। আর যদি পাণ্ডুলিপি দেখে বর্ণনা করেন তাহলে তা দলিলযোগ্য। শেষোক্ত উক্তি অধিক যুক্তিযুক্ত। এ কারণেই আবু দাউদ (র) অত্র হাদীসের স্বপক্ষে এবং তাকে শক্তিশালী প্রকাশ করার লক্ষ্যে বলেন- যদিও হাম্মাম এ হাদীসটি স্মৃতি থেকে বর্ণনা করেছেন। তবে তার পাণ্ডুলিপিতেও এই হাদীসটি এভাবেই রয়েছে। অতএব এটি দলিলযোগ্য। আর হাম্মামের এই কিতাবটি আবু মাহযুরা (রা) এর হাদীসসমূহের সমষ্টি ছিলো اَىْ فِى الْجُزْءِ الَّذِىْ فِيْهِ اَحَادِيْثُ اَبِىْ مَحْذُوْرَةَ নামাযের মধ্যে ৩ ধরনের পরিবর্তন হয়েছে। তার মধ্য হতে দুধরনের উল্লেখ সামনের হাদীসে রয়েছে। এবং তৃতীয় পরিবর্তনের বিষয়টি সামনের হাদীসে রয়েছে। সেটি এই–

১. প্রথমে জামাতের আযান সুনির্ধারিত ছিলো না, অতপর তা নির্ধারণ করা হয়।

২. প্রথমে যে রাকাতগুলি পড়া হয়ে গেছে মাসবুক সেগুলো আদায় করে নিতো। তারপর জামাতে শামিল হতো। কিন্তু পরবর্তীতে এ হুকুম মানসূখ হয়ে যায় এবং এ সিদ্ধান্ত হয় যে, যে অবস্থায় ইমামকে পাবে সে অবস্থায় জামাতে শরিক হয়ে যাবে। আর ছুটে যাওয়া নামায ইমামের সালাম ফেরানোর পরে আদায় করবে।

৩. কেবলা পরিবর্তন যা হিজরতের পরে সংঘটিত হয়েছে। ১৬ বা ১৭ মাস বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে নামায পড়া হয়। তারপরে হুকুম মানসূখ হয়ে কা'বা শরীফ কেবলারূপে সুনির্ধারিত হয়। তৃতীয় এ পরিবতনের উল্লেখ সামনের হাদীসে রয়েছে।

www.e-ilm.weebly.com

এভাবে রোযার মধ্যেও তিনবার পরিবর্তন সাধিত হয়। যথা–

১. প্রথমে প্রত্যেক মাসে ৩ রোযা এবং আশুরার রোযার আদেশ ছিলো। অতপর রমযানের রোজা ফরয হওয়ার পর এ হুকুম মানসূখ হয়ে যায়।

২. রমযানের রোজা ফরয হওয়ার পরে এখতিয়ার ছিলো যে, রোযা রাখতে সক্ষম এমন ব্যক্তি রোযা রাখতে পারে বা চাইলে ফিদিয়া দিতে পারে। ১ বছর পরে فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ আয়াত অবতীর্ণ হলে এ বিধান রহিত হয়ে যায় এবং রোযা রাখতে সক্ষম এমন ব্যক্তির জন্য রোযা রাখা আবশ্যিকরূপে ফরজ হয়ে যায়।

৩. শুরুতে রমযান মাসের রাতে ঘুমানোর বা ইশার নামাযের সময় হওয়ার পরে পানাহার ও সহবাস নিষিদ্ধ ছিলো। অতপর أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَى نِسَائِكُمْ আয়াত অবতীর্ণ হলে এ হুকুম রহিত হয়ে যায়। তদস্থলে সুবহে সাদেক পর্যন্ত রোযা ভঙ্গকারী কাজে লিপ্ত হওয়ার অনুমতি দেওয়া হয়।

قوله قال ابْنُ الْمُثَنّٰى قَالَ عَمْرٌو (اى ابن مرة) وَحَدَّثَنِىْ بِهَا حُصَيْنٌ عَنِ ابْنِ أَبِىْ لَيْلٰى حَتّٰى جَاءَ مُعَاذٌ قَالَ شُعْبَةُ وَقَدْ سَمِعْتُهَا مِنْ حُصَيْنٍ فَقَالَ لَاأَرَاهُ عَلٰى حَالٍ إِلٰى قَوْلِهِ كَذَالِكَ فَافْعَلُوْا ثُمَّ رَجَعْتُ إِلٰى حَدِيْثِ عَمْرِو بْنِ مَرْزُوقٍ قَالَ فَجَاءَ مُعَاذٌ فَاشَارُوْا إِلَيْهِ قَالَ شُعْبَةُ وَهٰذِهِ سَمِعْتُهَا مِنْ حُصَيْنٍ قَالَ فَقَالَ مُعَاذٌ لَا اَرَاهُ عَلٰى حَالٍ إِلَّا كُنْتُ عَلَيْهَا قَالَ فَقَالَ إِنَّ مُعَاذًا قَدْ سَنَّ لَكُمْ سُنَّةً كَذَالِكَ فَافْعَلُوْا ص٧٤

এর উদ্দেশ্য এই যে, ইবনে মুসান্না (র) এর উক্তি মতে হযরত আমর ইবনে মুররা এর এ হাদীস ইবনে আবু লায়লা থেকে মাধ্যমবিহীন লাভ হয়েছে এবং হুসাইনের মাধ্যমেও তিনি এটি লাভ করেছেন। হুসাইনের সনদ বিশিষ্ট হাদীসে فجاء এ শব্দ রয়েছে। আর ইবনে আবু লায়লার হাদীসে এবং আমর ইবনে মারযুকের হাদীসে فَجَاءَ مُعَاذٌ فَقَالَ مُعَاذٌ لَاأَرَاهُ عَلٰى حَالٍ

www.e-ilm.weebly.com

اِلَّا كُنْتُ عَلَيْهَا الخ শব্দ উল্লেখ নেই। অর্থাৎ حَتّٰى جَاءَ শব্দের স্থলে فَقَالَ مُعَاذٌ لَا اَرَاهُ এর স্থলে فَقَالَ لَا اَرَاهُ এবং فَجَاءَ রয়েছে। সামনে ইবনে মুসান্না বলেন যে, শো'বা (র)ও ২ উস্তাদের থেকে এই হাদীস লাভ করেছেন- ১. আমর ইবনে মুররা, ২. হোসাইন ইবনে আব্দুর রহমান সুলায়মী। এখানে হুসাইনের সনদ বিশিষ্ট হাদীসে حَتّٰى جَاءَ مُعَاذٌ الخ শব্দ রয়েছে। যেমন عَمْرُو بْنُ مُرَّةَ عَنْ حُصَيْنٍ عَنْ اَبِىْ لَيْلٰى এর সনদ বিশিষ্ট হাদীসে অতিবাহিত হয়েছে। সামনে ইমাম আবু দাউদ (র) বলেন যে, মূলত আমর ইবনে মারযুকের হাদীস চলছিলো। এর মাঝে ইবনে মুসান্না এর কিছু অংশ এসে গেছে। এখন আমরা পুনরায় পূর্বের হাদীসের দিকে রুজু করছি। যা شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنِ ابْنِ اَبِىْ لَيْلٰى এর সনদে বর্ণিত। বাকী شُعْبَةُ عَنْ حُصَيْنٍ عَنِ ابْنِ اَبِىْ لَيْلٰى এর সনদে এখানে হাদীস উল্লেখ নেই। অবশ্য فَاَشَارُوْا اِلَيْهِ বিশিষ্ট বাক্য شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ সনদের স্থলে উল্লেখ রয়েছে। যেমন আবু দাউদ (র) বলেন- قَالَ شُعْبَةُ وَهٰذِهِ سَمِعْتُهَا مِنْ حُصَيْنٍ

## بَابُ مَا يَجِبُ عَلَى الْمُؤَذِّنِ مِنْ تَعَاهُدِ الْوَقْتِ ص٧٧

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ قَوْلُهُ قَالَ وَلَا اُبَالِىْ اِلَّا قَدْ سَمِعْتُهُ مِنْهُ عَنْ اَبِىْ هُرَيْرَةَ

অর্থাৎ প্রথমত আ'মশ বলেন যে, এই হাদীসটি আমি জনৈক ব্যক্তির মাধ্যমে আবু সালেহর থেকে লাভ করেছি। অতপর বলেন আমার ধারণা এই যে, সরাসরি এই হাদীসটি আবু সালেহ থেকে শুনেছি। কাজেই সম্ভাবনা আছে যে, আ'মাশ প্রথমে এই হাদীসটি আবু সালেহ থেকে শুনেছিলেন। এরপর তার এ সম্পর্কে সন্দেহ সৃষ্টি হয়। এই কারণেই দ্বিতীয়বার আবু সালেহর কোনো শিষ্য থেকে তা শ্রবণ করেন। অথবা প্রথমে অন্যকারো থেকে শুনেছিলেন। এরপর স্বয়ং আবু সালেহ থেকে মাধ্যমবিহীন শ্রবণ করেছিলেন।

www.e-ilm.weebly.com

## بَابُ فِى الْأَذَانِ قَبْلَ دُخُوْلِ الْوَقْتِ ص٧٩

قولُه قال ابُوداود هٰذَا الْحَدِيْثُ لَمْ يَرْوِهُ عَنْ اَيُّوْبَ اِلَّا حَمَّادُ بْنُ سَلَمَةَ এর দ্বারা মূলত উল্লেখিত হাদীসের উপর অভিযোগ করেছেন যে, হাম্মাদ ইবনে সালামা আইয়ুব সূত্রে বর্ণিত এ হাদীসটি মারফু হওয়ার ক্ষেত্রে তিনি মুনফারিদ বা একক ব্যক্তি। কেবল তিনি এটাকে রাসূলুল্লাহ (স) এর যুগের ঘটনা বর্ণনা করেছেন যা, হযরত বেলাল (রা) সংশ্লিষ্ট। আর অন্যান্য রাবীগণ উবায়দুল্লাহ নাফে সূত্রে এবং সালেম ইবনে ওমর সূত্রে এই হাদীসকে ওমর (রা) এর যুগের উপর মওকূফ বলে বর্ণনা করেছেন। যা ওমর (রা) এর মুয়াজ্জিন সংশ্লিষ্ট। যেমন সামনের হাদীসে উল্লেখ রয়েছে। ইমাম আবু দাউদ (র) এটাকে অতিরিক্ত দুটি রেওয়ায়েত দ্বারা শক্তিশালী করে বলেন وَهٰذَا اَصَحُّ مِنْ ذَاكَ যে এই হাদীসটি মওকূফ হওয়া তার উল্লেখিত মারফু হওয়ার চাইতে অধিক বিশুদ্ধ। অতএব হানাফীগণের উক্তি সময় হওয়ার পূর্বে আযান জায়েয না হওয়ার দলিল পেশ করা দূরস্ত নয়।

**উত্তর :** ১. হাম্মাদের দুজন মুতাবি' রয়েছে- ১. সাঈদ ইবনে যুরবা আইয়ুব সূত্রে, ২. মা'মার আইয়ুব সূত্রে (দারকুতনী) উপরন্তু ঐ হাদীসের একটি সুস্পষ্ট ও বিশুদ্ধ শাহিদ তথা সহায়ক বিদ্যমান রয়েছে। তা এই যে–

سَعِيْدُ بْنُ اَبِىْ عَرُوْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ اَنَسٍ اَنَّ بِلَالًا اَذَّنَ قَبْلَ الْفَجْرِ فَاَمَرَهُ النَّبِىُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسلم اَنْ يَّصْعَدَ فَيُنَادِىْ اَنَّ الْعَبْدَ نَامَ ـ

২. হাফিয ইনে হাজর (র) বলেন শীর্ষস্থানীয় মুহাদ্দিসগণ যথা- বুখারী, আলী ইবনে মাদীনী প্রমুখ (র) আইয়ুব সূত্রে হাম্মাদের বর্ণনাকে যে, ভুল আখ্যা দিয়েছেন বস্তুত ভুল আখ্যা দেয়াটাই ভুল। এরপর হাফিয ইবনে হাজর (র) বলেন– এই বর্ণনাটি ৬টি সনদসূত্রে বর্ণিত আছে। যার দরুন ইবনে উমরের হাদীসটি এক পর্যায়ে মারফু ও মুত্তাসিল হওয়া শক্তিশালী হয়ে যায়।

৩. উল্লেখিত হাদীসটি মুত্তাসিল ও মারফু হওয়া এক অতিরিক্ত বিষয়। আর সিকা রাবীর অতিরিক্ত বিষয় গ্রহণযোগ্য।

৪. যদি এ কথা মেনেও নেয়া হয় তথাপি হাদীসটি মাওকূফ। আর মাওকূফ হাদীস দলিলযোগ্য।

www.e-ilm.weebly.com

## بَابٌ فِى الصَّلٰوةِ تُقَامُ وَلَمْ يَاتِ الْاِمَامُ الخ ص٧٩

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ اِبْرَاهِيْمَ: قوله قال ابوداود هٰكذا رَواه ايوبُ وحَجّاجُ الصَّوَافُ الخ

অর্থাৎ ইয়াহয়া ইবনে আবু কাছীরের ৩জন শিষ্য- ১. আবান, ২. আইয়ুব, ও ৩. হাজ্জাজ সাওয়াফ من শব্দ বলেছেন। আর হিশাম দস্তওয়াই (র) এর বিপরীতে كتب الى يحى বলেছেন। যার দ্বারা স্পষ্ট বোঝা যায় যে, হিশাম এ হাদীসটি সরাসরি ইয়াহয়া থেকে শুনেননি।

حَدَّثَنَا اِبراهِيْمُ بْنُ مُوْسٰى: قوله قَال ابوداود وَلَمْ يَذْكُرْ قَدْ خَرَجْتُ اِلَّا مَعْمَرُ الخ

সারকথা এই যে, قدخرجت ভাষ্যটি শুধু মা'মার সূত্রে ঈসা বর্ণনা করেছেন। আর মা'মার থেকে ইবনে উইয়াইনা এভাবে ইয়াহয়া এর অন্যান্য শিষ্যগণ অতিরিক্ত অংশ বর্ণনা করেননি। কিন্তু ইমাম মুসলিম (র) বলেন যে, ইসহাক ইবনে ইব্রাহীমের বর্ণনায় হাদীসের মধ্যে এ অতিরিক্ত অংশ বিদ্যমান রয়েছে। কাজেই আবু দাউদ (র) এর এ সীমিতকরণ দাবী সঠিক নয়। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ৩০৮ পৃষ্ঠা)

## بَابُ التَّشْدِيْدِ فِىْ ذَالِكَ ص٤

قوله قال ابوداود رَواه اِسْمَاعِيْلُ بْنُ اِبْرَاهِيْمَ عَنْ اَيُّوبَ عَنْ نَافِعٍ قَالَ قال عُمَرُ وَهٰذا اَصَحُّ

এর সারকথা এই যে, আইয়ুবের জনৈক শিষ্য আব্দুল ওয়ারিস উল্লেখিত হাদীসকে মারফু ও মুত্তাসিলরূপে বর্ণনা করেছেন যে, তিনি এটাকে নবী করীম (স) এর উক্তি সাব্যস্ত করেছেন। উপরোক্ত নাফে'র পরে ইবনে উমরের মাধ্যম উল্লেখ করেছেন। আর অপর শিষ্য ইসমাইল ইবনে ইব্রাহীম এটাকে মাওকুফ ও মুনকাতিরূপে বর্ণনা করেছেন। তিনি لوتركنا অংশকে ওমর (রা) এর উক্তি স্থির করেছেন। তিনি নাফে'র পরে ইবনে ওমরের মাধ্যম উল্লেখ করেননি। অতএব আব্দুল ওয়ারিস ও ইসমাইলের মাঝে দুটি বিষয়ে ইখতেলাফ হলো– সামনে আবু দাউদ (র) বলেন যে, ইসমাইলের হাদীস অধিক বিশুদ্ধ। কারণ হাদীসটি মারফু নয় বরং মাওকুফ।

www.e-ilm.weebly.com

## بَابُ السَّعْىِ اِلَى الصَّلٰوةِ ص٨٤

قولُه قال ابوداود كَذَا قال الزُّبَيْدِىُّ وابنُ اَبِى ذِئْبٍ الخ

এর দ্বারা উদ্দেশ্য এই যে, وَمَافَاتَكُمْ فَاَتِمُّوْا শব্দ দুকারণে প্রাধান্যযোগ্য- ১ম কারণ ইবনে শিহাব যুহ্‌রী (র) এটাকে ইউনুস, যুবাইদী, ইবনে আবি যি'ব, ইব্রাহীম ইবনে সা'দ, মা'মারও শোয়াইব ইবনে আবি হামযা এই ৬জন বর্ণনা করেছেন। তারা فَاقْضُوْا শব্দ বলেননি। এর বর্ণনায় কেবল ইবনে উইয়াইনা একক ব্যক্তি।

**উত্তর :** এই যে, ইমাম ত্বহাবী (র) ইবনে শিহাব যুহ্‌রীর শিষ্য ইবনুল হাদ থেকে فَاقْضُوْا শব্দ উল্লেখ করেছেন। কাজেই ইবনে উইয়াইনা এক্ষেত্রে মুনফারিদ নয়।

**দ্বিতীয় কারণ :** আবু সালামা থেকে যুহ্‌রীর ন্যায় মুহাম্মদ ইবনে আমর এবং আবু হুরায়রা (রা) থেকে সাঈদ ইবনে মুসায়্যব ও আবু সালামার ন্যায় আ'রাজ জা'ফর ইবনে রবিয়ার সনদেও এভাবে নবী করীম (স) থেকে আবু হুরায়রা (রা) এর ন্যায় ইবনে মা'সউদ, আবু কাতাদা ও আনাস (রা) তিনোজন فَاَتِمُّوْا উল্লেখ করেছেন।

**উত্তর :** সামনে আসছে যে, (১) আবু সালামা থেকে সাঈদ ইবনে ইব্রাহীম এবং (২) আবু হুরায়রা (রা) থেকে ইবনে সীরীন ও আবু রাফে এবং (৩) নবী করীম (স) থেকে এক বর্ণনার আলোকে আবু যার (রা)ও فَاقْضُوْا উল্লেখ করেছেন।

## بَابُ مَنْ أَحَقُّ بِالْاِمَامَةِ ص٨٦

حَدَّثنا ابنُ مُعاذٍ:قولُه قَالَ فِيه ولايَؤُمُّ الرَّجُلُ الرَّجُلَ قَال ابوداود وكَذا قَالَ يَحْيَى الْقَطَّان عَنْ شُعْبَةَ اَقْدَمُهُمْ قِرَاءَةً অর্থাৎ শো'বার জনৈক শিষ্য আবুল ওলীদ তয়ালিসি ولايُؤَمُّ الرَّجُلُ শব্দ মাজহুলের সীগা দ্বারা বর্ণনা করেছেন। তার মধ্যে শুধু নায়িবে ফায়িল উল্লেখ রয়েছে। আর অপর শিষ্য মুআজ ইবনে মুআজ ইবনে নছর ولايَؤُمُّ الرَّجُلُ الرَّجُلَ মা'রূফ শব্দ উল্লেখ

www.e-ilm.weebly.com

করেছেন। তার মধ্যে ফায়েল ও মাফউল উভয়ের বর্ণনা রয়েছে। সামনে বলেন যে, আবুল ওলীদ ও মু'আজের ন্যায় ইয়াহয়া কাত্তান শো'বার তিনোজন শিষ্য اَقْدَمُهُمْ قِرَاءَةً বর্ণনা করেছেন। اَكْثَرُهُمْ قِرَاءَةً শব্দ উল্লেখ করেননি। এর দ্বারা উদ্দেশ্য হলো هذا শব্দের শক্তি যোগান।

حَدَّثَنَا النُّفَيْلُ:قولُه قال ابُوداود وَرَواه يَزِيْدُ بْنُ هَارُوْنَ عَنْ مِسْعَرِبْنِ حَبِيْبٍ عَنْ عُمَرِو بْنِ سَلَمَةَ قَالَ الخ

এর উদ্দেশ্য এই যে, মিসআর ইবনে হাবীবের এক শিষ্য ওয়াকী' আমর ইবনে সালামার পরে عن ابيه এর মাধ্যম উল্লেখ করেছেন। তবে তার অন্য শিষ্য ইয়াযীদ ইবনে হারুন এই মাধ্যম উল্লেখ করেন নি। কাজেই ওয়াকী'র বর্ণনা দ্বারা বোঝা গেলো যে, আমর ইবনে সালামা এ কাফেলার সাথে ছিলেন না। বরং তিনি এটাকে তার পিতা থেকে শুনেছেন। আর ইয়াযীদের বর্ণনা আমর ইবনে সালামার কাফেলার সাথে উপস্থিতি ও অনুপস্থিতি উভয়ের সম্ভাবনা রয়েছে। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ৩০১ পৃষ্ঠা)

## بَابُ الْاِمَامِ يُصَلِّىْ مِنْ قُعُوْدٍ ص৮৮

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ اٰدَمَ الْمَصِيْصِىُّ:قولُه قَالَ ابُوْ داود هٰذِهِ الزِّيَادَةُ وَاِذَا قَرَأَ فَاَنْصِتُوا لَيْسَتْ بِمَحْفُوْظَةٍ الْوَهْمِ عِنْدَنَا مِنْ اَبِىْ خَالِدٍ ص৮৯

এর দ্বারা উল্লিখিত হাদীসের উপর একটা অভিযোগ করা হয়েছে যে, وَاِذَا قَرَءَ فَاَنْصِتُوْا এর অতিরিক্ত বর্ণনাটি সংরক্ষিত নয়। বরং খালেদের শাজ ও ওয়াহাম। অতএব এর দ্বারা ইমামের পেছনে কেরাত পরিত্যাগ করার উপর দলিল পেশ করা বিশুদ্ধ নয়।

**উত্তর :** হাফেয মুঞ্জেরি (র) স্বীয় মুখতাছার গ্রন্থে লেখেন– এ ব্যাপারে মন্তব্য রয়েছে। কেননা আবু খালেদ সহীহ মুসলিম ও বুখারীর রাবী ছিলেন। অতএব সিকা রাবীর অতিরিক্ত বর্ণনা গ্রহণযোগ্য। উপরন্ত তিনি এ ক্ষেত্রে মুনফারিদ নন। বরং ১. আবু সাঈদ মুহাম্মদ ইবনে সা'দ তার মুতাবি'

www.e-ilm.weebly.com

রয়েছে। এছাড়াও আবুল খালিদ এর অতিরিক্ত ২টি মুতাবি' ১. হাসান ইবনে ইব্রাহীম ও ২. ইসমাঈল ইবনে আবান (বায়হাকী ও দারকুতনীর মতে) বিদ্যমান রয়েছে। আর ইবনে আজলানেরও দুটি মুতাবি' রয়েছে। ১. يَحْيٰى بْنِ عَلَاءِ رَازِى عَنْ زيد بْنِ اَسْلَمَ এবং ২. خَارِجَةَ بْنِ مُصْعَبٍ عَنْ زَيْدِبْنِ اَسْلَمَ এছাড়া এই হাদীসটি (১) যুহ্রীর সনদে আনাস (রা) থেকে এবং (২) যুহ্'রীর সনদে ওমর ইবনুল খাত্তাব (রা) থেকেও উল্লেখ রয়েছে। কাজেই বর্ধিত এই অংশের মোট ১২টি সনদ হলো। এগুলোর মধ্য হতে কোনোটি বিশুদ্ধ কোনোটি দুর্বল। কিন্তু সনদের আধিক্যতা দুর্বলতার ত্রুটি দূরিভূত করে। যেমন আবু মূসা (রা) এর হাদীসটি ৪ সনদে বর্ণিত। ১. সুলায়মান তায়মী (মুসলিম (র) এর মতে) ২. সাঈদ ইবনে আবু আরুবা, ৩. উমর ইবনে আমির (দারকুতনী বায়হাকী ও বাযযার এর বর্ণনা মতে), ৪. কাতাদা (রা) থেকে আবু উবায়দা বর্ণিত।

আবু উইয়াইনার মতে আবু হুরায়রা (রা) এর বর্ণিত এই অনুচ্ছেদের হাদীসটির ৬টি সনদ রয়েছে। আবু খালিদ, আবু সাঈদ, হাসসান, ইসমাইল, ইয়াহয়া, ইবনে আলা ও খারিজা ইবনে মুসআব। আর দুটি সনদ রয়েছে হযরত যুহরী এর আনাস (রা) থেকে বর্ণিত। অপরটি ওমর (রা) থেকে বর্ণিত। সুতরাং মোট ১২টি সনদ হলো (সংক্ষিপ্ত; বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ৩৩৮ পৃষ্ঠা)

## بَابُ مَايُؤْمَرُ بِهِ الْمَأْمُوْمُ مِنْ اِتِّبَاعِ الْاِمَامِ ص٩١

قولـه قال ابـو داود قَالَ زُهَيْرٌ ثنا الْكُوْفِيُّوْنَ اَبَانٌ وغَيْرُهٗ عَنِ الْحَكَمِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ ابى لَيْلٰى الخ

এর দ্বারা মুসান্নিফ (র) এর উদ্দেশ্য এ দুটি বিষয় বর্ণনা করা- ১. যুহাইর ও হারুনের ভাষ্যের ইখতেলাফ বর্ণনা করা। হারুন ইবনে মা'রূফ এই হাদীসকে সুফিয়ান ইবনে উইয়াইনার মাধ্যমে কেবল আবান ইবনে তাগলিব থেকে রেওয়ায়েত করেছেন। ২. যুহাইর ইবনে হরব সুফিয়ান (র) এর মাধ্যমে আবান ইত্যাদি বিভিন্ন কুফী মুহাদ্দিস থেকে উল্লেখ করেছেন।

**একটি প্রশ্নের উত্তর :** প্রশ্নটি এই যে, আবান (র) এ হাদীসের সনদে হাফিয মুতকিনগণের বিরোধিতা করেছেন। কারণ হাকামের মাধ্যমে তিনি

www.e-ilm.weebly.com

এটাকে আব্দুর রহমান ইবনে আবু লায়লা থেকে বর্ণনা করেছেন। আর অন্যান্য ব্যক্তিগণ ইবনে আবু লায়লার স্থলে আব্দুল্লাহ ইবনে খুতামি এর নাম উল্লেখ করেছেন।

উত্তরের সার এই যে, এর মধ্যে আবান মুনফারিদ নন। বরং এই হাদীসটি তিনি ছাড়া অন্যান্য কয়েকজন কুফি মুহাদ্দিস ইবনে আবু লায়লা থেকে বর্ণনা করেছেন। অতএব আবানের বর্ণনা গায়রে মাহফুজ নয়। ফলাফল এই যে, এই হাদীসটি ইবনে আবু লায়লা ও ইবনে ইয়াযীদ উভয়ের থেকে বর্ণিত হয়েছে। (বাযলুল মাজহুদ, ১ম খণ্ড, ৩৪৮ পৃষ্ঠা)

## بَابُ فِىْ كَمْ تُصَلِّى الْمَرْاَةُ ص٩٤

قولُه قالَ أبوداود وَرَوٰى هٰذا الحَدِيثَ مالكُ بْنُ أنَسٍ الخ

এর দ্বারা আবু দাউদ (র) বলতে চান যে, মুহাম্মদ ইবনে যায়েদ থেকে আব্দুর রহমান ইবনে আব্দুল্লাহ ইবনে দীনার উল্লেখিত হাদীসটি মারফু' সূত্রে বর্ণনা করেছেন। আর অন্যান্য সিকা রাবীগণ যথা মালিক, বকর ইবনে মুজার, হাফস ইবনে গিয়াস, ইসমাইল ইবনে জা'ফর, ইবনে আবি যিব, ইবনে ইসহাক এই ৬জন এটাকে মুহাম্মদ ইবনে যায়েদ থেকে উম্মে সালামার উপর মাওকুফ সূত্রে বর্ণনা করেছেন। অতএব এর মারফু' হওয়াটা শাজ এবং আব্দুর রহমান এর একক বর্ণনা।

## بَابُ ألسَّدْلِ فِى الصَّلٰوةِ ص٩٤

قولُه قال ابوداود رواه عَسَلٌ عَنْ عَطاءٍ ..... عن أبى هُريرة اَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عليه وسلّم نَهٰى عَنِ السَّدْلِ فِى الصَّلٰوةِ

এর দ্বারা উদ্দেশ্য এই যে, সদল বিশিষ্ট উল্লেখিত হাদীস যেভাবে সুলায়মান আহওয়াল মারফু সূত্রে বর্ণনা করেছেন। এভাবে ইসল (র)ও মারফুরূপে বর্ণনা করেছেন। সুতরাং ইমাম আহমদ (র) যে হাদীসকে জয়ীফ বলেছেন তা সঠিক নয়।

**প্রশ্ন :** মুহাম্মদ ইবনে ঈসা বিশিষ্ট হাদীস দ্বারা বোঝা যায় যে, আতা সাধারণত গোড়ালির নিচে কাপড় পরতেন। এর দ্বারা তার হাদীসটি জয়ীফ

www.e-ilm.weebly.com

হওয়া অপরিহার্য হয়। কেননা রাবীর নিজ রেওয়ায়াতের পরিপন্থী আমল করা তা জয়ীফ হওয়ার দলিল।

**উত্তর :** ১. তার কাছে গোড়ালির নিচে কাপড় পরা নিষিদ্ধ হওয়া ঐ ক্ষেত্রে যখন কোর্তা ও ইয়ার (লুঙ্গি) পরিহিত না হবে। আর আতা (র) এর কাপড় ঝুলিয়ে রাখাটা ইয়ার ও কোর্তা পরিহিত অবস্থায় ছিলো।

২. সম্ভবত তিনি এ হাদীস ভুলে গিয়েছিলেন।

৩. তার কাছে গোড়ালির নিচে কাপড় ঝুলিয়ে রাখা অহংকার বা গর্বের কারণে হলে নিষিদ্ধ ছিলো। অর্থাৎ তাঁর ব্যক্তিগত আমলটি অহংকারের উপর ভিত্তি করে ছিলো না।

## بَابُ الصَّلٰوةِ عَلَى الْحَصِيْرِ ص٩٦

قولُه بِمَعْنَى الْإِسْنَادِ والْحَدِيْثِ অর্থাৎ উবায়দুল্লাহ, ও উসমান ইবনে আবু শায়বা উভয়ে হাদীসের সনদ ও মতনে একইরূপ উল্লেখ করেছেন।

## بَابُ الْخَطِّ إِذَا لَمْ يَجِدْ عَصَا ص١٠٠

حَدَّثَنَا محمَّدُ بْنُ يَحْيٰى: قولُه قال سُفيانُ ولَمْ نَجِدْ شَيْئًا نَشُدُّ بِهٖ هٰذَا الْحَدِيْثَ وَلَمْ يَجِئْ إِلَّا مِنْ هٰذَا الْوَجْهِ الخ

সুফিয়ান (র) বলেন– আমি এমন কোনো দলিল পাইনি যা এই হাদীসকে সুদৃঢ় করবে। এই হাদীস শুধু এই সনদে বর্ণিত রয়েছে। আলী ইবনে মাদীনী বলেন- আমি সুফিয়ান ইবনে উইয়াইনার কাছে জিজ্ঞেস করলাম যে, মানুষেরা আবু মুহাম্মদ সম্পর্কে ভিন্নরূপ মন্তব্য করে থাকে। (কেউ আবু আমর ইবনে মুহাম্মদ ইবনে হুরাইস বলেছেন- যেমন বশির ইবনে মুগাফফাল বলেছেন। আর কেউ কেউ আবু মুহাম্মদ ইবনে আমর ইবনে হুরাইস বলেছেন। যেমন সুফিয়ান বলে থাকেন।) এরপর তিনি সামান্য চিন্তা করে বললেন যে, আমার তো আবু মুহাম্মদ ইবনে আমরই স্মরণ রয়েছে।

ইমাম সুফিয়ান বললেন– জনৈক ব্যক্তি ইসমাইল ইবনে উমাইয়রের ইন্তেকালের পরে কুফা নগরে এসেছিলেন। তিনি এসে আবু মুহাম্মদকে

www.e-ilm.weebly.com

খোঁজ করছিলেন। এক পর্যায়ে তিনি তার সাথে সাক্ষাৎ করে এ ব্যাপারে তাকে প্রশ্ন করলেন– সে সময় হাদীসটি তার নিকট এলোমেলো হয়ে গিয়েছিলো। আবু দাউদ (র) বলেন– আহমদ ইবনে হাম্বল থেকে আমি বিভিন্নবার রেখা টানার ব্যাপারে শুনেছি যে, তা প্রস্থে হবে।

হেলালের ন্যায় আবু দাউদ (র) বলেন যে, মুসাদ্দাদ (র) ইবনে দাউদের বরাতে বলেছেন যে, রেখা দৈর্ঘ্যে অঙ্কন করতে হবে।

## بَابُ مَايَقْطَعُ الصَّلٰوةَ ص١٠٢

حَدَّثَنَا كَثِيْرُ بْنُ عُبَيْدَةَ:قولُه قَالَ ابوداود وَرَوَاهُ اَبُوْ مُسْهِرٍ عَنْ سَعِيْدٍ قَالَ فِيْهِ قَطَعَ صَلاَتَنَا

এর সারকথা এই যে, সাঈদ ইবনে আব্দুল আজিজের এক শিষ্য ওয়াকী (র) اللهم اقطع اثره শব্দ এবং অন্যান্য শিষ্য যেমন আবু হাবওয়া এবং আবু মুসহির قطع صلاتنا বলেছেন।

## بَابُ مَنْ قَالَ الْمَرْأَةُ لاَ تَقْطَعُ الصَّلٰوةَ ص١٠٢

قولُه قال ابو داود رَوَاه الزُّهْرِى وعَطاءٌ وابوبكر بْنِ حَفْصٍ الخ

এ কথার দ্বারা আবু দাউদ (র) উদ্দেশ্য এই যে, সাঈদ ইবনে ইব্রাহীমের উল্লেখিত রেওয়ায়েতে وانا حائض শব্দ শাজ। কেননা সিকা এক দল মুহাদ্দিস যথা যুহ্‌রী, আতা, আবু বকর ইবনে হাফস, হিশাম ইবনে উরওয়া, ইরাক ইবনে মালিক, আবুল আসওয়াদ, তামিম ইবনে সালামা এ সাতজনের কেউই শব্দটি উল্লেখ করেননি। এভাবে উরওয়ার এর ন্যায় ابراهيمُ عَنْ الْاَسْوَدِ عَنْ عَائِشَةَ এবং ابو الضُّحٰى عَنْ مُسْرُوقٍ عَنْ عَائِشَةَ এবং قاسِمُ بْنُ محمّدٍ وابوْ سَلَمَةَ عَنْ عَائِشَةَ ও এ শব্দ উল্লেখ করেননি। কাজেই এটি মাহফুজ নয়।

www.e-ilm.weebly.com

## بَابُ مَنْ قَالَ لَايَقْطَعُ الصَّلٰوةَ شَيْءٌ ص١٠٤

قَوْلُه قَالَ ابوداود اِذَا تَنَازَعَ الْخَبَرَانِ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ نُظِرَ اِلٰى مَاعَمِلَ بِهٖ اَصْحَابُهٗ مِنْ بَعْدِهٖ

এ ভাষ্য দ্বারা আবু দাউদ (র) নিজ মাজহাবের প্রতি ইশারা করেছেন যে, নামাযের সামনে দিয়ে কোনো কিছুর অতিক্রম করা নামায বিনষ্ট করে না। কারণ এ মাসআলায় বিশুদ্ধ মারফু হাদীস পরস্পরে সাংঘর্ষিক। কোনটি দ্বারা কোনো কিছুর অতিক্রমে নামায বিনষ্ট হওয়া এবং কোনোটি দ্বারা বিনষ্ট না হওয়া বোঝা যায়। অতএব এখন আমরা সাহাবায়ে কেরাম (রা) এর ঐ সকল আমল ও ফতওয়ার দিকে মনোনিবেশ করবো যা তারা নবী করীম (স) এর পরে প্রকাশ করেছেন। আর দেখা যায় সাহাবায়ে কেরামের আমল ও ফতওয়া নামায নষ্ট না হওয়ার স্বপক্ষে। যেমন ইবনে আব্বাস (রা) যিনি নামায বিনষ্ট হওয়ার রাবী তার ফতওয়ার দৃষ্টিতে নামাযের সামনে দিয়ে গাধা, কুকুর, ও মহিলা অতিক্রম করার দ্বারা নামায বিনষ্ট হয় না। যেমন পূর্বের রেওয়ায়েতসমূহে অতিবাহিত হয়েছে। এভাবে ইবনে ওমরের উক্তি لَايَقْطَعُ صَلٰوةَ الْمُؤْمِنِ شَيْءٌ (বায়হাকী)

একইরূপে উসমান আলী ও হুযায়ফা (রা) থেকে নামায বিনষ্ট না হওয়ার কথাও উল্লেখ রয়েছে। সুতরাং বোঝা গেলো যে, অন্যান্য কতিপয় সাহাবায়ে কেরাম যেমন আবু হুরায়রা, আনাস ও আবু যার প্রমুখ (রা) যারা কোনো কিছুর অতিক্রমের দ্বারা নামায বিনষ্ট হওয়ার প্রবক্তা। এর দ্বারা তাদের উদ্দেশ্য হলো নামাযের একাগ্রতা নষ্ট হওয়া। অন্যথায় এ সকল ব্যক্তি থেকে নামাযের সামনে দিয়ে কোনো কিছুর অতিক্রম করলে নামায দোহরানোর আমল বা নির্দেশ অবশ্যই প্রমাণিত থাকতো। অথচ এমনটি পাওয়া যায় না। সুতরাং প্রতীয়মান হয় যে, তাদের উদ্দেশ্য হলো নামাযের একাগ্রতা বিনষ্ট হওয়া।

## بَابُ تَفْرِيْعِ اِسْتِفْتَاحِ الصَّلٰوةِ ص١٠٤

اَىْ هٰذَا بَيَانُ فُرُوْعِ اِفْتِتَاحِ الصَّلٰوةِ الْمُتَفَرِّعَةِ عَلَى الْأَبْوَابِ الْمُتَقَدِّمَةِ فِى الصَّلٰوةِ

www.e-ilm.weebly.com

## بَابُ رَفْعِ الْيَدَيْنِ ص١٠٣

قولُه قال ابوداود رَوٰى هٰذَا الْحَدِيْثَ هَمَّامٌ عَنِ ابْنِ جَحَادَةَ لَمْ يَذْكُرِ الرَّفْعَ مَعَ الرَّفْعِ مِنَ السُّجُوْدِ

এর দ্বারা মতনের ইখতেলাফ বর্ণনা করা উদ্দেশ্য যে, মুহাম্মদ ইবনে জাহাদা এর এক শিষ্য আব্দুল ওয়ারিস সাজদার থেকে মাথা উত্তোলনের সময় রফ'ই ইয়াদাইন এর কথা উল্লেখ করেছেন। কিন্তু তার অপর শিষ্য হাম্মাম রফ'ই ইয়াদাইন এর অংশটি উল্লেখ করেননি।

## بَابُ اِفْتِتَاحِ الصَّلٰوةِ ص١٠٥

حَدَّثَنَا احمدُ بْنُ حَنْبَلٍ: قولُه قال ابوداود رَوٰى هٰذَا الْحَدِيْثَ عُتْبَةُ بْنُ اَبِىْ حَكِيْمٍ ... لَمْ يَذْكُرِ التَّوَرُّكَ وَذَكَرَ نَحْوَ حَدِيْثِ فُلَيْحٍ الخ ص١٠٧

এর দ্বারা মতনের ইখতেলাফের প্রতি ইশারা করেছেন যে, আব্দুল হামিদ ইবনে জা'ফর এবং মুহাম্মদ ইবনে আমর ইবনে হারমলা আবু হুমাইদ সাঈদী এর হাদীসে শুধু শেষ বৈঠক এবং হাসান ইবনে হুর শুধু দুই সাজদার মাঝে تورك উল্লেখ করেছেন। উভয় বৈঠকেও দুই সাজদার মাঝের বৈঠকে (تورك) উল্লেখ করেননি। উতবা ও ফুলাইহ মোটেই تورك উল্লেখ করেননি। উভয় বৈঠকে দুই সাজদার মাঝে এবং দ্বিতীয় সাজদার পরে বসার সময় কোথাওনা। সামনে মুসান্নিফ (র) বলেন যে,

وَذَكَرَ الْحَسَنُ بْنُ الْحُرِّ نَحْوَ جَلْسَةِ حَدِيْثِ فُلَيْحٍ وعُتْبَةَ

অর্থাৎ হাসান ইবনে হুর যদিও দু সাজদার মাঝে تورك উল্লেখ করেছেন। কিন্তু উভয় বৈঠক ও দ্বিতীয় সাজদার পরের বৈঠকে ফুলাইহ ও উতবার ন্যায় তারাও تورك বর্ণনা করেননি। এর দ্বারা এ ফলাফল বের হলো যে, আব্দুল হুমাইদ ও মুহাম্মদ ইবনে আমরের খেলাফ হাসান, ফুলাইহ ও উতবা তিনোজন দ্বিতীয় বৈঠকের শেষে تورك করতেন না।

www.e-ilm.weebly.com

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ:قولُه قال ابوداود ورواه اِبْنُ الْمُبَارَكِ اَنَّا فُلَيْحٌ سَمِعْتُ عَبَّاسَ بْنَ سَهْلٍ يُحَدِّثُ فَلَمْ اَحْفَظْهُ

এর প্রবক্তা হলেন– ফুলাইহ فَحَدَّثَنِيْهِ اَرَاهُ ذَكَرَ عِيْسَى بْنَ عَبْدِ اللّٰهِ اَنَّهُ سَمِعَهُ مِنْ عَبَّاسِ بْنِ سَهْلٍ قَالَ حَضَرْتُ اَبَا حُمَيْدٍ السَّاعِدِيَّ

এটা ফুলাইহ এর উক্তি। অর্থাৎ ফুলাইহ বলেন যে, প্রথমে আব্বাস ইবনে সহল থেকে সরাসরি এ হাদীস লাভ করেছি। তখন আমার কাছে হাদীসটি মাহফুজ ছিলো না। এরপর আমি ঈসা ইবনে আব্দুল্লাহ থেকে শুনেছি। তিনি এটাকে আব্বাস ইবনে সহলের মাধ্যমে আবু হুমাইদ সায়েদী থেকে বর্ণনা করেছেন। এর দ্বারা বোঝা গেলো যে, اراه এর উক্তি ইবনে মুবারকের। তিনি বলেন আমার ধারণায় ফুলাইহ নিজ উস্তাদের নাম ঈসা ইবনে আব্দুল্লাহই উল্লেখ করেছেন। বাকী আল্লাহই সর্বজ্ঞ।

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ:قَوْلُهُ قَالَ ابوداود الصَّحِيْحُ قَوْلُ اِبْنِ عُمَرَ لَيْسَ بِمَرْفُوْعٍ الخ

অর্থাৎ বাস্তব এই যে, عَبْدُ الْاَعْلٰى عَنْ عُبَيْدِ اللّٰهِ عَنْ نَافِعٍ এর হাদীস যাতে তাহরীমা, রুকু ও রুকু হতে সোজা হওয়া এবং দুই রাকাতের পরে দাঁড়ানো এই চারো ক্ষেত্রে রফ'ই ইয়াদাইন উল্লেখ রয়েছে এই হাদীসটি মারফু নয়। বরং ইবনে ওমরের ওপর মাওকূফ। যেমন আব্দুল ওয়াহাব সাকাফী (আব্দুল্লাহ ইবনে ইদ্রিস ও মু'তামির) উবায়দুল্লাহ এর হাদীস থেকে যার মধ্যে তিনি ৪ স্থানে রফ'ই ইদাইন উল্লেখ করেছেন। সেটাকে সাকাফী মাওকুফ সূত্রে বর্ণনা করেছেন। আর এটাই বিশুদ্ধ।

এভাবে উবায়দুল্লাহ এর মতো লাইস ইবনে সা'দ, মালিক, আইয়ুব এবং ইবনে জুরাইজও নাফে' থেকে এ হাদীসকে মাওকুফ সুত্রে বর্ণনা করেছেন। অবশ্য একমাত্র হাম্মাদ ইবনে সালামা আইয়ুব থেকে এবং তিনি নাফে' থেকে এটাকে মারফু সূত্রে বর্ণনা করেছেন। তবে তাতে ২ রাকাতের পরে দাঁড়ানোর সময় হাত উত্তোলনের কথা উল্লেখ নেই। আবু দাউদ (র) বলেন- লাইস, মালিক ও আইয়ুবের মধ্য থেকে আইয়ুব ও মালিক নাফে থেকে ২ সাজদার পরে উঠার সময় হাত উত্তোলনের কথা উল্লেখ করেননি। আর

www.e-ilm.weebly.com

লাইস ইবনে সা'দ নাফে থেকে বর্ণিত নিজ বর্ণনায় এটা উল্লেখ করেছেন। অবশ্য উবায়দুল্লাহ থেকে বাকীয়্যার বর্ণিত হাদীস যার মধ্যে কেবল প্রথম উল্লেখিত তিন স্থানে (তাহরীমা, রুকু ও রুকু থেকে সোজা হওয়া) হাত উত্তোলন উল্লেখ রয়েছে। ২ রাকাতের পরে দাঁড়ানোর সময় হাত উত্তোলনের আলোচনা নেই। সে হাদীসটি নিঃসন্দেহে মারফু।

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ: قولُه قَالَ اَبُوْدَاوُدَ لَمْ يَذْكُرْ رَفْعَهُمَا دُوْنَ ذَالِكَ اَحَدٌ غَيْرُ مُلِكٍ فِىْ مَا اَعْلَمُ এর দ্বারা উদ্দেশ্য এই যে, আমার জানামতে উল্লেখিত হাদীসে রুকু থেকে সোজা হওয়ার সময় দুকাঁধের নিচ পর্যন্ত হাত উত্তোলনের উল্লেখ একমাত্র মালিক নাফে সূত্রে বর্ণনা করেছেন। নাফের অন্য কোনো শিষ্য উল্লেষ করেননি।

## بَابٌ ص١٠٨

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ: قولُه قال ابوداود وَفِىْ حَدِيثِ اَبِىْ حُمَيْدٍ السَّاعِدِيِّ حِيْنَ وَصَفَ صَلٰوةَ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسلّم اِذَا قَامَ مِنَ الرَّكْعَتَيْنِ الخ

وَاذا قامَ مِنَ এর দ্বারা উদ্দেশ্য এই যে, আলী (রা) এর বর্ণনায় الرَّكْعَتَيْنِ এর অর্থ হলো وَاذا قامَ مِنَ الرَّكْعَتَيْنِ যেমন আবু হুমাইদ সাঈদী এর বর্ণনায় রয়েছে। আর সত্য এই যে, আবু হুমাইদ সায়েদীর হাদীসের কোনো শব্দ এই বিষয়ের উপর প্রমাণ বহন করে না যে, প্রথম রাকআতের ২ সাজদার পরে মাথা উঠানোর সময় রফ'ই ইয়াদাইন নেই।

## بَابُ مَنْ لَمْ يَذْكُرِ الرَّفْعَ عِنْدَ الرُّكُوْعِ ص١٠٩

حَدَّثَنَا عَبْدُ اللّٰهِ بْنُ محمّدٍ الزُّهْرِيُّ قولُه لَمْ يَقُلْ ثُمَّ لَايَعُوْدُ قَالَ سُفيانُ قال لنا بِالْكوفةِ بعدُ ثُمَّ لايعودُ

এটা রফঈ ইয়াদাইন বিশিষ্ট হাদীস বারা ইবনে আযিব (রা) এর দ্বিতীয় সনদের উপর একটি অভিযোগ।

www.e-ilm.weebly.com

**অভিযোগ :** এই যে, সুফিয়ান ইবনে উইয়াইনা বলেন– আমার উস্তাদ ইয়াযীদ ইবনে আবু যিয়াদ প্রথম বাক্য لايعود বর্ণনা করতেন না। এরপর তিনি কুফা গেলেন। সেখান থেকে এসে বর্ণনা করতে শুরু করেন। আমার ধারণা এই যে, এ ব্যাপারে কেউ তাকে এ সম্বন্ধে অবহিত করেছেন।

**উত্তর :** ১. স্বয়ং আবু দাউদে ইয়াযীদের ২জন মুতাবি' ঈসা এবং হাকাম বিদ্যমান রয়েছে। তারা لايعود বাক্য উল্লেখ করতেন। সুতরাং কে তাদেরকে এ ব্যাপারে জানিয়েছে?

২. আসল ব্যাপার এই যে, রাবী কখনো হাদীসকে পূর্ণাঙ্গরূপে বর্ণনা করেন। আবার কখনো প্রয়োজন মোতাবেক সংক্ষেপে বর্ণনা করতেন। অতএব সব সময় পূর্ণাঙ্গ হাদীস বর্ণনা করা জরুরী নয়।

قوله قال ابوداود رَوٰى هٰذَا الْحَدِيْثَ هُشَيْمٌ وَخَالِدٌ وابْنُ اِدْرِيْسَ عَنْ يَزِيْدَ لَمْ يَذكُرُوْا ثُمَّ لَايَعُوْدُ

এটা বারা এর বর্ণিত حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَاحِ বিশিষ্ট সনদের উপর একটি অভিযোগ

**অভিযোগ :** ইয়াযীদ ইবনে আবু যিয়াদ থেকে ثُمَّ لَايَعُوْدُ বাক্য বর্ণনার ক্ষেত্রে শারীক একক ব্যক্তি। কেননা হুসাইন, খালিদ, ইবনে ইদ্রিস, ও সুফিয়ান ইবনে উইয়াইনা এটা বর্ণনা করতেন না। কাজেই এ বাক্যটি শায।

**উত্তর :** ইয়াযীদের থেকে শারীকের বর্ণনায় ৭জন মুতাবি' রয়েছে-

১. ত্বহাবী শরীফে সুফিয়ান সাওরী, ২. কামিল ইবনে আদিতে হুশাইম, ৩. দারকুতনী গ্রন্থে ইসমাইল ইবনে জাকারিয়া, ৪. আল খিলাফিয়াতুল বায়হাকী গ্রন্থে ইসরাইল ইবনে ইউনুস, ৫. জুযউ রফ'ই ইয়াদাইন (বুখারী সংকলিত) গ্রন্থে মুহাম্মদ ইবনে আব্দুর রহমান, ৬. তাবরানী আওসাত গ্রন্থে হামযা যায়য়াত ও ৭. দারকুতনী গ্রন্থে শো'বা। তবে তাদের ভাষ্য এই كَانَ لَايَرْفَعُ يَدَيْهِ فِىْ كُلِّ تَكْبِيْرَةٍ আর এ ভাষ্যটি ثُمَّ لَايَعُوْدُ এর সমর্থক বা মুরাদিফ।

حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَبْدِ الرَّحْمٰنِ قوله قال ابوداود هٰذَا الْحَدِيْثُ لَيْسَ بِصَحِيْحٍ এটা বারা (রা) এর সনদের উপর তৃতীয় অভিযোগ।

www.e-ilm.weebly.com

**অভিযোগ :** এই যে, এই হাদীসটি সহীহ নয়। কেননা এর সনদে আব্দুর রহমান ইবনে আবু লায়লা সগীর কোনো কোনো মুহাদ্দিসের মতে মুতাকাল্লামফিহ বা ক্রুটিযুক্ত।

**উত্তর :** উপরোল্লিখিত বিভিন্ন রেওয়ায়েতের সহায়ক ভূমিকার দ্বারা এটা দলিলযোগ্য। উপরোক্ত সহীহ না হওয়ার দ্বারা হাসান ও দলিলযোগ্য না হওয়া অপরিহার্য হয় না।

## بَابُ مَنْ رَأٰى الْإِسْتِفْتَاحَ بِسُبْحَانَكَ ص١١٣

قولُه قال ابوداود وهٰذا الحَدِيثُ يَقُولُونَ هُوَ عَنْ عَلِيٍّ عَنِ الحَسَنِ مُرْسَلًا اَلْوَهْمُ مِنْ جَعْفَرَ অর্থাৎ سُبْحَانَكَ اللّٰهُمَّ বিশিষ্ট আবু সাঈদ খুদরী এর হাদীস মুহাদ্দিসগণের নিকট হাসান বসরীর পক্ষ থেকে মুরসাল। যার মধ্যে আবু সাঈদের মাধ্যম বিলুপ্ত হয়েছে। সনদকে মুত্তাসিল করা জা'ফর ইবনে সুলাইমান এর ওয়াহাম। কিন্তু জা'ফর সিকা রাবী ছিলেন। ইবনে মায়ীন ও ইবনে মাদীনি বলেন– তিনি আমাদের কাছে সিকা। ইমাম আহমদ (র) বলেন– তার বর্ণনা গ্রহণে কোনো অসুবিধা নেই। বাযযার (র) বলেন لَمْ نَسْمَعْ اَحَدًا يَطْعَنُ عَلَيْهِ فِيْ الْحَدِيْثِ وَلَا فِى الْخَطَا فِيْهِ এ কারণে জাফরের অতিরিক্ত অংশ নিঃসন্দেহে গ্রহণযোগ্য। তিরমিযী (র) এই হাদীসকে আলী ইবনে আলী এর কারণে জয়ীফ সাব্যস্থ করেছেন। তবে তাকে ওয়াকি মুহাম্মদ ইবনে আম্মার ও আবু যুরয়া সিকা বলেছেন। ইমাম আহমদ (র) বলেন هو صالح ইমাম বায়হাকী (র) এ দোয়াকে হযরত আনাস, আয়েশা, জাবের, উমর ও ইবনে মাসউদ (রা) থেকেও বর্ণনা করেছেন। সুতরাং এটা শক্তিশালী।

حَدَّثنا حُسَيْنُ بْنُ عَلِيٍّ قولُه قال ابوداود هٰذا الحديثُ لَيْسَ بِالْمَشْهُوْرِ عَنْ عَبْدِ السَّلَامِ بْنِ حَرْبٍ لَمْ يَرْوِهِ اِلَّا طَلْقُ بْنُ غَنَّامٍ الخ

এটা উল্লেখিত হাদীসের উপর একটি অভিযোগ।

www.e-ilm.weebly.com

**অভিযোগ :** এই যে, এটাকে আব্দুস সালাম থেকে একমাত্র তলাক ইবনে গানাম এবং বুদাইল থেকে কেবল আব্দুস সালাম বর্ণনা করেছেন।

**উত্তর :** তলাক বুখারীর রাবীগণের অন্তর্গত এবং আব্দুস সালাম শায়খাইন তথা বুখারী ও মুসলিম উভয়ের রাবী। আবু হাতেম তাকে সিকা বলেছেন। হাকিম (র) এ হাদীসকে সহীহ আখ্যা দিয়েছেন এবং তার শাহেদও উল্লেখ করেছেন। হাফিজ ইবনে হাজর (র) বলেন اَلرِّجَالُ اِسْنَادُهٗ ثِقَةٌ وَهٰذَا مِنْ بَابِ الزِّيَادَةِ অতএব এটাকে প্রত্যাখ্যান করার কোনো কারণ নেই।

## بَابُ مَنْ لَمْ يَرَ الْجَهْرَ بِبِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حَدَّثَنَا قُطْنُ بْنُ نُسَيْرٍ: قولُه قال ابوداود وَهٰذا حَدِيْثٌ مُنْكَرٌ قَدْرَوٰى هٰذَا الْحَدِيْثَ جَمَاعَةٌ عَنِ الزُّهْرِيِّ لَمْ يَذْكُرُوْا هٰذَا الْكَلَامَ عَلٰى هٰذَا الشَّرْحِ الخ - ص١١٤

এটা আবু দাউদ (র) এর পক্ষ থেকে দুটি অভিযোগের বিবরণ।

**প্রথম অভিযোগ :** এই হাদীসটি মুনকার। কেননা হুমাইদ আ'রাজ মক্কী ছাড়া যুহ্‌রী (র) এর অন্যকোনো শিষ্য এই হাদীসকে كَشْفِ وَجْهِ تِلَاوَتْ وَكَشَفَ عَنْ وَجْهِهٖ وَقَالَ اَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ اِنَّ الَّذِيْنَ جَاءُوْا بِالْاِفْكِ عُصْبَةٌ مِّنْكُمْ الاية তথা রূপে বর্ণনা করেন নি। বরং শুধু এতোটুকু বর্ণনা করেছেন اِنَّ عَائِشَةَ ذَكَرَتْ وَاَنْزَلَ اللّٰهُ تَعَالٰى اِنَّ الَّذِيْنَ جَاءُوْا بِالْاِفْكِ عُصْبَةٌ الاية

**উত্তর :** মুনকার হাদীস বলা হয়– যে হাদীসকে কোনো জয়ীফ রাবী সিকা রাবীর খেলাপ বর্ণনা করেন। অথচ এখানে ইবনে সা'দ, ইবনে মাঈন, আবু যুরয়া প্রমুখ (র) হুমাইদকে সিকা বলেছেন। অতএব সম্ভবত মুসান্নিফ (র) বেখেয়ালে শাযের স্থলে মুনকার বলেছেন, অথবা এটা ইমাম আহমদ (র) এর মন্তব্যের উপর ভিত্তি করে। কেননা তিনি হুমাইদকে জয়ীফ বলেছেন।

www.e-ilm.weebly.com

**দ্বিতীয় অভিযোগ :** اِسْتِعَاذَة মূলত হাদীসে মারফুর অংশ নয়। বরং হুমায়ীদের উক্তি।

**উত্তর :** এটা নিছক মুসান্নিফ (র) এর ধারণার উপর ভিত্তি করে। এটা হাদীস বিশুদ্ধ হওয়ার জন্য ক্ষতিকর নয়।

## بَابُ مَنْ جَهَرَبِهَا ص ١١٤

حَدَّثَنَا زِيَادُ بْنُ اَيُّوْبَ قوله قَالَ ابُوْ داوُدَ قَالَ الشَّعْبِىُّ اَبُوْ مَالِكٍ وَقَتَادَةُ وثابِتُ بْنُ عُمَارَةَ الخ

এর দ্বারা উদ্দেশ্য এই যে, বিসমিল্লাহর অবতরণ কোরআন শরীফের অংশ হিসেবে হতো না। বরং কেবল পৃথক করণের জন্যই লেখা হতো। অন্যথায় সূরায়ে নামলে বিসমিল্লাহ অবতরণের পরে বিসমিল্লাহ লেখার অর্থ কি হতে পারে?

## بَابُ مَنْ رَأى الْقِرَاءَةَ اِذَا لَمْ يَجْهَرْ ص ١٢٠

অর্থাৎ যে সব নামাযে কেরাত নীরবে পড়া হয় সেসবে সূরা ফাতেহা পড়া উচিত। এ শিরোনামের দিক দিয়ে অনুচ্ছেদের হাদীসসমূহ শিরোনামের উপর ফিট হয় না। অতএব সঠিক শিরোনাম অন্য কপি অনুযায়ী এই–

بَابُ مَنْ تَرَكَ الْقِرَاءَةَ فِىْ مَاجَهَرَالاِمَامْ يَا — :

## بَابُ مَنْ كَرِهَ الْقِرَاءَةَ اِذَاجَهَرَ الْاِمَامُ

حَدَّثنامُسَدَّدُ قولُه قَال ابوداود قَال مُسَدّد فِىْ حَدِيْثِه قَالَ مَعْمَرُ فَانْتَهٰى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ فِىْ مَاجَهَرَ بِهِ رَسُوْلُ اللّٰهِ صلّى اللّٰه عليْه وسلّمَ

এটা অত্র হাদীসের উপর একটি অভিযোগ।

**অভিযোগ :** এই যে,

فَانْتَهٰى النَّاسُ عَنِ الْقِرَاةِ مَعَ رَسُوْلِ اللّٰهِ صَلّٰى اللّٰهُ عَلَيْهِ

www.e-ilm.weebly.com

এ অংশটি যুহরী (র) এর নিজস্ব উক্তি। মারফু হাদীসের অংশ নয়। অর্থাৎ আবু হুরায়রা (রা) এর উক্তি। সুতরাং এ হাদীস দ্বারা জাহ্‌রী নামাযের মধ্যে ইমামের পিছনে কেরাত পড়া নিষিদ্ধ হওয়ার ব্যাপারে দলিল পেশ করা ঠিক নয়। এরপর আবু দাউদ (র) নিজের দাবির স্বপক্ষে ৬টি শাহিদ পেশ করেছেন-

**প্রথম শাহিদ :**

قَالَ ابوداود رَوٰى حَدِيْثَ ابْنِ اُكَيْمَةَ هٰذا مَعْمَرٌ ويُونسُ واسامةُ بْنُ زَيدٍ عَنِ الزُّهرِيِّ عَلٰى مَعْنٰى مَالِكٍ

যুহ্‌রী থেকে মালেক, মা'মার, ইউনুস ও উসামা ইবনে যায়েদ চারোজন حَدّثنا القَعْنَبِيُّ قَالَ فَانْتَهٰى النّاسُ الخ উল্লেখ করেছেন। যেমন বিশিষ্ট পূর্বের হাদীসে বর্ণিত হয়েছে। সুতরাং قال শব্দ দ্বারা বোঝা গেলো যে, এটা যুহরীর উক্তি। আবু হুরায়রা (রা) এর উক্তি নয়।

**উত্তর :** মুয়াত্তা ইমাম মালিক ও মুয়াত্তা ইমাম মুহাম্মদ এবং নাসায়ীর সহীহ হাদীসে قال শব্দ উল্লেখ নেই। বরং মূল ইবারত এভাবে রয়েছে مَالِكٌ اُنَازِعُ الْقُرْاٰنَ فَانْتَهٰى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ الخ এর দ্বারা স্পষ্ট বোঝা গেলো যে, فَانْتَهَى النَّاسُ বাক্যটি মারফু হাদীসের অংশ অর্থাৎ আবু হুরায়রা (রা) এর উক্তি।

**দ্বিতীয় শাহিদ :**

قال ابوداؤدُ قالَ مُسَدَّدٌ فِىْ حَدِيْثِهِ الخ অর্থাৎ মুসাদ্দাদ স্বীয় হাদীসে قال مَعمَر فَانْتَهٰى النَّاسُ الخ বর্ণনা করেছেন। সুতরাং বোঝা গেলো যে, فَانْتَهٰى النَّاسُ বাক্যটি মা'মার ইমাম যুহ্‌রী সূত্রে বর্ণনা করেছেন। অতএব এটা যুহরীর উক্তি হলো।

**উত্তর :** এই ইবারতে সম্ভাবনা রয়েছে যে, মা'মারের এ বর্ণনাটি যুহ্‌রী থেকে অথবা এটাকে যুহ্‌রীর মাধ্যমে আবু হুরায়রা (রা) থেকে বর্ণনা করেছেন। এখানে এই দ্বিতীয় সম্ভাবনাটিই সুনির্দিষ্ট। যেমন সামনে ইবনুস সুরাহ্‌ এর বর্ণনায় রয়েছে قَالَ مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ قَالَ ابُوْ هُرَيْرَةَ فَانْتَهَى النَّاسُ মা'মার সম্পর্কে ইমাম আহমদ ও ইবনে মায়ীন বলেন–

اِنَّمَا مَعْمَرٌ اَوْثَقُ النَّاسِ فِى الزُّهْرِيِّ

www.e-ilm.weebly.com

**তৃতীয় শাহিদ :**

قَالَ عَبْدُ اللّٰهِ بْنُ مُحَمَّدٍ الخ আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ যুহরী আবু দাউদের উস্তাদের বর্ণনায় রয়েছে যে, قَالَ سُفْيَانُ وَتَكَلَّمَ الزُّهْرِيُّ بِكَلِمَتِهِ لَمْ اَسْمَعْهَا فَقَالَ مَعْمَرُ اِنَّهُ قَالَ فَانْتَهٰى النَّاسُ

অর্থাৎ সুফিয়ান বলেন–আমি যুহ্‌রীর এ বাক্যটি শুনতে পাইনি। এ ব্যাপারে মা'মারকে জিজ্ঞেস করলে তিনি বললেন قَالَ الزُّهْرِيُّ فَانْتَهٰى النَّاسُ এর দ্বারা বোঝা যায় যে, এ বাক্যটি ইমাম যুহরীর; আবু হুরায়রা (রা) নয়।

**উত্তর :** এর উদ্দেশ্য এই যে, যুহ্‌রী (র) বর্ননা স্বরূপ এটাকে আবু হুরায়রা (রা) থেকে উল্লেখ করেছেন। নিজের পক্ষ থেকে নয়। যেমন ৩ নম্বর শাহিদের উত্তরে অতিবাহিত হলো।

**চতুর্থ শাহিদ :**

قَال ابوداور و رُواه عَبْدُ الرَّحْمٰنِ بْنِ اِسْحَاقَ عَنِ الزُّهْرِيِّ وَانْتَهٰى حَدِيْثُهُ اِلٰى قَوْلِهِ مَالِىْ اُنَازَعُ الْقُرْاٰنَ

যুহ্‌রী থেকে আব্দুর রহমান ইবনে ইসহাক فَانْتَهٰى النَّاسُ বাক্যটি উল্লেখ করেননি। বরং তার বর্ণনা مَالِىْ اُنَازَعُ الْقُرْاٰنَ এর উপর শেষ হয়েছে। এর দ্বারা বোঝা যায় যে, এ বাক্যটি মারফু হাদীসের অংশ নয়। বরং যুহ্‌রীর নিজস্ব উক্তি।

**উত্তর :** এ বর্ণনাটি সংক্ষিপ্ত। এর দ্বারা এর অনুল্লেখিত বাক্য অস্বীকার করা যায় না। সংক্ষেপ হওয়ার দলিল অন্যান্য রেওয়ায়েত। আর হাদীসকে সংক্ষেপ করা নিঃসন্দেহে জায়েয।

**পঞ্চম শাহিদ :**

ورَواه الاوزاعىُّ عَنِ الزُّهْرِيِّ قَالَ فِيْهِ قال الزُّهْرِيُّ فَاتَّعَظَ الْمُسْلِمُوْنَ بِذَالِكَ الخ

যুহ্‌রী থেকে আউযায়ীর বর্ণনায় এ শব্দ রয়েছে قَالَ الزُّهْرِى الخ আর এ বাক্যটি فَانْتَهٰى النَّاسُ বাক্যের মুরাদিফ। এর দ্বারা বোঝা গেলো যে, এটা যুহরীর নিজস্ব উক্তি।

www.e-ilm.weebly.com

ষষ্ঠ শাহিদ :

قَالَ ابُوداود سَمِعْتُ مُحَمَّدَ بْنَ يحىٰ بْنِ فَارِسٍ قَالَ قوله فَانْتَهٰى النَّاسُ مِنْ كَلَامِ الزُّهْرِىْ

মুহাম্মদ ইবনে ইয়াহয়া ইবনে ফারেসের বর্ণনায় স্পষ্ট উল্লেখ রয়েছে যে, এ বাক্যটি যুহ্‌রীর বর্ণনা।

উত্তর : মূল ব্যাপার এই যে, ইমাম যুহ্‌রী যখন এই হাদীসটি মারফু সূত্রে বর্ণনা করতেন তখন শেষ বাক্য فَانْتَهٰى النَّاسُ কোনো কোনো শিষ্য শুনতে পাননি। তারা অন্যান্য শিষ্যদের কাছে জিজ্ঞেস করলে তারা জবাব দিলেন قَالَ الزُّهْرِىُّ فَانْتَهٰى النَّاسُ এর আসল উদ্দেশ্য এই যে, এ বাক্যটি মারফু হাদীসেরই শেষ অংশ। কিন্তু কোনো কোনো ব্যক্তি ভুল বুঝার কারণে এটাকে যুহ্‌রীর উক্তি গণ্য করেছেন। অথচ বাস্তবে তা আবু হুরায়রার উক্ত ছিলো। সুতরাং قَالَ الزهرى এর অর্থ এই হলো যে,

قَال الزُّهْرِى رواية عَنْ اِبى هُرَيْرَةَ رض لَا مِنْ عِنْدِ نَفْسِهِ

**সকল অভিযোগ মেনে নিয়ে তার সামষ্টিক উত্তর**

১. হানাফীগণ কেবল এই হাদীসের বাক্য فانْتَهٰى الناسُ الخ দ্বারা দলিল পেশ করেন না। বরং প্রথম বাক্য هَلْ قَرَءَ مَعِىْ এবং দ্বিতীয় বাক্য مَالِىْ اُنَازَعُ الْقُرْاٰنَ দ্বারা তারা দলিল পেশ করেন। কেননা এ উভয়টি অস্বীকার মূলক প্রশ্ন। সুতরাং এ উভয় দলিল গ্রহণ করা যুক্তযুক্ত ও সঠিক।

২. আল্লামা ইবনে তায়মিয়া বলেন– যদি এ কথাটি মেনেও নেয়া হয় যে বাক্যটি যুহ্‌রীর উক্তি তথাপি এ হাদীসটি দলিলযোগ্য। কারণ ইমাম যুহ্‌রী (র) ছিলেন বিশিষ্ট তাবেয়ী এবং সুন্নাহ ও হাদীসের ইমাম। সুতরাং ইমামের পিছনে কেরাত পড়া যদি জায়েয ও প্রচলিত থাকতো তাহলে যুহ্‌রী (র) আদৌ এ বাক্য বলতেন না।

## بَابُ مَنْ رَأىَ الْقِرَاءَةَ اِذَا لَمْ يَجْهَرْ ص١٣٥

এ শিরোনামের অধীনে উল্লিখিত হাদীসগুলো শিরোনামের বিষয়ের উপর সঙ্গতিশীল নয়। সুতরাং অন্য নুসখা মোতাবেক সঠিক শিরোনাম এই–

بَابُ مَنْ لَمْ يَرَ الْقِرَاءَةَ اِذَا لَمْ يَجْهَرْ

www.e-ilm.weebly.com

প্রথম অনুচ্ছেদের হাদীসসমূহ দ্বারা জাহরী নামাযের মধ্যে এবং এর দ্বিতীয় অনুচ্ছেদের হাদীস দ্বারা সিররী নামাযের মধ্যে কেরাত খালফাল ইমাম এর নিষিদ্ধতা প্রমাণিত হয়।

قولُه قَالَ اَبُوْداود قَالَ ابُو الْوَلِيْدِ فِىْ حَدِيْثِهِ قَالَ شُعْبَةُ قُلْتُ لِقَتَادَةَ اَ لَيْسَ قولُ سَعِيْدٍ اَنْصِتْ لِلْقُرْاٰنِ قَالَ ذَاكَ اِذَا جُهِرَ بِهِ

এর উদ্দেশ্য এই যে, শো'বা (র) স্বীয় উস্তাদ শায়খ কাতাদার নিকট আপনার উস্তাদ সাঈদ ইবনে মুসায়্যব اَنْصِتْ لِلْقُرْاٰنِ এর কারণে সর্বত্রভাবে ইমামমের পিছনে নীরব থাকার নির্দেশ দেন। অথচ আপনি সিররী নামাযে ইমামের পিছনে কেরাত পড়াকে জায়েয বলে থাকেন। তখন কাতাদা উত্তর দিলেন যে, আমার উস্তাদের কথার মধ্যে নীরব থাকার নির্দেশ জাহরী নামাযের সাথে নির্দিষ্ট। সিররী নামাযে নয়। কিন্তু বাস্তব এই যে, কাতাদার উক্তি সঠিক নয়। কারণ اَنْصِتْ لِلْقُرْاٰنِ এর নির্দেশ শব্দের ব্যাপকতার উপর ভিত্তি করে সব নামাযকেই শামিল করে।

قولُه وقال ابنُ كَثِيْرٍ فِىْ حَدِيْثِهِ قَالَ قُلْتُ لِقَتَادَةَ كَأَنَّهُ كَرِهَهُ قَالَ لَوْكَرِهَهُ نَهٰى عَنْهُ

এটা নিছক কাতাদার ব্যক্তিগত ধারণা। অন্যথায় হাদীসে তো মাকরূহ ও নিষেধ হওয়ার দলিল রয়েছে। নবী করীম (স) জিজ্ঞেস করলেন–

اَيُّكُمْ قَرَاَ قَالُوْا رَجُلٌ قَالَ قَدْعَرَفْتُ اَنَّ بَعْضَكُمْ خَالَجَنِيْهَا

এবং উপরে স্বয়ং কাতাদা শো'বা এর উত্তরে জাহরী নামাযে কিরাত খালফাল ইমাম নিষিদ্ধ হওয়াকে মেনে নিয়েছেন। অতএব এখানেও একইভাবে সিররী নামাযের মধ্যেও তদ্রূপ হবে।

## بَابُ تَمَامِ التَّكْبِيْرِ

অর্থাৎ পূর্ণ নামাযে প্রতিবার মাথা উত্তোলন করা নিচু হওয়া, দাঁড়ানো, বসা, এবং অবস্থার পরিবর্তনের সময় তাকবীর বলা প্রমাণিত রয়েছে। হযরত আবু হুরায়রা (রা) এর যুগে তাকবীরে তাহরীমা ছাড়া অন্যান্য তাকবীর বলার ক্ষেত্রে মুনফারিদের বিষয়ে মতানৈক্য ছিলো। কিছু সংখ্যক মনীষী যথা

www.e-ilm.weebly.com

হযরত উমর, মুয়াবিয়া, কাতাদা, সাঈদ ইবনে জুবাইর, উমর ইবনে আব্দুল আজিজ, হাসান বুসরী প্রমুখ (র) এর মাযহাব না বাচক ছিলো। কিন্তু পরবর্তীতে সকল মনীষী সকল তাকবীর বৈধ হওয়ার ব্যাপারে একমত হন। তবে মারওয়ান এবং বনী উমাইয়া এসকল তাকবীর স্বরবে বলা পরিত্যাগ করেছিলেন। বস্তুত তা সুন্নতের পরিপন্থী।

قوله قال ابو داود وهذا الكلام الاخير يجعله مالك والزبيدي وغيرهما عن الزهري عن علي بن حسين الخ

উদ্দেশ্য এই যে, উল্লেখিত হাদীসের শেষাংশ إن كانت هذه الصلاة حتى فارق الدنيا কে শোয়াইব ইবনে আবু হামযা যুহরী সূত্রে আবু হুরায়রা (রা) এর মাধ্যমে বর্ণনা করেছেন। আর আব্দুল আ'লা যুহরী সূত্রে মা'মার থেকে এই হাদীস মুত্তাছিল হওয়ার ব্যাপারে শোয়াইবের সাথে একমত হয়েছেন। কিন্তু মালিক ইবনে আনাস ও যুবাইদি প্রমুখ যুহরী থেকে এটাকে আলী জয়নুল আবেদীন সূত্রে মুরছালভাবে বর্ণনা করেছেন।

حدثنا محمد بن بشار قوله قال ابوداود ابو عبد الله العسقلاني

এর উদ্দেশ্য এই যে, ইবনে বাশ্যার (র) হাসান ইবনে ইমরানের যে বিশেষণ 'শামী' উল্লেখ করেছেন তা সঠিক। কারণ তনি হলেন আসকালানী। আর আসকালান হলো শামের একটি শহর। এছাড়া আবু দাউদ (র) হাসানের কুনিয়াত আবু আব্দুল্লাহও উল্লেখ করেছেন।

قوله قال ابو داود معناه اذا رفع راسه من الركوع الخ

এর দ্বারা উদ্দেশ্য এই যে, আমাদের এখানে وكان لايتم التكبير এর অর্থ এই যে, রাসূলুল্লাহ (স) উঠা-বসা ইত্যাদি অবস্থা পরিবর্তনের ক্ষেত্রে তাকবীরের সংখ্যাপূর্ণ করতেন না। বরং প্রথম সাজদায় গমনকালে এবং সাজদা হতে মাথা উঠানোকালে তাকবীর পরিহার করতেন।

**প্রশ্ন :** বর্তমান প্রত্যেক অবস্থা পরিবর্তনের ক্ষেত্রে তাকবীর প্রবর্তিত হওয়ার ব্যাপারে সকলে একমত। অথচ এই ইজমাটি এই হাদীসের পরিপন্থী প্রতীয়মান হয়।

**উত্তর :** ১. ইমাম বুখারী (র) স্বীয় তারীখ গ্রন্থে আবু দাউদ তায়ালিছির এই মন্তব্য উল্লেখ করেছেন هذا عندي باطل এটা আমার নিকট বাতিল।

www.e-ilm.weebly.com

আর তাবারী ও বায্যার (র) বলেন– এই হাদীসে হাসান ইমরান মুতাফাররিদ এবং তিনি অজ্ঞাত পরিচয় ব্যক্তি।

২. যদি একথা সঠিক হয় তাহলে উত্তর এই যে, কিছু কিছু ক্ষেত্রে তাকবীর পরিত্যাগ করা জায়েয হওয়া বর্ণনা করার উদ্দেশ্যে তিনি এমন করতেন। পরবর্তীকালে নামাযের প্রত্যেক অবস্থা পরিবর্তনের সময় তাকবীর বলার ব্যাপারে ইজমা প্রতিষ্ঠিত হয়েছে।

৩. হাদীসের অর্থ এই যে, كان অথবা

وَكَانَ لَايُتِمُّ الْجَهْرَ بِالتَّكْبِيْرِ يَا لَايَمُدُّ فِى التَّكْبِيْرِ

بَابُ مَايَقُوْلُ اِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوْعِ ص١٢٣

قَوْلُه قَال ابوداود قَال سُفْيَانُ الثَّوْرِيُّ الخ

এর দ্বারা মতনের ইখতেলাফের প্রতি ইঙ্গিত করা হয়েছে যে, উবাইদ ইবনে হাসানের জনৈক শিষ্য আ'মাশ তার হাদীসের মধ্যে উল্লেখিত দোয়া اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ উযুর পরে হওয়া উল্লেখ করেছেন। আর অপর দুই শিষ্য সাওরী ও শো'বা রুকুর পরে হওয়া বর্ণনা করেননি। সাওরী (র) বলেন– আমি প্রথমত এ হাদীসটি উবাইদ থেকে অন্যের মাধ্যমে হাসিল করেছি। তাতে এ বিষয়টি উল্লেখ ছিলো। কিন্তু পরবর্তীকালে স্বয়ং উবাইদ থেকে সরাসরি শুনেছি। তাতে রুকুর পরের কথাটি উল্লেখ ছিলো না।

قَوْلُه قَال ابوداود رَوَاهُ شُعْبَةُ الخ

এর দ্বারা সনদের ইখতেলাফের প্রতি ইঙ্গিত করা হয়েছে যে, মুহাম্মদ ইবনে ঈসা ইবনে নুমাইর থেকে ইত্যাদি আ'মাশ থেকে উবাইদ ইবনুল হাসান সূত্রে বলেছেন। আর সুফিয়ান ও শো'বা আবুল হাসান উবাইদ থেকে বলেছেন। শো'বা আবু ইসমা থেকে আ'মাশ সূত্রে, আর আ'মাশ কেবল উবাইদ বলেছেন। বাস্তব কথা এই যে, ইবনুল হাসান ও আবুল হাসান উভয়টি সঠিক।

www.e-ilm.weebly.com

## بَابُ طُوْلِ الْقِيَامِ مِنَ الرُّكُوْعِ وَبَيْنَ السَّجْدَتَيْنِ ص١٢٤

قَولُه كَانَ سُجُوْدُهُ وَرُكوعُهُ وقُعُودُه ومَابَيْنَ السَّجْدَتَيْنِ قَرِيْبًا مِّنَ السَّوَاءِ (সাজদা, রুকু, প্রথম বৈঠক ও দুই সাজদার মধ্যে বসা) এই ইবারত যদি এভাবেই হয় তাহলে قعود দ্বারা প্রথম বৈঠক এবং مابين السجدتين দ্বারা জালসা উদ্দেশ্য হবে। কিন্তু আবু দাউদের কোনো কোনো নুসখায় এবং অন্যান্য কিতাবে বারা (রা) এর যে হাদীস রয়েছে তাতে ومابين السجدتين এর ওয়াও উল্লেখ নেই।

সুতরাং এক্ষেত্রে তিনটি বস্তু হলো- ১. সাজদা, ২. রুকু, ৩. দুই সাজদার মাঝে বসা। শেষ বৈঠক এতে শামিল নয়। কোনো কোনো নুসখায় وقعوده শব্দ উল্লেখ নেই। সুতরাং এখনো এই তিনটি জিনিসই হলো। বুখারীর বর্ণনা দ্বারা এর সহায়তা লাভ হয়। সহীহ বুখারীর শব্দ এই যে,

كَانَ رُكُوْعُ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وسلّم وَسُجُوْدُه وبَيْنَ السَّجْدَتَيْنِ وَاِذَا رَفَعَ مِنَ الرُّكُوْعِ مَاخَلا الْقِيَامِ وَالْقُعُوْدِ قَرِيْبًا مِّنَ السَّوَاءِ الخ

**প্রশ্ন :** এই হাদীস দ্বারা প্রতীয়মান হয় যে, সাজদা, রুকু এবং জালসায় সামঞ্জস্যতা ছিলো। অথচ শিরোনামে দাঁড়ানো ও বসার ক্ষেত্রে অধিক বিলম্ব উল্লেখ রয়েছে।

**উত্তর :** ১. রুকু ও সাজদা দীর্ঘ হয়ে থাকে। অতএব এর সাথে সাথে জালসা ও কাওমার দৈর্ঘ্যতা প্রমাণিত হয়।

২. কোনো কোনো বর্ণনায় এখানে কিয়াম শব্দও উল্লেখ রয়েছে। আর কিয়ামই সবচাইতে দীর্ঘ হয়ে থাকে। সুতরাং কিয়াম যখন দীর্ঘ হলো কাজেই সাজদা, রুকু ও জালসার দৈর্ঘ্যতা প্রমাণিত হয়।

حَدَّثَنَا مُسَدَّدٌ وابوكَامِلٍ قولُه فوَجَدْتُ قِيَامَهُ كَرُكُوْعِهِ وسَجْدَتُه واعْتِدَالُهُ فِى الرَّكْعَةِ كَسَجْدَتِه وَجَلْسَتِهِ بَيْنَ السَّجْدَتَيْنِ وَسَجْدَتُهُ مَابَيْنَ التَّسْلِيْمِ وَالْاِنْصِرَافِ قَرِيْبًا مِّنَ السَّوَاءِ

www.e-ilm.weebly.com

কিয়াম, কাওমা, জালসা ও সহু সাজদা এগুলোর মধ্যে ৩টি বিষয় অনুধাবন যোগ্য।

১. قوله فَوَجَدْتُ قِيَامَهُ كَرَكْعَتِهِ وَسَجْدَتِهِ

এর মধ্যে দুটি সম্ভাবনা রয়েছে।

(ক) কিয়াম, রুকু ও সাজদা উভয়ের সমষ্টির সমপরিমাণ ছিলো। এ সময় রুকু ও সাজদার মধ্য থেকে প্রত্যেকটি অর্ধকিয়াম সমপরিমাণ হবে।

(খ) আমি কিয়ামকে রুকু ও সাজদার মধ্য থেকে প্রত্যেকটির সমান পেয়েছি। এ সময় তিনোটি সমপর্যায়ের হবে অর্থাৎ কিয়াম, রুকু ও সাজদা প্রত্যেকটি একই পর্যায়ের ছিলো।

২. قولُه وَاعْتِدَالُهُ فِى الرَّكْعَةِ كَسَجْدَتِهِ এটা قيامه এর উপর মাতুফ এর উদ্দেশ্য ২টি–

১. রুকুর মধ্যে ধিরস্থিরতা অবলম্বন করা,

২. রুকুর পরে দাঁড়ানোর ক্ষেত্রে ধিরস্থিরতা অবলম্বন করা। মুসলিম শরীফে দ্বিতীয় সম্ভবনাকে সুস্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে।

৩. قولُه وَسَجْدَتُهُ مَابَيْنَ التَّسْلِيْمِ وَالْانْصِرَافِ

**প্রশ্ন : بَيْنَ التَّسْلِيْمِ وَالْانْصِرَافِ কোন ধরনের সাজদা?**

**উত্তর :** ১. হযরত গাঙ্গুহী (র) বলেন– এর দ্বারা সহু সাজদা উদ্দেশ্য। অর্থাৎ যদি সাজদা হতো তাহলে তা এভাবে হতো। অতএব تسليم দ্বারা উদ্দেশ্য সাহু সাজদার সালাম এবং انصراف দ্বারা উদ্দেশ্য নামায থেকে অবসর হওয়া।

২. আবু কামিলের এ বর্ণনায় কোনো রাবী বা কোনো কাতিবের ভুলক্রমে কিছু ভাষ্য বিলুপ্ত হয়েছে। নাসায়ী, মুসলিম, মুনসাদে আহমদ প্রভৃতি দ্বারা জানা যায় যে, মূল ভাষ্য এরূপ كَسَجْدَتِهِ وَجَلْسَتِهِ بَيْنَ السَّجْدَتَيْنِ وَسَجْدَتُهُ وَجَلْسَتُهُ مَابَيْنَ التَّسْلِيْمِ وَالْانْصِرَافِ সুতরাং وَجَلْسَتِهِ শব্দটি বিলুপ্ত হয়েছে। সামনে মুসাদ্দাদের পরবর্তী উল্লেখিত বর্ণনায় এভাবে রয়েছে–

قال مُسَدَّدٌ فَوَجَدْتُ قِيَامَهُ فَرَكْعَتَهُ وَاعْتِدَالَهُ بَيْنَ الرَّكْعَتَيْنِ فَسَجْدَتُهُ فَجَلْسَتُهُ بَيْنَ السَّجْدَتَيْنِ فَسَجْدَتُهُ فَجَلْسَتُهُ بَيْنَ التَّسْلِيْمِ وَالْانْصِرَافِ قَرِيْبًا مِّنَ السَّوَاءِ الخ

www.e-ilm.weebly.com

اِعْتِدال بَيْنَ الرَّكْعَتَيْنِ তথা আর এখানে ২ রাকাতের মাঝে ধিরস্থিরতা অবলম্বনের ক্ষেত্রে تَغْلِيْب হয়েছে। অর্থাৎ এখানে রুকু ও সাজদার মাঝে ধিরস্থিরতা উদ্দেশ্য।

এখন প্রশ্ন জাগে যে, جَلْسَة بَيْنَ التَّسْلِيْم وَالْاِنْصِرَاف এর উদ্দেশ্য কোনটি?

**উত্তর :** হযরত গাঙ্গুহী (র) এর উক্তি মতে এর ২টি উদ্দেশ্য হতে পারে–

১. এর দ্বারা শেষ বৈঠক হতে পারে। অতএব تسليم দ্বারা উদ্দেশ্য তাশাহহুদের মধ্যকার সালাম। অর্থাৎ اَلسَّلَامُ عَلَيْكَ اَيُّهَا النَّبِيُّ সুতরাং এটা অংশ (جزء) দ্বারা كل বা পূর্ণাঙ্গের নামকরণের অন্তর্গত হলো। আর انصراف দ্বারা উদ্দেশ্য নামায থেকে অবসর হওয়া এবং সালাম ফেরানো।

২. এ বৈঠক দ্বারা সালাম ফেরানোর পরে সামান্য সময় বসা উদ্দেশ্য। যা সাধারণত নামায শেষ হওয়ার পর মহিলাদের বের হয়ে যাওয়ার অপেক্ষার দরুন হতো। অতএব تسليم দ্বারা নামায থেকে অবসরের সালাম এবং انصراف দ্বারা নিজ নিজ ঘরে প্রত্যাবর্তন উদ্দেশ্য।

وَهٰذَا اٰخِرُمَا اَرَدْنَا اِيْرَادَهُ فِىْ هٰذَا الْمُخْتَصَرِ
وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ
يَا رَبِّ صَلِّ وَسَلِّمْ دَائِمًا اَبَدًا – عَلٰى حَبِيْبِكَ خَيْرِ الْخَلْقِ كُلِّهِمِ

# সমাপ্ত

www.e-ilm.weebly.com